ANIMAL BIOGRAPHY;

OR

HISTORICAL ACCOUNTS,

INSTRUCTIVE AND ENTERTAINING,

RESPECTING

THE BRUTE CREATION.

VOL. I.—No. I.

IN

ENGLISH AND BENGALEE.

COMPILED AND TRANSLATED

BY

RAMCHUNDER MITTER.

SECOND EDITION.

CALCUTTA:

PRINTED AT THE CALCUTTA SCHOOL-BOOK SOCIETY'S PRESS; AND SOLD AT ITS DEPOSITORY, AND BY T. OSTELL AND CO. AND ALL OTHER BOOK-SELLERS IN CALCUTTA.

Price 6 Annas per Copy in stiff-paper Covers.

1838.

ANIMAL BIOGRAPHY.

PART II.—No. I.

THE DOG.

Of all the speechless friends of man
  The faithful dog I deem
Deserving from the human clan
  The tenderest esteem

পশু মধ্যে যত বন্ধু আছে মানবের
  কেহ তুল্য হয় না কৃতজ্ঞ কুক্কুরের।
এই হেতু বোধ করি মনুষ্য হইতে
  উপযুক্ত হয় অধিক স্নেহ পাইতে॥

THE DOG.

THE dog is furnished with fore teeth, upper six, lateral ones, longer, distant: lower teeth six; tusks solitary, incurvate: grinders six or seven.

The dog is carnivorous, its stomach digests bones. It scarcely ever perspires, but lolls out its tongue when hot; remembers injuries done to it: is subject to the hydrophobia: its sense of hearing very acute; when asleep, is supposed to dream; goes with young sixty-three days, and brings forth from 4 to 8 at one time; it barks at strange dogs, snaps at a stone thrown at it, howls at certain musical notes; when about to lie down, frequently goes round the place; fawns at the approach of its master, and will not patiently suffer any one t strike him; runs before him on a journey, often going over the same ground; on coming to cross-ways, stops, looks back and waits to observe which of them he takes,

কুক্কুরের বৃত্তান্ত।

কুক্কুরের সম্মুখে দন্ত যে সকল আছে তাহার মধ্যে উপরে ছয়টা ও নীচে ছয়টা। পার্শ্বের দন্ত সকল লম্বা ও বিরল; গজদন্ত গুলা বিরল ও বক্র; চর্ব্বণের দন্ত ছয় কিম্বা সাতটা।

কুক্কুর মাংসভোজী তাহার জীর্ণস্থলীতে অস্থিপর্য্যন্ত জীর্ণ হয়, তাহার কখনও ঘর্ম্ম হয় না, কিন্তু যখন তাহার গ্রীষ্ম হয়, তখন সে জিহ্বা বহির্গত করিয়া থাকে; তাহার কোন অশিষ্টাচরণ কেহ করিলে স্মরণ করিয়া রাখে ও উন্মত্ত হইয়া যাহাদিগকে দংশন করে তাহারা জল দেখিয়া অত্যন্ত ভীত হয়। তাহার শ্রবণ ইন্দ্রিয় অত্যন্ত তীক্ষ্ণ এবং নিদ্রাবস্থাতেও বোধ হয় যে সে স্বপ্ন দেখিতেছে; ৬৩ দিবস পর্য্যন্ত কুক্কুরীর গর্ভ থাকে এবং এক গর্ভহইতে চারিটা অবধি আটটা পর্য্যন্ত সন্তান প্রসব হয়, ও আগন্তুক কুক্কুর দেখিলে সে ডাকিতে থাকে, আর তাহার নিকটে লোষ্ট্রাদি ফেলিয়া দিলে লম্ফ দিয়া ধরে, আর কোন২ বাদ্যধ্বনি শুনিলে অতি গভীর শব্দে ডাকিতে থাকে, এবং যখন যে স্থানে শয়ন করিতে হয় তখন সে স্থানকে প্রদক্ষিণ করিয়া শয়ন করে, আর আপন প্রভুর আগমন দেখিয়া আনন্দে লম্ফন করিতে থাকে, কেহ তাহার প্রভুকে মারিলে সে তাহা সহ্য করিতে পারে না, ও প্রভুর ভ্রমণ কালীন তাঁহার অগ্রে২ দৌড়িয়া গতায়াত করে, এবং কোন বক্র পথের নিকটে আসিলে সে স্থানে দাঁড়াইয়া পশ্চাৎভাগে নিরীক্ষণ করিতে থাকে যে কোনদিকে তাহার প্রভু গমন

sits up and begs: and when it has committed a theft, slinks away with its tail between its legs.

Of all quadrupeds, the dog is the most intelligent and most friendly to man. Independently of the beauty his form, his vivacity, force, docility and swiftness, is possessed of all those complacent qualities which e most likely to conciliate the affection of men. Having been long domesticated, and thus become familiar with human society, he scarcely retains a symptom of his savage state, and seems to have no higher ambition than that of pleasing and being serviceable. He is not only faithful and attached to his master beyond example in other animals, but is even his friend, and enters into all his predilections and animosities. He is the companion of his vacant hour, the promoter of his pastime, the defender of his property, and his unalterable adherent both in prosperous and adverse fortune.

To mention some of the more common instances of this creature's sagacity by way of elucidating its general character, may not be amiss; and amongst these, its care in directing the steps of the blind man, is not the least worthy of notice. There are few who have not seen an unfortunate object of this description, led by his dog through the various passages of a populous town, to the accustomed place where he sits to supplicate the contributions of passengers. It may sometimes be seen to stop at particular houses to receive the morsel from the hand of charity, or pick from the ground the money thrown out to relieve its miserable owner. When the day is past, it conducts him home again; and gratefully receives as the reward of its services, the scanty pittance which poverty and wretchedness can

করেন। কুক্কুর বসিয়া যাচ্ঞা করিতে পারে, এবং কোন দ্রব্য চুরি করিয়া প্রভুর ভয়ে ভীত হইয়া আপন লাঙ্গূল দুই পদের নীচে গুজিয়া রাখে।

সকল চতুষ্পদ হইতে কুক্কুর অতি বুদ্ধিমান্ এবং মনুষ্যের প্রিয় বন্ধু। শরীরের সৌন্দর্য্য, চঞ্চলতা, বল, তীক্ষ্ণ বুদ্ধি, ও সত্বরতা, এই সকল গুণ ব্যতিরিক্ত কুক্কুরের নম্রতা গুণও আছে, তাহাতে সে মনুষ্যের অতি প্রিয় ও স্নেহপাত্র হয়। কুক্কুরকে বহুকালাবধি মনুষ্যেরা পালন করিয়া আসিতেছে, ও তাহাদের প্রতিদিন মনুষ্যের সংসর্গে থাকাতে, পশুর স্বভাব কিছুই থাকে না, এবং মনুষ্যের সেবা ও সন্তোষ করণ ব্যতিরিক্ত কুক্কুরের অন্য কোন আকাঙ্ক্ষা নাই। অন্য২ পশু অপেক্ষায় কুক্কুর কেবল প্রভুভক্ত এমত নহে, কিন্তু সে নিজ প্রভুর এমত বন্ধু যে প্রভুর যখন যে রূপ অবস্থা হয় তখন সেও সেই রূপ অবস্থায় থাকে, এবং প্রভুর হিংসা হইলে তাহারও হিংসা হয়, প্রভুর কোন কর্ম্ম না থাকিলে সে তাঁহার সঙ্গে থাকে ও প্রভু যখন আমোদ করেন তখন সেও তাঁহাকে অধিক আনন্দিত করে, ও তাঁহার বিষয় রক্ষণ করে, এবং তাঁহার সুখ দুঃখের ভাগী হয়।

কুক্কুরের সামান্য লক্ষণ সুস্পষ্টরূপে ব্যক্ত করিবার জন্য তাহার তীক্ষ্ণ বুদ্ধির কিঞ্চিৎ অধিক প্রমাণ দেওনে কোন হানি নাই। অন্ধ লোককে কুক্কুরে যে রূপে পথ দেখাইয়া দেয় তাহা জ্ঞাত করান অত্যাবশ্যক নহে, কেননা অনেকেই দেখিয়াছেন, যে অন্ধ লোককে কুক্কুর অতি জনতা বিশিষ্ট স্থানের নানা প্রকার পথ দেখাইয়া যে স্থানে ঐ অন্ধ বসিয়া পথিকের নিকট যাচ্ঞা করে সেই স্থানে লইয়া যায়, আর তাহার প্রভুর দুঃখ মোচনার্থ যদি কেহ পথমধ্যে মুদ্রা ফেলাইয়া দেয় কিম্বা আহার দেয় তবে সেই মুদ্রা ও আহার দ্রব্য লইবার নিমিত্ত কোন২ বাটীর নিকটে স্থির হইয়া দাঁড়ায় এবং দিবা অবসান হইলে আপন প্রভুকে পুনর্ব্বার গৃহে লইয়া গেলে তাহার

bestow. Dogs will sometimes imitate the actions of their masters, will open a door that is fastened with a latch, or pull a bell where they are desirous of gaining admittance.

The following is another proof of the sagacity and generosity of the dog. The convent of the great St. Bernard, is situated near the top of the mountain known by that name, near one of the most dangerous passages of the Alps between Switzerland and Savoy. In these regions the traveller is often overtaken by the most severe weather, even after days of cloudless beauty, when the glaciers glitter in the sun-shine, and the pink flowers of the rhododendron appear as if they were never to be sullied by the tempest. But a storm suddenly comes on, the roads are rendered impassable by drifts of snow; the avalanches, which are loosened masses of snow or ice, are swept into the valleys, carrying trees and crags of rock before them. The hospitable monks, though their revenue is scanty, open their doors to every stranger that presents himself. To be cold, to be weary, to be benighted, constitutes the title to their comfortable shelter, their cheering meal, and their agreeable converse. But their attention to the distressed does not end here. They devote themselves to the dangerous task of searching for those unhappy persons who may have been overtaken by the sudden storm, and would perish but for their charitable succour. Most remarkably are they assisted in these truly

বেতনস্বরূপ ঐ দুঃখি প্রভু যাহা দেন তাহাই সে তুষ্ট হইয়া লয়, কুক্কুরেরা কখন২ আপন প্রভুর ন্যায় কর্ম্ম করে যদি কোন বাটীর মধ্যে তাহার প্রবেশ করিবার বাসনা হয় তবে সে সেই বাটীর দ্বার খুলিয়া ফেলে মনুষ্য ঘণ্টা টানিয়া বাজায়।

কুক্কুরের তীক্ষ্ণ বুদ্ধির ও দাতৃত্বের আর এক প্রমাণ এই, সুইটজর্লেণ্ড এবং সেভই নামক দেশের মধ্যবর্ত্তি আল্পস্ নামক পর্ব্বতের ভয়ঙ্কর পথের নিকটে সেণ্টবর্নাড নামে বিখ্যাত যে পর্ব্বত তাহার মস্তকের সন্নিধানে বর্নাড নামক মহাপুরুষের আশ্রম আছে, সেই স্থানে পথিকেরা যখন ভ্রমণ করিতে যায় তখন ঝড় বৃষ্টিতে অনেক ক্লেশ পায়, এবং যে দিনে মেঘ না থাকে তৎপরদিনেও সূর্য্যের কিরণদ্বারা যখন বরফ চকমক করিতে থাকে তখন রোডোডেণ্ড্রন্ নামক পুষ্প সকল সুন্দররূপ প্রস্ফুটিত হইয়া থাকে ইহাতে এমন বোধ হয় যে তৎকালে ঝড় হইবার সম্ভাবনা নাই, তথাপি কখন২ এইরূপ ঝড় উপস্থিত হয় যে পর্ব্বতহইতে হিমসকল ভাঙ্গিয়া পড়িতে থাকে, এবং বৃহৎ২ বরফের খণ্ড সকল পড়িয়া গাছ ও পাথর তাবৎ ভাঙ্গিয়া পর্ব্বতের নীচে লইয়া যায়, তখন যদি কোন পথিক ঐ আশ্রমের নিকটে থাকে তবে তাহাকে দেখিবামাত্রেই তথাকার দয়াশীল পাদ্রীরা আহ্বান পূর্ব্বক আতিথ্য করেন। এবং যদিও তাঁহারা অতি অল্প কর পান তথাপি বিপদ্গ্রস্ত লোকদিগকে আশ্রয় দিতে বিমুখ হন না, অতি শীতে শীতল হইয়া বা শ্রান্ত হইয়া অথবা অন্ধকারপ্রযুক্ত যে কোন পথিক ঐ আশ্রমে অতিথি হয়েন তাঁহাকে ঐ ধর্ম্মাত্মা ব্যক্তিরা আশ্রয় দেন এবং উত্তম আহার ও প্রিয় বাক্যদ্বারা সম্মান করেন; কিন্তু তাঁহারা বিপদগ্রস্ত লোকদের প্রতি পূর্ব্বোক্ত দয়া ব্যতিরেকে অধিকও দয়া করেন। যথা বিপদ্গ্রস্ত লোক দেখিলে তাঁহাদের এরূপ দয়া হয় যে যদি কোন লোকের হঠাৎ ঝড়ের সম্মুখে পড়িয়া মারা পড়িবার উপক্রম হয় তবে তাঁহারা স্বয়ং বাহির হইয়া ঐ দুঃসময়ে তাঁহাদিগকে অন্বেষণ পূর্ব্বক

Christian offices. They have a breed of noble dogs in their establishment, whose extraordinary sagacity often enables them to rescue the traveller from destruction.

Benumbed with cold, weary in the search for a lost track, his senses yielding to the stupifying influence of frost which betrays the exhausted sufferer into a deep sleep, the unhappy man sinks upon the ground, and the snowdrift covers him from human sight. It is then that the keen scent and the exquisite docility of these admirable dogs are called into action. Though the perishing man lie ten or even twenty feet beneath the snow, the delicacy of smell with which they can trace him offers a chance of escape. They scratch away the snow with their feet; they set up a continued hoarse and solemn bark, which brings the monks and labourers of the convent to their assistance. To provide for the chance that the dogs without human help, may succeed in discovering the unfortunate traveller, one of them has a flask of spirits round his neck, to which the fainting man may apply for support; and another has a cloak to cover him. These wonderful exertions are often successful; and even where they fail of restoring him who has perished, the dogs discover the body, so that it may be secured for the recognition of friends; and such is the effect of the temperature, that the dead features generally preserve their firmness for the space of two years. One of these noble creatures was decorated with a medal, in commemoration of his having saved the lives

আনিয়া আশ্রয় দেন, এই সকল ধার্ম্মিকব্যক্তির কর্ম্মেতে কুক্কুরেরা অনেক সহায়তা করে। তাঁহাদিগের আশ্রমে কতকগুলিন উত্তম জাতীয় কুক্কুর আছে, এবং সেই সকল কুক্কুর অসাধারণ বুদ্ধি-দ্বারা পথিকদিগের প্রাণ রক্ষা করে।

পথিকেরা শীতেতে ভ্রান্তিদ্বারা পথ হারা হইয়া পথের অন্বেষণ করিতেং অত্যন্ত শ্রান্ত হয়, এবং কুজ্ঝটিকাতে তাহাদের ইন্দ্রিয় সকল এমত অবশ হয়, যে ঐ অসুখি পথিকেরা নিদ্রায় অত্যন্ত আসন্ন হইয়া ভূমিতে পড়ে ও তাহাদের শরীর বরফের দ্বারা এরূপ আচ্ছন্ন হয় যে তাহা দেখিতে পাওয়া যায় না, সেই সময়ে ঐ সকল কুক্কুরের ঘ্রাণেন্দ্রিয় ও বুদ্ধির তীক্ষ্ণতা দ্বারা অনেক কর্ম্ম দর্শে, এবং কোন ব্যক্তি দশ কিম্বা বিশ হাত বরফের নীচে যদ্যপি মৃতবৎ হইয়া পড়িয়া থাকে তথাপি ঘ্রাণের তাৎপর্য্যদ্বারা কুক্কুরেরা এমত অনুসন্ধান করিতে পারে যে তাহাতেই লোকের প্রাণ রক্ষা হয়, তাহারা পাদদ্বারা বরফ আঁচড়াইতে থাকে এবং এরূপ গভীর শব্দে ডাকিতে থাকে যে ঐ আশ্রমের তাবৎ সন্ন্যাসী ও দাস লোকেরা সেই স্থানে আসিয়া তাহাদিগের সহায়তা করে, কুক্কু-রেরা পথিকদের অনুসন্ধান করিলেও যদি মনুষ্যের সহায়তা ব্যতিরেকে তাহাদের প্রাণ বিয়োগ হয় এই আশঙ্কা প্রযুক্ত একটা কুক্কুরের গলায় মদ্যের থালী ঝুলাইয়া দেয় পথিকেরা ঐ মদ্য পান করিয়া প্রাণ রক্ষা করে, এবং তাহাদের শীত নিবারণার্থে আর একটা কুক্কুরের গলদেশে লবেদা বান্ধিয়া দেয়। এই সকল আশ্চর্য্য উদ্যোগদ্বারা প্রায় সকলেরই প্রাণ রক্ষা পায়, কিন্তু যে লোক নিতান্ত জীবিত না থাকে তাহাকে সচেতন করিতে না পারিয়া তাহার বন্ধু লোকের স্মরণার্থে মৃত শরীর অন্বেষণ করিয়া রাখে, এবং সে দেশের এরূপ স্বভাব যে তাহাতে মৃত শরীর দুই বৎসর পর্য্যন্ত থাকিলেও বিকৃত হয় না। ঐ সকল উত্তম কুক্কুরের মধ্যে একটা কুক্কুর বাইশ জন লোকের প্রাণ রক্ষা করিয়াছিল, তন্নিমিত্তে ঐ

of 22 persons, who but for his sagacity, must have perished. Many travellers who have crossed the passage of St. Bernard, since the peace, have seen this dog, and have heard, around the blazing fire of the monks, the story of his extraordinary career. He died about the year 1816, in an attempt to convey a poor traveller to his anxious family. The Piedmontese courier arrived at St. Bernard in a very stormy season, labouring to make his way to the little village of St. Pierre, in the valley beneath the mountain, where his wife and children dwelt. It was in vain that the monks attempted to check his resolution to reach his family. They at last gave him two guides, each of whom was accompanied by a dog, of which one was the remarkable creature whose services had been so valuable to mankind. Descending from the convent they were in an instant overwhelmed by two avalanches; and the same common destruction awaited the family of the poor courier, who were toiling up the mountain in the hope to obtain some news of their expected friends. They all perished.

A story is told of one of these dogs, who having found a child unhurt, whose mother had been destroyed by an avalanche, induced the poor boy to mount upon his back, and thus carried him to the gate of the convent. The subject is represented in a French print.

কুক্কুরকে সন্ন্যাসিরা একখান পদক দিয়াছিলেন, কারণ ঐ কুক্কুরের বুদ্ধি না থাকিলে বাইশ জন লোকের প্রাণ নষ্ট হইত, সন্ধ্যার পর যাঁহারা সেণ্টবর্ণাড্ নামক পর্ব্বতের পথে ভ্রমণ করিয়াছেন, তাঁহারা অবশ্যই ঐ চমৎকৃত কুক্কুর দেখিয়া থাকিবেন, এবং আশ্রম সেবন কালীন ঐ সন্ন্যাসিদিগের প্রমুখাৎ তাহার আশ্চর্য্য বিবরণ ও অবশ্যই শুনিয়া থাকিবেন। খ্রীষ্টিয়ান্ ১৮১৬ শকে ঐ কুক্কুর একজন দরিদ্র লোককে তাহার পরিবারের সহিত সাক্ষাৎ করাইবার নিমিত্ত সঙ্গে করিয়া যাইতেছিল, ইতোমধ্যে ঐ কুক্কুরের মৃত্যু হইল। পিডমণ্ড দেশের এক পথিক অত্যন্ত ঝড়ের সময়ে সেণ্টবর্ণাড্ নামক পর্ব্বতে উত্তীর্ণ হইয়া ঐ পর্ব্বতের উপত্যকা মধ্যে সেণ্টপিয়ার নামক এক ক্ষুদ্র গ্রামে তাহার স্ত্রী ও পুত্রাদি ছিল, সেই স্থানে যাইবার উদ্যোগ করিলেন, কিন্তু সেই স্থানের সন্ন্যাসিরা তৎকালীন তাহার পরিবারের নিকট তাহাকে যাইতে অনেক নিষেধ করিলেও সে শুনিল না, পরে ঐ সন্ন্যাসিরা তাহাকে পথ দেখাইয়া দিবার নিমিত্ত তাহার সহিত দুই জন লোক আর দুইটা কুক্কুর পাঠাইয়া দিলেন, তাহার মধ্যে যে কুক্কুর অনেক লোকের উপকার করিয়াছে, সেও ছিল। তাহারা ঐ আশ্রম হইতে নীচে নামিবামাত্রেই সেই পর্ব্বতের মস্তক হইতে দুইটা বরফের চাপ পড়িলে তাহারা মারা গেল এখানে ঐ পথিকের পরিবার সকলে তাহার আগমনের সংবাদ পাইবার আশয়ে পর্ব্বতের উপর উঠিতেছিল, ইতোমধ্যে সেই বরফের চাপের দ্বারা তাহারাও চাপা পড়িল, সুতরাং তাহারা তাবতেই এককালে নষ্ট হইল।

এক গল্প শুনা গিয়াছে, যে এই জাতীয় একটা কুক্কুর পথমধ্যে এক বালককে দেখিল যাহার মাতা বরফের চাপে মরিয়াছে, কিন্তু তাহার কোন অনিষ্ট হয় নাই সেই বালককে আপন পৃষ্ঠের উপর চড়াইয়া ঐ আশ্রমের দ্বারে উপস্থিত করিয়াছিল। এই কুক্কুরের ছবি একবার ফরাসিস্ দেশে প্রকাশ হইয়াছে।

The original wild dog is now utterly unknown in the old continent; but in America there are numbers which, though first introduced by Europeans, have now become savage; and these shew what the creature would be, were it not reclaimed by man. They hunt in packs, attack every animal they are likely to master, and thus give a loose to their natural appetite of rapine and cruelty. They are easily tamed, however, and by kindness soon become sensible of attachment and submission: a proof that the dog was originally designed to be a friend, not an enemy to man; to assist, not to injure, or contend.

This susceptibility of education and improvement is evinced not only in his disposition, but in his form. Hence the varieties of the dog are become too numerous to particularize, and they are every day increasing. Food, climate, and the habits of domestication all make sensible impressions on him. Nothing seems to remain immutable with him, except his internal conformation and his attachment to the human race. All the breeds propagate together, by which union, a kind different from either the sire or the dam is frequently produced. It is generally observed, however, that the males bear the strongest resemblance to the dog, and the females to the bitch. From these causes, the most accurate naturalists have found it impossible to discriminate all the canine varieties; but they have generally agreed in considering the shepherd's dog as the parent stock from which the rest are derived, as all these have a tendency to assume the form of that animal, and he is found more widely disseminated than any other kind.

প্রাচীন মহাদ্বীপে বন্য কুক্কুর এইক্ষণে পাওয়া যায় না; কিন্তু আমেরিকাতে ইউরোপস্থ লোকেরা প্রথমতঃ যে কুক্কুর সমূহ আনিয়াছিলেন, তাহারা এইক্ষনে বন্য হইয়াছে; যদ্যপি এই পশুর রীতি মনুষ্যেরা শুদ্ধ না করিত, তবে তাহারা কি হইত তাহা ইহাতেই জানা যায়। তাহারা দলবদ্ধ হইয়া শিকার করে, এবং যে পশুকে পরাভব করিবার সম্ভাবনা থাকে তাহাকেই আক্রমণ করে, এবং শঠ ও নিষ্ঠুর কর্ম্ম করিতে তাহাদের যে স্বাভাবিক ইচ্ছা তাহার তখন বাহুল্য হয়। তাহা-দিগকে অনায়াসেই পোষা যায়, আর দয়া করিলেই তাহারা শীঘ্র ঘনিষ্ঠ ও বশ্য হয়, কুক্কুর মনুষ্যের বন্ধু ও সাহায্য করিবার নিমিত্ত সৃষ্ট হইয়াছে, নতুবা কলহ ও ক্ষতি এবং শত্রুতা করিতে উৎপন্ন হয় নাই তাহার প্রমাণ ঐ।

. তাহারা যে বিদ্যাপ্রাপ্তির উপযুক্ত ইহা তাহাদের স্বভাবের দ্বারা কেবল এমত নহে কিন্তু তাহাদের আকৃতি দ্বারাও অনুমান করা যায়। কুক্কুরের অসংখ্য প্রকার প্রতিদিন বৃদ্ধি হইতেছে, এই হেতুক তাহাদের বিশেষ বিবরণ লেখা অসাধ্য, খাদ্য ও জল ও বায়ু ও পোষারীতি এই সকল বিষয় তাহারা স্মরণ করিয়া রাখে, ইহার আকৃতি ও মনুষ্যের প্রতি ঘনিষ্ঠতা এই দুই ব্যতিরেকে তাহাদের তাবৎস্বভাবেরই ক্রমে২ নাশ হয়। কুক্কুরের অনেকগুলিন শাবক একেবারে জন্মে তাহার মধ্যে পুংশাবকের পিতৃ আকৃতি হয় ও মাদী বাচ্চার মাতৃ আকৃতি হয়। এই হেতুক অতি সূক্ষ্ম ব্যক্ত দ্রব্যজ্ঞেরা কহেন যে নানা প্রকার কুক্কুরের জাতি প্রভেদ করা দুঃসাধ্য; কিন্তু তাঁহারা প্রায় তাবতেই বলেন যে সেফরডস্‌ডগ্ অর্থাৎ রাখালের কুক্কুর হইতে অন্য জাতীয় কুক্কুরের উৎপত্তি ইইয়াছে কারণ অন্য জাতীয় কুক্কুরদের তাহার মত আকৃতি হয় এবং অন্য২ কুক্কুর অপেক্ষায় সেফরডস্‌ডগ্ ব্যাপক।

SHEPHERD'S DOG.

We have already mentioned this variety as the parent stock of the canine kind. There is a very remarkable singularity in the feet of the shepherd's dog, which we have likewise sometimes observed in those of the cur and the spaniel. They have one, and sometimes two extra toes on the hind feet, though they seem not to be of much use. They appear to be destitute of muscles, and hang dangling at the hind part of the leg more like an unnatural excrescence than a necessary part of the animal. This useful animal, ever faithful to his charge, reigns at the head of the flock, where he is better heard and more attended to than even the voice of the shepherd. Safety, order, and discipline, are the fruits of his vigilance and activity.

In those large tracts of land, which in many parts of the British island, are solely appropriated to the feeding of sheep and other cattle, this sagacious animal is of the utmost importance. Immense flocks may be seen continually ranging over these extensive wilds as far as the eye can reach, seemingly without control; their only guide is the shepherd, attended by his dog, the constant companion of his toils; it receives his commands, and is always prompt to execute them; it is the watchful guardian of the flock, prevents them from straggling, keeps them together, and conducts them from one part of their pasture to another. It will not suffer any strangers to mix with them, but carefully keeps off every intruder. In driving a number of sheep to any distant part, a well-trained dog never fails to confine them to the road; he watches every avenue that leads from it, where he takes his stand, threatening every delinquent, and pursues the stragglers, if any should escape, and forces them into order without doing them the least injury. If the herdsman be at any time absent from the flock, he depends upon his dog to keep them together; and as soon as he gives the

সেফরডাসডগ অর্থাৎ রাখালের কুক্কুর।

আমরা পূর্ব্বে কহিয়াছি যে এই জাতীয় কুক্কুর তাবৎ প্রকার কুক্কুরের মূলাধার। এই জাতীয় কুক্কুরের পদতল অতি আশ্চর্য্য কখন২ স্পানিয়ল ও কর জাতীয় কুক্কুরের পদতলও তদ্রূপ দেখা গিয়াছে তাহাদিগের পশ্চাৎ পাদের অঙ্গুলি একটা বা দুইটা অধিক আছে সে অঙ্গুলিদ্বয়েতে অধিক প্রয়োজন হয় না, এবং অনুমান হয় যে তাহা পেশী রহিত ও পাদের পশ্চাৎ ভাগে অনর্থক মাংসপিণ্ডের ন্যায় ঝুলিতে থাকে, এই উপকারি কুক্কুর কৃতজ্ঞ ও আজ্ঞাবশীভূত এবং চরিবার কালীন দলবদ্ধ মেষেরা রাখাল অপেক্ষায় তাহার কথা মানে সে সতর্কতাতে ও চতুরতাতে অতি নির্ভয়ে মেষের পাল রক্ষা করে তাহাতে কোন গোলযোগ হয় না।

ব্রিটিস্ উপদ্বীপে কেবল মেষেরপাল প্রভৃতি চরাইবার নিমিত্তে বহু২ প্রশস্ত স্থান নির্দিষ্ট আছে তথায় এই জাতীয় বুদ্ধিমন্ত কুক্কুরের অতি প্রয়োজন হয়, এই সকল বৃহৎ মাঠের মধ্যে যত দূর দৃষ্টিগোচর হয় ততদূরপর্য্যন্ত বহু২ মেষের পাল ক্রমিক চরিতে দেখিতে পাওয়া যায়, ইহাতে বোধ হয় যে ঐ পালের সঙ্গে কোন শাসনকর্ত্তা নাই, কিন্তু তাহাদের রক্ষক এক রাখাল ও তাহার সহিত এক কুক্কুর থাকে ও রাখাল যদ্রূপ পরিশ্রম করে কুক্কুরও তদ্রূপ শ্রম করে। ঐ রাখাল তাহাকে যাহা কহে সে তৎক্ষণাৎ তাহাই করে, সে মেষেরপাল চৌকী দেয় ও পালহইতে কোন মেষকে অন্যত্র যাইতে দেয় না ও একত্রিত করিয়া রাখে এবং চরাণী মাঠের একভাগহইতে অন্য ভাগে লইয়া যায় ও অন্য পালের মেষ তাহার মধ্যে মিশ্রিত হইতে দেয় না, অতি দূর স্থানে মেষেরপাল লইয়া যাইতে হইলে উত্তম শিক্ষিত এই জাতীয় কুক্কুর তাহাদিগকে পথ দিয়া লইয়া যাইতে অপারক হয় না, সে সকল গলি নিরীক্ষণ করে ও গলির মাতায় দাঁড়াইয়া অপরাধি মেষকে শাসন করে যে মেষ পিছায় তাহার

well-known signal, this faithful creature conducts them to his master, though at a considerable distance.

This breed of dogs at present appears to be preserved in the greatest purity, in the northern parts of England and Scotland; where its aid is highly necessary in managing the numerous herds of sheep bred in those extensive wilds and fells.

Anecdotes.

Mr. Steel had such an implicit dependance on the attention of his bitch to his orders, that whenever he put a lot of sheep before her he took a pride in leaving it to herself, and either remained to take a glass with the farmer, of whom he had made the purchase, or took another road to look after bargains or other business. But one time he chanced to commit a drove to her charge at a place called Willenslee, without attending to her condition as he ought to have done. This farm is five miles from Peebles, over wild hills, and there is no regularly defined path to it. Whether Mr. Steel remained behind, or took another road, I know not; but on coming home late in the evening, he was astonished at hearing that his faithful animal had never made her appearance with the drove. He and his son, or servant, instantly prepared to set out by different

পশ্চাতে গিয়া তাহার কোন অপকার না করিয়া ভয় প্রদর্শনে সুপথে আনে। যদ্যপি রাখাল কোন স্থানে যায় তবে সে ঐ কুক্কুরের উপরে মেষরক্ষা ভার অর্পন করে ও তাহাকে সঙ্কেত করিবামাত্রেই অতিদূরহইতেও মেষের পালকে প্রভুর নিকটে লইয়া যায়।

ইংলণ্ড ও স্কটলণ্ডের উত্তর অঞ্চলে এই প্রকার কুক্কুর এইক্ষণে বোধ হয় বর্ণসঙ্কর হয় নাই, ঐ দেশের প্রশস্ত বনে মেষের পাল চরাইবার নিমিত্তে এই জাতীয় কুক্কুরের অতি প্রয়োজন হয়।

উপাখ্যান।

ষ্টীল্ সাহেব্ এমত নিশ্চয় জানিতেন যে তাঁহার কুক্কুরী এমত আজ্ঞাবহ যে যখন তিনি একপাল মেষ তাহাকে রক্ষা করিতে দিতেন তখন তিনি যে কোন বিক্রেতা কৃষকের নিকট মদ্যপান করিতে বা অন্য পথে কোন দ্রব্য ক্রয়ার্থে কিম্বা অন্য কোন কার্য্যে গেলেও নিশ্চিন্ত থাকিতেন, কোন এক সময় ঐ কুক্কুরীর অন্তরাপত্যাবস্থা বিবেচনা না করিয়া উইলেন্‌লি নামক স্থানে তাহাকে এক দল মেষ চরাইতে দিয়াছিলেন, সেই মেষচারণ ভূমি পিবল্‌স নগরহইতে আড়াই ক্রোশ দূর, ও তথায় বন্যপাহাড় দিয়া যাইতে হয়, এবং তাহার নির্দ্ধারিত কোন পথ নাই; ঐ ষ্টীল সাহেব পশ্চাৎ ছিলেন কি অন্য পথে গিয়াছিলেন তাহা আমি জ্ঞাত নহি, কিন্তু তিনি বাটীতে যখন রাত্রিতে কিঞ্চিৎ বিলম্বে আসিয়াছিলেন তখন সে কুক্কুরী মেষের পাল লইয়া গৃহে আইসে নাই, তিনি ইহা শুনিয়া বিস্মিত হইলেন, এইনিমিত্তে তৎক্ষণাৎ তিনি ও তাঁহার পুত্র এবং ভৃত্য নানা পথে তাহার অন্বেষণে গমন করিলেন, এবং কিঞ্চিৎ দূরে গিয়া দেখিলেন যে সে ঐ মেষের পাল আনিতেছে ও একটীও মেষ হারায় নাই, এবং আরও আশ্চর্য্য দেখিলেন, যে সে তাহার একটা ছানা মুখে করিয়া আসিতেছে, পাহাড়ে তাহার প্রসব

paths in search of her; but on their going out to the street, there was she coming with the drove, no one missing; and marvellous to relate, she was carrying a young pup in her mouth. She had been taken in travail on the hills, and how the poor beast had contrived to manage her drove in her state of suffering, is beyond human calculation, for her road lay through sheep the whole way. Her master's heart smote him when he saw what she had suffered and effected; but she was nothing daunted, and having deposited her young one in a place of safety, she again set out in full speed to the hills and brought another and another till she brought her whole litter one by one, but the last one was dead.

The other remarkable instance of the niceness of canine instinct or sagacity, is related to have been displayed after a snow storm. It is wonderful. When (says the author) we came after the storm to the ground, where the sheep should have been, there was not one of them above the snow. Here and there at a great distance from each other, we could perceive the heads or horns of stragglers appearing; and these, men easily got out, but when we had collected these few we could find no more. They had been lying all abroad in a scattered state, when the storm came on, and were covered over just as they had been lying. It was on a kind of sloping ground that lay half beneath the wind, and the snow was uniformly from 6 to 8 feet deep. Under this, the animals were lying scattered over at least one hundred acres of heathery ground. It was a very ill-looking concern. We went about boring with our long poles, and often did not find one sheep in a quarter of an hour. But at length a white shaggy colly named Sparkie that belonged to the cowherd boy, seemed to have comprehended something of our perplexity: for we observed him plying and scraping the snow with great violence, and always looking over his shoulder to us. On going to the spot we found that he had marked straight above a sheep. From that, he flew to another, and so on to another, as fast as we could dig

বেদনা হইয়াছিল তৎকালে সে কিরূপে মেষের পাল চালাইয়াছিল তাহা মনুষ্যের বোধাগম্য, কারণ তাহাকে সমস্ত পথে মেষের মধ্য দিয়া আসিতে হইয়াছিল। তাহার প্রভু তাহার প্রসব বেদনার সময় মনে করিয়া বড় দুঃখ করিতে লাগিলেন; কিন্তু কুক্কুরী কিছুমাত্র ভীতা হয় নাই। পরে ঐ বাটীর নির্ভয় স্থানে সেই ছানাটীকে রাখিয়া অতি বেগে ঐ পাহাড়ে গিয়া আর একটীকে আনিল এই রূপ ক্রমেঃ তাবৎ ছানাগুলিন্ আনিল, কিন্তু শেষে যে ছানাটীকে আনিয়াছিল সে মারল।

এক দিন অত্যন্ত বরফ্ পড়িয়াছিল তদ্দিবসে এই জাতীয় এক কুক্কুরের অদ্ভুত বুদ্ধির আর এক দৃষ্টান্ত কথিত হইয়াছে। গ্রন্থকর্ত্তা কহিয়াছেন যে যখন আমি বরফ পতনের পর গৃহ হইতে বহির্গত হইলাম তখন দেখিলাম যে যেখানে মেষ থাকিত সেখানে তাবৎ মেষ বরফে ডুবিয়া গিয়াছে, কিন্তু দূরেতে কতকগুলিন মেষের মস্তক ও শৃঙ্গ দেখিতে পাইয়া তাহাদিগকে বরফহইতে বাহির করিয়া একত্র করিলাম' কিন্তু আর সকল মেষ কোথায় তাহার অনুসন্ধান পাইলাম না, ঐ বরফ অতি বেগে পড়িবার সময় তাহারা যেং স্থানে ছিল সেই স্থানেই ডুবিয়া গিয়াছিল, ঐ স্থানে ঢালু ছিল তাহার মধ্যে কোনং স্থানে ৬ ছয় বা ৮ আট ফিট উচ্চ বরফ পড়িয়াছিল, প্রায় তিনশত বিঘা বনাবৃত ভূমিপর্য্যন্ত ঐ মেষেরপাল ছড়াইয়া পড়িয়া রহিয়াছিল; অতএব তদ্দর্শনে আমার অত্যন্ত খেদ হইল। পরে বৃহৎলগুড় লইয়া স্থানেং খোঁচা দিয়া দেখিলাম বটে, কিন্তু ১৫ পনের মিনিটের মধ্যে একটাও পাইলাম না, অবশেষে এক বালকরাখালের শেল্ফবর্নস্লাকি নামক ক্ষুদ্র কুক্কুর আমাদের ব্যগ্রতা বুঝিয়া যথাশক্তি পরিশ্রমে বরফ আঁচড়াইয়া আমাদের প্রতি দৃষ্টিক্ষেপ করিতে লাগিল। আর মেষ যেং স্থানে আছে সেই ২ স্থানে ছিদ্র করিতে লাগিল, এই প্রকারে আমরা ছিদ্রিত স্থানের একটা হইতে যত শীঘ্র মেষ তুলিলাম তাহার দশগুণ শীঘ্র সে স্থানেং চিহ্ন করিল।

them out and ten times faster, for he sometimes had twenty or thirty holes marked before hand.

THE HOUND.

There are three varieties of this dog, all of which are produced by the same dam; the Hound, the Harrier, and the Beagle They are each adapted for hunting, they have long pendulous ears, an obtuse nose, a large mouth, and a loud note.

Anecdotes.

The fame of an English dog has been deservedly transmitted to posterity by a monument in bass relievo, which still remains on the chimney-piece of the grand hall at the castle of Montarjes in France. The sculpture, which represents a dog fighting with a champion, is explained by the following narrative. Aubri De Mondidier, a gentleman of family and fortune, traveling alone through the forest of Bondi, was murdered and buried under a tree. This dog, an English blood-hound, would not quit his master's grave for several days, till at length, compelled by hunger, he proceeded to the house of an intimate friend of his unfortunate master's at Paris, and, by his melancholy howling, seemed desirous of expressing the loss they had both sustained. He repeated his cries ran to the door, looked back to see if any one followed him, returned to his master's friend, pulled him by the sleeve, and, with dumb eloquence, entreated him to go with him. The singularity of the dog's behaviour, added to the circumstance of his coming there without his master, whose faithful companion he had always been, prompted the company to follow the animal, who conducted them to a tree where he renewed his howl, scratching the earth with his feet, significantly entreating them to search that particular spot. Accordingly, on digging, the body of the unhappy Aubri was found. Some time after, the dog accidentally met the assassin, who is styled by all the historians, who relate this fact, the Chevalier Macairi, when, instantly

যাইতে লাগিল, একটা না ভুলিতেং কখনং সে বিংশতি বা ত্রিংশৎ চিহ্ন করিয়াছিল।

হৌণ্ড জাতীয় কুক্কুর।

এই জাতীয় কুক্কুরেরা তিন প্রকার। যথা হাউণ্ড ও হ্যারিয়ার এবং বিগল্ কিন্তু এক মাতৃহইতে ইহাদিগের জন্ম হয়। ইহারা শিকার করিবার যোগ্য আর ইহাদিগের কর্ণ লোলিত ও নাসিকা খাঁদা, এবং বৃহৎ বদন ও ধ্বনি অতি কঠোর।

উপাখ্যান।

ঐ জাতীয় এক কুক্কুরের কীর্ত্তি স্মরণার্থে ব্যাসরলিবোতে খোদিত এক প্রতিমূর্ত্তি ছিল, তাহা এইক্ষণে ফ্রান্স দেশের মন্তার্জি গড়ের বড় অট্টালিকায় প্রস্তরাসনে স্থাপিত আছে। ঐ প্রতিমূর্ত্তি এই প্রকার যে এক কুক্কুর এক জন যোদ্ধার সহিত যুদ্ধ করিতেছে, এবং ইহার বিবরণ পরে লিখিতব্যদ্বারা জানা যাইবে। অব্রি ডে মণ্ডিডিয়র নামক এক জন বিশিষ্ট ও ভাগ্যবন্ত লোক ছিলেন যখন তিনি বণ্ডি নামক বনমধ্যে ভ্রমণ করিতেছিলেন তখন এক জন দস্যু তাঁহাকে হত্যা করিয়া এক বৃক্ষতলে গোর দিয়াছিল, সেই সময় অবধি অনেক দিন পর্য্যন্ত তাহার এক শিকারি কুক্কুর সেই গোরের নিকটে ছিল, পরে সে ক্ষুধার্ত্ত হইয়া সে স্থানহইতে প্যারিস্ নগরে তাহার দুর্ভাগ্য প্রভুর এক বন্ধুর নিকট গিয়া করুণা রোদনে চীৎকার করিয়া উভয়ের খেদসূচক শব্দ করিতে লাগিল, ঐ কুক্কুর পুনঃ২ আক্ষেপ করত একবার বহির্দ্বারে আইসে পুনর্ব্বার আপ্ত প্রভুর বন্ধুর নিকটে যায়, এই প্রকার বারম্বার করিয়া দেখে যে কেহ আমার পশ্চাতে আসিতেছে কি না, পুনর্ব্বার গিয়া তাঁহার বস্ত্রের অঞ্চল ধরিয়া টানে, এবং আপ্তমুখের বৈবর্ণ্য দর্শন করায়, তাহাতে সেই ব্যক্তি তাহার ঐ আশ্চর্য্য আচরণ অবলোকন করিলেন, এবং তাহার কৃতজ্ঞ প্রভুর সমভিব্যাহারে সে সর্ব্বদা থাকিত তদ্ব্যতিরেকে একাকী দেখিয়া অতি বিস্ময়াপন্ন হইলেন। পরে তিনি সেই

seizing him by the throat, he was with great difficulty compelled to quit his prey. In short, whenever the dog saw the chevalier, he continued to attack and pursue him with equal fury. Such obstinate virulence in the animal, confined to Macaire alone, appeared very extraordinary, especially to those who at once recollected the dog's remarkable attachment to his master, and several instances in which Macaire's envy and hatred to Mondidier had been conspicuous. Additional circumstances increased suspicion, and at length the affair reached the royal ear. The king (Louis the Eighth) accordingly sent for the dog, who appeared extremely gentle till he perceived Macaire in the midst of several noblemen, when he ran fiercely towards him growling and attacking him as usual.

In those rude times, when no positive proof of a crime appeared, an order was issued for a combat between the accuser and the accused. These encounters were denominated the judgment of God, from a persuasion that Heaven would rather work a miracle than suffer innocence to perish with infamy. The king, struck with such an accumulation of circumstantial evidence against Macaire, determined to refer the decision to the chance of battle. In other words, he gave orders for a combat between the chevalier and the dog. The lists were appointed in the isle of Notre Dame, then an uninclosed, uninhabited place. Macaire's weapon, being a great cudgel, the dog had an empty cask allowed for his retreat, to enable him to recover breath. Every thing being prepared, the dog no sooner found himself at liberty, than he ran round his adversary, avoiding his blows, and menacing him on

কুক্কুরের পশ্চাদ্‌গামী হওয়াতে কুক্কুর তাহাকে এক বৃক্ষতলে লইয়া গিয়া চীৎকার করত নখদ্বারা সেই স্থানের মৃত্তিকা খনন করাতে তাহার অভিপ্রায় বুঝিয়া ঐ ব্যক্তি সেই স্থান খনন করিয়া ঐ বন্ধুর মৃত দেহ উত্তোলন করিলেন। কিছু কাল পরে ঐ কুক্কুর প্রভু হত্যাকারককে দৈবাৎ দেখিবামাত্রেই তাঁহার গলা ধরিবাতে সেই ব্যক্তি অতিশয় ক্লেশে তাহাহইতে মুক্ত হইল। যে সকল ইতিহাসবক্তারা এই বিবরণ লিখিয়াছেন তাঁহারা কহিয়াছেন যে ঐ কুক্কুরের প্রভুহন্তার নাম চিবালিয়ের মাকেরি ছিল, আমরা সংক্ষেপে কহিতেছি যে যখন ঐ কুক্কুর ঐ চিভালিয়ারকে দেখিত তখন পূর্ব্বমত ক্রোধে তাহার পশ্চাদ্‌-গামী হইয়া আক্রমণ করিত। ঐ কুক্কুরের অনিবার্য্য হিংসাদ্বারা সেই মেকারি সাহেব বাটীহইতে বহির্গত হইতে পারিতেন না. তদ্দর্শনে সকলে আশ্চর্য্য বোধ করিল, যে ইহার এমত ক্রোধ এই ব্যক্তির প্রতি কেন হইল! বিশেষতঃ যে ব্যক্তিরা জানিত যে এই কুক্কুরের নিজ প্রভুর প্রতি আশ্চর্য্য ভক্তি ছিল এবং মাকেরি সাহেবের বৈরতা তাহার স্বীয় প্রভুর সহিত ছিল, ইহাতে তাহারা অতিশয় আশ্চর্য্য বোধী হইল। আরও কোন২ বিষয়ে লোকদিগের সন্দেহ বৃদ্ধি হইতে লাগিল, অবশেষে এই বিষয় অষ্টম লুইস্ রাজার কর্ণগোচর হওয়াতে ঐ কুক্কুরকে তিনি আনাইলেন এবং কুক্কুর তাঁহার নিকট অতি শান্ত হইয়া রহিল। পরে যখন ঐ রাজার সভায় প্রধান লোকের মধ্যে মাকেরি সাহেবকে ঐ কুক্কুর দেখিল তখন অতিশয় তর্জ্জন গর্জ্জন পূর্ব্বক তাহাকে পূর্ব্ববত্ আক্রমণ করিল।

সেই কালে অসভ্যতাপ্রযুক্ত এমত কুবিচার ছিল যে কোন ন্যায়ের প্রত্যক্ষ প্রমাণ না পাইলে বাদি প্রতিবাদিকে পরস্পর যুদ্ধ করিতে দিত, এবং লোকেরা কহিত যে এই প্রকার যুদ্ধ পরমেশ্বরীয় বিচার। কেননা পরমেশ্বর বরং অদ্ভুত ক্রিয়া করেন তথাপি নির্দোষ ব্যক্তিকে অপমানগ্রস্ত হইয়া মরিতে দেন না লোকেরা তখন এই বোধ করিত। পরে রাজা মেকারি সাহেবের

every side, till his strength was exhausted; then springing forward. he griped him by the throat, threw him on the ground. and obliged him to confess his guilt in the presence of the king and the whole court. In consequence of which, after a few days, the chevalier was convicted, upon his own acknowledgment; and beheaded on a scaffold in the isle of Notre Dame.

Many years since, a very large stag was turned out of Whinfield Park in the county of Westmoreland, and pursued by the hounds, till, by fatigue or accident, the whole pack were thrown out except two staunch favourite dogs, which continued the chase the greater part of the day. The stag returned to the park from whence he set out, as his last effort leapt the wall, and expired as soon as he had accomplished it. One of the hounds pursued to the wall; but being unable to get over it, laid down, and almost immediately expired: the other was also found dead at a small distance. The length of the chase is uncertain, but as they were seen at Red Kirks near Anan in Scotland, distant by the post road about forty-six miles, it is conjectured that the circuitous and uneven course they might be supposed to take, would not be less than one hundred and twenty miles.

To commemorate this fact, the horns of the stag, which were the largest ever seen in that part of the country, were placed on a tree, of a most enormous size, in the Park (afterwards called the Hart Horn tree).

বিপক্ষে অনেক আনুমানিক প্রমাণ পাইয়া আশ্চর্য্য বোধে ঐ কুক্কুরের সহিত মেকারি সাহেবকে যুদ্ধ করিতে আজ্ঞা দিলেন, নট্রিডেম্ উপদ্বীপে অনাবৃত ও নির্জ্জন স্থানে যুদ্ধভূমি স্থির হইল, পরে মেকারি সাহেবকে যুদ্ধাস্ত্র একটা মুদ্গর দিলেন, এবং কুক্কুরকেও পলায়ন করিয়া বিশ্রামার্থে একটা শূন্য পিপা দিলেন। তাবৎ যুদ্ধোদ্যোগ হইলেপর কুক্কুর বন্ধনহইতে মুক্ত হইবামাত্রেই মেকারি সাহেবের চতুর্দ্দিকে তদাঘাত নিবারণ পূর্ব্বক দৌড়িতে এবং তাহাকে ভয় প্রদর্শন করাইতে লাগিল; কিন্তু যখন সে ক্ষীণবল হইল তখন লম্ফদিয়া তাহার গলদেশ খামচাইয়া ধরিল, এবং রাজার ও সভ্যের নিকটে তাহাকে ভূমিতে ফেলিয়া দোষ স্বীকার করাইল। কিছু দিন পরে বিচারকর্ত্তা ঐ মেকারি সাহেব কে নট্রিডেম্ উপদ্বীপে বধমঞ্চের উপরে উঠাইয়া তাহার মস্তক ছেদন করাইলেন।

অনেক বৎসর গত হইল ওয়েষ্টমোরলেণ্ড প্রদেশস্থ হুইন্ফিল্ড পার্ক অর্থাৎ উপবনহইতে এক অতি বড় হরিণকে বাহির করাতে শিকারি কুক্কুরেরা তাড়াইয়াছিল, তাহাতে দুই সবল বান্ কুক্কুর ব্যতিরেকে পশ্চাদ্গামি অন্য তাবৎ কুক্কুর পরিশ্রম হেতুক বা কোন দৈবঘটনা প্রযুক্ত অতি পশ্চাৎ রহিল, এই দুই কুক্কুর প্রায় সমস্ত বেলা তাহার সহিত দৌড়িয়াছিল। ঐ হরিণ পূর্ব্বোক্ত উপবনেতে প্রত্যাগমন করিয়া ওষ্ঠাগতপ্রাণ সময়ে প্রাচীরের উপর লম্ফ দিবামাত্রেই প্রাণত্যাগ করিল। একটা কুক্কুর প্রাচীরের নিকটে আইল, কিন্তু তাহার উপর দিয়া যাইতে না পারিয়া পড়িয়া প্রায় তৎক্ষণাৎ মরিল, দ্বিতীয় কুক্কুরও তাহার কিঞ্চিৎ দূরে মরিল। কতদূর পর্য্যন্ত এই কুক্কুরেরা দৌড়িয়াছিল তাহা নিশ্চিত জানা যায় নাই, কিন্তু স্কট্লণ্ডের মধ্যে এনেন্ নগরের নিকটস্থ রেডকার্কস্ নামক স্থানে এবং ডাকের পথের প্রায় ২৩ ক্রোশ অন্তরে ঐ শিকার দেখা গিয়াছিল, তাহাতেই অনুভব হয় যে ঐ কুক্কুরেরা সর্ব্বশুদ্ধপ্রায় ৬০ ক্রোশ পর্য্যন্ত দৌড়িয়াছিল।

ঐ হরিণের শৃঙ্গ এমত বৃহৎ ছিল, যে সেই দেশের মধ্যে, তদ্রূপ আর দেখা যায় নাই, এই বিষয় স্মরণার্থে ঐ হরিণের শৃঙ্গ ঐ উপবনের মধ্যে এক অতি বড় বৃক্ষের উপরে রাখা গিয়াছিল, এবং সেই অবধি সেই বৃক্ষের নাম হারটহরন্ হইয়াছিল।

THE SPANIEL.

This kind of dog is valuable for its great docility and attachment to its master. It receives instructions with readiness, and obeys with uncommon alacrity. Its form is elegant, its hair beautifully curled, or crisped, its ears long, and its aspect mild and sagacious. It is fond of the water, and swims well. It is chiefly used in discovering the haunts of wild ducks and other water-fowls, and also in finding birds that have been shot or disabled. It is the Finder, described by Caius.

Anecdotes.

A few days before the overthrow of Robespierre, a revolutionary tribunal had condemned Mons. R——, an ancient magistrate and a most estimable man, on the pretence that he had been guilty of conspiracy. Mons. R—— had a spaniel, at that time about twelve years old, which had been brought up by him, and had scarcely ever quitted his side. He was thrown into prison. His faithful dog was with him when he was seized, but was not suffered to accompany him into confinement. The dog took refuge with a neighbour of his master, and every day, at the same hour, returned to the door of the prison. Such unwearied fidelity at length excited the compassion even of the porter, and the dog was allowed to enter. The joy of the master and his dog was mutual. It was found difficult again to separate them; and the jailer fearful (if the dog should be discovered there) that his governors might consider him as favouring a prisoner, was compelled to carry him out. The animal returned regularly every evening, and was as regularly

স্পানিয়ল জাতীয় কুক্কুর।

এই জাতীয় কুক্কুরের অধিক মূল্য হইবার কারণ এই যে ইহারা উত্তম মেধাবী ও অতি প্রভুভক্ত। ইহাকে যাহা শিখায় তাহাই শীঘ্র শিক্ষা করে, এবং মহোৎসুক হইয়া আজ্ঞা পালন করে। ইহার অবয়ব সুন্দর ও চুল উত্তম কোঁকড়া২ ও কর্ণ লম্বা, মূর্ত্তি কোমল ও বুদ্ধি তীক্ষ্ণ। সে জল ভাল বাসে, ও উত্তম রূপে সাঁতার দেয়। বন্য পাতিহাঁস ও অন্যা২ জলচর পক্ষির বাসস্থান প্রকাশ করিবার নিমিত্তে আর যে সকল পক্ষিরা গুলিদ্বারা মরে কিম্বা অশক্ত হয় তাহাদিগকেও অনুসন্ধান করিতে সে বড় উদ্যোগী হয়। কয়েস সাহেব এই জাতীয় কুক্কুরকে ফাইন্ডর কহেন।

উপাখ্যান।

রবস্পিয়ারের পরাজয় হইবার কিয়ৎদিবস পূর্ব্বে, পুরাতন বিচারকর্ত্তা এবং সম্ভ্রমযোগ্য মেন্ত্র—কে প্রভুত্বরূপকারান্তরকারী রাজনিরুদ্ধের পরামর্শক ছলে দোষী করিয়াছিলেন। ঐ মেন্ত্র—সাহেবের তৎকালে প্রায় দ্বাদশ বর্ষবয়স্ক এক স্পানিয়ল কুক্কুর ছিল, তিনি তাহাকে প্রতিপালন করিয়াছিলেন, তন্নিমিত্তে সে তাঁহার সঙ্গ কদাচ ত্যাগ করিত না। পরে যখন রাজদূতেরা তাঁহাকে ধরিয়া লইয়া যায় তখন ঐ প্রত্যয়ি কুক্কুর তাঁহার সহিত ছিল, কিন্তু কারাগারে তাহাকে লইয়া গেলে কুক্কুরকে তথায় যাইতে না দেওয়াতে সে তথাহইতে প্রত্যাগমন করিয়া আত্ম প্রভুর এক প্রতিবাসির বাটীতে আশ্রয় লইল, এবং প্রতিদিবস একি সময়ে ঐ কারাগারের দ্বারে আসিত। এই অবিশ্রান্ত প্রভুভক্তি দেখিয়া কারাগারের দ্বারির দয়া হইয়া তাহাকে কারাগারের মধ্যে যাইতে দিল, তাহাতে সে ও তাহার প্রভু পরস্পর আহ্লাদিত হইল। পাছে কারাগারের কর্ত্তারা মনে করেন যে ঐ কারাবদ্ধ ব্যক্তিকে দ্বারী অনুগ্রহ করিতেছে, এই আশঙ্কায় অতিশয় কঠিনতাপূর্ব্বক ঐ কুক্কুরকে

admitted. On the day appointed for receiving sentence, the dog, in spite of the guards, penetrated into the hall and crouched between his master's legs. At the execution, he was also present. and was, with difficulty, forced from the body. For two nights and a day he remained on the grave The friend of his master, who had before afforded him an asylum, unhappy at not seeing the dog as usual, and guessing to what place he had retired, stole forth by night, and finding him at the grave, caressed and brought him back. He tried every means that kindness could devise, to induce him to eat, but, in a short time, the dog escaped, and regained his favourite place. For three months, he came every morning to his protector, merely to receive his food, and immediately returned to the grave. At the end of this time, nature gave way; he languished, refused to take any nourishment, and died.

A surgeon of Leeds, walking in the suburbs of that town, found a little spaniel, who had been lamed. He carried the poor animal home, bandaged up his leg, and, after two or three days, turned him out. The dog returned to the surgeon's house every morning, till his leg was perfectly well. At the end of several months, the spaniel again presented himself, in company with another dog, who had also been lamed; and he intimated, as well as piteous and intelligent looks could intimate, that he desired the same kind assistance to be rendered to his friend as had been bestowed upon himself. A similar circumstance is stated to have occurred to Moraut, a celebrated French surgeon.

দ্বারী বহির্গত করিল। সে প্রতিদিন সন্ধ্যাকালে তথায় আসিত, এবং ক্ষণকাল পরে তথা হইতে প্রত্যাগমন করিত। যে দিবস তাহার প্রভুকে ফাঁসি দিবার আজ্ঞা হয় তদ্দিবসে তথায় অধিক প্রহরী থাকিলেও সে ঐ বিচারালয়ে গিয়া তাহার প্রভুর পদদ্বয়ের মধ্যে গুড়ি মারিয়া রহিল, এবং যখন তাঁহাকে ফাঁসি দেয় তখন তাহাকে তথাহইতে অতিশয় কষ্টে তাড়াইয়া দেওয়া গেল। পরে তাহার প্রভুর গোর হইলে তদুপরি সে এক দিবস দুই রাত্রি ছিল। এই নিমিত্তে তাহার প্রভুর যে বন্ধুর বাটীতে সে আশ্রয় লইয়াছিল, তিনি তাহাকে স্বাভাবিক না দেখাতে অসুখী হইয়া মনে ভাবিলেন, যে সে গোরের নিকটে গিয়া থাকিবে, এই নিমিত্তে রাত্রিযোগে গুপ্তভাবে আসিয়া তাহাকে গোরের উপরে দেখিলেন, এবং অনেক স্নেহ করিয়া তাহাকে আপন বাটীতে আনিয়া যত্নসহকারে দয়াতে তাহাকে আহার করাইতে চেষ্টা করিলেন, কিন্তু সে অল্পক্ষণের মধ্যে পুনর্ব্বার ঐ গোরের উপরে পলাইয়া গেল। সে তিন মাস পর্য্যন্ত প্রতিদিন প্রাতঃকালে তাহার নিকটে আহার করিয়া তথা আসিত। ঐ তিন মাসের পর আহার না করিয়া তথায় আত্মক্ষীণতাতে প্রাণ পরিত্যাগ করিল।

লিডস্ নগরবাসি এক জন অস্ত্রচিকিৎসক ঐ নগরের নিকটস্থ এক স্থানে ভ্রমণ করতঃ একটী ক্ষুদ্র ও খঞ্জ স্পানিয়ল কুক্কুর দেখিয়া তাহাকে গৃহে লইয়া গেলেন, এবং তাহার পায়ে পটী দিয়া দুই তিন দিবসের পর তাহাকে বাহির করিয়া দিয়াছিলেন, কিন্তু ঐ কুক্কুরের পা যত দিবস পূর্ণ রূপে ভাল না হইল ততদিবস প্রাতঃকালে ঐ সাহেবের বাটীতে সে আসিত। কতক মাস পরে ঐ কুক্কুর আর এক খঞ্জ কুক্কুরকে সঙ্গে করিয়া ঐ চিকিৎসকের নিকটে লইয়া আসিয়াছিল; এবং অতিশয় কাতর মূর্ত্তিদ্বারা তাঁহাকে এইজ্ঞাত করাইল, যে আমাকে যে রূপ অনুগ্রহ পূর্ব্বক ভাল করিয়াছিলেন তদ্রূপ ইহার প্রতিও করুন। মরাট নামক এক জন বিখ্যাত ফ্রান্স দেশীয় অস্ত্রচিকিৎসকের নিকট এইরূপ এক বিষয় ঘটিয়াছিল।

THE GREYHOUND.

The greyhound is the fleetest of all dogs, and can outrun every animal of the chase; but as it wants the faculty of scenting, it follows only by the eye. It was formerly held in such estimation, as to be considered the peculiar companion of gentlemen; and by the forest laws of king Canute. it was enacted, that no person under that degree should presume to keep a greyhound. There are several varieties; as the Italian greyhound, the Oriental greyhound, &c.

Anecdotes

Some time since, Mr. Smith's men, of Rose Cottage, near Ashbourne, turned up a rabbit's nest with the plough containing four young ones. Being too young to stand the least chance of surviving in their exposed situation, they took them home, as a treat for a greyhound bitch that was suckling a litter of six puppies. To their surprise, instead of greedily devouring the rabbits, as they expected, she carried them tenderly and carefully in her mouth to her nest, and seemed to consider them a most welcome addition to her family, bestowing upon them the same fondling caresses, and offering them a share of the same support which nature had furnished for her own offspring. This the poor rabbits did not refuse, and there appeared to be no doubt of their doing well. Unfortunately, however, they were doomed to suffer death from their young companions, though not exactly in the manner that greyhounds generally kill rabbits. One after another got overlaid by its rude and

গ্রেহৌণ্ড কুক্কুর।

সকল জাতীয় কুক্কুর অপেক্ষায় গ্রেহৌণ্ড কুক্কুর অতি দ্রুতগামি, ও তাবৎ শিকারি পশু অপেক্ষা দ্রুত গমন করিতে পারে, এবং ঘ্রাণেন্দ্রিয় অভাবে সে কেবল দৃষ্টিদ্বারা শিকার করে। পূর্ব্বে এই জাতীয় কুক্কুর এমত সম্ভ্রান্ত ছিল, যে কেবল ভাগ্যবন্ত লোকের সমভিব্যাহারেই থাকিত এবং ক্যানিউট মহারাজ বনের প্রতি এই ব্যবস্থা করিয়াছিলেন, যে যে ব্যক্তি জেণ্টেলম্যান্ অর্থাৎ মান্য লোক না হইবেন, তিনি গ্রেহৌণ্ড কুক্কুর কখনও সঙ্গে রাখিতে পারিবেন না। এই জাতীয় কুক্কুর অনেক প্রকার আছে; যথা ইটালিয়ন গ্রেহৌণ্ড ও ওরিএণ্টল গ্রেহৌণ্ড ইত্যাদি।

উপাখ্যান।

কতক দিবস হইল, আশবর্ণ নগরের নিকটে রোজকটেজ নামক স্থানে ইসমিথ্ সাহেবের লোকেরা এক খরগোসের বাসস্থান লাঙ্গল দিয়া খনন করিয়াছিল, তন্মধ্যে চারিটা খরগোসের ছানা ছিল। ঐ চারিটা শিশুর এই দুর্দ্দশা ও অতি শৈশবাবস্থাপ্রযুক্ত বাঁচিবার কোন সম্ভাবনা না দেখিয়া ঐ সাহেবের লোকেরা তাঁহার গৃহে যে একটা গ্রেহৌণ্ড কুক্কুরী ছয়টা ছানা প্রসব করিয়াছিল, তাহাদিগের আহারার্থে লইয়া গেল। পরে যখন ঐ কুক্কুরীকে ঐ ছানা সকল দেওয়া গেল, তখন সে অতি লোভগ্রস্তা হইলেও তাহাদিগকে ভক্ষণ না করিয়া অতি স্নেহ পূর্ব্বক মুখে করিয়া আপনার সন্তানের মত জ্ঞান করিয়া স্নেহ ও প্রতিপালন করিতে লাগিল; ইহা দেখিয়া ঐ সাহেবের লোকেরা অতি আশ্চর্য্য বোধ করিল। খরগোস শাবকেরা এই রূপ প্রতিপালনে অসন্তুষ্ট না হওয়াতে নিশ্চয় বোধ হইল যে তাহারা উত্তমরূপে থাকিবে, কিন্তু দুর্ভাগ্যপ্রযুক্ত তাহাদিগের পরমায়ু না থাকাতে ঐ কুক্কুরীর ছানারা তাহাদিগকে বধ করিল কিন্তু যে প্রকারে কুক্কুরেরা খরগোসদিগকে বধ করে তদ্রূপ তাহাদিগকে বধ করে নাই, কেননা ঐ কুক্কুরীর

robust foster brother and sister, and the poor mother, with evident reluctance and regret, saw them carried away, and did not part with them, even when dead, without remonstrating against it as much as she durst.

The most celebrated of the dogs of Frederic II. of Prussia, were Biche and Alcmena. Biche made the campaign of 1745 with him; and was with him when, one day, having advanced to reconnoitre the position of the enemy's troops, he was pursued by a party of Austrian Hussars. He hid himself under a bridge, with Biche wrapped in the breast of his coat. The dog, though generally of a noisy and barking disposition, seemed aware of its master's danger, and remained quiet and hardly breathing till the Austrians had passed over the bridge, and were at a distance. At the battle of Soor, Biche was taken with the king's baggage, but was restored to her master. General Rothenbourg, who brought her, upon her return, into the king's room, found the monarch so entirely occupied in writing that he did not look up, when his favourite entered. The dog immediately jumped upon the table, and put her two front paws on the king's neck, who was moved to tears at this proof of her affection. Alcmena was his other favourite greyhound, to which he was so much attached that at its death for a day or two he abandoned himself to his grief, and it was long before he would allow the corpse of the dog, although it had become putrid, to be taken from his apartment and buried.

তন্নিমিত্তে ঐ খরগোশের শাবকদিগকে চাপিয়া মারিয়াছিল, এবং তাহাতে ঐ কুক্কুরী অতিশয় খেদ প্রকাশ করিয়া নিজ সন্তানদিগকে প্রথমে যথা সাধ্য ভর্ৎসনা করিল, পরে তাহাদিগের আহারার্থে ঐ মৃত খরগোশের ছানাদিগকে ভাগ করিয়া দিল।

প্রুশিয়া দেশের দ্বিতীয় ফ্রেড্রিক্ রাজার তাবৎ কুক্কুরের মধ্যে প্রধান দুই কুক্কুর ছিল, তাহাদিগের নাম বীচি ও আলকিমিনা। ১৭৪৫ শালে যে যুদ্ধ হইয়াছিল, তাহাতে বীচি ঐ রাজার সহিত ছিল, এক দিবস যখন ঐ রাজা শত্রুদের সৈন্য কোন স্থানে আছে ইহা পরীক্ষা করিতে গিয়াছিলেন, তখন অষ্ট্রিয়া দেশের এক দল অশ্বারূঢ় সৈন্য রাজবিপক্ষে ধাবমান হইয়াছিল, তৎকালে রাজা এক সাঁকোর মধ্যে ঐ বীচি নামক কুক্কুরকে বুকের জামার মধ্যে রাখিয়া লুকাইয়া রহিয়াছিলেন। যদিও সেই কুক্কুরের সর্ব্বদা শব্দ করা স্বভাব ছিল, তথাপি আত্ম প্রভুর দুর্দ্দশা জানিয়া অল্পনিঃশ্বাস পরিত্যাগ করত ঐ অষ্ট্রিয়া দেশের সৈন্যদের সাঁকোহইতে দূর স্থানে গমন পর্য্যন্ত চুপ করিয়াছিল। সূর দেশের যুদ্ধে রাজার পাথেয় দ্রব্যের সহিত রাজলোকেরা ঐ বীচিকে লইয়া গিয়াছিল বটে, কিন্তু রাজার নিকটে তাহাকে পাঠাইয়া দিল। রথনবর্গ নামক সৈন্যাধ্যক্ষ ঐ কুক্কুরের প্রত্যাগমনে তাহাকে রাজার কুঠরীর মধ্যে লইয়া গিয়াছিলেন, তৎকালে রাজা অতিশয় মনোযোগে লিখিতেছিলেন, তন্নিমিত্তে তাহার প্রতি অবলোকন করেন নাই, কিন্তু কুক্কুর রাজার টেবিলের উপরে লম্ফ দিয়া উঠিয়া তাঁহার স্কন্ধের উপর অগ্রের দুই পা দিল, তাহাতে রাজা তাহার স্নেহ দেখিয়া ক্রন্দন করিতে লাগিলেন। আলকিমিনা নামক তাঁহার আর এক প্রিয় গ্রেহোণ্ড কুক্কুর ছিল, তাহাকে তিনি এমত ভাল বাসিতেন যে তাহার মরণ হইলে দুই দিবস পর্য্যন্ত কেবল শোকাবিষ্ট ছিলেন, এবং যদি ও ঐ কুক্কুরের মৃতদেহ পচিয়া গিয়াছিল, তথাপি কিছু দিন পরে তাঁহার কুঠুরী হইতে তাহাকে বাহির করিয়া গোর দিতে আজ্ঞা করিয়াছিলেন

THE MASTIFF.

The mastiff is much larger and stronger than the bull-dog; its ears are more pendulous, its lips are large and loose; its aspect is sullen and grave, and its bark loud and terrific. He seems every way formed for the important trust of guarding and securing the valuable property committed to his care. Houses, gardens, yards, &c. are safe from depredations whilst in his custody. Confined during the day, as soon as the gates are locked, he is left to range at full liberty. He then goes round the premises, examines every part of them, and by loud barkings gives notice that he is ready to defend his charge. Britain was formerly so famous for this noble breed of dogs, that the Roman emperors maintained certain officers in this island, whose sole employment it was to train those animals for the combats of the amphitheatre.

Anecdotes.

There is at Nemours, in France, a castle of very ancient structure, it was built by Charles the fifth. On one of the chimneys in the building there is a remarkable piece of sculpture. It represents a battle between an unarmed man and a mastiff, before a multitude of spectators. The story is preserved on record, and is as old as the time of Charles the fifth. It is as follows:—A person of some distinction was found early in the morning by some peasants, dead in the midst of an unfrequented wood, and with marks of violence on him; by his side stood a mastiff dog that used to attend

মাষ্টিফ জাতীয় কুক্কুর।

মাষ্টিফ জাতীয় কুক্কুর বুলডগ অপেক্ষা অতি বৃহৎ ও বল-
বান্; তাহার কর্ণ লোলিত ও ওষ্ঠ বৃহৎ ও অনায়ত্ত ও মূর্ত্তি
ভারি ও গভীর, এবং তাহার শব্দ কঠোর ও ভয়ঙ্কর। বোধ হয়
যে বহুমূল্য দ্রব্য রক্ষার্থে এই জাতীয় কুক্কুর সর্ব্বতোভাবে সৃষ্টি
হইয়াছে। যখন যে বাটী ও উদ্যান ও উঠান প্রভৃতি রক্ষা করে
তখন তথাহইতে কিছু লুট হইতে পারে না। ঐ কুক্কুর দিনমানে
বদ্ধ থাকে, এবং রাত্রিযোগে দ্বার বন্ধ হইলে যখন শৃঙ্খল-
হইতে মুক্ত হয়, তখন সে স্বচ্ছন্দে বাটীর চতুর্দ্দিকে ভ্রমণ
করিয়া বেড়ায়, এবং বাটীর তাবৎ স্থান সুন্দররূপে নিরীক্ষণ
করে, এবং চীৎকারধ্বনিদ্বারা জ্ঞাত করায় যে আমি চৌকি
দিতেছি। এই মহৎ জাতীয় কুক্কুরের নিমিত্তে ব্রিটেন পূর্ব্বে এমত
খ্যাত ছিল, যে রুম নগরের মহারাজারা কেবল এই জাতীয়
কুক্কুরদের কৌতুকদর্শন করাইবার গৃহে যুদ্ধ শিখাইবার নিমিত্তে
ঐ উপদ্বীপে কতকগুলিন লোক রাখিয়াছিলেন।

উপাখ্যান।

ফ্রান্স দেশে মিমোর নগরে বহুকাল নির্ম্মিত এক দুর্গ আছে
তাহা পঞ্চম চার্লস মহারাজ নির্ম্মাণ করাইয়াছিলেন। ঐ দুর্গের
ধূম নির্গত স্থানের উপরে অনেক লোকের সম্মুখে অস্ত্ররহিত এক
মনুষ্যের সহিত এক কুক্কুরের যুদ্ধ হইতেছে, এমত এক অদ্ভুত
প্রস্তরনির্ম্মিত প্রতিমূর্ত্তি আছে। পঞ্চম চার্লস মহারাজের
সময়ে লিখিত ঐ প্রতিমূর্ত্তির বিবরণ অদ্যপর্য্যন্ত অবিকল আছে।
এক দিবস অতি প্রত্যূষে কতকগুলিন কৃষক কোন এক
অগম্য নিবিড় বনমধ্যে দেখিলেন, যে অস্ত্রাঘাত বিশিষ্ট কোন
এক মান্য লোকের মৃতদেহ পড়িয়া আছে, এবং তাঁহার নিত্য
সমভিব্যাহারি মাষ্টিফ জাতীয় এক কুক্কুর তাঁহার নিকটে দাঁড়াইয়া
রহিয়াছে, এই দুর্ঘটনসময়ে পঞ্চম চার্লস মহারাজা ঐ প্রান্তরে

him in his walks. The monarch was on the spot when the accident happened; he inquired with the utmost rigour after all that could be supposed guilty. An ancient animosity between the deceased and a man of fortune in the neighbourhood had rendered him suspected His servants had sworn to his being in bed early; himself gave asseverations of having made up the dispute, but the king suspected. Charles the fifth was a man of discernment, he thought guilt was in his face, in spite of all his assertions of innocence. He ordered the suspected person and twenty others to be set before him the next day. He produced the faithful dog that had been found near his master's body; the creature singled out the murderer, who was the very person suspected, and would have torn him to pieces on the spot, if he had not confessed the fact, and changed the punishment.

We have a curious account recorded in Stow's *Annals* of an engagement between three mastiffs and a lion, in the presence of James the first. One of the dogs being put into the den was soon disabled by the lion, which took it by the head and neck, and dragged it about; another dog was then let loose, and served in the same manner; but the third being put in, immediately seized the lion by the lip, and held him for a considerable time; till being severely torn by his claws, the dog was obliged to quit its hold: and the lion greatly exhausted in the conflict, refused to renew the engagement: but taking a sudden leap over the dogs fled into the interior part of his den. Two of the dogs soon died of their

ছিলেন, তিনি স্বসাধ্যানুসারে ঐ বধের নিশ্চয় কারণ ও তৎকর্ম্মকর্ত্তার অন্বেষণ করিতে লাগিলেন। ঐ মৃত ব্যক্তির সহিত তৎপ্রতিবাসি কোন এক ভাগ্যবন্ত ব্যক্তির বহুকালের বিরোধ ছিল, তৎপ্রযুক্ত রাজা তাহাকেই উহার বিনাশকারী বলিয়া সন্দেহ করিলেন। পরে রাজা যখন ঐ ব্যক্তিকে জিজ্ঞাসা করিলেন, তখন তিনি শপথ করিয়া কহিলেন, যে আমি তাহার সহিত বিবাদ মীমাংসা করিয়াছিলাম, এবং তাহার ভৃত্যেরাও শপথ করিয়া কহিল, যে ইনি তদ্দিবসে রাত্রির আরম্ভে নিদ্রা গিয়াছিলেন তথাপি অতিশয় বিবেচক রাজা তাহাকেই সন্দেহ করিলেন ও তাহার নির্দ্দোষ হওনের প্রমাণ সকল মুখভঙ্গিমাদ্বারা মিথ্যা বোধ করিয়া অগ্রাহ্য করিলেন। পর দিবস ঐ তর্কিত ব্যক্তিকে ও অন্য বিংশতি জনকে তাঁহার সম্মুখে উপস্থিত করিয়া ঐ কুক্কুরকে তথায় আনাইলেন, তাহাতে কুক্কুর ঐ তর্কিত ব্যক্তিকে চিহ্নিত করিল এবং যদ্যপি সে আত্মদোষ ও প্রতিফল গ্রহণ স্বীকার না করিত তবে ঐ স্থানে সেই কুক্কুর তাহাকে খণ্ড২ করিয়া ফেলিত।

ষ্টো নামক সাহেব স্বদেশের যে সকল প্রাচীন ইতিহাস লিখিয়াছেন, তন্মধ্যে এই এক অদ্ভুত বিবরণ লিখিত আছে, যে প্রথম জেম্‌স রাজার সম্মুখে এক সিংহের সহিত তিনটা মাষ্টিফ জাতীয় কুক্কুর যুদ্ধ করিয়াছিল। পরে তন্মধ্যস্থ একটা কুক্কুরকে সিংহের গর্ত্তের মধ্যে প্রবেশ করাইলে, সিংহ তাহার গলদেশ ও মস্তক ধরিয়া ঘূর্ণায়মান করতঃ তাহাকে পরাজয় করিল; এবং দ্বিতীয় কুক্কুরকেও তদ্রূপ করিল, কিন্তু তৃতীয় কুক্কুর গহ্বরমধ্যে প্রবেশ করিবামাত্রেই ঐ সিংহের ওষ্ঠ দংশন করিয়া অনেক ক্ষণ পর্য্যন্ত রহিল, পরে সিংহের নখাঘাতে তাহার শরীর ব্যথিত হইলে সে তাহাকে ত্যাগ করিল। এবং সিংহও তদ্যুদ্ধে বলহীন হওয়াতে পুনর্ব্বার যুদ্ধে অনিচ্ছুক হইয়া হঠাৎ লম্ফদ্বারা কুক্কুরকে লঙ্ঘন করিয়া গহ্বরমধ্যে পলায়ন করিল। প্রথম যে দুই কুক্কুর যুদ্ধ করিয়াছিল, তাহারা সিংহের আঘাতেই মরিয়াছিল, কিন্তু তৃতীয় কুক্কুর রক্ষা

wounds; the last survived, and was taken great care of by the king's son who said, "he that had fought with the king of beasts, should never after fight with any inferior creature."

THE BULL DOG.

The bull dog is the fiercest of all the dog kind, and is probably the most courageous creature in the world. It is low in stature, but very strong and muscular. Its nose is short; and the under jaw projects beyond the upper, which gives it a fierce and unpleasing aspect. Its courage in attacking the bull is well known. Its fury in seizing, and its invincible obstinacy in maintaining its hold are truly astonishing. It always aims at the front, and generally fastens upon the lip, the tongue, the eye, or some part of the face, where it hangs, in spite of every effort of the bull to disengage himself.

The uncommon ardour of these dogs in fighting, will be best illustrated by the following fact, related by an eyewitness, which at the same time corroborates in some degree, that wonderful account of the dogs in Epirus, given by Elian and quoted by Dr. Goldsmith in his history of the dog.

Anecdote.

Some years ago, at a bull baiting in the north of England, when that barbarous custom was very common, a young man, confident of the courage of his dog, laid some trifling wager that he would at separate times cut off all the four feet of his dog, and that after every amputation it would attack the bull. The cruel experiment was tried, and the dog continued to seize the

পাইয়াছিল, এই কারণ রাজপুত্র তাহাকে অতিশয় যত্ন করিয়াছিলেন, ও কহিয়াছিলেন, যে এই কুক্কুর পশুরাজের সহিত যুদ্ধ করিয়াছিল, অতএব ইহার উচিত নহে, যে আর কোন ক্ষুদ্র জন্তুর সহিত যুদ্ধ করে।

বুলডগ্ জাতীয় কুক্কুর।

সকল জাতীয় কুক্কুর অপেক্ষা বুলডগ অতি ভয়ানক, এবং অনুমান হয় যে ইহারা পৃথিবীস্থ তাবৎ পশু অপেক্ষা সাহসী। সে খর্ব্বাকার বটে, কিন্তু অতিশয় বলবান; ইহার নাসিকা ক্ষুদ্র এবং নীচের চোয়াল উপরের চোয়াল অপেক্ষা বৃহৎ, এই কারণ তাহাকে ভয়ানক ও কদর্য্য দেখায়। ষাঁড়ের প্রতি ইহার যে ক্রোধ তাহা সকলেই জ্ঞাত আছেন, এবং আক্রমণ সময়ে ইহার যে রাগ ও অবাধ্যতা সে অতিশয় আশ্চর্য্য। ইহারা সর্ব্বদা ষাঁড়ের সম্মুখে আক্রমণ করে, ও তাহার ওষ্ঠ জিহ্বা কর্ণ চক্ষু ও মুখের কোন অংশ ধরিয়া ঝুলিতে থাকে তাহাতে ষাঁড় ছাড়াইতে অতিশয় চেষ্টা করিলেও সে ত্যাগ করে না;

এই জাতীয় কুক্কুরের যুদ্ধকালীন অদ্ভুত ব্যগ্রতা নীচের লিখিত বিবরণদ্বারা উত্তমরূপে জানা যাইবে, এবং তাহা এক ব্যক্তি স্বচক্ষে দেখিয়া কহিয়াছেন। ইলিয়ন সাহেব ইপাইরস দেশের কুক্কুরের যে আশ্চর্য্য বিবরণ লিখিয়াছেন, এবং যাহা ডাক্তর গোল্ডস্মিথ সাহেব কুক্কুরের ইতিহাস পুস্তকে পুনর্ব্বার লিখিয়াছেন, তাহা নীচে লিখিত কুক্কুরের বিবরণদ্বারা বোধ হয় সত্য।

উপাখ্যান।

কতক বৎসর গত হইল ইংলণ্ডের উত্তর অঞ্চলে লোকেরা ষাঁড়কে কুক্কুরদ্বারা আক্রমণ করাইত। যে কালে এই অসভ্য রীতি অত্যন্ত প্রচলিত ছিল, তখন এক যুবা ব্যক্তি আপন কুক্কুরের সাহসে বিশ্বাস করিয়া কিঞ্চিৎ মুদ্রা পণ রাখিলেন, যে ক্রমে২ আমার কুক্কুরের চারি পা ছেদন করিলেও সে ষাঁড়কে আক্রমণ করিবে। পরে ঐ নিষ্ঠুর কর্ম্ম করা গেল, এবং ঐ কুক্কুর অঙ্গ থাকিলেও যদ্রূপ ব্যগ্রতাতে ষাঁড়কে আক্রমণ করিত, তদ্রূপ অঙ্গহীন হইয়াও তাহাকে আক্রমণ করিয়াছিল।

The bull dog would appear the least likely to combat with a heavy sea, as the Newfoundland dogs often do; and yet the following circumstance is well authenticated. On board a ship, which struck upon a rock near the shore during a gale, there were three dogs, two of the Newfoundland variety, and an English bull dog, rather small in growth, but very firmly built and strong. It was important to have a rope carried ashore; and as no boat could live for an instant in the breakers towards the land, it was thought that one of the Newfoundland dogs might succeed; but he was not able to struggle with the waves and perished. The other Newfoundland dog, upon being thrown overboard with the rope, shared a similar fate. But the bull dog, though not habituated to the water, swam triumphantly to land, and thus saved the lives of the persons on board. Among them was his master, a military officer, who still has the dog in his possession.

THE TERRIER.

The terrier has a most acute smell, is generally an attendant on every pack of hounds, and is very expert in forcing foxes or other game out of their coverts. It is the determined enemy of all the vermin kind, such as weasels, foumarts, badgers, rats, mice, &c. It is fierce, keen, and hardy, and in its encounters with the badger, sometimes meets with very severe treatment, which it sustains with great courage and fortitude. A well trained veteran dog frequently proves more than

যেমন নিউফৌণ্ডলাণ্ড জাতীয় কুক্কুরেরা সর্ব্বদা সমুদ্রের তরঙ্গে সন্তরণ করিয়া যাইতে পারে, বুলডগ্ জাতীয় কুক্কুরদের তেমন ক্ষমতা নাই, তত্রাপি নীচে লেখিতব্য এক বুডলগ্ জাতীয় কুক্কুরের যে বিবরণ সে যথার্থ। একদিন প্রবল বায়ুকালীন একখান জাহাজ সমুদ্রতট নিকটে এক পাহাড়ে ঠেকিয়াছিল, এবং ঐ জাহাজে তিনটা কুক্কুর ছিল, তাহার মধ্যে দুইটা নিউফৌণ্ডলাণ্ড জাতীয় ও একটা ইংরাজি বুলডগ্ জাতীয়, ঐ বুলডগ্ খর্ব্বাকার ছিল বটে, কিন্তু বলবান্ ও শক্ত। এমত সময়ে সমুদ্রতীরে দড়া লইয়া যাইবার আবশ্যক হওয়াতে কোন ক্ষুদ্রনৌকা গমনে অশক্ত বুঝিয়া নাবিকেরা মন্ত্রণা করিল, যে ঐ নিউ-ফৌণ্ডলাণ্ড জাতীয় কুক্কুর এই কর্ম্ম করিতে পারিবে, কিন্তু সেই কুক্কুর তরঙ্গে যাইতে না পারিয়া মারা পড়িল। পরে আর একটা নিউফৌণ্ডলাণ্ড জাতীয় কুক্কুরকে জাহাজ-হইতে রজ্জুসহিত নামাইয়া দিলে তাহারও ঐ গতি হইল কিন্তু বুলডগের সন্তরণ অভ্যাস ছিল না, তথাপি তাহাকে জলে ছাড়িয়া দিলে সে স্বচ্ছন্দে সন্তরণ করিয়া ভূমিতে উঠিল, তাহাতে জাহাজস্থ তাবৎ ব্যক্তির প্রাণ রক্ষা হইল। ঐ জাহা-জের মধ্যে যে সৈন্যাধ্যক্ষ তাহার প্রভু ছিলেন, তাঁহারও প্রাণ রক্ষা হইয়াছিল, অদ্য পর্যন্ত তাঁহারনিকটে সেই কুক্কুর আছে।

টেরিয়ার কুক্কুর।

এই কুক্কুরের অতিশয় ঘ্রাণেন্দ্রিয় আছে, এবং সে সর্ব্বদা শিকারি কুক্কুর সমূহের সঙ্গে থাকে, এবং খেঁকশিয়ালী ও অন্য২ শিকারো-পযুক্ত পশুকে গুপ্তস্থানহইতে বাহির করিতেঅতিপটু। সে এই সকল পশুজাতীয়দের অতি শত্রু যথা এক প্রকার বিড়াল, নেউল, শস্যের ফড়িয়া, এবং বৃহৎ ও ছোট ইন্দুর ইত্যাদি। সে ভয়ানক ও শক্ত ও প্রখর এবং শস্যের ফড়িয়ার সহিত যুদ্ধকালীন কখন২ বড় মারি খায়, এবং তাহাও অতি সাহস পূর্ব্বক সহ্য করে। এইজাতীয় এক উত্তম শিক্ষিত বৃদ্ধ কুক্কুর ঐ দংশক পশু অপেক্ষা বলাধিক

There are two kinds of terriers, the one rough, short-legged, long-backed, very strong, and most commonly of a yellowish colour, or mixed with black and white; the other is smooth, sleek, and beautifully formed, having a shorter body, and more sprightly appearance. It is generally of a reddish brown colour, or black, with lamed legs; and is similar to the rough terrier in disposition and faculties, but inferior in size, strength, and hardiness.

Anecdotes.

Mr. Capet Lofft, of Transton Hall, in Suffolk, had a terrier, that showed a most affectionate and tractable disposition. The poor animal had by some chance met with a severe injury, and in the agony it suffered took refuge in Mr. Lofft's court yard. He was from home, and from the spasms that affected the dog, the family apprehended he was mad. On Mr. Lofft's return, he discovered that the hurt was in the under jaw, and it was two years before it got well. Gratitude for kindness at a moment when it was so much wanted, seemed to produce the most tender attachment in this dog. Mr. Lofft gained an extraordinary influence over him, and broke him of his propensity to seize rabbits, and worry cats, merely by the displeasure marked on his countenance without beating him. When he was most incensed against an unfortunate cat that happened to fall in his way, his master would snatch him up in his arms and quiet him in an instant. Time rendered his attachment so strong, that it seemed as if no provocation could induce him to bite Mr. Lofft or the children. A

এই জাতীয় কুক্কুর দুই প্রকার আছে, তাহার এক প্রকারের পা চাকচক্যরহিত ও ক্ষুদ্র এবং পৃষ্ঠ বৃহৎ। সে অতি বলবান্ ও সর্ব্বদা পীত বর্ণ কিম্বা কখনং কৃষ্ণ ও শ্বেত বর্ণে মিশ্রিত হয়; অন্য আর এক প্রকার টেরিয়ার কুক্কুর আছে, তাহার গঠন পরিষ্কার ও সুন্দর ও তাহার শরীর ক্ষুদ্র ও চিক্কণ এবং দর্শনে চপল। সচরাচর তাহারগাত্র রক্তবৎ পাটখিলা বর্ণ কিম্বা কৃষ্ণবর্ণ হয়, এবং পা খোঁড়া আর পূর্ব্বোক্ত প্রকারের সহিত স্বভাবে ও গুণে তুল্য, কিন্তু অবয়ব ও বল এবং শক্তিতে ন্যূন।

উপাখ্যান।

সফকদেশে ট্রানষ্টনহাল নামক স্থানে কেপেটলফ্ট সাহেবের একটী টেরিয়ার কুক্কুর ছিল, সে ঐ সাহেবের অতিশয় প্রিয় এবং আজ্ঞানুবর্ত্তী। পরে কোন সময় ঐ কুক্কুর দৈবাৎ কোন ব্যক্তির প্রহারের দ্বারা অতিশয় বেদনাগ্রস্ত হইয়া ঐ সাহেবের প্রাঙ্গনে গিয়া আশ্রয় লইল, তৎকালীন ঐ লফ্ট সাহেব কোন স্থানান্তরে গিয়াছিলেন, তাহাতে ঐ সাহেবের পরিবার সকলে ঐ কুক্কুরের হস্ত পাদাদি ক্ষেপণ দেখিয়া অনুমান করিলেন, যে সে উন্মত্ত হইয়াছে। পরে লফ্টসাহেব গৃহে আসিয়া দেখিলেন, যে তাহার নীচের চোয়ালে আঘাত লাগিয়াছে, এবং দুই বৎসর পরে সেই বেদনা ভাল হইয়াছিল। অনুমান হয় যে এমত বেদনাসময়ে বাঞ্ছিত অনুগ্রহ করাতে লফ্ট সাহেবের প্রতি ঐ কুক্কুরের কৃতজ্ঞতাজনিত ভক্তি আত্যন্তিক হইল। লফ্ট সাহেব ঐ কুক্কুরকে এতাদৃক্ বশীভূত করিয়াছিলেন, যে খরগোশ ধরিতে ও বিড়ালকে ত্যক্ত করিতে তাহার যে স্বভাব ছিল তাহা বিনা প্রহারে কেবল প্রভুর ক্রোধান্বিত দৃষ্টি দ্বারা রহিত হইল, দৈবাৎ কোন দুর্ভগা বিড়াল সম্মুখে পড়িলে যখন তাহার প্রতি ঐ কুক্কুরের ক্রোধ হইত, তখন ঐ সাহেব তাহাকে ক্রোড়ে করিবামাত্র তৎক্ষণাৎ সেই ক্রোধের সমতা হইত। কালক্রমে ঐ কুক্কুর এমত বশতাপন্ন হইল যে লফ্ট

dispute having on some occasion arisen between this gentleman and one of his little boys, after proper expostulation, he was attempting to put the child out of the room, who made resistance. The dog, seeing the bustle, supposed his master was going to beat the boy, and tried to pull him away by the skirts of his coat, which pleasing action gave such a turn to the contest, as to reconcile the father and son. The sensibility of this animal was also shown by his great fondness for music. He would sit for hours, on a chair by the piano, listening to the soft strains of Clementi's or Pleyel's sonatas; and Mr. Lofft adds, that he had frequently seen him beat time with his tail, whilst some favourite tunes were playing.

A lady, who resided in Waterford, was in the constant habit of sending all her servants to a place of public worship in the afternoon of a Sunday. Orders were given that the kitchen fire should be made up, and the boiler put on, to heat water for tea. One Sunday afternoon, as the family were sitting in the parlour, a little terrier, that belonged to the youngest daughter, came into the room, barking in an unusual manner, addressing herself, with dumb eloquence, to the mistress of the house, with whom she was seldom familiar. This drew general attention, and excited a degree of alarm; the lady's curiosity being excited, she rose and followed Fidele, who conducted her to the kitchen, where she found the boiler overturned, and the water streaming about the floor.

সাহেব এবং তাঁহার পুত্রেরা সহস্র নিগ্রহ করিলেও সে তাহাদিগকে দংশন করিতনা। কোন সময় ঐ লফ্ট সাহেবের সহিত তাঁহার এক পুত্রের বিবাদ হওয়াতে প্রকৃত বাদানু-বাদানন্তর সাহেব আপনার পুত্রকে গৃহহইতে বাহির করিয়া দিতে উদ্যত হইলে তাঁহার পুত্র যাইতে অসম্মত হইল। এই কলহ দেখিয়া কুক্কুর বোধ করিল যে সাহেব আপন পুত্রকে মারিতে উদ্যত হইয়াছেন, তাহাতে ঐ কুক্কুর সাহেবের বস্ত্রৈকদেশ দংশন করিয়া টানাটানি করিতে লাগিল, এই হেতুক সাহেবের ঐ কুক্কুরের উপরে অত্যন্ত স্নেহ হইল, এবং পিতা পুত্রের মধ্যে যে কলহ উপস্থিত হইয়াছিল, তাহাও তৎক্ষণাৎ ঘুচিয়া অত্যন্ত সংপ্রীতি হইল। ঐ কুক্কুর গীত ও বাদ্যাদি শ্রবণ করিতে যে অত্যন্ত ভাল বাসিত, ইহাতেও তাহার বুদ্ধি প্রকাশ হইল, সে পিয়ানা যন্ত্রের নিকট চৌকীর উপর বসিয়া অনেক ক্ষণ পর্য্যন্ত ক্লিমিনটি কিম্বা প্লিয়ালের মৃদুস্বর শুনিত। এবং তিনি আরও কহিয়াছেন, যে ঐ কুক্কুর যখন কোন মনোনীত স্বর শুনিত তখন স্বীয় লাঙ্গূল দ্বারা তাল দিত।

ওয়াটর্‌ফোর্ডনগরে এক বিবি বাস করিতেন, তাঁহার এইঅনুমতি ছিল যে প্রতি রবিবারের বৈকালে ভৃত্যগণ তাঁহার চারজল উষ্ণ করণার্থে পাকশালায় অগ্নির উপরিস্থ কটাহে জল রাখিয়া কোন এক প্রসিদ্ধ ধর্ম্মালয়ে ভজনার্থে গমন করিবে। এক রবিবারের বৈকালে ঐ বিবি স্বীয় পরিবারের সহিত একত্র বসিয়া কথোপকথন করিতেছিলেন, ইতোমধ্যে তাঁহার ছোট কন্যার একটী ক্ষুদ্র টেরিয়ার কুক্কুর যে বাটীর কর্ত্রীর নিকটে কদাচিত্‌-আসিতনা সে তাঁহার নিকটে আসিয়া অস্বাভাবিক ধ্বনি করিতে লাগিল, তাহাতে সকলেই ভীত হইয়া আশ্চর্য্য বোধ করিলেন, এবং ঐ বিবি এই বিষয় অনুসন্ধান করিতে ঐ ফিডেলি নামক কুক্কু-রের পশ্চাতে আইলে ঐ কুক্কুর তাঁহাকে রন্ধনশালায় লইয়া গেল, এবং তিনি তথায় গিয়া দেখিলেন যে অগ্নির উপরিস্থ কটাহ উলটিয়া তাবৎ জল ঘরের চতুর্দ্দিকে পড়িয়া গিয়াছে।

THE NEWFOUNDLAND DOG.

The Newfoundland dog is web-footed, can swim extremely fast, dive with great ease, and bring up any thing from the bottom of the water. This breed of dogs was originally brought from the country, of which they bear the name; where great strength and docility render them extremely useful to the settlers on those coasts, who use them in bringing down wood from the interior parts of the country to the sea side. Three or four of them yoked to a sledge will draw two or three hundred weight of wood piled upon it for several miles, with great ease. They are not attended by a driver, nor any person to guide them; but after having delivered their loading, they return immediately to the woods, where they are accustomed to be fed with dried fish, &c.

The extraordinary sagacity of these dogs, and their attachment to their masters, render them highly valuable in particular situations.

Anecdotes.

During a severe storm in the winter of 1789, a ship belonging to Newcastle, was lost near Yarmouth: and a Newfoundland dog alone escaped to shore, bringing in his mouth the captain's pocket book. He landed amidst a number of people, several of whom in vain endeavoured to take it from him. The sagacious animal, as if sensible of the importance of the charge, which in all probability was delivered to him by his perishing master, at length leapt fawningly against the breast of a man, who had attracted his notice among the crowd, and delivered the book to him. The dog immediately returned to the place, where he had landed, and watched with great attention for every thing that came from the wrecked vessel, seizing them and endeavouring to bring them to land.

নিউফৌণ্ডলাণ্ড কুক্কুর

এই কুক্কুরের পা লিপ্ত, সে অতি শীঘ্র সন্তরণ করিতে পারে, ও অনায়াসে ডুব দিয়া জলের ভিতরহইতে পতিত দ্রব্যাদি উত্তোলন করিতে পারে। প্রথমে নিউফৌণ্ডলাণ্ড নামক দেশহইতে এই জাতীয় কুক্কুর আনা গিয়াছিল, তন্নিমিত্তে ইহাকে নিউফৌণ্ডলাণ্ড কুক্কুর কহে, ইহার শক্তি ও মেধাদ্বারা তদ্দেশীয় সমুদ্রতীরবাসি লোকদিগের অতিশয় উপকার হয়, ইহারা গ্রামের মধ্যহইতে সমুদ্রতীরে কাষ্ঠ লইয়া যায়। কখনং দুই তিনটা একত্র হইয়া এক চক্রশকটদ্বারা তিন বা পাঁচ মোন কাষ্ঠ অনেক ক্রোশ পর্য্যন্ত লইয়া যাইতে সক্ষম হয়। তাহাদিগের সহিত সারথি বা অন্য কোন ব্যক্তি আইসে না, কিন্তু তাহারা নিযোজিত স্থানে বোঝা ফেলিয়া বনমধ্যে শীঘ্র পুনরাগমন করিলে তাহারা শুষ্ক মৎস্য ইত্যাদি খাইতে পায়।

ইহারা অদ্ভুত তীক্ষ্ণবুদ্ধি ও স্বামিদিগের প্রতি বনিষ্ঠ তাহারা কখনং তাঁহাদিগের অতিশয় উপকার হয়।

উপাখ্যান।

১৭৮৯শালে শীত কালে এক দিবস অতিশয় দুঃসহ ঝড়কালীন নিউকাসল দেশীয় এক জাহাজ য়ামোর্থ নগরের নিকট ডুবিয়াছিল; তাহাতে নিউফৌণ্ডলাণ্ড জাতীয় এক কুক্কুর সেই জাহাজস্থ কাপ্তেন সাহেবের স্মরণার্থে যে ক্ষুদ্র পুস্তক ছিল তাহা কেবল মুখে করিয়া লইয়া তীরে আসিয়া রক্ষা পাইয়াছিল, ঐ সময়ে তথায় লোকারণ্য হইয়াছিল, তাহার মধ্যে অনেকেই ঐ পুস্তক তাহার মুখহইতে লইবার চেষ্টা করিলেও তাহা বিফল হইল। ঐ বুদ্ধিমান্ কুক্কুর বোধ করিল যে আমার মুমূর্ষু প্রভু এই পুস্তক বড় কর্ম্মণ্য জ্ঞানে আমাকে অর্পণ করিয়াছেন, একারণ তত্রস্থ এক ব্যক্তিকে পরিচিত জানিয়া তাহার বক্ষঃস্থলোপরি লম্ফদ্বারা উঠিয়া তাহাকে ঐ পুস্তকসমর্পণ করিল। পরে ঐ স্থানে কুক্কুর পুনর্ব্বার দ্রুত আসিয়া ঐ মগ্ন জাহাজের ভাষিত দ্রব্যাদি দর্শন করিতে লাগিল, ও ক্রমেং তাহা সমুদ্রতীরে উত্তোলন করিতে চেষ্টা করিল।

The following is another instance of their docility and strength of observation:—A gentleman, walking by the side of the river Tyne, and observing on the opposite side a child fall into the water, gave notice to his dog, which immediately jumped in, swam over, and catching hold of the child with its mouth, brought it safe to land.

THE SPANISH POINTER.

The Spanish pointer is of foreign origin, as its name seems to imply, but it is now naturalized in England, which has long been famous for dogs of this kind; the greatest attention been paid to preserve the breed in its utmost purity.

This dog is remarkable for the aptness and facility with which it receives instruction. It may be said to be almost self-taught; whilst the English pointer requires the greatest care and attention in breaking and training to the sport. The Spanish pointer, however, is not so durable and hardy, nor so able to undergo the fatigues of an extensive range. It is chiefly employed in finding partridges, pheasants, &c. either for the gun or the net.

It is said, that an English nobleman, (Robert Dudley, duke of Northumberland) was the first who broke a setting dog to the net.

Anecdotes.

A dog belonging to a gentleman in Dumfries, at once pointed a hare, a brace of partridges, and a black cock. Upon the gentleman's going up, the hare rose,

এই জাতীয় কুক্কুরের মেধার ও সূক্ষ্ম দর্শনের আর এক দৃষ্টান্ত আমরা নীচে লিখিতেছি। এক ব্যক্তি টাইন নদীর তীরে বেড়াইতেছিলেন, ইতোমধ্যে ঐ নদীর তীরহইতে একটি বালককে জলে পড়িতে দেখিয়া আপন কুক্কুরকে জানাইবামাত্রেই সে তৎক্ষণাৎ অতি বেগে ঐ নদীতে সন্তরণদ্বারা ঐ পতিত বালককে ধরিয়া মুখে করিয়া অক্লেশে আত্মপ্রভুর নিকটে আনিল।

স্প্যানিশ পৈণ্টর।

এই জাতীয় কুক্কুরের নামদ্বারা জানা যাইতেছে, যে ইংলণ্ডে ইহা পূর্ব্বে জন্মিত না, কিন্তু এইক্ষণে ইহা ইংলণ্ডেও জন্মে, এবং ইহার নিমিত্ত বহুকালাবধি এই স্থান অতি প্রসিদ্ধ হইয়াছে, এবং এই দেশীয় লোকেরা, ঐ জাতীয় কুক্কুরকে পবিত্র করিয়া রাখিতে অতিশয় মনোযোগ করিতেছে।

এই জাতীয় কুক্কুরকে যাহা শিক্ষা করায় তাহাই অনায়াসে শিক্ষা করে। ইহাকে প্রায় শিক্ষা করাইতে হয় না, কিন্তু ইংলণ্ডে উদ্ভূত পৈণ্টরকুক্কুরকে শিকার শিখাইতে অত্যন্ত মনোযোগ পূর্ব্বক পরিশ্রম করিতে হয়, এবং স্প্যানিশ্ দেশোদ্ভূত পৈণ্টর কুক্কুর তাহার মত স্থায়ী ও বলবান্ বা বহুদূর ভ্রমণে সক্ষম নহে। যখন শিকারিরা জালে কিম্বা বন্দুকের দ্বারা তিতর পক্ষিকে বা অন্য২ পক্ষিকে মারে তখন সে সর্ব্বদা তাহাদিগকে অন্বেষণ করিয়া আনিয়া দেয়।

কথিত আছে যে নর্থম্বরলণ্ড দেশের ডিউক রবর্ট ডডলি নামক এক জন ইংলণ্ডীয় প্রধান লোক প্রথমত এই রূপ কর্ম্ম একটা কুক্কুরকে শিক্ষা করাইয়াছিলেন।

উপাখ্যান।

ডমফ্রিস নগরে এক জন বিশিষ্ট লোকের একটি এই জাতীয় কুক্কুর ছিল, সে একটা খরগোসকে ও এক জোড়া তিতর পক্ষিকে, এবং একটা কৃষ্ণবর্ণ কুক্কুটীকে এককালীন লক্ষ্য করাইয়া দিয়াছিল,

and was shot: upon reloading, the dog still stood fast when the partridges got up and met with the same fate and in the act of reloading, and the dog pointing. the black cock sprang from a bush within a few yards, and escaped from the shot of the gun.

A gentleman, a good shot, lent a favourite old pointer to a friend, who had not much to accuse himself of in the slaughter of partridges, however much he might have frightened them. After ineffectually firing at some birds, which the old pointer had found for him, the dog turned away in apparent disgust, went home and never could be persuaded to accompany the same person afterwards.

THE KAMTSCHADALE DOG.

According to Captain King, who gives a very interesting account of the variety in Cook's third voyage, it strongly resembles the pomeranian or wolf-dog, except that it is larger and covered with coarser hair. It varies in colour; but the prevailing one is a light dun, or a dirty cream.

These very useful animals are employed in drawing sledges over the snow, and are trained to this business when puppies. Five of them (in pairs with a leader) are generally yoked to a sledge of peculiar construction, capable of carrying a passenger besides the driver, who is provided with a crooked stick, which answer the double purpose of whip and reins.

ঐ সৎলোক খরগোস উঠিবামাত্র তাহাকে গুলি করিলেন, পরে বন্দুকে পুনরায় প্রস্তুত করা পর্য্যন্ত কুক্কুর স্থির হইয়া দাঁড়াইয়া ছিল, এবং ঐ তিতর পক্ষিদ্বয় ও উড়িবামাত্র বন্দুকের দ্বারা মারা পড়িল, ও পুনর্ব্বার গুলি পূরিবার কালীন যেমত কুক্কুর লক্ষ্য করিতেছিল সেই সময়ে নিকটস্থ বনহইতে ঐ কৃষ্ণবর্ণ কুক্কুটী লফ্ফ্দিয়া পলায়ন করিয়া প্রাণ রক্ষা করিল।

এক জন অতি উত্তম গোলন্দাজ একটি প্রিয় ও বৃদ্ধ পৈণ্টর কুক্কুর আপনার এক বন্ধুকে কর্জ্জ দিয়াছিলেন, তিনি বন্দুকদ্বারা তিতর পক্ষিকেতভয় প্রদর্শন করাইতেন, কিন্তু অধিক মারিতেন না। এক দিবস ঐ কুক্কুর কতকগুলিন তিতর পক্ষিকে লক্ষ্য করিয়া সেই ব্যক্তিকে দেখাইয়া দিলে, তিনি যে গুলি করিলেন তাহা নিষ্ফল হওয়াতে তাঁহার প্রতি অশ্রদ্ধা করিয়া কুক্কুর গৃহে ফিরিয়া আইল, এবং সেই অবধি ঐ ব্যক্তির সহিত যাইতে তাহাকে কোন প্রকারে সম্মত করিতে পারা গেল না।

কাম্শ্চাডল জাতীয় কুক্কুর।

কুক্ সাহেবের তৃতীয়বার ভ্রমণলিখিত পুস্তকে কাপ্তান কিং সাহেব এই জাতীয় কুক্কুরের যে সুন্দর বিবরণ করিয়াছেন, তাহাতে জানা যায় যে উল্ফডগ্ অথবা পমরেনিয়ান এই দুই জাতীয় কুক্কুরের সহিত সর্ব্ব প্রকারে তাহার তুল্যতা আছে বটে, কিন্তু তাহারা ইহা হইতে কিঞ্চিৎ বড় স্থূল ও লোমশ। ইহার বর্ণ পরিবর্ত্ত হয়, কিন্তু সচরাচর ইহার বর্ণ পাতলা ডন অর্থাৎ কুৎসিত দুষ্কসরের বর্ণের ন্যায়।

এই অতিশয় উপকারি কুক্কুরদিগকে বরফের উপর এক চক্রশকটাকর্ষণে নিযুক্ত করা যায়, এবং ইহাদিগকে এই কর্ম্ম শিশুকালে শিক্ষা দেয়। সচরাচর অদ্ভুত নির্ম্মিত এক চক্রশকটে পাঁচটা কুক্কুর যোগ করা যায়, তাহাতে সারথি ব্যতিরেকে আর এক জন আরোহণ করিলেও টানিয়া লইয়া যায়, সারথির হস্তে এক বক্র যষ্টি থাকে তাহাতে লাগাম ও চাবুকের কর্ম্ম নিষ্পন্ন হয়।

Of the fleetness of these dogs, we have an unquestionable evidence, as well as of their extraordinary patience under the combined hardships of hunger and fatigue. "We were ourselves witnesses," says Captain King, "of the great expedition with which the messenger, who had been despatched to Balcheretsk with the news of our arrival, returned to the harbour of St Peter and St. Paul, though the snow was at that time exceedingly soft; and I was informed by the commander of Kamtscha, that this journey was generally performed in two days and a half; and that he had once received an express from that place in twenty-three hours, though the distance is not less than a hundred and thirty-five English miles.

Towards the end of May, these animals are all turned loose to provide for themselves during the summer; but they return to their masters when the cold weather sets in. Their food in winter consists entirely of the head, entrails and bones of salmon, which are saved for that purpose, and with even this poor diet they are sparingly fed. In a word, they are the most patient and useful animals to be found in this peninsula; and seemed destined by Providence as a compensation for the numerous privations which its inhabitants experience.

Miscellaneous Anecdotes.

Plutarch says, he saw a dog at Rome, at the theatre of Marcellus, which performed most extraordinary feats, taking his part in a farce which was played before the emperor Vespasian. Amongst other things he counterfeited himself dead, after having feigned to eat a certain drug by swallowing a piece of bread. At

এই জাতীয় কুক্কুরের দ্রুত গমন ও ক্ষুধাতে এবং পরিশ্রমে অসাধারণ ধৈর্য্যের এক নিশ্চয় প্রমাণ আমরা জানি। কাপ্তান কিং সাহেব কহিয়াছেন যে আমরা স্বচক্ষুতে দেখিয়াছি এক জন দূত এক কুক্কুরের গাড়ীতে চড়িয়া বাল্চেরেট্স্ক নগরে আমাদিগের পৌছছান সমাচার লইয়া গিয়া অতি শীঘ্র সেণ্ট-পিতর এবং সেণ্টপৌলের ঘাটেতে পুনরাগমন করিয়াছিল, তথাপি ঐ সময়ে বরফ অতি নরম ছিল। কামেশ্চার অধ্যক্ষ আমাকে কহিলেন, যে এই পথ ঐ কুক্কুরেরা প্রায় আড়াই দিনে ভ্রমণ করে। কিন্তু এক বার ইহারা ২৩ ঘণ্টার মধ্যে ৬৭॥০ ক্রোশ দূরহইতে সংবাদ আনিয়াছিল। মে মাসের শেষাবধি গ্রীষ্মকাল পর্য্যন্ত ইহাদিগকে ছাড়িয়া দিলে আপনারা চরিয়া খায়, কিন্তু শীতকাল আরম্ভ হইলেই পুনরায় তাহারা প্রভুর নিকট আইসে। শীতকালে তাহারা শালমন্ মৎস্যের মস্তক ও নাড়িভুঁড়ি এবং অস্থি ভক্ষণ করে, তাহাদিগের নিমিত্তে কেবল এই খাদ্য রাখা যায় বটে, কিন্তু ইহাও তাহারা অতি অল্প পায়। আমরা সংক্ষেপে কহিতেছি যে এই প্রায়দ্বীপের তাবৎপশু অপেক্ষা ঐ কুক্কুরেরা অতিশয় উপকারী ও ধৈর্য্যশালী, এবং বোধ হয় যে পরমেশ্বর এই স্থানের মনুষ্যদের নানা অভাবের পরিবর্ত্তে এই জাতীয় কুক্কুর প্রদান করিয়াছেন।

বহুবিধ উপাখ্যান।

প্লুটার্ক কহেন, যে তিনি রুম নগরে মারসেলসের নৃত্যাগারে এক কুক্কুর দেখিয়াছিলেন, ঐ কুক্কুর মহারাজ বেস্পেসিয়ানের সম্মুখে পরিহাসঘটিত নাট্যশালায় নটহইয়া অত্যদ্ভুত কর্ম্ম করিয়াছিল। তাহার অন্যান্য কীর্ত্তির মধ্যে এই এক কীর্ত্তি যে সে এক খানা রুটি ভক্ষণ করত মৃত্যুদায়ক কোন্ বৃক্ষের মূল ভক্ষণ করিলে যেমত হয় তাদৃশ ছল করিয়া মৃতবৎ হইল। প্রথমতঃ সে চমৎকৃত হইয়া কাঁপিতে লাগিল,

first he began to tremble and stagger, as if he were astonished; and at length stretching himself out stiff as if he had been dead, he suffered himself to be drawn and dragged from place to place, as it was his part to do; but afterwards when he knew it to be time, he began first gently to stir, as if newly awaked out of some profound sleep, and lifting up his head, looked about him, after such a manner as astonished all the spectators.

Mr. Southey relates two instances of dogs, that had acquired such a knowledge of time as would enable them to count the days of the week. He says, "My grandfather had one which trudged two miles every Saturday to cater for himself in the shambles. I know another more extraordinary and well authenticated example. A dog, which had belonged to an Irishman, and was sold by him in England, would never touch a morsel of food upon Friday, that being the day on which the Catholics fast.

Smellie, in his philosophy of Natural History, relates that a grocer in Edinburgh had a dog which for some time amused and astonished the people in the neighbourhood. A man who went through the streets ringing a bell and selling penny pies, happened one day to treat dog with a pie. The next time he heard the pie-man's bell, he ran impetuously towards him, seized him by the coat, and would not suffer him to pass. The pieman, who understood what the animal wanted, showed him a penny, and pointed to his master, who stood at the street door, and saw what was going on.

তাহাতে পরে আড়ষ্ট হইয়া মৃতবৎ পড়িয়া রহিল। তদনন্তর তৎকালোচিত কর্ম্মানুসারে তাহাকে স্থানে২ টানিয়া লইয়া যাইতেও দিল। তাহার পর তাহার উঠিবার সময় উপস্থিত হইলে সে যেমন ঘোর নিদ্রাহইতে জাগিয়া উঠে তাদৃশ ক্রমে২ উঠিতে লাগিল এবং মস্তক তুলিয়া চতুর্দ্দিক্ এমত নিরীক্ষণ করিতে লাগিল যে তাহাতে দর্শকেরা অতি বিস্মিত হইলেন।

সৌথি সাহেব কুক্কুরদিগের বিষয়ে এই দুই দৃষ্টান্ত কহিয়াছেন, যে তাহারা এতাদৃশ সময় নিরূপণ জ্ঞান উপার্জ্জন করিয়াছিল, যে তদ্দারা সপ্তাহের দিন গণনা করিতে পারিত। তিনি কহেন, যে আমার পিতামহের একটা কুক্কুর ছিল, সে অতি যত্নপূর্ব্বক প্রতি শনিবারে এক ক্রোশ অন্তরে কশাইখানাতে খাদ্যোপার্জ্জনার্থে গমন করিত। আমি আরও একটা আশ্চর্য্য ও অতি যথার্থ দৃষ্টান্ত জ্ঞাত আছি, যে আইয়রলাণ্ড নিবাসি এক ব্যক্তির একটা কুক্কুর ছিল, ঐ ব্যক্তি তাহাকে ইংলণ্ড দেশস্থ কোন লোকের নিকট বিক্রয় করিয়াছিল, সে প্রতি শুক্রবারে কিছুই আহার করিত না, কারণ সেই দিবস কেথলিক ধর্ম্মাক্রান্ত ব্যক্তিরা উপবাস করিত।

পশ্বাদির ইতিহাসে ইস্মেলি সাহেব কহিয়াছেন, যে ইডিন্বর্গ নগরে এক মুদির এক কুক্কুর ছিল, সে কিছুকাল পর্য্যন্ত তৎপল্লীস্থ লোকদিগকে অতিশয় বিস্ময়াপন্ন এবং আমোদিত করিয়াছিল। এক ব্যক্তি পথে২ ঘণ্টা বাজাইয়া দুই পাই মূল্যের মিটাই বিক্রয় করিয়া ভ্রমণ করিত, সে দৈবাৎ কোন দিন ঐ কুক্কুরকে একটা মিটাই খাওয়াইয়াছিল। দ্বিতীয়বার যখন ঐ কুক্কুর ঐ মিটাইওয়ালার ঘণ্টাধ্বনি শ্রবণ করিল তখন সে দ্রুত গমনে তাহার কুর্ত্তি ধরিয়া তাহাকে যাইতে দিল না, পরে সে ব্যক্তি ঐ কুক্কুরের অভিপ্রায় জ্ঞাত হইয়া দুইটা পয়সা দেখাইয়া দ্বারসমীপে দাঁড়াইয়া নিরীক্ষণ করিতেছিল, যে তাহার প্রভু

The dog immediately supplicated his master by many humble gestures and looks; and on receiving a penny he instantly carried it in his mouth to the pieman, and received his pie. This traffic between the pieman and the grocer's dog continued to be daily practised for many months.

Not long ago, a young person, an acquaintance of Lord Fife's coachman, was in the practice of frequenting his lordship's stables, at Banff, which were also visited by a little Highland cur belonging to one of the domestics. The youth having taken an opportunity when the servants were not observing, to put a bridle and some other pieces of harness into his pocket, the dog began to bark at him, and would not suffer him to leave the stable, but actually bit his leg to prevent him. As the servants had never seen the dog do so before, and as the same young man had been often with them, they could not conjecture the reason of this strange conduct. However, when they saw the end of a valuable bridle peeping out of the visitor's pocket, they were able to account for it; and, upon his giving to them the various articles of stolen goods, the dog retired from the stable door, and allowed him to go out.

A workman that was employed at Portsmouth dock-yard, had a large dog, who regularly every day brought him his dinner upwards of a mile. When his wife had prepared the repast, she tied it up in a cloth, and put it in a hand-basket; then calling [illegible] to be expeditious, and carry his

তাহাকে দেখাইয়া দিল, তাহাতে কুক্কুর তৎক্ষণাৎ প্রভুর নিকটে যাইয়া নম্র ভাবে অঙ্গভঙ্গীর দ্বারা দুই পাই যাচ্ঞা করিলে তাহার প্রভুর নিকটহইতে তাহা পাইয়া মুখে করিয়া শীঘ্র মিটাই-ওয়ালার নিকটে উপস্থিত হইল, এবং পয়সা দিয়া মিটাই ক্রয় করিয়া লইল। মিটাইওয়ালার ঐ কুক্কুরের সহিত অনেক মাসাবধি প্রায় প্রতিদিন এই প্রকার ব্যবহার হইয়াছিল।

অল্প দিন হইল লার্ড ফাইফ্ সাহেবের কোচমান অর্থাৎ সার-থির আলাপীয় এক যুবাব্যক্তি বানফ্ নামক স্থানে ঐ সাহেবের অশ্বালয়ে সর্ব্বদা যাতায়াত করিত, পরন্তু সেখানে এক জন ভৃত্যের হাইলণ্ড দেশের কর জাতীয় একটি ক্ষুদ্র কুক্কুরও যাইত। কোন সময় ভৃত্যদিগের অন্যমনস্ক হেতুক সুযোগ পাইয়া ঐ যুবাব্যক্তি লাগাম ও ঘোড়ার সজ্জার কোন২ অংশ লইয়া পাকেট অর্থাৎ থলির মধ্যে রাখাতে ঐ কুক্কুর তাহাকে লক্ষ্য করিয়া ডাকিতে আরম্ভ করিল, ও তাহাকে অশ্বালয়হইতে যাইতে দিল না, এবং পাছে তথাহইতে বাহিরে যায় এই নিমিত্তে তাহার পায়ে দংশন করিল। ভৃত্যেরা কুক্কুরের এই অদ্ভুত আচরণের কারণ যথার্থ জানিতে পারিল না; কেননা পূর্ব্বে সে এমন কর্ম্ম কখন করে নাই ও ঐ যুবাব্যক্তি সর্ব্বদাই তাহাদের নিকট আসিত। পরে যখন তাহারা ঐ ব্যক্তির পাকেটেতে এক বহুমূল্য লাগামের অগ্রভাগ দেখিল তখন কুক্কুরের অদ্ভুত ব্যবহারের কারণ বুঝিতে পারিল, এবং ঐ ব্যক্তি যে সকল বস্তু চুরি করিয়াছিল তাহা ফিরিয়া দিলে কুক্কুর অশ্বালয়হইতে অন্তরে গিয়া তাহাকে বাহিরে যাইতে দিল।

পোর্ট্সমোথ নগরের গুদিতে এক কারিকরের একটী বড় কুক্কুর ছিল, সে প্রতিদিন অর্দ্ধক্রোশের অধিক দূর হইতে তাহার খাদ্য-দ্রব্য আনিত, ঐ ব্যক্তির স্ত্রী তাঁহার খাদ্যদ্রব্য প্রস্তুত করিয়া এক খান বস্ত্রে বাঁধিয়া একটী ক্ষুদ্র চুবড়ির মধ্যে রাখিতেন, পরে

master's dinner, and be sure not to stop by the way. The dog, who perfectly well understood his orders, immediately obeyed, by taking the handle of the basket in his mouth, and begun his journey. It was laughable to observe, that when tired by the way, he would very cautiously set the basket on the ground; but by no means would suffer any person to come near it. When he had sufficiently rested himself, he again took up his load, and proceeded forward, until he came to the dock-gates. Here he was frequently obliged to stop, and wait with patience until the porter or some other person, opened the door. His joy was then visible to every one—his pace increased, and with wagging tail, expressive of his pleasure, he ran to his master with the refreshment The caresses were then mutual, and after receiving his morsel as a recompence for his fidelity, he was ordered home with the empty basket and plates, which he carried back with the greatest precision, to the high diversion of all the spectators.

The late Honourable General Murray, governor of Quebec, a short time before his death, when become feeble, walking out one morning, in his grounds at Beauport, near Hastings, attended only by a little spaniel, fell, and was unable to rise. The dog immediately ran into the house, barked, and pulled the servants by their clothes; but failing to gain their atten-

টুষ্টি বলিয়া সেই কুক্কুরকে ডাকিয়া আজ্ঞা করিতেন যে তোমার প্রভুর খাদ্যদ্রব্য লইয়া দ্রুত গমন কর ও পথমধ্যে স্থগিত হইও না। কুক্কুরকে যাহা আজ্ঞা করা যাইত তাহা সে উত্তমরূপে তৎক্ষণাৎ বুঝিয়া পালন করিত, কেননা আজ্ঞা করিবামাত্রই সে চুবড়ির কড়া মুখে করিয়া গমন করিত। যখন পথিমধ্যে শ্রান্ত হইত তখন সে অতি সাবধানপূর্ব্বক চুবড়িটা ভূমিতে রাখিয়া কোন প্রকারে কোন ব্যক্তিকে আপনার নিকটে আসিতে দিত না, কুক্কুরের এই কর্ম্মটী শ্লাঘাযোগ্য। যথেষ্ট তাহার বিশ্রাম করা হইলে সে সেই খাদ্যদ্রব্যের চুবড়ি মুখে করিয়া যে পর্য্যন্ত গুদির দ্বারে না আসিত সেই পর্য্যন্ত চলিত। সেই স্থানে পৌঁছিয়াই সর্ব্বদা স্থগিত হইত এবং দ্বারপাল অথবা অন্য কোন ব্যক্তি দ্বার না খুলিলে ধৈর্য্যপূর্ব্বক অপেক্ষা করিত। দ্বার খুলিলে সে যেমত আনন্দিত হয় তাহা যে দেখে সেই জানিতে পারে, কেননা তাহার গমন দ্রুত হয়, এবং আহ্লাদ প্রকাশার্থে লাঙ্গুল নাড়িয়া খাদ্যদ্রব্য লইয়া তাহার প্রভুর নিকটে দৌড়িয়া যায়। তখন কুক্কুর ও তাহার প্রভু উভয়েই হর্ষযুক্ত হয় এবং তাহার প্রভুর প্রতি ভক্তির নিমিত্তে এক টুকরা রুটি পারিতোষিক পাইলে তাহার প্রভু খালি চুবড়ি ও বাসন গৃহে লইয়া যাইতে আজ্ঞা দেন তাহাতে তাহা লইয়া সে ঠিক সময়ে বাটীতে যায় ইহা যাহারা দেখিত তাহারা অত্যন্ত আনন্দিত হইত।

কুইবেক নগরের শাসনকর্ত্তা অতি সম্ভ্রান্ত সেনাপতি মরে নামক সাহেবের মরণের কিঞ্চিৎকাল পূর্ব্বে এক দিবস প্রাতঃকালে একটা স্প্যানিয়ল ক্ষুদ্র কুক্কুর সঙ্গে লইয়া হেষ্টিং নগরের নিকটস্থ বোপোর্ট নামক নগরে আপন ভূমিতে বেড়াইতেছিলেন। তদবস্থায় অতি দুর্ব্বলপ্রযুক্ত তিনি পড়িয়া গেলেন, এবং আর উঠিতে পারিলেন না, ইহাতে সেই কুক্কুর তৎক্ষণাৎ দৌড়িয়া বাটীতে গিয়া চীৎকার শব্দ করিয়া ভৃত্যদের বস্ত্র ধরিয়া টানিতে লাগিল। পরে এ বিষয়ে তাহাদের মনোযোগ করা-

tion, he ran about till he found a labourer, whom he succeeded in leading to the spot, where the general still lay, unable to rise.

It is mentioned in the Memoirs of the French Academy of Sciences, that a dog, which had been shut up and forgotten in a country house, was sustained for forty days without any nourishment beyond the wool of a quilt, which he had torn in pieces. A dog has been known to live thirty-six days without food, or substitute for food.

Mrs. Saville knew a dog that belonged to a shopkeeper, who was in the habit of running into the street, and returning into the house whenever he pleased. On Sundays the house door was shut, and he was obliged to have recourse to a contrivance to gain admittance, which, no doubt, is the effect of imitation. He raised himself on his hind legs, and lifted up the knocker with his mouth, repeating the stroke till the door was opened.

Some years since, a person residing at the turnpike house about a mile from Stratford on Avon, had trained a dog to go to the town for any small articles of grocery, &c. that he wanted. A note mentioning the things, was tied round the animal's neck, and in the same manner the articles were fastened, and in these errands the officious messenger always brought the commodities safely to his master.

ইতে না পারিয়া সে দৌড়িয়া বেড়াইতে লাগিল, তদনন্তর এক জন মজুরকে পাইয়া তাহাকে সেই গাত্রোত্থানাশক্ত সেনাপতির নিকট লইয়া গেল।

ফ্রান্স দেশীয় দর্শন বিদ্যানুসন্ধায়ক সমাজের বিবরণে কথিত আছে যে পল্লীগ্রামস্থ কোন এক বাটীতে এক কুক্কুরকে বন্ধনদশায় ভুলিয়া রাখিয়া তাহার প্রভুরা আসিয়াছিল, সে চল্লিশ দিবস পর্য্যন্ত একটা লেপের পশম খণ্ডং করিয়া তাহাই ভক্ষণ করিয়াছিল তদ্ব্যতিরেকে আর কিছুই আহার করে নাই। আর জ্ঞাত হওয়া গিয়াছে যে আর একটা কুক্কুর ছত্রিশ দিন তাহার স্বাভাবিক আহার কিম্বা অন্য কোন দ্রব্য ভক্ষণ না করিয়া জীবিত ছিল।

সাবিল সাহেবের বিবি জানিতেন যে এক মুদির এক কুক্কুর পথেং দৌড়িয়া বেড়াইত এবং যখন তাহার ইচ্ছা হইত তখন সে বাটীতে আসিত। রবিবারে বাটীর দ্বার বন্ধ থাকিত তন্নিমিত্তে গৃহ প্রবেশ করিতে সে কোন কৌশল করিত ইহা সে কোন ব্যক্তির রীতি দেখিয়া শিক্ষা করিয়াছে ইহাতে কোন সন্দেহ নাই। সে পশ্চাতের পদদ্বয়ে শরীরের ভারার্পণ করিয়া ঊর্দ্ধে উঠে, এবং যে পর্য্যন্ত ঐ দ্বার কেহ না খুলিয়া দেয় তাবৎ হুড়কা মুখে করিয়া দ্বারে আঘাত করে।

কতক দিবস হইল এবন নদীর তীরে ষ্ট্রাটফোর্ড নগরের প্রায় অর্দ্ধ ক্রোশ দূরে এক ব্যক্তি শকটকর গ্রহণাগারে বাস করিতেন, তিনি নগরস্থ মুদীখানার যে সকল দ্রব্য তাঁহার আবশ্যক হইত তাহা অস্মৎ করিয়া আনিতেন তিনি এক কুক্কুরকে শিক্ষা করাইয়াছিলেন, তিনি যে রূপ দ্রব্যের ফর্দ্দ লিখিয়া কুক্কুরের গলদেশে বন্ধন করিয়া দিতেন মুদীরা তদনুসারে দ্রব্য সকল তাহার গলদেশে বন্ধন করিয়া দিত; পরে ঐ অনধিকার চর্চ্চক কুক্কুর নির্ব্বিঘ্নে দ্রব্যাদি আপন প্রভুর নিকটে লইয়া যাইত।

ANIMAL BIOGRAPHY,

PART II.—No. II.

THE HORSE.

The beautiful, the noble steed
    Unmatched in grace, supreme in speed;
The changeless friend of human life
    In toil, or sport, or battle strife.

দ্রুতগতি শোভাতে তুলনা নাহি যার।
    অতি মনোহর অশ্ব, দৃশ্য চমৎকার॥
মনুষ্যের এই সুহৃৎ, চিরস্থায়ী হয়।
    রণে, বনে শ্রমাদিতে সহায় সদয়॥

THE HORSE.

THE horse is the most beautiful of all quadrupeds; and, next to the dog and the elephant, the most docile and affectionate. He is sensible of kind and fair treatment, and will make a grateful return; he is sociable and playful. He, being the speediest of all domesticated animals, can bear us upon his back to a considerable distance, and with that speed to which we could not possibly attain without his aid. Harnessed to the carriage, we experience from him similar services, in which he greatly ministers to our ease and comfort. He is our great and indispensable ally in war. His share in the culture of the earth, that first of all human concerns, the provision of sustenance for man and beast, is of vital importance; and his services in all human transactions are innumerable. In fine, after a life of ceaseless and laborious exertion, his carcass is sold for the support of other animals, and his hide is in constant request for various important branches of manufacture.

To have an idea of this noble animal in his native simplicity, we are not to look for him in the pastures, or the stables, to which he has been consigned by man; but in those wild and extensive plains where he has been originally produced, where he ranges without control, and riots in all the variety of luxurious nature. In this state of happy independence, he disdains the

ঘোটকের বিবরণ।

সকল চতুষ্পদহইতে ঘোটক অতি সুন্দর; এবং কুক্কুর ও হস্তি ব্যতিরেকে অন্যান্য পশু অপেক্ষা তাহার মেধা ও স্নেহ অধিক; তাহাকে দয়া পূর্ব্বক উত্তমরূপে রক্ষণাবেক্ষণ করিলে সে বুঝিয়া প্রত্যুপকার করে; সে প্রণয়ী ও ক্রীড়ানুরক্ত। সকল পোষ্য জন্তু অপেক্ষা ঘোটক দ্রুতগামী, তাহারা আমাদিগকে পৃষ্ঠে করিয়া অতি দূরে এমত বেগে লইয়া যায় যে তদ্ব্যতিরেকে অন্য কোন উপায়ে এত শীঘ্র যাইতে পারা যায় না। তাহাকে গাড়ীতে যোগ করিলেও আমাদিগকে সুখে তদ্রূপ গমন করায়, আর যুদ্ধের সময় আমাদিগের পরম বন্ধুর ন্যায় কর্ম্ম করে। তাবৎ কর্ম্মাপেক্ষা যে কৃষিকর্ম্ম মনুষ্যের অতিশয় প্রয়োজন হয় ও যাহাতে মনুষ্য ও পশু প্রভৃতির ভক্ষ্য উৎপন্ন হয়, তাহাতে সে অত্যন্ত আনুকূল্য দেয়, যে সকল কর্ম্মে সে মনুষ্যের উপকার করে তাহা গণনায় অসংখ্য। সংক্ষেপে কহি, সে জীবদ্দশায় অনবরত পরিশ্রম করে, এবং মরিলে তাহার মৃতশরীর অন্য পশুর ভক্ষণার্থে বিক্রীত হয়, এবং তাহার চর্ম্ম নানা প্রকার শিল্প কর্ম্মে সর্ব্বদা প্রয়োজন হয়।

এই মহৎ পশুর স্বাভাবিক গুণ জানিতে হইলে যে মাঠে অথবা যে অশ্বশালায় মনুষ্যেরা তাহাকে রাখে, সেই স্থানে দেখিলে ইহার গুণ জানা যায় না, কিন্তু যে বনে ও যে প্রশস্ত মাঠে সে জন্মিয়াছে ও যে স্থানে পরাধীন না হইয়া নানা প্রকার সুখভোগাদি করে সেই স্থানে তাহার গুণ বিলক্ষণরূপে জ্ঞাত হইতে পারা যায়। সেই সুখযুক্ত স্বাধীন অবস্থায় সে

assistance of man, which only tends to servitude. In those boundless tracts, whether of Africa or New Spain, where he runs at liberty, he seems no way incommoded with the inconveniences to which he is subject in Europe. The continual verdure of the fields supplies his wants; and the climate, that never knows a winter, suits his constitution, which naturaly seems adapted to heat.

In those countries, the horses are often seen feeding in droves of five or six hundred. As they do not carry on war against any other race of animals, they are satisfied to remain entirely upon the defensive. As they are never attacked but at a disadvantage, whenever they sleep in the forests, they have always one among their number that stands as centinel, to give notice of any approaching danger; and this office they take by turns. If a man approaches them while they are feeding by day, their centinel walks up boldly near him, as if to examine his strength, or to intimidate him from proceeding; but as the man approaches within pistol shot, the centinel then thinks it high time to alarm his fellows; this he does by a loud kind of snorting; upon which they all take the signal, and fly off with the speed of the wind; their faithful centinel bringing up the rear.

The horses are found wild in Africa, America, &c. but in a domestic or improved state in almost every country of the world, except within the arctic circle. Arabia, however, is the land where they are produced in the greatest perfection; there they are most generous, swift, and persevering. They are found, though not in great numbers, in the deserts of that country;

মনুষ্যের আশ্রয় তুচ্ছ করে. কেননা তাহাতে সে কেবল দাসবঙ হয়। আফ্রিকা অথবা নূতন স্পেন দেশের অসীম স্থানে ঘোটক স্বাধীনে দৌড়িয়া বেড়ায়, এবং বোধ হয় যে ইউরোপে সে যে রূপ অসুখে থাকে সে রূপ অসুখে পূর্ব্বোক্ত দেশে থাকে না। সেখানে সকল কালে মাঠে তৃণাদি পাওয়া যায়, তন্নিমিত্তে ঘোটকের আহারের অভাবও হয় না, আর যে দেশে শীত না থাকে সেই দেশে তাহার শরীর ভাল থাকে. ইহাতে বোধ হয় যে গ্রীষ্মে থাকা তাহার স্বাভাবিক রীতি।

ঐ সকল দেশে পাঁচ কিম্বা ছয় শত ঘোটক দলবদ্ধ হইয়া রহে। তাহারা স্বেচ্ছাপূর্ব্বক কোন জন্তুর সহিত যুদ্ধ করে না কিন্তু যখন কোন পশু তাহাদিগের উপর আক্রমণ করে তখন তাহারা আত্ম প্রাণ রক্ষার নিমিত্তে যুদ্ধ করিতে প্রবৃত্ত হয়। আর যখন তাহারা বনে নিদ্রিত অথবা অনাবধানে থাকে, তখন তাহার মধ্যে একটা ঘোটক প্রহরী হয়, এবং ঐ কর্ম্ম তাহারা ক্রমে এক২ জন করে, কোন আপদ উপস্থিত হইলে সে তাহাদিগকে সমাচার দেয়। দিবসে যখন ঘোটকেরা চরে, তখন কোন মনুষ্য তাহাদের নিকটে আইলে প্রহরিঘোটক সেই মনুষ্যের শক্তিপরীক্ষা করিবার নিমিত্তে অথবা তাহার গমনরোধার্থে ভয় দেখাইতে সাহস পূর্ব্বক তাহার সমীপে যায়, কিন্তু কোন প্রকারে ঐ মনুষ্য ঘোটকদিগকে পিস্তলদ্বারা যদি বধ করিতে পারে ঐ প্রহরিঘোটক এমত জানিতে পায় তবে সে অতিশয় চীৎকারদ্বারা অন্য ঘোটকদিগকে পলায়নার্থে জ্ঞাত করাইলে তাহারা ঐ সঙ্কেত ধ্বনি শুনিবামাত্র বায়ুবেগে পলায়ন করে; পরে ঐ বিশ্বাসি ঘোটকও তাহাদের পশ্চাৎ স্থিত অশ্বদিগকে লইয়া যায়।

• আফ্রিকা ও আমেরিকা প্রভৃতি স্থানে বন্য ঘোটক পাওয়া যায়, এবং শীতকটিবন্ধ স্থান ব্যতিরেকে প্রায় পৃথিবীর তাবৎ স্থানেই প্রতিপালিত ও উত্তম রীতিযুক্ত ঘোটক দেখা যায়, কিন্তু সর্ব্বস্থানাপেক্ষা আরব দেশে অতি উত্তম ঘোটক জন্মে, সে স্থানের ঘোটকেরা অকুটিল ও দ্রুতগামী, এবং অত্যন্ত পরিশ্রমী। তাহারা আরব দেশের বনে থাকে, কিন্তু অনেকে একত্র হইয়া থাকে না

and the natives use every stratagem to take them. Although they are active and beautiful, yet they are not so large as those that are bred up tame; they are generally of a brown colour; their mane and tail very short, and the hair black and tufted. Their swiftness is incredible, defying all pursuit. The only method, therefore, of taking them, is by traps, hidden in the sand, which entangling their feet, prevents their escape. They are trained by the usual method of fatigue and hunger, and soon become useful domestic animals.

The usual manner of trying their swiftness, is by hunting the ostrich. The horse is the only animal, whose speed is comparable to that of this creature, which is found in the sandy plains that abound in those countries. The instant the ostrich perceives itself aimed at, it makes to the mountains, while the horseman pursues with all the swiftness possible, and endeavours to cut off its retreat. The chace then continues along the plain; while the ostrich makes use of both legs and wings to assist its motion. However, a horse of the first speed is able to outrun it; so that the poor animal is then obliged to have recourse to arts to elude the hunter, by frequently turning: at length, finding all escape hopeless, it hides its head wherever it can, and suffers itself tamely to be taken. If the horse, in a trial of this kind, shows great skill and is not readily tired, his price becomes proportionably great; and there are some horses valued at a thousand ducats.

The Arabians, in general, make use of mares in their ordinary excursions; experience having taught them that they support fatigue, thirst, and hunger, better than the horses are found to do. They are less vicious, of a gentler nature, and are not so apt to neigh.

এবং তত্রস্থ লোকেরা বহু কৌশলে তাহাদিগকে ধরে, সেই ঘোটকেরা সতর্ক ও সুন্দর বটে, কিন্তু পালিত ঘোটকের ন্যায় বৃহৎ নহে; তাহাদিগের স্বাভাবিক বর্ণ পাটখিলা ও লাঙ্গুল ক্ষুদ্র, এবং স্কন্ধের কেশকৃষ্ণবর্ণ ও গুচ্ছবিশিষ্ট। তাহাদের অসম্ভব বেগগমন, যেহেতুক তাবতেই তাহাদের পশ্চাৎস্থ হয়। তাহাদিগকে ধরিবার নিমিত্তে বালুকার উপরে ফাঁদ পাতিয়া রাখে, তাহাতে ঘোটকেরা বদ্ধ হয়; তাহাদিগকে ধরিবার কেবল এই উপায় মাত্র আছে। পরে তাহাদিগকে ধরিয়া পরিশ্রম এবং উপবাস করাইয়া বশ্য করাতে তাহারা শীঘ্র উপকারী ও গৃহপালিত হয়।

উটপক্ষিকে শিকার করিতে পারিলেই ঘোটকদিগের দ্রুত গমনের পরীক্ষা হয়। ঐ সকল দেশের চতুষ্পার্শ্বে বালুকাময় স্থানে উটপক্ষিরা বাস করে, এবং তাহাদের সহিত কেবল অশ্বেরই দ্রুতগমনের তুলনা করা যায়। যে কালে অশ্বারূঢ় ব্যক্তি ঐ উটপক্ষিকে লক্ষ করে তখন সে তৎক্ষণাৎ পর্ব্বতাভিমুখে গমন করে, তাহাতে ঐ অশ্বারূঢ় তাহাকে পশ্চাৎ করিতে সাধ্য মতে চেষ্টা পায়। ঐ উভয়ে মাঠে পরস্পর ক্রমিক দৌড়ায়; উট পক্ষী পাদ ও পক্ষ এই উভয়ের আশ্রয়ে গমন করে বটে, কিন্তু যদ্যপি ঘোটক উত্তম দ্রুতগামী হয় তবে ঐ পক্ষিকে পশ্চাৎ করিতে পারে। তখন ঐ উটপক্ষী পলাইতে কৌশলে ইতস্ততো গমন করে, অবশেষে পলাইবার উপায় না দেখিয়া কোন এক স্থানে মস্তক নত করিয়া রহে, এবং নম্রুরূপে ধরা দেয়। এই রূপ পরীক্ষায় ঘোটক শীঘ্র শ্রান্ত না হইয়া যেমত গুণ প্রকাশ করে, তদনুসারে তাহার মূল্য অধিক হয়, এবং কতকগুলিন ঘোটক এমত আছে যে তাহার মূল্য ২০০০ টাকা।

আরব দেশস্থ লোকেরা সচরাচর ভ্রমণে ঘোটকীদিগকেই ব্যবহার করে, কেননা তাহারা পরীক্ষাদ্বারা জ্ঞাত হইয়াছে যে উহারা ঘোটকাপেক্ষা ক্ষুধা ও তৃষ্ণা এবং পরিশ্রম অধিক সহ্য করিতে পারে। তাহারা ঘোটকাপেক্ষা অল্প কুকর্ম্মান্বিতা ও নম্রস্বভাবা, এবং তাহাদিগের মত চীৎকার করিতেও রত নহে।

They are more harmless, also, among themselves, not so apt to kick or hurt each other, but remain whole days together without the least mischief. The Turks, on the contrary, are not fond of mares; and the Arabians sell them such horses as they do not choose to keep for stallions at home. They preserve the pedigree of their horses with great care, and for several ages back. They know their alliances, and all their genealogy; they distinguish the races by different names, and divide them into three classes. The first is that of the nobles, the antient breed, and unadulterated on either side: the second is that of the horses of the antient race, but adulterated; and the third is that of the common and inferior kind. The last they sell at a low price; but those of the first class, and even of the second, amongst which are found horses of equal value to the former, are sold extremely dear. They know, by long experience, the race of a horse by his appearance, they can tell the name, the surname, the colour, and the marks properly belonging to each. When they are not possessed of stallions of the noble race themselves, for their mares, they borrow from their neighbours, paying a proper price, and receive a written attestation of the whole. In this attestation is contained the name of the horse, and the mare, and their respective genealogies. When the mare has produced her foal, new witnesses are called, and a new attestation signed, in which are described the marks of the foal, and the day noted when it was brought forth. These attestations increase the value of the horse; and they are given to the person who buys him. The most ordinary mare of this race sells for five hundred crowns; there are many that sell for a thousand; and some of the very finest kinds for fourteen or fifteen hundred pounds.

To the Arabian hordes, the horses are as dear as their children; and the constant intercourse arising from living in the same tent with their owner and his family, creates a familiarity that could not be otherwise effected, and a tractability that arises only from the

আরও তাহারা ঘোটকাপেক্ষা নির্দোষ, কেননা তাহারা পরস্পর চাঁইট মারে না, ও প্রায় সমুদয় দিবস কোন অপকার না করিয়া থাকিতে পারে। তুর্কেরা ইহার বিপরীত ব্যবহার করে, অর্থাৎ পুংঘোটক তাহাদিগের প্রিয়; তজ্জন্য আরব দেশীয়েরা যে ঘোটকদের মুষ্কমোচন করিতে ইচ্ছা না করে তাহাদিগকে তুর্কদের স্থানে বিক্রয় করে। তাহারা বহুকালের ঘোটকদের বংশাবলী নির্ণয় করিয়া রাখিয়াছে, এই হেতুক তাহারা তাহাদের কুটুম্ব এবং বংশাবলী জানে। তাহারা ঘোটকদিগকে তিন জাতিতে ভাগ করিয়া এক২ জাতীয়ের পৃথক্ ২ নাম দিয়াছে। প্রথমজাতীয়েরা মহৎ এবং পুরাতন, এই ঘোটক ঘোটকীরা কদাপি দোয়াঁসলা হয় নাই। দ্বিতীয় জাতীয় ঘোটকেরা পুরাতন বটে, কিন্তু দোয়াঁসলা হইয়াছে, এবং তৃতীয় জাতীয়েরা অপকৃষ্ট ও সাধারণ; এই হেতুক তাহাদিগকে অল্প মূল্যে বিক্রয় করে, এবং প্রথম জাতীয় অশ্বদের সহিত দ্বিতীয় জাতীয়ের মধ্যে কোন২ উত্তম অশ্বকে সমান দরে বহু মূল্যে বিক্রয় করে। তাহারা বহুকাল পরীক্ষা করিয়াছে তন্নিমিত্তে ঘোটকদের অবয়ব দেখিয়া তাহাদের বংশ ও নাম ও উপাধি ও বর্ণ, এবং যে সকল চিহ্ন গাত্রে আছে তাহা কহিতে পারে। যখন তাহাদের প্রধান জাতীয় পুংঘোটক না থাকে, তখন তাহারা আপন ২ ঘোটকীর নিমিত্তে প্রতিবাসিদের স্থানে মুদ্রা দিয়া অচ্ছিন্নমুষ্ক ঘোটক ক্রয় করে, এবং এক খান পত্রে সেই ঘোটকের নাম ও ঘুড়ীর নাম ও তাহাদের প্রত্যেকের বংশের নাম লিখিয়া রাখে, যখন ঐ ঘোটকী প্রসূতা হয় তখন লোকদিগকে সাক্ষী করিয়া ঐ বাচ্চার গাত্রের চিহ্ন ও তাহার জন্মদিন অন্য এক পত্রে লিখিয়া রাখে। এই প্রমাণপত্রদ্বারা ঐ ঘোটকের মূল্য বৃদ্ধি হয়; এবং যে ব্যক্তি ঐ ঘোটক ক্রয় করে তাহাকে ঐপত্র দেওয়া যায়। এতদ্বংশীয় সামান্য ঘোটকী ১২৫০ টাকায় কতক বা ২৫০০ টাকায় বিক্রয় হয়, এবং অতি উত্তম ঘোটকীর মূল্য ১৪০০০ বা ১৫০০০ টাকা হয়।

আরব দেশীয় লোকেরা ঘোটকদিগকে পুত্রবৎ স্নেহ করে, ও তাহারা সপরিবারে এক শিবিরে ঘোটকদের সহিত সর্ব্বদা বাস করাতে যে প্রণয় উদ্ভব হয় তাহা অন্য কোন প্রকারে

They are the fleetest animals of the desert, and are so well trained as to stop in their most rapid course, by the slightest check of the rider. Unaccustomed to the spur, the least touch with the foot sets them again in motion, and so obedient are they to the rider's will, as to be directed in their course merely by the motion of a switch. They form the principal riches of many of the Arab tribes, who use them both in the chase and in their plundering expeditions. In the day time they are generally kept saddled at the door of the tent, prepared for any excursion their master may take. They never carry any heavy burdens, or are employed on long journeys. Their constant food, except in spring, when they get a little grass, is barley, which they are suffered to eat only during the night. The Arab, his wife, and children, always lie in the same apartment with the mare and foal, who, instead of injuring them, suffer the children to rest on their necks and bodies without incommoding them in the least. The poor gentle animals even seem afraid to move, lest they should hurt them. The Arabs never beat or correct their horses, but always treat them with the utmost kindness. They talk to, and reason with them.

Barbary produces a beautiful breed of horses, commonly called *Barbs.* They have strong hoofs; and are more proper for racing than any others whatever. Some have said they never grow old, because they preserve their vigour to the last. They are excellent stallions, and some of them are used as such in Britain; however the Arabian horses are not quite so good as the Barbary, though some think they are both of the same kind, only those that are used to the deserts of Arabia, are always in action.—The horses of the Gold Coast

ঐ দেশের বন্য পশুর মধ্যে তাহারা অতি দ্রুতগামী হয়, এবং আরবেরা তাহাদিগকে এমত শিক্ষা করায় যে অতি দ্রুত গমন কালীন অশ্বারূঢ় ব্যক্তি অল্প আঘাত করিলে তাহারা স্থির হয়। আর আরবেরা পাদুকাস্থ লৌহাঘাত না করিয়া পাদস্পর্শ করিলেই তাহারা পুনরায় বেগে গমন করে, তাহারা অশ্বারোহির এমত আজ্ঞাবহ যে এক ক্ষুদ্র যষ্টির আঘাত দ্বারা যে দিকে লইয়া যাইতে চেষ্টা করে সে সেই দিকেই চলিয়া যায়। আরবজাতীয়ের মধ্যে অনেকেরই প্রধান ধন ঘোটক, তাহারা শিকার বা লুঠ করিতে তাহাদিগকে ব্যবহার করে। প্রচুর গমনার্থে তাহাদিগকে সচরাচর শিবিরদ্বারে দিবাভাগে বদ্ধ করিয়া রাখে, ও ঐ ঘোটকেরা গুরুতর ভার বহন করে না, এবং বহু দূর দেশে যায় না। তাহারা কেবল বসন্ত কালে ক্ষুদ্র তৃণ ভক্ষণ করে, আর অন্য২ কালে কেবল রাত্রিতে যব ভক্ষণ করিতে পায়। যৎকালীন আরবেরা সন্তানদের সহিত স্ত্রীপুরুষে এক গৃহে ঐ সশাবক ঘোটকীর সহিত বাস করে, তৎকালে সন্তানেরা তাহাদের উপরে আরোহণ করে, তাহাতে তাহারা কোন ক্ষতি করে না, এবং তজ্জন্য কোন অসুখ জন্মে না, বালকগণের ক্ষতি হওনের ভয়ে ঘোটকীরা সাবধানে চলে। আর আরবেরা ঘোটকদিগকে মারে না, কিম্বা গাল মান করে না, কিন্তু সর্ব্বদা অত্যন্ত দয়া করে, এবং তাহাদের কথা ঘোটকেরা বুঝিতে পারে।

বারবারি দেশে এক জাতীয় সুন্দর ঘোটক জন্মে তাহাদের নাম সচরাচর বারবস্ বলা যায়। তাহাদের ক্ষুর শক্ত এবং অন্য কর্ম্মাপেক্ষায় তাহারা ঘোড়দৌড়ে উপযুক্ত, কেহ২ কহিয়া থাকেন, যে তাহারা অথর্ব্ব হয় না, কারণ মরণ পর্য্যন্ত বলবান্ থাকে। তাহাদের অচ্ছিন্নমুষ্ক ঘোটক উত্তম, তৎপ্রযুক্ত ব্রিটিনেতে কতগুলিন ঐ অচ্ছিন্নমুষ্ক ঘোটক ব্যবহৃত হয়। বারবারি দেশের ঘোটক আরবীয় ঘোটকের ন্যায় উত্তম নহে, তথাচ কেহ২ অনুমান করে যে উভয় ঘোটকই তুল্য, কেবল আরব দেশের বলে

of Guinea are very few in number, and in other parts of that coast, there are none at all; for many of the negroes, when they have been first brought over to America, have expressed great admiration at the sight of the horses, and even been afraid to come near one.

The horses of the Cape were originally brought from Persia, and they are small, of a chesnut colour, as the natives of that country are all wild and could never be tamed. The horses of China are good, and more particularly those in the province of Yun-nan, for they are vigorous, though rather low The horses of the Eluth Tartars are good and full of fire, and their size is much the same as that of the Polish horses; they are afraid of nothing, not even of lions and tigers; but this perhaps may be owing to use. In the country of the Moguls, they are very numerous and of all colours; they are generally of the middle size, though some are large and handsome as those of Europe.

The horses of India are of a very indifferent kind being weak and washy. Those which are used by the grandees of the country, come from Persia and Arabia. Those naturally belonging to the country, are very small and vicious. Some are so very little, that Tavernier reports, that the young Mogul prince, at the age of seven or eight, rode one of those little horses that was not much larger than a greyhound: and it is not long since one of these was brought over into Britain as a present to the queen, that measures no more than nine hands high, and is not much larger than a common mastiff.

যে সকল ঘোটক থাকে তাহারাই যুদ্ধোপযুক্ত এই মাত্র প্রভেদ। গিনি দেশের গোলড্‌কোষ্ট নামক সমুদ্রতীরে অতি অল্প ঘোটক পাওয়া যায়, এবং কোন ২ স্থানে কিছুই পাওয়া যায় না, কেননা তত্রস্থ কাফ্রিরা আমেরিকাতে আসিয়া ঘোটক দর্শনে অতি আশ্চর্য্য বোধ করিয়াছিল, এবং ঘোটকের নিকটে আসিতে ভয়ও পাইয়াছিল।

উত্তমাশা অন্তরীপের ঘোটকদিগকে প্রথমতঃ পারসদেশহইতে আনা গিয়াছিল, এবং তাহারা ক্ষুদ্র ও তাহাদের বর্ণ ধূম্র এবং তদ্দেশীয় লোকেরা তাদৃশ বন্য, তন্নিমিত্তে তাহাদিগকে সভ্য করিতে পারা যায় না। চীন দেশের ঘোটকগুলা উত্তম বিশেষতঃ তদ্দেশানুঃপাতি ইউনান দেশের ঘোটক সকল অতি উত্তম, কেননা তাহাদের ক্ষুদ্র গঠন বটে, কিন্তু বল আছে। ক্লিপ্ত তাতারদের ঘোটক সকল উত্তম এবং অতিশয় ক্রোধী এবং তাহাদের গঠন পোলাণ্ড দেশীয় ঘোটকের ন্যায়; তাহারা সিংহ ও ব্যাঘ্রকে কিছুমা ভয় করে না, কেননা বোধ হয় যে সিংহব্যাঘ্রের গুণাগুণ তাহারা সর্ব্বদা দেখিতেছে। মোগলদের দেশে নানাবর্ণ ও অসংখ্য ঘোটক পাওয়া যায়, তাহারা সচরাচর মধ্যমাকৃতি, কিন্তু কতকগুলিন ইউরোপস্থ ঘোটকের ন্যায় বৃহৎ ও সুন্দর।

ভারতবর্ষের ঘোটকেরা আর এক প্রকার, তাহারা ক্লিষ্ট ও তাহাদের গাত্র নির্ম্মল, এবং ভারতবর্ষের প্রধান লোকেরা যে সকল অশ্বে আরোহণ করে, তাহাদিগকে পারস ও আরব দেশহইতে আনয়ন করাযায়, কিন্তু ভারতবর্ষ জাত ঘোটকেরা ক্ষুদ্র ও দুষ্কর্ম্মান্বিত। ট্যাভরনর সাহেব কহিয়াছেন যে এতদ্দেশীয় ঘোটক এমত ক্ষুদ্র যে মোগল রাজপুত্র সাত আট বৎসর বয়ঃক্রম সময়ে গ্রেহৌণ্ড কুক্কুরাপেক্ষায় কিঞ্চিৎ বৃহৎএমত এক ঘোটকের উপর আরোহণ করিয়াছিলেন। অল্প দিবস হইল তদ্দেশীয় এক অশ্ব ব্রিটিনের রাজ্ঞীকে উপঢৌকন দিবার নিমিত্তে আনীত হইয়াছিল, তাহার উচ্চতা দুই হস্ত, এবং এক সামান্য মাষ্টিফ জাতীয় কুক্কুর অপেক্ষা অতি বড় নহে।

It is a common exercise with the grandees of India, who are excellent horsemen, to dart out the lances before them upon full gallop, and to catch them again before they come to the ground. They have a sport also on horseback, that requires great dexterity in the rider, and a great share of activity in the horse; they strike off a ball, with a battledore, while they are upon a full gallop, and pursuing it, strike it again before it comes to the ground, and this they continue for a mile together, striking sometimes to the right, and sometimes to the left, with amazing speed and agility.

The province of Lahore, according to Pennant, is celebrated for its breed; introduced originally, as it would seem, by the Mogul sovereigns. The emperor Akbar had constantly 12,000 horses in his stables, brought chiefly from Arabia, Persia, and other foreign parts. In the Choteesgur district of Gundwana, brood mares of the *tattoo* species are kept in considerable numbers, but it is not superior to that of Bengal. On the banks of the Beemah river, however, there is a beautiful and excellent breed of a middle size, generally of a dark bay colour with black legs, which are highly esteemed by the Mahrattas: they are called Beemarteddy horses, from the district in which they are bred. In Aurungabad, also, great numbers are reared for the Mahratta cavalry, which are hardy, but neither strong nor handsome. In that part of Behar which borders on Nepaul, a great number of horses are bred for the British cavalry, and since attention has been paid to the breeding of

ভারতবর্ষের যে সকল ওমরাওরা উত্তম অশ্বারূঢ় তাহাদের এই এক উত্তম অভ্যাস আছে, যে যখন তাঁহারা ঘোটকের উপর আরোহণ করিয়া বড় দৌড় করেন তখন বর্শা ফেলিয়া দেন, এবং তাহা ভূমিতে না পড়িতে ২ পুনর্ব্বার ধরেন। তাহাদের আরও এক রূপ ক্রীড়া আছে, যাহাতে অশ্বারূঢ়ের ও অশ্বের অনেক সতর্কতার আবশ্যক করে, যখন তাঁহারা ঘোটকের উপর চড়িয়া বড় দৌড় করেন, তখন একটা দণ্ডের দ্বারা একটা গোলাকে মারেন, এবং ঐ গোলা মাটীতে না পড়িতে ২ পুনর্ব্বার আঘাত করেন, এইরূপে অর্দ্ধক্রোশ পর্য্যন্ত তাহারা কখন বা দক্ষিণদিকে কখন বা বামদিকে অতি চতুরতা পূর্ব্বক অদ্ভুত দ্রুতগমন করিয়া ঐ গোলাকে মারেন।

পেনাণ্ট সাহেব কহেন, যে লাহোর প্রদেশ এইরূপ ঘোটকের নিমিত্তে বিখ্যাত আছে, বোধ হয় যে মোগল রাজারা প্রথমতঃ ঐ সকল ঘোটককে তথাহইতে আনিয়াছিলেন। আকবর বাদশাহ্ বিশেষতঃ আরব ও পারস ও অন্যান্য দেশ-হইতে ঘোটক আনিয়া সর্ব্বদা দ্বাদশ সহস্র ঘোটক তাঁহার অশ্ব-শালায় রাখিতেন। গণ্ডোয়ানা দেশের চুটিসগর গ্রামে টাট্টু ঘোড়ার মাদী গুলান অনেক রাখা যায়, কিন্তু তাহারা বাঙ্গালা দেশের ঘোটকাপেক্ষা প্রধান নহে। ভীমনদীর ধারে এক সুন্দর ও উত্তম জাতীয় মধ্যমাকৃতি ঘোটক আছে, তাহাদের পা কৃষ্ণবর্ণ এবং সচরাচর তাহাদের গাত্রের বর্ণও কৃষ্ণ, আর মহারাষ্ট্রীয়েরা তাহাদিগকে বড় ভাল বাসে, ভীমনদীর ধারে ভীম নামক গ্রামে তাহারা জন্মে এই হেতুক তাহাদিগকে ভীমারটেডি ঘোড়া কহা যায়। অধিকন্তু আরঙ্গাবাদে মহারাষ্ট্রীয় সৈন্যদের নিমিত্তে যে সকল ঘোটক শিক্ষিত হয় তাহারা শক্ত বটে, কিন্তু বলবন্ত ও সুন্দর নহে। নেপালের অন্তঃপাতি বেহারের যে সকল স্থান আছে তথায় ইংরাজদের সৈন্যের নিমিত্তে অনেক ঘোটক শিক্ষিত হয়, এই অঞ্চলের লোকেরা যে পর্য্যন্ত ঘোটককে শিক্ষা করাইতে মনোযোগ করিয়াছে, সেই পর্য্যন্ত

them in this part, many of the very best qualities have been reared, particularly in the districts of Tyrhoot and Hajypoor; and they are in such request, that horse-dealers from Upper Hindoostan frequent the fairs at Hurdwar and other places to purchase them. The British government frequently obtain excellent horses also from Lahore and from some districts in Guzerat.

Having concluded our account of the horses of Asia and Africa, we proceed to notice those of Europe.

The breed of horses in Great Britain is as mixed as that of its inhabitants. The frequent introduction of foreign horses has given a variety that no single country can boast of; most other countries produce only one kind, while the British horses, by a judicious mixture of the several species, by the happy difference of soils, and by superior skill in management; may triumph over the rest of Europe, in having brought each quality of this noble animal to the highest perfection.

In the Annals of Newmarket, may be found instances of horses that have literally outstripped the wind. *Childers* is an amazing instance of rapidity; his speed having been more than once exerted equal to 82½ feet in a second, or nearly a mile in a minute. The same horse has also run the round course at Newmarket, (which is about four hundred yards less than four miles) in six minutes and 40 seconds, in which case his fleetness is to that of the swiftest barb as four to three. This horse was allowed to be the fleetest that was ever bred in the world; he started repeatedly at New-

বিশেষতঃ টিরহুত ও হাজিপুর গ্রামে উত্তম শিক্ষিত ঘোটক পাওয়া যায়, এবং ঐ অশ্ব এমত কর্ম্মার্হ যে হিন্দুস্থানের পশ্চিম দেশহইতে অশ্বব্যবসায়ি লোকেরা হরিদ্বারে ও অন্য২ স্থানে তাহা ক্রয় করিতে আইসে। কোম্পানি বাহাদুর সর্ব্বদা উত্তম ঘোটক লাহোর ও গুজরাটের অন্য২ স্থান হইতেও আনেন।

আসিয়া ও আফ্রিকার ঘোটকদের বিবরণ সমাপ্ত করিয়া এইক্ষণে ইউরোপের ঘোটকদের বৃত্তান্ত লিখি।

গ্রেটব্রিটেনের লোকেরা যেমত বর্ণশঙ্কর তদ্রূপ তদ্দেশীয় ঘোটক সকলও দোআঁসলা। কেননা গ্রেটব্রিটেনে সর্ব্বদা নানা দেশীয় ঘোটকের আগমনে নানা প্রকার ঘোটক জন্মিয়াছে, এতদ্রূপ আর কোন দেশে হয় নাই। অন্য২ দেশে কেবল এক প্রকার ঘোটক পাওয়া যায়, কিন্তু ঐ দেশে অন্য২ দেশীয় ঘোটকের আগমনে মিশ্রিত হওয়াতে এবং ভূমির গুণ প্রভেদে ও তদ্দেশীয় লোকের অশ্ব শিক্ষায় পাণ্ডিত্যদ্বারা এই মহৎ পশুর গুণ ইউরোপস্থ অন্য স্থানের ঘোটকাপেক্ষা বৃদ্ধি হইয়াছে।

নিউমার্কেট নামক স্থানের ইতিহাসে এমত দৃষ্টান্ত লিখিত আছে, যে অশ্বেরা বায়ু অপেক্ষাও বেগে গমন করিয়াছিল। চাইলডর্স নামক এক ঘোটক অত্যাশ্চর্য্য দ্রুতগামী ছিল, সে এক পলের মধ্যে ৮২॥ ফিট্ অথবা এক মিনিটের মধ্যে প্রায় অর্দ্ধ ক্রোশ গমন করিত। সেই ঘোটক নিউমার্কেট বেষ্টন করিয়া দুই ক্রোশের প্রায় আট শত হাত ন্যূন পথ ছয় মিনিট চল্লিশ পলের মধ্যে দৌড়িয়াছিল তাহাতে তাহার দ্রুতগমন অতি দ্রুতগামী বার্ব ঘোটকের সহিত তুলনাতে চারি তিন হয়। প্রায় তাবতেই কহিত যে পৃথিবীর মধ্যে এই অশ্ব সর্ব্বাপেক্ষা অতি দ্রুতগামী; সেই ঘোটক নিউমার্কেট স্থানে অনেকবার অন্য২ তৎকালের

Market against the best horses of his time, and was never beaten. He won in different prizes to the amount of nearly £2,000 and was afterwards reserved as a stallion. His sire was an Arabian, sent by a gentleman, as a present to his brother in England. Next to *Childers*, was the famous *Eclipse*, who won prizes to a great amount. *Highflier* was accounted the best horse of his time in England, though he never started after he was five years old. He won to the amount of nearly £9,000. He was never beaten, nor ever paid a forfeit. *Bay Malton*, the property of the late Marquis of Rockingham, won in seven prizes, nearly £6,000. At York he ran four miles in less than eight minutes.

One of the most remarkable instances of the work done by post horses, in a short time, is that mentioned by Buffon of the post-master of Stretton. who in the year 1745, rode on different horses along the London road, no less than 215 miles in eleven hours and a half; a rate of above 18 miles an hour. In July 1788, a horse belonging to a gentleman of Billeter Square, London, was, for a wager, trotted 30 miles in an hour and 25 minutes, which is above 21 miles in an hour.

No country can be compared with England with respect to the strength and size of draught horses, and for the activity and strength of those that form the English cavalry. In London there have been instances of a single horse drawing, for a short space, the weight of three tons; and some of the pack horses of the north usually carry burdens weighing upwards of 400 lbs. But

উত্তম ঘোটকের সহিত দৌড়িয়াছিল তাহাতে কোন ঘোটক তাহাকে পরাজয় করিতে পারে নাই, সে বারম্বার পণেতে প্রায় বিংশতি সহস্র মুদ্রা জিতিয়াছিল, পরে তাহাকে অচ্ছিন্নমুষ্ক করিয়া রাখিয়াছিল। প্রথমতঃ ঐ ঘোটক এক আরবের ছিল, পরে ঐ ঘোটককে এক ব্যক্তি ক্রয় করিয়া ইংলণ্ডে আপন ভ্রাতাকে উপঢৌকন দিয়াছিল। ঐ ঘোটকের পরে বিখ্যাত ইকিপ্স নামক আর এক অশ্ব জন্মায়, সেও অনেক মুদ্রা পারিতোষিক পাইয়াছিল। ইংলণ্ডে যে সময়ে হাইফ্লাইয়র নামক এক অশ্ব ছিল, তৎকালে তদপেক্ষা প্রধান আর কোন ঘোটক তথায় ছিল না; পাঁচ বৎসর বয়সের পরে সে ঘোড় দৌড়ে প্রবৃত্ত হইয়া ৯০ সহস্র টাকা উপার্জ্জন করিয়াছিল, এবং তদারূঢ় ব্যক্তি কখনও পরাজিত হয় নাই এবং দণ্ড ও দেয় নাই। রকিংহাম দেশের সম্প্রতি মৃত মার্কুইসের বেমলটন নামক এক অশ্ব সাতবার ঘোড় দৌড়ে প্রায় ৬০ সহস্র টাকা জিতিয়াছিল আর ইয়ার্ক নগরে সেই ঘোটক আট মিনিটের কিঞ্চিৎ ন্যূন দুই ক্রোশ দৌড়িয়াছিল।

ডাকের ঘোটকেরা অল্পকালে যে কর্ম্ম করে তাহার এক আশ্চর্য্য দৃষ্টান্ত বফন সাহেব কহিয়াছেন, যথা ১৭৪৫ শালে, ইস্ট্রেটন দেশের ডাকের অধ্যক্ষ লণ্ডন নগরের পথ দিয়া ভিন্ন ২ অশ্বারোহণে সাড়ে এগারো ঘণ্টার মধ্যে একশত সাড়ে সাত ক্রোশ ভ্রমণ করিয়াছিলেন, ফলতঃ ১৮ ক্রোশের কিঞ্চিৎ অধিক এক ঘণ্টায় ভ্রমণ করিয়াছিলেন। ১৭৮৮ শালের জুলাই মাসে লণ্ডন নগরে বিলটর ইস্কোয়ের নামক স্থানে এক ব্যক্তি পণ রাখিলে তাহার অশ্ব এক ঘণ্টা পঁচিশ মিনিটে ১৫ ক্রোশ পথ চলিয়াছিল অর্থাৎ এক ঘণ্টায় ১০॥ ক্রোশের অধিক চলিয়াছিল।

ইংলণ্ডে গাড়ি টানিবার ঘোটকের বল ও অবয়ব এবং যুদ্ধের ঘোটকের বল ও নৈপুণ্যের তুলনা অন্য দেশীয় ঘোটকের সহিত করা যায় না। লণ্ডন নগরে এমত এক দৃষ্টান্ত পাওয়া গিয়াছে, যে অল্প সময়ের মধ্যে একটা ঘোটক ৭৫ মোন্ পরিমিত দ্রব্য টানিয়া আনিয়াছিল, ঐ নগরের উত্তর

the most remarkable proof of the strength of the British horses is in our mill horses, some of which have been known to carry, at one load, 13 measures of corn, that in the whole would amount to more than 900 lbs. in weight.

The horses of Naples and Italy are generally ill made and lean, and yet they are good and useful, for they are light and proper for racing, though not for a long course; they never do well in a colder climate. The Spanish horses are very well made and handsome, as well as very active and nimble: they have good eyes, handsome legs and heads, and are easily managed. They are also good for racing, if they are well kept; however, they are not so good in northern climates as in their own country. The Turkish horses are of different shapes, but they are generally swift, though their mouths are bad. Most of them are white, though there are other colours; and they are large, hardy, strong and fit for the road.

The horses of Germany are much better and handsomer than those of the low countries. They are of great use for carriages, but much more for the army and for drawing the artillery. They have a great deal of hair, especially about the legs. They are not large, but they are well set, and yet they have tender feet. The Hungarian horses are excellent for the coach, as well as for riding; but they are large, though well proportioned; and they are of all colours, and in general very swift.

অঞ্চলে দ্রব্যবাহক কতকগুলিন অশ্ব আছে তাহারা সচরাচর ৫ মোনের অধিক দ্রব্য বহিয়া থাকে, কিন্তু ব্রিটিনের তাবৎ ঘোটকাপেক্ষা কল চালাইবার ঘোটকের শক্তির আশ্চর্য্য প্রমাণ পাওয়া গিয়াছে, কেননা কতকগুলিন ঐ অশ্বকে ১৩ মেজর অর্থাৎ ১১।০ মোনের অধিক পরিমিত শস্যের এক বোঝা লইয়া যাইতে দেখাগিয়াছে।

নেপলস্ এবং ইটালিদেশের ঘোটকেরা প্রায় কুৎসিত এবং কৃশ বটে, তথাপি তাহারা উপকারীও সৎ। তাহারা হালকি এই নিমিত্তে ঘোড়দৌড়ে উপযুক্ত, কিন্তু অনেক দূর দৌড়িতে পারে না; এবং ইটালি ও নেপলস্ দেশ অপেক্ষা শীতাধিক্য দেশে তাহারা সুস্থ থাকিতে পারে না। ইস্পানদেশের ঘোটক অতিসুশ্রী ও সুগঠন এবং চতুর; তাহাদের চক্ষু উত্তম এবং পাদ ও মস্তক সুন্দর, এবং তাহাদিগকে অনায়াসে শাসন করা যায়। যদ্যপি তাহাদিগকে যত্ন করিয়া রাখা যায় তবে তাহারা ঘোড়দৌড়েও উত্তম হয়, তাহারা স্বদেশে যে মত ভাল থাকে, তদ্রূপ উত্তর প্রদেশে ভাল থাকে না। তুর্কদের অশ্বের ভিন্ন২ প্রকার আকৃতি এবং তাহাদের মুখ কুৎসিত এবং স্বভাবত তাহারা দ্রুত গমন করে। তদ্দেশীয় ঘোটকের অন্য২ বর্ণ আছে, কিন্তু শুভ্রবর্ণই অধিক তাহারা বৃহৎ ও বলবন্ত এবং পথে চলিতে সমর্থ।

নিদরলাণ্ড দেশের ঘোটকাপেক্ষা জর্ম্মনি দেশের ঘোটকেরা সুন্দর ও ভাল। তাহাদিগকে জর্ম্মনি দেশস্থেরা গাড়ি টানিবার নিমিত্তে ব্যবহার করে বটে, কিন্তু সৈন্যদের কারণ ও কামান টানিবার নিমিত্তে তাহাদিগকে অধিক ব্যবহার করে। তাহাদিগের অনেক কেশ আছে বিশেষতঃ পায়ে। তাহাদের আকার বৃহৎ নহে, ও গঠন উত্তম এবং পদতল অতি কোমল। হনগেরি দেশের ঘোটকেরা গাড়ি টানিতে ও চড়িতে বড় উত্তম, তাহারা বড় বটে কিন্তু তাহাদিগের অবয়ব সুপরিমিত তাহারা তাবৎ বর্ণই হয়, এবং সর্ব্বদা তাহারা দ্রুতগামী।

The Danish horses are low, short, and square, but they have a fine head and short hair. The horses of the low countries are very fit for the coach, and they are best known by the name of Flanders' mares. The Polish horses are like the Danish : only they have not so fine a forehead; their colour is generally a bright bay, and that of the outward peel of an onion, and they are fiery and vicious. The horses of Switzerland are pretty much like those of Germany, which is not surprising, since the Germans purchase a great number of them. The horses of Piedmont are fiery, of a middle size, and of all sorts of colours; their legs are good and handsome, their eyes fine, their ears small, and their mouths good; but they do not carry their heads well

---

Anecdotes.

The whole stock of a poor Arabian of the desert, consisted of a beautiful mare: this the French Consul at Said offered to purchase, with an intention to send her to Louis XIV. The Arab, pressed by want, hesitated for a long time, but at length consented, on condition of receiving a very considerable sum of money, which he named. The consul wrote to France for permission to close the bargain, and having obtained it, sent immediately to the Arab the information. The man, so poor as to possess only a miserable rag as covering for his body, arrived with his magnificent courser, and looking first at the gold, and then stedfastly at his mare, heaved a deep sigh. To whom is it (he exclaimed) that I am going to yield thee up? To Europeans! who will tie thee close, who will beat

ডেন দেশের ঘোটকেরা খর্ব্ব এবং চাকভুম্মা কিন্তু তাহাদের মস্তক উত্তম ও কেশ খর্ব্ব। নিদরলাণ্ড দেশের ঘোটকেরা গাড়ি টানিতে বড় উপযুক্ত এবং তাহারা ফ্লানডরস মেয়রস্ নামে প্রসিদ্ধ হয়। পোলাণ্ড দেশের ঘোটকেরা সর্ব্ব প্রকারে ডেন দেশের ঘোটকের মত বটে, কিন্তু তাহাদিগের কপালের গঠন সুন্দর নহে, তাহাদের বর্ণ উজ্জ্বল পিঙ্গল এবং পেঁয়াজের উপরি ভাগের খোসার বর্ণের ন্যায় এবং তাহারা ক্রোধী ও দৌরাত্ম্যকারী। স্বিট্জর্লাণ্ড দেশের ঘোটকেরা প্রায় জর্ম্মণি দেশের ঘোটকদের ন্যায়, ইহাতে জর্ম্মনি দেশস্থ লোকেরা ঐ দেশের ঘোটক অনেক ক্রয় করে। পিডমণ্ড দেশের ঘোটকেরা ক্রোধী ও মধ্যমাবয়ব এবং তাহাদের মধ্যে ভাবৎ বর্ণই আছে, তাহাদের পা উত্তম এবং সুন্দর চক্ষু ও কর্ণ ছোট এবং মুখ ভাল কিন্তু তাহারা উত্তম রূপে মস্তক নাড়ে না।

উপাখ্যান।

আরব দেশের বননিবাসি এক জন দুঃখি আরবের এক সুন্দরী ঘোটকী ব্যতিরেকে আর কিছুই ছিল না। সাইদ্ নগরে ফরাসিস্ উকিল চতুর্দ্দশ লুইস রাজার নিকটে পাঠাইবার নিমিত্তে ঐ ঘোটকী ক্রয় করিতে চাহিলেন, তাহাতে আরব দরিদ্রতা প্রযুক্ত অনেকক্ষণ পর্য্যন্ত ভাবিয়া কহিলেন, যে যদ্যপি অনেক মুদ্রা দিতে পার তবে ইহাকে আমি বিক্রয় করিব। উকিল ইহার মূল্য নিষ্পত্তির কারণ রাজাকে এক পত্র লিখিলেন, যখন রাজা তাঁহাকে ঐ ঘোটকী ক্রয় করিবার অনুমতি দিলেন, তখন তিনি তৎক্ষণাৎ ঐ আরবের নিকট সমাচার পাঠাইলেন; ঐ আরব এমন দুঃখী ছিল যে তাহার একখানি জীর্ণ গাত্র বস্ত্র ব্যতিরেকে আর বস্ত্র ছিল না, তিনি এই সংবাদ পাইয়া স্বীয় সুলক্ষ ঘোটকী সমভিব্যাহারে উকিলের নিকটে উপস্থিত হইলেন, পরে আরব এক স্থানে ঐ ঘোটকীর মূল্য বহু স্বর্ণ দেখিয়া ও স্বীয় ঘোটকীর প্রতি নিরীক্ষণ করত দীর্ঘ নিঃশ্বাস ত্যাগ

thee, who will render thee miserable. Return with me, my beauty, my jewel and rejoice the hearts of my children! As he pronounced the last words he sprang upon her back, and was out of sight almost in a moment.

2nd Anecdote.

There were two Hanoverian horses, which had assisted in drawing the same gun during the last European war in the German brigade of artillery. One of them met his death in an engagement; after which the survivor was picqueted, as usual, and his food was brought to him. He refused to eat, and kept constantly turning his head round to look for his companion, and sometimes calling him by a neigh. Every care was taken, and all means that could be thought of were adopted to make him eat, but without effect. Other horses surrounded him on all sides, but he paid no attention to them: the whole demeanour indicated the deepest sorrow, and he died from hunger, not having tasted a bit from the time his companion fell.

3rd Anecdote.

The following anecdote, will shew with what obstinate perseverance, pack horses have been known to observe the line of their order:—Some years ago, one of these horses, which had been long accustomed to follow his leader, by accident or fatigue, was thrown into an

করিয়া খেদোক্তিতে চীৎকার করিয়া কহিলেন, যে অরে আমার ঘোটকী, যে ইংরাজেরা তোকে বন্ধন করিয়া মারিবে, এবং তোকে দুঃখিনী করিবে, তোকে তাহাদিগকে কি আমি সমর্পণ করিতেছি। অরে আমার হীরা অরে আমার শোভা আমার সংঙ্গে ফিরিয়া আসিয়া আমার বালকদিগকে আহ্লাদিত কর, এই কথা কহিয়া তিনি ঘোটকীর উপর আরোহণ করিয়া এক মিনিটের মধ্যে অদৃশ্য হইলেন।

দ্বিতীয় উপাখ্যান।

ইউরোপে গত যুদ্ধের প্রথমাবধি শেষ পর্য্যন্ত জর্ম্মানি জাতীয় সৈন্যদের কামান টানিবার নিমিত্তে হ্যানোবর দেশীয় দুই ঘোটক ছিল। তাহার মধ্যে একটা যুদ্ধে হত হইল, ও আর একটা যে জীবিত ছিল তাহার সম্মুখে খাদ্য দ্রব্য দেওয়াতে সে খাইল না, এবং সর্ব্বদা ঘাড় ফিরাইয়া তাহার সমভিব্যাহারিকে অনুসন্ধান করিতে আরম্ভ করিল এবং কখন২ চীৎকার করিয়া ডাকিতে লাগিল। আর তাহাকে আহার করাইতে অনেক কৌশল করা গেল, কিন্তু সে তাবৎ বৃথা হইল। তাহার চতুষ্পার্শস্থ অন্য২ ঘোটকের প্রতি সে অবলোকনও করিল না, আর তাহার সমুদয় অবয়ব দেখিয়া বোধ হইল, যে তাহার অতিশয় খেদ হইয়াছে। পরে যে অবধি তাহার সঙ্গি ঘোটক মরিয়াছিল তদবধি সে এক খান রুটীও না খাইয়া প্রাণত্যাগ করিল।

তৃতীয় উপাখ্যান।

নীচে লিখিত উপাখ্যানদ্বারা দৃষ্ট হইবে যে ভারবাহক ঘোটকেরা কি রূপ পরিশ্রমে আপনাদের পদ রক্ষা করে। কতক বৎসর হইল, একটা ভারবাহক ঘোটক বহুকাল পর্য্যন্ত

inferior rank. The poor animal, as if sensible of his disgrace, by the most strenuous exertions at length recovered his usual station, which he maintained during the remainder of the journey; but on his arrival at the inn-yard, he dropped down dead upon the spot, his life falling a sacrifice to his ambition,—a species of heroism we must admire even in the brute creation.

4th Anecdote.

There was, in 1757, in a troop of horse of the regiment of Beauvilliers, a very fine and high mettled horse, but aged, and whose teeth were so much worn out, that he could no longer chew the hay, nor grind his corn. He was fed for two months, (and would have continued to be so, if he had been kept any longer,) by the two horses on his right and left, that messed with him; these two horses used to pull from the rack the hay, which they chewed and threw before the old fellow; they did the same with the corn, which they ground very small, and laid it before him.

5th Anecdote.

Some time ago, there was a horse in the artillery stud at Woolwich, which was (while in the riding school) the most docile, and finely trained animal that could be imagined. He would at the word of command lie down and not rise till he was ordered: he would bow with the most dignified grace to visitors; and perform other feats with undeviating obedience. But the instant he was taken out of doors, and found himself in the open air and the open roads, he became altogether unmanageable; and when he could not cast his rider,

শ্রান্ত হইয়া সে নীচ পদস্থ হইলে পর ঐ দুঃখিপশু পশ্চাৎ থাকাতে অপমান বোধ করিয়া দ্রুত গমনদ্বারা আত্মপদ পুনঃ প্রাপ্ত হইল, কিন্তু উত্তরণীয় স্থানে আসিবামাত্র পড়িয়া প্রাণ পরিত্যাগ করিল, অর্থাৎ গৌরবাকাঙ্খায় তাহার প্রাণ বিয়োগ হইল, পশুর এইরূপ বীরত্বের প্রশংসা করা কর্ত্তব্য।

চতুর্থ উপাখ্যান।

১৭৫৭ শালে বোবিলিয়ের দেশীয় সৈন্যের ঘোটকের দলমধ্যে এক অতি উত্তম ও সাহসী ঘোটক ছিল। তাহার বৃদ্ধাবস্থা প্রযুক্ত দন্তক্ষয় হইয়াছিল, তাহাতে সে ঘাস কিম্বা শস্য চর্ব্বণ করিতে পারিত না। দুই মাস পর্য্যন্ত তাহার উভয় পার্শ্বস্থ সহভোজি দুই ঘোটক শুষ্ক ঘাস ও শস্য উত্তম রূপে চর্ব্বণ করিয়া তাহার সম্মুখে দিত সে তাহা খাইয়া প্রাণ ধারণ করিয়াছিল; যদ্যপি তাহাদিগকে আরও অধিক কাল উহার নিকটে রাখা যাইত তবে তাহারা উহাকে অধিককাল বাঁচাইতে পারিত।

পঞ্চম উপাখ্যান।

কতক দিন হইল, উলিচ্ নগরে কামান টানিবার নিমিত্তে একটা অশ্ব যখন ঘোটক শিক্ষাশালায় থাকিত তখন সে অতি সুশিক্ষিত ও নম্র হইয়াছিল। তাহাকে শয়ন করিতে আজ্ঞা করিলেই সে শয়ন করিত, এবং যদবধি তাহাকে উঠিতে আজ্ঞা না করিত, তদবধি সে তদ্রূপ থাকিত, এবং দর্শকদিগকে দেখিয়া অতি মান্যমানরূপে প্রণাম করিত, এবং অন্য২ অদ্ভুত কর্ম্ম করিতে সে অমান্য করিত না। কিন্তু দ্বারের বাহিরে প্রশস্ত পথে আনয়ন করিলে তাহাকে চালান দুঃসাধ্য এবং সে অশ্বারূঢ়কে ফেলিবার নিমিত্তে সাধ্যমত চেষ্টা করিত, কিন্তু ফেলিতে না পারিলে আপনি পড়িয়া গড়াগড়ি দিত। যখন তাহাকে প্রথম ক্রয় করা

rolled about. It may be remarked, that when first purchased he was found to be extremely vicious, but being a fine horse, pains were taken to break him in—and as it appears successfully—within the walls of the riding school, though out of doors his old habits remained unbroken.

6th Anecdote.

Horse and a pig were seen to associate together, for want of any other companions; and Mr. White, in his Natural History of Selborne, mentions a curious fact of a horse and a solitary hen spending much of their time together in an orchard where they saw no creature but each other. The fowl would approach the quadruped with notes of complacency, rubbing himself gently against his legs; while the horse would look down with satisfaction, and move with the greatest caution and circumspection, lest he should trample on his diminutive companion.

7th Anecdote.

A traveller says, "During a few days' stay in London, I went to see the entertainment of the Blood Red Knight, at Astley's Riding Theatre, in which a horse is introduced that mimicks death so completely that he suffers himself to be handled and examined, without showing the least voluntary motion, or any symptoms of life or feeling. The docility of this creature, and the skill of his teachers, are truly astonishing."

গিয়াছিল, তখন, সে অতিশয় দৌরাত্ম্য করিত কিন্তু সে অতি সুদৃশ্য তন্নিমিত্তে তাহার কুরীতি সুধরাইবার জন্যে অনেক পরিশ্রম করা গিয়াছিল। অবশেষে ঐ শিক্ষাশালার মধ্যে তাহার উত্তম রীতি হইল, কিন্তু বাহিরে তাহার পুরাতন রীতি দূর হইল না।

ষষ্ঠ উপাখ্যান।

এক অশ্ব অন্য কোন সহবাসি অভাবে এক শূকর শাবকের সহিত একত্র বাস করিতে দেখা গিয়াছিল। হোয়াইট সাহেব সেলবোর্ণ দেশের পশুর ইতিহাস গ্রন্থে এক ঘোটকের ও কুক্কুটের অদ্ভুত কথা লিখিয়াছেন, যে তাহারা বহুকাল পর্য্যন্ত এক ফলের বাগানে একত্রে বাস করিত, ও সেখানে তাহারা আর কোন পশুকে দেখিতে পাইত না। কুক্কুট ঐ অশ্বের নিকটে আহ্লাদ পূর্ব্বক আসিয়া তাহার পদে নম্ররূপে আপনার শরীর ঘর্ষণ করিত, এবং ঘোটক পাছে ঐ ক্ষুদ্র সমভিব্যাহারিকে মাড়াইয়া ফেলে, তন্নিমিত্তে অতি সাবধানপূর্ব্বক চর্ম্মযুক্ত হইয়া নীচে দৃষ্টি করিয়া চলিত।

সপ্তম উপাখ্যান।

এক জন ভ্রমণকারী কহেন যে "লণ্ডন নগরে আমি যে কএক দিবস ছিলাম তাহার মধ্যে এক দিবস আসট্লি সাহেবের অশ্বারূঢ় নৃত্যালয়ে ব্লোড রেড নাইট নামক এক তামাসা দেখিতে গিয়াছিলাম, তাহাতে এক ঘোটক তথায় উপস্থিত হইয়া সে নকল করিয়া এমত মৃতবৎ হইয়াছিল, যে সে সত্য মরিয়াছে কি না তাহা পরীক্ষা করিতে গাত্রে হাত দিলে কিঞ্চিৎ মাত্র নড়িত না, বা জীবনের কোন চিহ্ন দর্শাইত না, এই অশ্বের মেধা ও তাহার শিক্ষকের গুণ অতি আশ্চর্য্য।"

8th Anecdote.

A gentleman says, "One of my favourite amusements is riding on horseback: I have a white poney that carries me most agreeably, and is so tractable, that I am not under the least apprehension when I am upon him. As I have had him for these two years, I am much attached to him; but I shall love him better than ever, since I find that he is capable of friendship: and, what is a still rarer quality, does not shrink from defending his friend in the hour of danger. My horse is grown extremely fond of a little dog, that lives with him in the same stable, and whenever I ride, the dog runs along by the side of my poney. It happened yesterday, as the groom was leading the poney out for exercise, that they met a much larger dog, who very violently attacked the diminutive stranger; upon which my horse rose on his hind legs, and, to the astonishment of the groom, so effectually fought his friend's battle with his fore feet, that the aggressor scampered off in a cowardly manner, without any further attempt to renew the attack."

9th Anecdote.

James Sullivan, who had the art of subduing the most ferocious horse in a very extraordinary manner, was a native of the county of Cork, and an awkward, ignorant rustic, of the lowest class, generally known by the appellation of the *Whisperer*, and his profession was horse-breaking. The credulity of the vulgar bestowed that epithet upon him, from an opinion that he communicated his wishes to the animal by means of a whisper; and the singularity of his method gave some colour to this superstitious belief. How his art was

অষ্টম উপাখ্যান।

এক ব্যক্তি কহেন যে "ঘোটকের উপর চড়িতে আমার বড় আমোদ ছিল, তন্নিমিত্তে আমি একটী ক্ষুদ্র টাট্টু করিয়াছি, সে আমাকে উত্তমরূপে পৃষ্ঠের উপর করিয়া লইয়া যায়, এবং সে আমার এমত আজ্ঞাবহ যে আমি তাহার উপর আরোহণ করিলে কোন ভয় থাকে না। ঐ টাট্টু দুই বৎসর পর্য্যন্ত আমার নিকটে থাকাতে আমার প্রিয় হইয়াছে, সে বন্ধুতা করণে উপযুক্ত তন্নিমিত্তে আমি তাহাকে পূর্ব্বাপেক্ষা এইক্ষণে অধিক ভালবাসি, এবং তাহার আর এক অসাধারণ গুণ আছে, যে সে বিপদকালে বন্ধুকে রক্ষা না করিয়া পলায়ন করে না। আমার অশ্বের সহিত এক ক্ষুদ্র কুক্কুর এক গৃহে বাস করাতে অশ্ব তাহাকে বড়ই ভাল বাসিতে লাগিল, এবং যখন আমি অশ্বারোহণ করিতাম, তখন সে আমার টাট্টুর পার্শ্বে দৌড়িয়া২ আসিত, অশ্বরক্ষক কল্য যখন আমার টাট্টুকে বাহিরে লইয়া যাইতেছিল, তখন আমার কুক্কুরাপেক্ষা বৃহৎ এক কুক্কুর অতিক্রোধে আসিয়া আমার কুক্কুরকে আক্রমণ করিলে অশ্ব পশ্চাৎ পাদে দাঁড়াইয়া এমত উত্তমরূপে সম্মুখের পাদদ্বারা তাহার বন্ধুর শত্রুর সহিত যুদ্ধ করিল যে সে অতিশয় ভয় পাইয়া পলায়ন করিয়াছিল, ও দ্বিতীয়বার তাহাকে আক্রমণ করে নাই, ইহা দেখিয়া অশ্বরক্ষক বড় আশ্চর্য্য বোধ করিয়াছিল।"

নবম উপাখ্যান।

কর্ক প্রদেশনিবাসি জেমস্ সুলিবন নামক এক ব্যক্তি অতি কুৎসিত ও মূর্খ এবং অতি নীচ চাসার গৃহে জন্মিয়াছিলেন; এবং অতি দুরন্ত ঘোটককে অদ্ভুতরূপে শান্ত করা তাহার ব্যবসায় ছিল ও লোকেরা তাহাকে হুইস্পুরর অর্থাৎ ফুসফুসিয়া বলিয়া ডাকিত। কেননা তিনি ঘোটকের কর্ণে চুপে২ অভিপ্রায় জানাইতেন, এবং ঘোটক শান্ত করিবার আশ্চর্য্য ধারা করিতেন ইহাতে লোকদের দৃঢ় বিশ্বাস হইল। তিনি কিরূপে এই বিদ্যা শিখিয়াছিলেন, বা কোন ঔষধাদির মধ্যে এই বিদ্যা ছিল,

acquired or in what it consisted, is likely to remain for ever unknown, as he has lately left the world without divulging it. His son, who follows the same occupation, possesses but a small portion of the art, having either never learnt its true secret, or being incapable of putting it in practice. The wonder of his skill consisted in the short time requisite to accomplish his design, which was performed in private, without any apparent means of coercion. Every horse, or even mule, whether previously broke or unhandled, whatever their peculiar vices or ill habit might have been, submitted, without show of resistance, to the magical influence of his art, and, in the short space of half an hour, became gentle and tractable. The effect, though instantaneously produced, was generally durable. Though more submissive to him than to others, yet they seemed to have acquired a docility unknown before. When sent for to tame a vicious beast, he directed the stable, in which he and the object of the experiment were placed, to be shut, with orders not to open the door until a signal given. After a *tete-a-tete* between him and the horse, for about half an hour, during which, little or no bustle was heard, the signal was made, and, upon opening the door, the horse was seen lying down, and the man by his side, playing familiarly with him, like a child with a puppy-dog. From that time he was found perfectly willing to submit to any discipline, however repugnant to his nature before. I once saw his skill tried on a horse, which could never before be brought to stand for a smith to shoe him. The day after Sullivan's half-hour lecture, I went, not without some incredulity, to the smith's shop, with many other curious spectators, where we were eyewitnesses of the complete suc-

তাহা বোধ হয় চিরকাল অপ্রকাশিত থাকিবে, কেননা তিনিই ঐ বিদ্যা ব্যক্ত না করিয়া সম্প্রতি মরিয়াছেন। তাহার পুত্র ঐ বিদ্যার অল্পজ্ঞ হইয়াও তৎব্যবসা করেন বটে, কিন্তু ঐ বিদ্যার যথার্থ মর্ম্ম শিখিতে পারেন নাই, কিম্বা শিখিয়া ব্যবহার করিতে জানেন না। তিনি দৃশ্য স্থানে কোন আঘাত না করিয়া গোপনে ঘোটককে লইয়া গিয়া অতি অল্পক্ষণে কর্ম্ম সম্পন্ন করেন এ অতি আশ্চর্য্য। ঘোটক অথবা গুচ্ছর নূতন কিম্বা প্রতিপালিত যেমন তাহাদের দুরন্ত স্বভাব হয় না কেন, তাহাকে ঐ রূপ মায়িক বিদ্যায় অর্দ্ধ ঘণ্টার মধ্যে তিনি নম্র করিতে পারেন। এই মায়িক বিদ্যায় ঘোটক অতি শীঘ্র বশ্য হইয়া বহুকাল পর্য্যন্ত প্রায় শান্ত থাকে। সেই ঘোটক অন্য লোকের নিকট অপেক্ষা তাহার নিকট অতিশয় নম্র হয়। যখন কোন দুরন্ত ঘোটককে শান্ত করিবার নিমিত্তে তাঁহাকে আহ্বান করা যাইত, তখন তিনি এই আজ্ঞা করিতেন যে ঘোটকালয়ে তিনি এবং ঐ দুরন্ত ঘোটক যতক্ষণ একত্র থাকিয়া দ্বার খুলিবার অনুমতি না করিবেন, ততক্ষণ কেহ অশ্বশালার দ্বার খুলিতে পারিবে না। অর্দ্ধ ঘণ্টা পর্য্যন্ত ঐ দুরন্ত ঘোটকের সহিত সেই বদ্ধ অশ্বশালায় তিনি নিঃশব্দে কথোপকথন করেন, পরে কোন সঙ্কেত করিলে দ্বার খোলা গেলে দেখা যায়, যে ঘোটক শয়ন করিয়া আছে ও তিনি তাহার পার্শ্বে আছেন, যেমত বালকেরা কুক্কুরের নিকটে ক্রীড়া করে, সেই রূপ তিনি তাহার সহিত ক্রীড়া করিতেছেন। সেই সময়াবধি সে ঘোটককে পূর্ব্ব রীতির বৈপরিত্য রীতি সকল শিক্ষা করাইলেও সে তাহা শিক্ষা করে। কোন এক ঘোটকের পায়ে নাল দিবার নিমিত্তে কর্ম্মকারের নিকট আনয়ন করিতে পারা যায় নাই, সেই ঘোটককে বশ করিবার বিষয়ে আমি ঐ ব্যক্তির বিদ্যার প্রভাব দেখিয়াছি, যে দিবস তিনি সেই ঘোটককে বশ করিয়াছিলেন তৎপর দিনে তাহার পায়ে নাল দিবার নিমিত্তে কর্ম্মকারের দোকানে তাহাকে লইয়া গেল, তাহা দেখিতে আমি অনেক দর্শকের সহিত গিয়া স্বচক্ষেতে তৎকর্ম্ম সকল দেখিলাম। আর আমরা অনুমান করিয়াছিলাম, যে ঐ ঘোটককে শান্ত করা যাইবে না কেননা

cess of his art. This, too, had been a troop horse; and it was supposed, not without reason, that, after regimental discipline had failed, no other would be found availing. I observed that the animal seemed afraid whenever Sullivan either spoke or looked at him: how that extraordinary ascendancy could have been obtained, it is difficult to conjecture.

10th Anecdote.

There are some parts of a horse which he cannot reach to rub when they itch, particularly about the shoulder, which he can neither bite with his teeth, nor scratch with his hind foot. When this part itches, he goes to another horse, and gently bites him in the part which he wishes to be bitten; a kind office that is immediately performed, by his intelligent companion. Dr. Darwin once remarked a young foal bite its mother for this purpose. The mare did not choose to drop the grass she had in mouth, and, instead of biting it, merely rubbed her nose against the foal's neck.

In the extensive Moorlands of Staffordshire, the horses stamp upon the gorse furze with their fore feet, in order to break the points of their thorns, which renders it convenient to eat; whereas, in more fertile parts of the country, horses take no such precaution, from want of experience, as it appears, but when they attempt to feed on this shrub, prick themselves till their mouths bleed.

11th Anecdote.

There was a horse, which had been observed to disengage his head from the halter, then to open the door of the stable, and go out, in the middle of the night only, and regale upon corn in a field at a considerable distance from the stable. The horse returned to his stall before the break of day, and had continued this practice some time, without being detected. He adroitly opened the door, by drawing a string fastened to the latch with his teeth. And, it is said, that on returning to the stable he shut the door; but I am not

যোদ্ধারা যখন তাহাকে যুদ্ধে নিয়োগ করিতে পারে নাই তখন অন্য কোন প্রকারে তাহার সুধারা হইতে পারিবে না। যখন সুলিবান সাহেব তাহাকে কিছু বলেন কিম্বা তাহার প্রতি দৃষ্টি করেন তখন বোধ হয়, যে সেই ঘোটক ভয় পায়, কি প্রকারে ঐ সাহেবের এমত শক্তি হইয়াছিল তাহা বলা দুঃসাধ্য।

দশম উপাখ্যান।

যখন ঘোটকেরা স্কন্ধ প্রকৃতি যে স্থান দন্ত কিম্বা পাদদ্বারা চুলকাইতে না পারে, তখন অন্য ঘোটকের নিকট গিয়া তাহার সেই স্থান অতি কোমল রূপে দন্ত দ্বারা কামড়ায় তাহাতে সেই বুদ্ধিমান ঘোটক তাহার অভিপ্রায় বুঝিয়া তৎক্ষণাৎ দয়া পূর্ব্বক তৎ কর্ম্ম সিদ্ধ করে। ডার্বিন সাহেব কহিয়াছেন, যে এক ঘোটক শাবক এই নিমিত্তে তাহার মাতাকে কামড়াইতেছিল তৎকালে তাহার মাতার মুখে ঘাস ছিল, তাহা সে পরিত্যাগ করিতে ইচ্ছা না করিয়া আত্ম নাসিকা দিয়া তাহার সেই স্থান ঘর্ষণ করিয়া দিল।

ইষ্টাফোরডশির প্রদেশের প্রশস্ত আর্দ্র ভূমিতে কণ্টকের ন্যায় ঘাসের সূক্ষ্মাগ্র জন্মে তাহা পদাঘাতে চূর্ণ করিয়া ঘোটকেরা ভক্ষণ করে, কেননা তাহা ভক্ষণে সুগম হয়, কিন্তু তদ্দেশের উর্ব্বরা ভূমিতে এরূপ পরীক্ষা না করিয়া তাহারা তৃণ ভক্ষণ করে, তাহাতে তাহার সূক্ষ্মাগ্র বিদ্ধ হইয়া তাহাদের মুখ দিয়া রক্ত নির্গত হয়।

একাদশ উপাখ্যান।

বেলফাষ্ট নগরে এক ঘোটক গলার দড়ি ও অশ্বালয়ের দ্বার খুলিয়া দুই প্রহর রাত্রিতে দূরস্থ মাঠে শস্য ভক্ষণ করিয়া সূর্য্যোদয়ের পূর্ব্বে ঐ অশ্বালয়ে ফিরিয়া আসিত এই রূপ সে কতক দিবস করিয়াছিল কিন্তু ধরা পড়ে নাই। সে অতি নৈপুণ্য রূপে হুড়কার দড়ি দন্ত দ্বারা টানিয়া অশ্বালয়ের দ্বার খুলিত, কথিত আছে যে সে প্রত্যাগমন করিয়া অশ্বালয়ের

so credulous as to attribute that to design, but rather to the swing of the door, that closed after him without any effort to make it do so.

12th Anecdote.

A baronet, one of whose hunters had never tired in the longest chase, once encouraged the cruel thought of attempting completely to fatigue him. After a long chase, therefore, he dined, and again mounting, rode him furiously among the hills. When brought to the stable, his strength appeared so completely exhausted, that he was scarcely able to walk. The groom, possessed of more feeling than his brutal master, burst into tears at the sight of so noble an animal thus sunk down. Some time afterward, the baronet entered the stable; upon which the horse made a furious spring upon him, and had it not been for the groom's interference, he would indisputably have prevented him from ever again misusing his animals.

13th Anecdote.

There is a most curious little Norway horse, which seems made on purpose to act as a lap-dog to a lady or perhaps carry her reticule from room to room. This horse is really a pretty and perfect little creature, full of sprightliness and docility, and performing its little feats of the Menagery with all the airs of an Arabian, and to all appearance entertaining no notion whatever that it is any less than sixteen hands high, instead of six and twenty inches. It is shown in a little circle, round which it is ridden by a Lilliputian jockey of a stone and a half weight; and the whole forms a pretty pigmy exhibition, under the direction of Messrs. J. De Reiyter, Ross, and Company.

দ্বার বন্ধ করিত কিন্তু ঘোটক স্বেচ্ছায় যে দ্বার বন্ধ করে এমত আমার প্রতীত হয় না কিন্তু বোধ হয় দ্বার ঠেলিয়া ভিতরে গেলেই দ্বার আপনি রুদ্ধ হইত।

দ্বাদশ উপাখ্যান।

এক জন সম্ভ্রান্ত লোকের একটী শিকারি ঘোটক ছিল সে শিকার করত অতিদূরে গেলেও কখন শ্রান্ত হইত না তাহাতে ঐ নিষ্ঠুর ব্যক্তি ঐ ঘোটককে অত্যন্ত শ্রান্ত করিবার নিমিত্তে মনস্থ করিয়া এক দিবস বহুদূর ভ্রমণ করত শিকার করিয়া ভোজনানন্তর পুনর্ব্বার তাহার উপর আরোহণ করিয়া অতি বেগে পর্ব্বতে শিকার করিতে গমন করিলেন। পরে যখন ঐ অশ্বকে অশ্বালয়ে আনা গেল তখন তাহার বল এমত হ্রাস হইয়াছিল যে সে গমন করিতে অত্যন্ত অসমর্থ হইল। ঐ অশ্বের রক্ষক ঐ নিষ্ঠুর প্রভু অপেক্ষা অতি দয়াশীল ছিল এ কারণ ঐ মহৎ পশুর বলের ক্ষান্ততা দেখিয়া ক্রন্দন করিতে লাগিল। কিঞ্চিৎ কালানন্তর অশ্বশালায় ঐ সম্ভ্রান্ত ব্যক্তির গমন করাতে ঐ অশ্ব অত্যন্ত লম্ফ দিয়া তাহার উপর পড়িবার উদ্যোগ করিয়াছিল কিন্তু যদ্যপি ঐ অশ্বরক্ষক তথায় না থাকিত তবে ঐ প্রভুকে এমত শিক্ষা দিত যে সে কখন পশুকে এমত ক্লেশ আর না দেয়।

ত্রয়োদশ উপাখ্যান।

নরওএদেশের একটী অত্যদ্ভুত খর্ব্ব ঘোটক ক্ষুদ্র এক কুক্কুরের ন্যায় সর্ব্বদা এক বিবির নিকট থাকিত এবং সে এক কুঠরি হইতে অন্য কুঠরিতে তাঁহার থল্যা লইয়া যাইত। এই খর্ব্ব ঘোটক অতি সুদৃশ্য ও সুগঠন এবং তাহার চতুরতা ও মেধা ছিল অপর আরবীয় ঘোটকের ন্যায় চিড়িয়াখানার কোন২ অদ্ভুত কর্ম্ম সম্পন্ন করিত। এবং যাহারা দেখে তাহারা বোধ করে যে ইহার উচ্চতা দেড় হাত নহে বরং সাড়ে তিন হাত। কৌতুক দেখিবার নিমিত্তে এক গোলাকৃতস্থানে এই অশ্বের উপর খর্ব্বাকৃতি এক মনুষ্যকে আরোহণ করান যাইত তাহার ওজন সাড়ে দশ সের। মেং জি ডি রাইটর ও রস ইত্যাদি সাহেবদের অধ্যক্ষতার দ্বারা এই খর্ব্বাকারদের কৌতুক দেখা গিয়াছিল

14th Anecdote.

Mr. Waters started at eight o'clock on Thursday, October 17, 1816; from Shoreditch church, and drove his brown mare (which is blind) 50 miles in the short space of four hours and 44 minutes. He went 25 miles out on the Harrow road, and returned to the above church at 46 minutes before one. It is singular to state, during the whole 50 miles the mare never once broke from her trotting, and the chaise in which Mr. Waters rode did not exceed 112 lb. in weight. It was for a bet of 60 guineas, to be performed in five hours: but she won it in good style, and without much apparent fatigue.

15th Anecdote.

A horse, being accustomed to be employed once a week on a journey with the newsman of a provincial paper, always stopped at the houses of the several customers, although they were 60 or 70 in number. But further, there were two persons on the route who took one paper between them, and each claimed the privilege of having it first on the alternate Sunday. The horse soon became accustomed to this regulation; and, although the parties lived two miles distant, he stopped once a fortnight at the door of the half-customer at Thorpe, and once a fortnight at that of the other half-customer at Chertsey, and never did he forget this arrangement, which lasted several years, or stop unnecessarily, when he once thoroughly understood the rule.

চতুর্দ্দশ উপাখ্যান।

১৮১৬ শালে ১৭ অক্টোবর মাসে বৃহস্পতিবারে বেলা আট ঘণ্টার সময় ওয়াটর্স সাহেব সোরডিচ গির্জাহইতে তাহার ধূম্র বর্ণ এক অশ্ব ঘোটকীকে শকটে যোগ করিয়া চালাইয়া ছিলেন তাহাতে ৪ ঘণ্টা ৪৪ মিনিটের মধ্যে ২৫ ক্রোশ পথ ভ্রমণ করিলেন। তিনি হ্যারো নামক পথে ১২ ।। ক্রোশ পর্য্যন্ত গমন করিয়া উক্তগির্জার নিকটে এক ঘণ্টার ৪৬ মিনিট থাকিতে পুনর্ব্বার ফিরিয়া আসিয়াছিলেন। এ বড় আশ্চর্য্য যে ক্রমশঃ ২৫ পঁচিশ ক্রোশ ভ্রমণ করাতে ঐ ঘোটকী একবারও থামে নাই এবং যে শকটে ওয়াটর্স সাহেব আরোহণ করিয়াছিলেন ঐ শকট ভারেতে এক মোন ষোল সেরের অধিক নহে। ইহাতে তিনি এক পণ করিয়াছিলেন যে যদ্যপি ঐ পাঁচ ঘণ্টার মধ্যে ফিরিয়া আসিতে পারি তবে ছয়শত টাকা পাইব। কিন্তু তাহাতে ঐ ঘোটকী ব্যাকুলা শ্রান্তা না হইয়া ঐ পণেতে জয় প্রাপ্তা হইল।

পঞ্চদশ উপাখ্যান।

পল্লিগ্রামস্থ সম্বাদ পত্র বিলিকারক এক ব্যক্তি সপ্তাহের মধ্যে এক দিন এক অশ্বারোহণ করিয়া তৎপত্রগ্রাহকদের বাটীতে যাইত। তাহাতে ঐ অশ্ব ৬০ কিম্বা ৭০ জন গ্রাহকদের বাটী চিনিয়া প্রত্যেক গ্রাহকের বাটীর নিকটে যাইয়া স্থগিত হইত অধিকন্তু পথি মধ্যে এক পত্রের গ্রাহক দুই জন ছিল। তাহাদের মধ্যে এই নিয়ম ছিল যে এক রবিবারের প্রথমে এক জন কাগজ পাইবেন এবং অন্য রবিবারের প্রথমে আর এক জন পাইবেন। এই নিয়ম ঐ ঘোটক শীঘ্র এমত অভ্যাস করিয়াছিল যে যদ্যপি ঐ দুই জন এক ক্রোশ অন্তর বাস করিত তথাপি এক রবিবারে থর্প নামক স্থানে এক অংশির বাটীতে ও অন্য রবিবারে চর্টসি নামক স্থানে তাহার আর এক অংশির বাটীতে যাইয়া স্থগিত হইত কিন্তু সে বহুকালাবধি এই নিয়ম বিস্মৃত হয় নাই এবং আবশ্যক ব্যতিরেকে সে কোন স্থানে স্থগিত হইত না। এই নিয়ম সে উত্তম রূপে অভ্যাস করিয়াছিল।

ANIMAL BIOGRAPHY,

PART II.—No. III.

THE ASS.

অশিষ্ট সুধীর গাদা পায় বহুক্লেশ।
বড় বড় বোঝা লয়ে ভ্রমে নানা দেশ।।
গাদা করে মানবের নানা উপকার।
নিষ্ঠুর মানব তারে করয়ে প্রহার।।

THE ASS

When the cows calve, they hide their calves for a week or ten days in some sequestered situation, and go and suckle them two or three times a day. If any person come near the calves, they clap their heads close to the ground, and lie like a hare in form, to hide themselves. This is a proof of their native wildness, and is corroborated by the following circumstance, that happened to an author, who found a hidden calf, two days old, very lean and very weak:—On stroking its head, it got up, pawed two or three times like an old bull, bellowed very loud, stepped back a few steps, and bolted at his legs with all its force; it then began to paw again, bellowed, stepped back and bolted as before; but knowing its intention he stepped aside, and it missed him, fell, and was so very weak that it could not rise, though it made several efforts: but it had done enough, the whole herd were alarmed and coming to its rescue, obliged him to retire, for the dams will allow no person to touch their calves without attacking them with impetuous ferocity.

When any one happens to be wounded, or is grown weak and feeble through age or sickness, the rest of the herd set upon it and gore it to death.

মারিলে তাহাকে পরাজয় করা যাইত না। ঐ সময়ে ঐ ষাঁড় চতু- র্দ্দিগস্থ গোলন্দাজদের জয়োল্লাস ধ্বনি শ্রবণ করিয়া এবং আঘাতে ব্যথিত হইয়া অত্যন্ত ভয়ানক মূর্ত্তি প্রকাশ করিত কিন্তু নাঃ দৈব ঘটনা প্রযুক্ত সংপ্রতি এই আপদীয় ধারা প্রায় ব্যবহার্য্য হয় না কেননা কেবল উপবন রক্ষক একটা বন্দুক লইয়া সচরাচর এক গুলিতেই তাহারদিগকে বধ করে।

এই বন্যগরু যৎকালে প্রসব হয় তৎকালে ৭ কিম্বা ১০ দিবস পর্য্যন্ত ঐ বৎসদিগকে এক গোপনীয় স্থানে লুকাইয়া রাখে এবং দিনের মধ্যে দুই তিন বার তথায় গিয়া তাহাদিগকে দুগ্ধ পান করায়। যদ্যপি কোন ব্যক্তি ঐ বৎসদিগের নিকটে আইসে তবে তাহারা লুকাইয়া খরগোষের ন্যায় পড়িয়া থাকে। বন্যগরুর এই এক প্রমাণ; এক গ্রন্থকর্ত্তা দুই দিনের একটা লুক্কায়িত বৎস অতিক্ষীণ দেখিয়াছিলেন, এবং তৎকর্ত্তৃক পশ্চাৎ লিখিত বৃত্তান্তদ্বারা ঐ পূর্ব্বোক্ত কথা দৃঢ় রূপে সপ্রমাণ হইয়াছে। তাহার মস্তকে হস্ত মর্দ্দন করণেতে সে গাত্রোত্থান করিয়া বৃদ্ধ ষাঁড়ের ন্যায় দুই তিনবার সম্মুখে পা ফেলিয়া চীৎকার শব্দ করিত কিন্তু পশ্চাৎভাগে কএক পা গমন করিয়া সম্যকবল প্রকাশ করত ঐ ব্যক্তির পা বদ্ধ হইল এবং পুনর্ব্বার পূর্ব্ব রীত্যনুসারে ঐ রূপ করিল এবং ঐ ব্যক্তি তাহার মনস্থ জানিয়া একপার্শ্বে গমন করিল এবং ঐ বৎস তাহাকে না দেখিয়া এমত দুর্ব্বল হইল যে অনেক চেষ্টাতেও উঠিতে পারিল না কিন্তু সে শক্ত্যনু- সারে এই রূপ করিয়া ক্লান্ত হইলে পর তাহার ঐ ভয়ানক শব্দ শুনিয়া পাল সকল তথায় রক্ষার্থে আসিয়া তন্নিকটস্থ ব্যক্তিকে পলায়ন করিতে আজ্ঞা করিল, কেননা তাহারদের বৎসকে যাহারা স্পর্শ করিতে যায়, তাহারদিগকে অত্যন্ত বল প্রকাশ পূর্ব্বক ভয়ানক রূপে আক্রমণ করে।

যখন তাহাদের মধ্যে কোন গরু আঘাত পায় এবং বয়সে কিম্বা রোগেতে দুর্ব্বল হয় তখন তাহারা তাহাকে পাদ দ্বারা মাড়াইয়া নষ্ট করে।

The Urus, or Wild Bull

Is chiefly to be met with in the extensive forests of Lithuania. It grows to a size almost equal to the elephant, and is quite black; the eyes are red and fiery, the horns thick and short, and the forehead covered with a quantity of curled hair; the neck is short and strong, and the skin has an odour of musk. The female, though not so big as the male, exceeds the largest of English bulls in size; nevertheless, her udder is extremely small. Upon the whole, however, this animal, which greatly resembles those of the tame kind, probably owes its variety to its natural wildness and the richness of the pastures where it is produced.

The Musk-Bull

Inhabits the interior parts of North America on the west side of Hudson's Bay, between Church-hill and Seal rivers. They are very numerous in those parts, and live in herds of twenty or thirty. The Indians eat the flesh, and make coverings of their skins. They are brought down in sledges, to supply the forts during the winter. Notwithstanding the flesh is said to have a strong flavour of musk, it is reckoned very good and wholesome. The musk-bull is somewhat lower than a deer, but more bulky, its legs short, and it has a small hump on its shoulder; its hair is of a dusky red colour, very fine, and so long as to reach to the ground. Beneath the hair, its body is covered with wool of an ash colour which is exquisitely fine, and might be converted into various articles of useful manufacture. Mr. Jeremie says that stockings made of it are finer than silk. Its tail is only three inches long, and is covered with long hair of which the Esquimaux Indians make caps, which are so contrived, that the long hair falling round their faces defends them from the bites of the musquitos.

ইউরস জাতীয় বন্য ষাঁড়ের বিবরণ।

লিথিউএনিয়া দেশের প্রশস্ত বনে ইউরস অর্থাৎ বন্যষাঁড় অধিক পাওয়া যায়। ইহার আকার হস্তির ন্যায় ও সমুদয় কৃষ্ণবর্ণ, আর চক্ষু রক্ত বর্ণ ও অগ্নির ন্যায় প্রজ্বলিত, শৃঙ্গ মোটা ও খর্ব্ব এবং কপাল কোঁকড়া২ চুল দ্বারা আবৃত; ঘাড় খর্ব্ব ও শক্ত, এবং চর্ম্মেতে মৃগ নাভির গন্ধ আছে। আর ইহার স্ত্রী গো পুং গোর মত বড় নহে, তথাপি ইংরাজদের বড়২ ষাঁড় অপেক্ষা বৃহৎ, কিন্তু তাহার দুগ্ধের পালান অত্যন্ত ক্ষুদ্র। পালিত ষাঁড়ের সহিত ইহার গঠনের অনেক ঐক্য হয়, কিন্তু ইহার প্রভেদের কারণ এই যে এ স্বাভাবিক বন্য, ও ইহার জন্মস্থানে খাদ্যসামগ্রী অধিক পাওয়া যায়।

মস্কবুল।

উত্তর আমেরিকার মধ্য দেশে চর্চহীল ও সীল এই উভয় নদীর মধ্য স্থানে হাডসনসবের পশ্চিমপারে মস্কবুল নামক গো বাস করে। তাহা ঐ স্থানে অসংখ্য পাওয়া যায় ২০ কিম্বা ৩০ টা একত্রে দল বদ্ধ হইয়া থাকে। তথাকার লোকেরা তাহার মাংস ভক্ষণ করে ও তাহার চর্ম্ম লইয়া গাত্র বস্ত্র করে, এবং শীত- কালে তাহাদিগকে মারিয়া খাইবার নিমিত্তে এক চাকার গাড়ী করিয়া আনে, ও তাহার মাংসের অতিশয় গন্ধ থাকিলেও তা- হারা ভাল জ্ঞান করে। মস্কবুল হরিণ অপেক্ষা কিছু ছোট কিন্তু স্থূল, ইহার পা খর্ব্ব এবং স্কন্ধোপরি ক্ষুদ্র একটা কুঁজ আছে ইহার চুল কেঁসাটে রক্তবর্ণ ও বড় সূক্ষ্ম ও এমত লম্বা যে মাটিতে লুটাইয়া যায়। ইহার চুলের মধ্যে২ কেঁসাটে রঙ্গের যে পশম আছে তাহা অতি উৎকৃষ্ট তাহাতে নানা প্রকার উত্তম২ দ্রব্য প্রস্তুত হয়। জেরমি সাহেব কহেন যে ইহার চর্ম্মের মোজা রেসমের মোজা অপেক্ষা উত্তম। ইহার লেজ তিন বুরুল লম্বা এবং চুল দ্বারা তাহা আবৃত ঐ চুলেতে স্কুইমাইণ্ডিয়ানেরা টুপি নির্ম্মাণ করে, ঐ টুপী মস্তকে দিলে ঐ সকল চুলে মুখ এমত আচ্ছাদিত হয় যে তাহাতে মশকেরা মুখে দংশন করিতে পারে না।

These animals delight chiefly in rocky and mountainous countries: they are nimble, and are very active in climbing steep ascents.

The cow or female differs from the male in having the horns much smaller, and placed at the distance of nine inches from each other, at the base: they are seated on the sides of the head and are of a whitish colour, about thirteen inches long, and eight inches round at the base: their curvature resembles that of the bull: the ears are erect, three inches long, somewhat sharp pointed, and thickly lined with dusky hair, marked with a white stripe.

Captain Franklin, in his journey to the Polar sea, has given the following account of the habits of this species: "The musk-oxen, like the buffalo, herd together in bands, and generally frequent barren grounds during the summer months, keeping near the rivers, but retire to the woods in winter. They seem to be less watchful than most other wild animals. When two or three men get so near a herd as to fire at them from different points, these animals, instead of separating or running away, huddle closer together, and several are generally killed; but if the wound is not mortal they become enraged, and dart in the most furious manner at the hunters, who must be very dexterous to evade them. They can defend themselves by their powerful horns against wolves and bears, which as the Indians say, they most frequently kill.

এই পশুরা প্রায় পর্ব্বতে থাকিতে ভাল বাসে তাহারা বড় চতুর ও উচ্চস্থানে লম্ফ দিতে বড় ক্ষমতাপন্ন হয়।

এই জাতীয় গরুর অতি ছোট শৃঙ্গ হওয়াতে ষাঁড় হইতে ভিন্ন হয় এবং শৃঙ্গ ৯ বুরুল গোড়াতে পরস্পর হইতে অন্তর ঐ শৃঙ্গ মাথার পার্শ্বে আছে তাহা ঈষৎ শ্বেতবর্ণ, ১৩ বুরুল বড়, এবং ৮ বুরুল গোড়াতে গোল, ও ধাঁড়ের শৃঙ্গের মত বক্র, কান সোজা ৩ বুরুল লম্বা আর আগাটা কিছু সংকীর্ণ ও কটা চুলের সহিত পূর্ণ, ও এক শাদা রেখায় চিহ্নিত আছে।

কাপ্তেন ফ্রাঙ্কলিন সাহেব উত্তর কেন্দ্রস্থ সমুদ্রে ভ্রমণ করিতে গিয়া এই পশুর যে রূপ আচরণ দেখিয়াছিলেন তাহা আমরা নীচে লিখিতেছি। মস্ক নামক বলদেরা মহিষের ন্যায় দল বদ্ধ হইয়া গ্রীষ্মকালে ঊষর ভূমিতে ভ্রমণ করিতে গিয়া নদীর নিকটে থাকে এবং শীতকালে বন মধ্যে যায়। এবং যখন চরে তখন তাহারা অন্য পশু অপেক্ষা অল্প সাবধানে থাকে আর যখন নানা দিক হইতে দুই তিন জনলোক গুলি করিবার কারণ তাহাদের দলের নিকট যায় তখন এই পশুরা ছিন্ন ভিন্ন না হইয়া ও না দৌড়িয়া একত্র হয় একারণ এককালেই প্রায় অনেক নষ্ট হয়, কিন্তু যদ্যপি সাংঘাতিক আঘাত না পায় তবে তাহারা অত্যন্ত ক্রোধান্বিত হইয়া শিকারির উপর ঝাঁপিয়া পড়ে তাহাতে তাহারা যদি বড় চালাক হয় তবেই পলাইতে পারে। তাহারা শক্ত শৃঙ্গ দ্বারা নেকড়িয়া বাঘ ও ভালুক হইতে রক্ষা পায় তত্রস্থ লোকেরা কহে যে ইহারা তাহাদিগকে সর্ব্বদা নষ্ট করে;

The musk-oxen feed on the same substance with the rein-deer, and the prints of the feet of these two animals are so much alike, that it requires the eye of an experienced hunter to distinguish them.

Hearne states that he has seen many herds of musk-oxen in the high northern lattitudes, during a single day's journey, and some of these herds contained from eighty to a hundred individuals, of which number a very small proportion were bulls, and it was quite uncommon to see more than two or three full-grown males even with the largest herds.

রেনডিয়ার নামক হরিণেরা যাহা খায় তাহাই এই পশুরা ভক্ষণ করে, এই দুই পশুর পদচিহ্ন এমত অভেদ যে এক জন শিকারি বড় বিচক্ষণ না হইলে প্রভেদ করিতে পারে না।

হিরনি সাহেব কহেন যে তিনি উত্তর কেন্দ্রের নিকট একদিন ভ্রমণ করিয়া এই পশুর অনেক দল দেখিয়াছিলেন সেই সকল দলের মধ্যে কোন২ দলে ৮০ অবধি ১০০ একশতের মধ্যে পশু ছিল. ঐ সকল দল মধ্যে পুং গো অতি অল্প ছিল; কেননা বড়২ পালের মধ্যে দুইতিনটার অধিক দেখা যায় নাই।

ANIMAL BIOGRAPHY,

PART II.—No. V.

মহিষের নানা গুণ আছে ভারি ভারি ।
নানা মতে মানবের হয় উপকারী ।
কৃষকের কৃষিকর্ম্ম করয়ে বিস্তর ।
বড় ২ গাড়ি টানে নাহয় কাতর ॥
বহু দুগ্ধ দেয় তাহে হয় নানা দ্রব্য ।
তথাপি তাহারে বলি দিয়ে করে গর্ব্ব ॥
অহঙ্কারে মানব হইয়া হত জ্ঞান ।
উপকারে উপকার নাহি করে জ্ঞান ॥

THE BUFFALO.

THE buffalo appears to be so closely allied to our common ox, that without an attentive examination, it might be easily mistaken for a variety of that animal.* In point of size it is rather superior to the ox, and, upon an accurate inspection, it is observed to differ in the shape and magnitude of the head, the latter being larger than the ox; the forehead is more elevated, the muzzle of a longer form, much larger, square and less depressed. But it is chiefly by the structure of the horns that the buffalo is distinguished, these being of a shape and curvature altogether different from those of the ox. They are of a gigantic size, in proportion to the bulk of the animal, and of a compressed or depressed form, with a sharp exterior edge, for a considerable length from their base, these horns are straight, and then bent slightly upwards. The prevailing colour of them is dusky, or nearly black. The buffalo has no dewlap: his tail is small and destitute of vertebræ near the extremity, and his ears long and pointed. The teats of the buffalo, are four in number.

This animal has an appearance of uncommon strength. His aspect is ferocious and malignant, at the same time that his physiognomy is strongly marked with features of stupidity: his head is of a very large size, his forehead convex, his eyes diminutive, and his muzzle flat, and what serve to render his visage still more savage are the tufts of frizzled hair which hang down from his cheeks and the lower part of his muzzle.

মহিষের বৃত্তান্ত।

বলদের সহিত মহিষের এমন ঘনিষ্ঠতা আছে যে সূক্ষ্মরূপে বিবেচনা না করিলে ভ্রমক্রমে তাহাকে এক প্রকার বলদ জ্ঞান করা যায়। মহিষের আকৃতি ও পরিমাণ বলদ অপেক্ষা বড়, কিন্তু ভাল বিবেচনা করিলে বলদের মস্তক অপেক্ষা গুরুত্বা, ও গঠন দ্বারা ইহার মস্তকের অনেক ভিন্নতা বোধ হয়, কেননা ইহার মস্তক তদপেক্ষা বড় ও ইহার কপাল উচ্চ এবং ইহার মুখ কিছু স্থূল ও লম্বা ও চক্ষুঃকোণ এবং অল্প নিম্ন; কিন্তু শৃঙ্গের গঠন ও বক্রতার দ্বারা বলদের সহিত প্রধান রূপে বিশেষ করা যায়। তাহাদিগের শৃঙ্গ শরীরানুসারে বৃহৎ, ও চাপা, এবং নিম্নভাগে বক্র, আর শৃঙ্গের পার্শ্ব ভাগ বড় সুধার; শৃঙ্গের মূল অবধি কিয়দ্দূর পর্য্যন্ত সরল, পরে ক্রমে২ বক্র হইয়া ঊর্দ্ধে উঠিয়াছে। ইহাদিগের সাধারণ রঙ্গ কেঁদাটিয়া হয় অর্থাৎ প্রায় কাল। মহিষের গল কম্বল নাই, ইহার লেজ ক্ষুদ্র ও তাহার শেষভাগ অস্থি রহিত, তাহার কর্ণ লম্বা ও সূচলা এবং ইহার বাঁট চারিটা।

. আকৃতি দ্বারা বোধহয় যে এই পশুর অধিক বল আছে। ইহার মূর্ত্তি অতি ভয়ঙ্কর ও জিঘাংসু এবং মূর্খতাজ্ঞাপক, তাহার মস্তক বৃহৎ ও কপাল গোলাকৃতি, চক্ষু ক্ষুদ্র এবং মুখ চেপ্টা আর তাহার দাড়িতে ও গালে কতগুলা চাঁচর চুল ঝোলে এজন্য তাহাকে আরও ভয়ঙ্কর দেখায়।

Most commonly the buffalo is entirely of a blackish colour, with the exception of the hair at the top of the forehead. and the tuft at the extremity of the tail, which are of a yellowish white colour. The skin itself is also of a black colour. Notwithstanding, we meet with descriptions in the works of travellers of white, grey, and reddish or bay buffaloes. In Europe they are, however, sometimes whitish on the insides of the limbs, and Sonnini records an example of one, which he saw in Egypt, which had all the legs, belly, and sides perfectly white. It varies, however, greatly as to the length and thickness of its hair, and is sometimes seen nearly naked.

This animal is originally a native of the hotter parts of India and Africa, from whence it is said to have been introduced into Italy; and is now completely naturalized to the climate of the south of Europe. Buffon endeavours to prove that the animal we are acquainted with at this day under the name of buffalo was altogether unknown to the ancient Greeks or Romans.

The buffalo grows in some countries to an extremely large size. Mr. Pennant quotes a pair of horns in the British Museum in proof of this, which are six feet and a half long, and the hollow of which will hold five quarts. Jerome Lobo, in his account of Abyssinia, affirms that some of the horns of the buffaloes of that country will hold ten quarts, and Dillon saw some in India which were ten feet long: they are sometimes wrinkled, but generally smooth. The distance between the two horns of the buffaloes is commonly about five feet. Wild buffaloes occur in many parts of Africa and India: in Malabar, and the Islands of Borneo and Ceylon, they are abundant, and are considered as excessively fierce and dangerous animals. There the buffaloes grow to twice the size of the largest oxen of England, and are called elephant bulls, not only on account of their vast size, but from their naked black skin resembling that of an elephant.

কপালের উপরিভাগের ও লেজের অন্তভাগের চুল ব্যতিরেক আর প্রায় তাবৎ শরীর ঈষৎ কৃষ্ণবর্ণ, কেননা ঐ দুই স্থানের চুল পীত বর্ণ মিশ্রিত শুক্ল বর্ণ, ইহার চর্ম্মের রঙ্গ ও কাল, তথাপি ভ্রমণকারিদের গ্রন্থে শাদা, পিঙ্গল এবং অল্পরক্তবর্ণ মহিষের বিবরণ পাঠ করা গিয়াছে। ইউরোপে কখন২ মহিষের অঙ্গের ভিতর ঈষৎ শাদ দেখা যায়, শনিনি নামক এক ব্যক্তি মিসরদেশে এক মহিষ দেখিয়াছিলেন, তাহার পা, পেট, ও পার্শ্ব সমুদয় শাদা। তাহার চুল লম্বাতে ও স্থূলে অধিক পরিবর্ত্ত হয় আর কখন২ তাহাকে প্রায় নির্লোম দেখা যায়।

এই পশু ভারতবর্ষ ও আফ্রিকার অতি উষ্ণ স্থানে প্রথম জন্মে ও তথা হইতে ইটালি দেশে আনা গিয়াছিল, এবং এইক্ষণে ইউরোপের দক্ষিণে ইহার স্বাভাবিক জন্মস্থান হইয়াছে। বফন সাহেব প্রমাণ দেন যে এইক্ষণে যে পশুকে আমরা মহিষ কহি তাহাকে পূর্ব্বে গ্রীকেরা ও রোমাণেরা সম্পূর্ণ রূপে অজ্ঞাত ছিল।

কোন২ দেশে মহিষের আকার অত্যন্ত বড় হইয়া থাকে, ইহার প্রমাণার্থে পেনাণ্ট সাহেব কহেন যে বৃটিস্ মিউজিয়াম নামক অদ্ভুত দ্রব্যাগারে দুইটা মহিষের শৃঙ্গ আছে তাহার পরিমাণ ৬॥ ছয় ফিট, এবং সেই শৃঙ্গের মধ্যে ও সের দ্রব্য ধরে। জিরম লবো সাহেব এবিসিনিয়া দেশের বিবরণে কহেন যে সেই দেশের মহিষের শৃঙ্গের মধ্যে ১০ সের পর্য্যন্ত দ্রব্য ধরে; ভিলন সাহেব ভারতবর্ষে কতগুলি শৃঙ্গ দেখিয়াছিলেন তাহার একটার পরিমাণ ১০ ফিট লম্বা, তাহাদের মধ্যে কোন২ শৃঙ্গটা কোঁকড়া২ কিন্তু প্রায় সরল। মহিষের উভয় শৃঙ্গের অন্তরতা প্রায় ৫ ফিট। আফ্রিকা ও ভারতবর্ষের অনেকস্থানে বন্য মহিষ পাওয়া যায়। মালাবার ও বোরনিও এবং লঙ্কা উপদ্বীপে ও অনেক পাওয়া যায় এবং তত্রস্থ লোকেরা তাহাদিগকে অত্যন্ত ভয়ানক ও আপদীয় বোধ করে, তথাকার মহিষের আকার ইংলণ্ডের বলদের দ্বিগুণ এবং তাহাদিগকে হস্তি ষাঁড় নামে আহ্বান করা যায় কেননা তাহাদিগের আকার বৃহৎ, ও হস্তির ন্যায় চর্ম্ম সকল লোম রহিত ও কৃষ্ণ বর্ণ।

In a state of wildness the buffaloes live in the forests, and go about in great troops. The hunting of these animals is a favourite but very dangerous pursuit among the Indians, and requires the greatest share of dexterity. The hunters never venture in any numbers to oppose these ferocious animals face to face, but conceal themselves in the thickets, or among the branches of the trees, from whence they strike their javelins upon the buffaloes as they pass below them. The people are very fond of the flesh, which is affirmed by some to be hard and indifferently flavoured. They derive a considerable trade in the skins and horns of the buffalo, which for many purposes are far more useful than those of the ox. In the Mogul dominions it is no uncommon circumstance to ensnare the wild buffalo, the lion or the tiger, in nets, when the people amuse themselves, before they put them to death, by forcing them to combat each other, and it is said that instances have occurred in which the buffalo has proved victorious over these powerful antagonists, by attacking one when he had overcome the other. Thunberg, in his travels through Japan, speaks of having seen in the environs of Miaco, buffaloes with a hunch on the back, but from this peculiarity it has been thought most likely that it was the Zebu which that traveller observed, and not a variety of the buffalo.

The domestic buffalo is much cultivated in Egypt, where according to Sonnini it yields plenty of excellent milk, from which butter is made, as well as several kinds of cheese. The buffalo (says that writer) is an acquisition of the modern Egyptians, with which their ancestors were unacquainted. It was brought over from Persia into their country, where the species is at present universally spread, and is very much propagated. It is

বন্য অবস্থাতে মহিষেরা বনে বাস করে, এবং অনেকে দলবদ্ধ হইয়া ভ্রমণ করে। ভারতবর্ষীয় লোকেরা ইহা শিকার করিতে ভাল বাসে বটে, কিন্তু ইহা বড় আপদীয় হয়, এবং ইহা শিকার করিতে অনেক চতুরতা আবশ্যক করে। শিকারিরা এক জন কিম্বা অনেকে এই ভয়ানক পশুর সম্মুখে কখন আক্রমণ করে না কিন্তু বন মধ্যে অথবা গাছের ডালে লুক্কায়িত হইয়া থাকে, যখন মহিষেরা সেই গাছের তলা দিয়া যায় তখন তাহারা তথাহইতে গুল্লী নিক্ষেপ করে। তত্রস্থ লোকেরা তাহার মাংস অত্যন্ত ভাল বাসে এবং কহে যে ইহার মাংস বড় শক্ত ও কিঞ্চিৎ সুস্বাদু হয়। তাহারা ইহার চর্ম্ম ও শৃঙ্গদ্বারা অনেক লভ্য করে কেননা ইহার শৃঙ্গ ও চর্ম্ম বলদের শৃঙ্গ ও চর্ম্ম অপেক্ষা অধিক প্রয়োজনার্হ হয়। মগোলরাজ্যের লোকেরা সিংহ ও ব্যাঘ্র এবং বন্য মহিষ সকল মচরাদির জাল দ্বারা ধরে এবং তাহাদিগকে মারিবার পূর্ব্বে পরস্পর যুদ্ধ করাইয়া আমোদ করে, তাহাতে কখন২ এমনও ঘটিয়াছে, যে মহিষ ঐ সকল বলবান পশুকে ক্রমে জয় করিয়া আপনি জয়ী হইয়াছে। থানবরগ জাপনদেশ ভ্রমণ করিয়া তদ্বিবরণ যে লিখিয়াছিলেন তাহাতে কহিয়াছেন যে তিনি সেযানের অন্তঃপাতি স্থানে সকুজ মহিষ দেখিয়াছিলেন কিন্তু এই বিশেষ চিহ্ন দ্বারা অনুমান হয় যে ঐ ভ্রমণকারী যাহা দেখিয়াছেন সে মহিষ জাতি নহে কিন্তু ভিন্ন জাতি গোরু হইতে পারে।

মিসর দেশে অনেক মহিষ পালিত হয়, শনিনি সাহেব কহেন যে তথায় তাহারা অধিক উৎকৃষ্ট দুগ্ধ প্রদান করে তাহাতে মাখন ও না২ প্রকার পনির প্রস্তুত হয়। ঐ গ্রন্থকর্ত্তা কহেন মিসর দেশের লোকেরা এই পশুকে সম্প্রতি পাইয়াছে, পূর্ব্বে তাহাদের পূর্ব্ব পুরুষেরা ইহা জ্ঞাত ছিল না। এই পশু পারস দেশহইতে ঐ দেশে আনা গিয়াছিল, কিন্তু এইক্ষণে তথাকার সর্ব্বস্থানে ঐ

even more numerous than that of the common ox, and is there equally domestic, though but recently domesticated, as is easily distinguishable by the constant uniform colour of the hair, and still more by a remnant of a ferocity and intractability of disposition, and a wild and lowering aspect, the characters of all half-tamed animals.

The buffaloes of Egypt, however, are not near so wild nor so much to be feared as those of other countries. They there partake of the very remarkable gentleness of other domestic animals, and only retain a few sudden and occasional caprices. The sight of any thing red, which is said to make them fly into fits of ungovernable fury elsewhere, makes no impression on those of Egypt. The inhabitants of the country, besides their red turban, wear also in general another shawl of the same colour, which envelopes the neck and chest, and it has never been observed that the sight of either at all affected the buffaloes. They are so fond of water, that they are seen to continue in it the whole day. It often happens that the water which is fetched from the Nile near its banks has contracted their musky smell.

These animals multiply more readily than the common ox. They are also more robust, better capable of bearing fatigue, and, generally speaking, less liable to distempers. They are therefore employed to advantage in different kinds of labour. Buffaloes are made to draw heavy loads, and are commonly directed or restrained by means of a ring passed through the nose. The two buffaloes yoked, or rather chained to a cart,

পশুর অতিশয় বংশবৃদ্ধি হইয়া ব্যাপ্ত হইয়াছে। তথায় এই পশু সামান্য বলদ অপেক্ষা অধিক হইয়াছে এবং ইহা বলদের মত সমান পোষ্য কিন্তু বোধ হয় যে এই পশু সম্প্রতি পালিত হইয়াছে কেননা ইহার চুলের রঙ্গ সমান আছে আর অবাধ্য স্বভাব ও বন্যতার কিয়দংশ অদ্যাপি আছে আর তাবৎ আদ পোষা পশুর মত বন্য ও ঘোর স্বভাবও তাহাতে আছে।

মিসরদেশের মহিষ এত বন্য ও ভয়জনক নহে যেমন অন্যান্য দেশের মহিষ; তাহাতে অন্য পালিত পশুর আশ্চর্য্য নম্রতা কিছু আছে কিন্তু তাহারা কখনং হঠাৎ অসম্ভব ইচ্ছান্বিত হয়। কথিত আছে যে রক্তবর্ণ বস্ত্র দেখিলে তাহাদের অশাম্নীয় রাগ উপস্থিত হয়, কিন্তু মিসর দেশে রক্তবর্ণ কোন বস্ত্র দেখিলে তাহারা কিঞ্চিৎমাত্রও রাগান্বিত হয় না। ঐ দেশের লোকেরা লাল পাগড়ি ব্যতিরেকেও ঐ রঙ্গের শাল কোমরে এবং গলায় জড়ায় এবং দেখাগিয়াছে যে ইহার কিছুতেই মহিষদের রাগ হয় না। তাহারা জল এমত ভালবাসে যে তাহাদিগকে সমস্ত দিন জলে থাকিতে দেখাগিয়াছে সর্ব্বদা নীল নদীর কিনারা হইতে যে জল আনাযায় তাহাতে তাহারদিগের সুগন্ধ পাওয়া যায়।

এই সকল পশুর বংশ সামান্য বলদ অপেক্ষা শীঘ্র বৃদ্ধি হয়। ইহারা বলদ অপেক্ষা অধিক শক্তিমান্ ও পরিশ্রম অনেক সহ্য করিতে পারে, এবং তাহাদের পীড়া সাধারণ এই নিমিত্তে তাহাদিগকে নানা প্রকার কর্ম্মে নিযুক্ত করা যায় এবং বড়ং ভারী বোঝা টানিতে তাহাদিগকে ব্যবহার করে। তাহাদিগের নাসিকার মধ্যে একটা আংটা দেওয়া যায় তদ্দ্বারা তাহাদিগকে থামান ও চালান যায়। দুইটা মহিষকে একটা জোঁয়ালি কিম্বা গাড়িতে যোগকরিলে চারিটা ঘোড়া অপেক্ষা অধিক টানিতে

are able to draw as much as four strong horses. As they carry their neck and head low, the whole weight of their body is employed in drawing, and their mass much surpasses that of a labouring horse. In its habits, the buffalo is much less cleanly than the ox, delighting to wallow in the mud; and, next to the hog, may be considered as the dirtiest of domesticated quadrupeds. His voice is deeper, more uncouth and hideous than that of the bull. The milk of the female buffalo is said by some authors to be not so good as that of the cow, but it is more plentiful, and is used for the purpose of the dairy in the warmer regions. Buffon affirmed that the milk is far superior to cow's milk, not only in taste but colour, and that it makes the most excellent butter, cheese, &c. The skin and horns are of more value than all the rest of the animal; the former being of extreme strength and durability, and consequently well adapted for various purposes in which strong leather is required; the latter are of a fine grain, strong, and bear a good polish, and are therefore in much esteem with cutlers and artificers. Italy is the country where buffaloes are more common in a domesticated state, being used there as in India, both for the dairy and the draught. The parts in which they are most successfully cultivated are the districts of the Pontine Marshes and those of Sienna. The Spaniards are attentive to this race of cattle, and indeed the cultivation of this useful animal seems to be pretty general in all countries on the borders of the Mediterranean Sea both in Europe and Africa.

For so robust a creature, the buffalo is of a delicate constitution, and suffers equally by an excess of cold or heat. In the summer it retires to shady places or into the water, in which it takes the greatest delight; and in winter, retreats to the warmer coverts, or the recesses and shelter of the forests. This instinctive quality of the animal seems to imply that the buffalo originated rather in temperate climates than in such as either very hot or cold.

শক্ত হয়। তাহারা বোঝা টানিতে সর্ব্বদা নিযুক্ত থাকে কেননা তাহারা ঘাড় ও মস্তক নিম্ন করিয়া চলে, ভারবাহক ঘোড়ার আকার অপেক্ষা তাহাদিগের শরীর বড়। বলদ অপেক্ষা ইহার শরীর অল্প পরিষ্কার, কারণ তাহারা সর্ব্বদা কর্দ্দমেতে শয়ন করিয়া থাকিতে ভালবাসে, এবং যত পালিত পশু আছে তাহার মধ্যে অপরিষ্কার বিষয়ে শূকরের নীচে এই পশু গণিত হয়। ইহার শব্দ ষাড় অপেক্ষা গম্ভীর ও কুৎসিত এবং ভয়ানক হয়। কোনং গ্রন্থকর্ত্তারা কহেন যে ইহার দুগ্ধ গরুর দুগ্ধের মত উত্তম নহে, কিন্তু অধিক দুগ্ধ দেয়, ইহার দুগ্ধ উষ্ণস্থানে গোপ গৃহে অধিক ব্যবহার্য্য হয়। বফন সাহেব কহেন যে ইহার দুগ্ধ গরুর দুগ্ধ হইতে কেবল স্বাদুতে বড় এমত নহে কিন্তু বঙ্গে ও এবং ইহাতে অতি উত্তম মাখন ও পনির ইত্যাদি দ্রব্য প্রস্তুত হয়। ইহার তাবৎ অঙ্গের মধ্যে চর্ম্ম ও শৃঙ্গ বহু মূল্য, এবং এই চর্ম্ম বড় শক্ত ও বহুকাল স্থায়ী এ কারণ যে সকল কর্ম্মে শক্ত চর্ম্মের আবশ্যক হয় তাহা এই চর্ম্ম দ্বারা নির্ব্বাহ হয় আর এই শৃঙ্গ অত্যন্ত শক্ত ও পরিষ্কারার্হ এই নিমিত্ত যাহারা হরিণের শৃঙ্গের কর্ম্ম করে তাহারা ইহা বড় গ্রাহ্য করে। ইটালি দেশে পালিত এই পশু অধিক পাওয়া যায়, কারণ ভারতবর্ষের মত তথায় দুগ্ধ দেওন ও গাড়ী টানন বিষয়ে ব্যবহার হয়। সাএনা ও পণ্টাইন কেবল এই দুই দেশের সজল স্থানে ইহারা বলবান হয়। স্পাইন দেশীয় লোকেরা এই পশুর প্রতি অতিশয় মনোযোগ করে, বোধ হয় যে ভূমধ্যস্থ সমুদ্রের উভয় পার্শ্বস্থ লোকেরাও এই পশুকে যত্ন পূর্ব্বক প্রতিপালন করে।

এই পশু অত্যন্ত বলবান হইলেও ইহার শরীর বড় কোমল, এবং অত্যন্ত শীত কিম্বা গ্রীষ্মতে সমান ক্লেশ পায়। গ্রীষ্মকালে ইহারা ছায়াতে যায় ও জলেতে সর্ব্বদা আহ্লাদে বাসকরে, আর শীতকালে উষ্ণ কিম্বা বনের গুপ্ত স্থানে থাকে। বুদ্ধিমানেরা এই বোধ হয় যে এই পশু অত্যন্ত শীতল ও অত্যন্ত গ্রীষ্ম স্থানে জন্মায় না কিন্তু মধ্যবিৎ স্থানে জন্মায়।

Besides the maladies that are common to the ox and other cattle, the buffalo is subject to one of a particular sort, with which it is attacked only in the early part of its life. This is called by the French *Barbone.* They breed in the fourth year, producing young for two years together, and remaining sterile the third. The buffalo has never more than one young at a birth, and they commonly cease breeding after their twelfth year. Their term of life is pretty much the same as that of the common ox.

In India, they furnish more milk, from which a kind of liquid butter is made, well known by the name of *ghee.* The domestic breed in Bengal is not more than four feet and a half high, and used to labour; but for burden, care must be taken that the goods they carry do not suffer from wet, their propensity to lie down in water being invincible; wood and bricks are, therefore, the most common load. The largest of the wild breed are used by the native princes, to supply the place of Arnees, and fight with tigers in public shows. With the natives, especially the Goálá caste, or herdsmen, they are docile; they ride on their favourites, and spend the night with them in the midst of jungles and forests, without fear of wild beasts. When driven along, the herds keep close together, so that the driver, if necessary, walks from the back of one to the other, perfectly at his convenience. The females are dangerous while they nurse their calf.

Within the few last years a great many bones and teeth of the buffalo species have been discovered imbedded in the solid rock under the bed of the Jumna river, and also in the neighbourhood of Hoshangabad in the Nerbudda valley. These bones are all in a fossil state, that is, the animal matter of the bone is entirely converted into

বলদের ও অন্যান্য গো জাতির যে সকল রোগ জন্মে তদ্ব্যতি-রেকে এই পশুর একটা বিশেষ রোগ হয়; কিন্তু সেটা প্রায় বাল্যাবস্থাতেই হইয়া থাকে। ফ্রান্স দেশীয় লোকেরা এই রোগকে বারবোন করিয়া কহে। এই পশু চারিবৎসর বয়স্ক সময়ে গর্ভ ধারণ করে তৎপরে ক্রমে দুইবৎসর তাহাদের সন্তান হয় ও তৃতীয় বৎসর বন্ধ্যা থাকে। এই পশুর কখন যমজ সন্তান হয় না, এবং সচরাচর বার বৎসরের পর প্রসব রহিত হয় আর সামান্য বলদ যতদিন বাঁচিয়া থাকে ইহারাও প্রায় ততদিন বাঁচে।

ভারতবর্ষীয় মহিষেরা অধিক দুগ্ধ দেয় তাহা হইতে এক প্রকার জলবৎ বস্তু প্রস্তুত হয় তাহার নাম ঘৃত। বঙ্গ দেশে পালিত মহিষ সাড়ে চারি ফুটের অধিক উচ্চ নহে এবং তাহারা সর্ব্বদা পরিশ্রম বিষয়েই ব্যবহার্য্য হয়, কিন্তু যখন তাহা-দিগকে ভারবহন কার্য্যে নিযুক্ত করাযায় তখন ভিজিলে নষ্ট হয় এমত বস্তু তাহার উপর বোঝাই করিতে সাবধান হইতে হয়, কেননা তাহারা সর্ব্বদা অবাসিত রূপে জলে পড়িতে ইচ্ছা করে; একারণ কাষ্ঠ ও ইষ্টকের বোঝাই তাহাদিগকে সচরাচর দেওয়া-যায়। আর্নি জাতীয় মহিষের বদলে বড় ২ বন্য মহিষদিগকে মেলার সময়ে ব্যাঘ্রের সহিত যুদ্ধ করাইতে রাজপুত্রেরা ব্যবহার করেন। ভারতবর্ষীয় লোকদের বিশেষতঃ গোয়ালাদের নিকট মহি-ষেরা বড় নম্র হয়, তাহারা তাহাদিগের উপর চড়ে এবং বনমধ্যে অন্য কোন বন্য পশুকে ভয় না করিয়া তাহাদের সহিত সমস্ত রাত্রি কাটায় এবং যখন তাহাদিগকে চালান যায় তখন তাহারা অবি-রলে চলে তাহাতে যদি চড়নদারের অন্য মহিষের উপর যাইতে আবশ্যক হয় তবে সে অনায়াসে যাইতে পারে। মহিষেরা যখন বৎসদিগকে প্রতিপালন করে তখন বড় ভয়ানক হয়।

অল্পবৎসর হইল জমুনা নদির মধ্যে এবং নর্ম্মদার পাহাড়গুলি হোসানাবাদ নামক স্থানে মহিষের অনেক হাড় ও দন্ত প্রস্তরের সহিত মিশ্রিত পাওয়া গিয়াছে। এই পশুর মাংস হাড় ইত্যাদি এক্ষণে পাতর হইয়াছে এবং হাড় যত বড় ও যে রূপ গঠন ছিল

stones, which retain the exact shape of the original bones so as to enable the skilful to identify them. These fossil animals appear to have been of larger size than the present generation, as well as also the fossil elephants found in the same places.

Anecdotes

Two bepáris or carriers of grain or merchandise, on the backs of bullocks, were driving a loaded string of these animals from Pallamow to Chittarah: when they were come within a few miles of the latter place, a tiger seized on the man in the rear, which was seen by a *godlla* (herdsman) as he was watching his buffaloes grazing: he boldly ran up to the man's assistance, and cut the tiger very severely with his sword; upon which he dropped the bepári, and seized the herdsman. The buffaloes observing it, attacked the tiger and rescued the herdsman, they tossed him about from one to the other, and to the best of my recollection killed him. Both the wounded men were brought to me; the bepári recovered and the herdsman died. This anecdote reveals, if not attachment, great antipathy and courage; and it is well known that neither the tiger nor the lion are inclined to prey upon the buffalo, whose vengeance is probably kept alive by occasional depredations upon their young, and Indian herdsmen do not scruple to pass the night in the most dangerous jungle, seated upon the back of some favourite animal.

2nd Anecdote.

A general officer relates, that while a young man, he was employed in surveying in Hungary, and happened to use a small plane table, the back

তদ্রূপ রহিয়াছে তাহা গুণবান্ লোকেরা দেখিলেই জানিতে পারিবেন। এই সকল হাড় এবং তত্রস্থ যে সকল হস্তির হাড় পাওয়া গিয়াছে তাহা বোধ হয় যে এইক্ষণকার হস্তির ও মহিষের হাড় অপেক্ষা বড়।

প্রথম উপাখ্যান।

দুইজন বেপারি অর্থাৎ শস্যবাহক পালামৌ স্থান হইতে চিটারাতে এক দল মহিষ বোঝাই করিয়া লইয়া যাইতেছিল তন্মধ্যে ঐ চিটারার কিছু ক্রোশ অন্তরে একটা ব্যাঘ্র আসিয়া পশ্চাৎস্থিত ব্যক্তিকে ধরিল, পরে এক গোপ মহিষ চরাইতেং দেখিয়া ঐ ব্যক্তি সাহস পূর্ব্বক ঐ বেপারিকে রক্ষা করিতে আসিয়া হস্তস্থিত অস্ত্রদ্বারা ব্যাঘ্রকে শক্ত আঘাত করিল তাহাতে ব্যাঘ্র বেপারিকে ত্যাগ করিয়া ঐ গোপকে ধরিল। তাহা দেখিয়া মহিষ সকল ঐ ব্যাঘ্রের উপর আক্রমণ করিয়া গোপকে ব্যাঘ্রহইতে মুক্ত করিল, পরে ঐ ব্যাঘ্রকে মহিষেরা পরস্পরের নিকটে নিক্ষেপ করত তাহাকে বধ করিল। এই আমার সুন্দর মনে পড়িতেছে যে ঐ ব্যাঘ্রহত উভয় ব্যক্তিকেই আমার নিকট আনা গিয়াছিল তাহাতে বেপারি রক্ষা পাইল আর গোপ মরিয়া গেল। এই উপাখ্যানের দ্বারা প্রকাশ হয় যে যদি মহিষের শনিষ্ঠতা না থাকে তথাপি সাহস আছে. এবং ইহা অনেকেই জানেন যে ব্যাঘ্র কিম্বা সিংহ মহিষের উপর আক্রমণ করিতে ইচ্ছুক নহে কেননা পাছে তাহাদের শাবকের উপর মহিষেরা রাগ স্মরণ করিয়া কখন সংহার করে এবং ভারতবর্ষীয় গো পরা অতিশয় শঙ্কটাপন্ন বনে এই পশুর পৃষ্ঠে চড়িয়া রাত্রি কাটাইতে সন্দেহ করে না।

দ্বিতীয় উপাখ্যান।

এক সৈন্যাধ্যক্ষ কহিয়াছেন যে আমি যৌবনাবস্থাতে হক্কেরি দেশে ভূমির পরিমাণ করণে নিযুক্ত হইয়াছিলাম যেমন

of which was covered with red morocco; as he walked from one station to another, he sometimes carried it with the paper against his breast, and the crimson colour in front. On a sudden, he perceived at a considerable distance, a herd of grazing buffaloes throw out signs of defiance, and come down in full gallop towards him with their tails up, and evincing the most tumultuous frenzy. Not suspecting the cause, he paused and dropped his hand, when the whole troop stopped and looked about, as if at a loss; he went on, and unconsciously raising the table again, brought the red colours in sight. They set off a second time towards him, but guessing the cause, he turned the obnoxious colour towards his body, and was suffered to proceed unmolested.

3rd Anecdote.

A very singular circumstance relative to these animals, is recorded by those who completed the voyage to the Pacific Ocean, begun by Captain Cook. When at Pula Condore, they procured eight buffaloes, which were to be conducted to the ships by ropes put through their nostrils and round their horns; but when they were brought within sight of the ship's people, they became so furious that some of them tore out the cartilage of their nostrils, and set themselves at liberty; and others broke down the shrubs to which it was frequently found necessary to fasten them. All attempts to get them on board would have proved fruitless, had it not been for some children, whom the animals would suffer to approach them, and by whose puerile ma-

আমি চিহ্নিত একটা তক্তাব্যবহার করিতাম তাহার পৃষ্ঠদেশ লাল চর্ম্মদ্বারা মণ্ডিত ছিল। যখন আমি স্থানান্তরে গমন করিতাম তখন ঐ অঙ্কিত তক্তার কাগজ মণ্ডিত দিক্ বক্ষঃস্থলের দিকে রাখিয়া লালদিক্ বাহিরে রাখিতাম, দৈবাৎ এক দিবস স্থানান্তর গমন কালে অতি দূরে দেখিলাম যে এক পাল মহিষ তাচ্ছল্যের চিহ্ন প্রকাশ করত আমার অভিমুখে লাঙ্গূল উত্তোলন করত রাগ প্রকাশ করিয়া অতিবেগে আসিতেছিল ইহার কারণ নিশ্চয় করিতে না পারিয়া আমি স্থগিত হইলাম; এবং আমার হস্ত নীচে পতিত হওয়াতে তাবৎ মহিষ স্থগিত হইয়া বিস্ময়াপন্নের ন্যায় চতুর্দ্দিক্ নিরীক্ষণ করিতে লাগিল, পুনর্গমন কালে না জানিয়া ঐ তক্তার লালদিক্ সম্মুখে করিলাম তৎক্ষণাৎ ঐ মহিষ সকল পুনর্ব্বার আমার অভিমুখে দৌড়িয়া আসিতে লাগিল, তাহা আমি জ্ঞাত হইয়া ঐ তক্তার আপদীয় দিক্ শরীরের দিকে করিয়া স্বচ্ছন্দে গমন করিলাম।

তৃতীয় উপাখ্যান।

পাসিফিক্ মহাসাগর কাপ্তেন কুক্ সাহেব ভ্রমণ করিতে আরম্ভ করিয়াছিলেন, পরে যাঁহারা ঐ ভ্রমণ সমাপ্ত করিয়াছিলেন তাঁহারা এই পশুর এক অদ্ভুত বিষয় লিখিয়াছেন। যখন তাঁহারা পুলো কনডোর নামক স্থানে ছিলেন তখন তাঁহারা ৮টা মহিষকে জাহাজে লইবার নিমিত্তে নাসিকায় ও শৃঙ্গে দড়ি বাঁধিয়া যখন তাহাদিগকে জাহাজের নিকটে আনিল তখন তাহারা রাগান্বিত হইয়া নাসিকার দড়ি ও শৃঙ্গের দড়ি ছিড়িয়া কোন২টা যে সকল বৃক্ষে সর্ব্বদা বাঁধা থাকিত সেই সকল বৃক্ষ ভগ্ন করিয়া ফেলিল। পরে কতকগুলিন বালক তাহাদের নিকট আইলে তাহাদের রাগ শীঘ্র দূর হইল; যদ্যপি ঐ বালকেরা না আসিত তবে তাহাদিগকে কখন জাহাজে গ্রহণ করা যাইত না। এবং যখন ইহাদিগকে

nagement their rage was quickly appeased: and, when the animals were brought to their beach it was by their assistance in twisting ropes about their legs, that the men were enabled to throw them down, and by that means get them into the boats. And what appears to have been no less singular than this circumstance was, that they had not been a day on board before they became perfectly gentle.

4th Anecdote.

An officer of the Bengal army had a most miraculous escape from one, by having the presence of mind to pull off his red jacket, and throw it at him when he made his charge; the buffalo received it on his horns, and continued to ring it about, which gave the gentleman an opportunity of climbing into a tree, by which he escaped unhurt, to the great joy of the rest of the party, who despaired of his life. It is a well known fact, that to the showy colour of red, buffaloes have a particular aversion in some places; for they always attack a person wearing that coloured cloth in preference to any other.

Mr William Down, who now resides in the neighbourhood of Great Torrington, was one of the party shooting, when they saw a bull buffalo; they fired several balls at him, and wounded him in one of his hind legs. Mr Down pursued him across some water, when the animal attacked him, and threw him into a ditch, fortunately it was so narrow that the buffalo could not bring his horns to bear on him; they were so long, and lay so much in a direction over his back that he could not get their points under, or against his body. After trying a long time in vain, he trod and stamped on him with his forefeet, broke several of his ribs, and bruised the calves of his legs in such a manner as to leave severe marks. He then treated him with such contempt as large dogs often do smaller ones, sprinkling him well with his water; and then de-

সমুদ্রের নিকটে আনাগেল তখন প্রায় ঐ বালকগণহইতে তাহাদের পায়ে দড়ি বান্ধিয়া জাহাজে আনিয়াছিল, এবং এও বড় কম আশ্চর্য্য নহে যে ঐ মহিষেরা এক দিন জাহাজে না থাকিতে২ সমুদয় নম্র হইয়াছিল।

চতুর্থ উপাখ্যান।

বঙ্গ দেশস্থ ইংরাজ সৈন্যের মধ্যে এক ব্যক্তিকে যখন এক মহিস আক্রমণ করিয়াছিল তখন ঐ ব্যক্তি হতবুদ্ধি না হইয়া শরীরস্থ রক্তবর্ণ জামা হঠাৎ খুলিয়া তাহার মস্তকে নিক্ষেপকরত পলায়ন করিয়া আশ্চর্য্য রূপে রক্ষা পাইয়াছিল। যে সময়ে ঐ জামা শৃঙ্গদ্বারা মহিষে ঘুরাইতে লাগিল, ইত্যবসরে ঐ আক্রমিত ব্যক্তি কোন আঘাত না পাইয়া তত্রস্থ এক বৃক্ষোপরি আরোহণ করিল এবং যাহারা বোধ করিয়াছিল যে এ ব্যক্তি কখন রক্ষা পাইবে না তাহারা তদ্দর্শনে বড় সন্তুষ্ট হইল। কোনং স্থানে মহিষেরা যে রক্তবর্ণের দ্বেষ করে সে সর্ব্ব সাধারণ বটে, কেননা তাহারা অন্যবর্ণাপেক্ষা রক্তবর্ণ বস্ত্রপরিধিৎ ব্যক্তির প্রতি আগে আক্রমণ করে।

উইলিয়ম জৌন সাহেব কতগুলি লোকের সহিত শিকার করিতে গিয়া একটা মহিষের প্রতি অনেক গুলি নিক্ষেপ করিলেন, তাহাতে একটা গুলি তাহার পশ্চাৎ ভাগের এক পায়ে লাগিল। জৌন সাহেব এক ক্ষুদ্র জলাশয় পার হইয়া যখন তাহার পশ্চাৎ ধাবমান হইলেন তখন সে তাঁহাকে আক্রমণ করিয়া একটা গর্ত্তে ফেলিয়া দিল, কিন্তু তাঁহার সৌভাগ্যক্রমে ঐ গর্ত্ত এমত অল্প পরিসর ছিল যে মহিস তাহাহইতে তাঁহাকে শৃঙ্গদ্বারা তুলিতে পারিল না, কেননা তাহার শৃঙ্গ বড় লম্বা ও পৃষ্ঠের উপর এমন এক দিকে ছিল, যে তাঁহার শরীরের নীচে বা পাশে দিতে পারে না; পরে অনেক চেষ্টা করিয়া সম্মুখের পাদ-দ্বারা মাড়াইয়া তাঁহার পাঁজরা ও পায়ের সন্ধিস্থান এমত রূপে ভাঙ্গিয়াছিল যে চিহ্ন তাঁহার শরীরে হইয়াছিল পরে বড় কুক্কুর

camped into a plantation of indigo, leaving the poor gentleman almost dead; however, after a short time, he recovered sufficiently to creep towards the boat, where he was met by some of the boatmen, who were all the time at some distance observing what passed.

Buffaloes at the Cape of Good Hope.

The savage disposition of this animal renders it well known about the Cape of Good Hope, and in the several other parts of Africa where it is found. It is very large, and enormously strong. The fore parts of the body are covered with long, coarse, black hair. The horns are very thick, and rugged at the base; sometimes measuring three feet in length, and laying so that as to cover almost all the top of the head. The body and limbs are very thick and muscular; and the animal is above twelve feet long, and six in height. The head hangs down, and bears a most fierce and malevolent aspect.

In the plains of Caffraria, the buffaloes are so common, that it is by no means unusual to see a hundred and fifty, or two hundred of them in a herd. They generally retire to the thickets and woods in the day time, and at night go out into the plains to graze.

Treacherous in the extreme, they frequently conceal themselves among the trees, and there stand lurking till some unfortunate passenger comes by, when the animal at once rushes out into the road, and attacks the traveller, who has no chance of escape but by climbing up a tree, if he is fortunate enough to be near one. Flight is of no avail; he is speedily over-

ক্ষুদ্র কুক্কুরের প্রতি যাদৃশ ঘৃণা করে তাদৃক্ ঘৃণা করিয়া তাহার গাত্রে মূত্র ছড়াইয়া দিল। অনন্তর ঐ মহিষ ঐ ব্যক্তিকে মৃতবৎ করিয়া একটা নীলের ক্ষেত্রে পলায়ন করিল; অনেক কাল পরে ঐ সাহেব কিঞ্চিৎ সুস্থ হইয়া গুড়ি মারিয়া নৌকার নিকট গমন করিলেন, তাহাতে ঐ সকল মাঝিদের সহিত সাক্ষাৎ হইল, যাহারা কিছু দূরহইতে এই সাহেবের দুর্ঘটনা দেখিতেছিল।

উত্তমাশা অন্তরীপের মহিষের বিবরণ।

এই পশুর বন্য স্বভাব নিমিত্ত উত্তমাশা অন্তরীপের ও আফ্রিকার যে২ স্থানে পাওয়া যায়, তত্রস্থ লোকেরা তাহাকে ভাল জানে। ইহার আকার বৃহৎ ও প্রচণ্ডবলবান। ইহার শরীরের সম্মুখ লম্বা ও মোটা ও কালচুলের দ্বারা আবৃত আছে। ইহার শৃঙ্গ বড় মোটা এবং গোড়া নির্ম্মল নহে; ইহা কখন২ তিন ফিট লম্বাহয়, এবং এমত চেপটা যে প্রায় সমুদয় মস্তক তদ্দ্বারা আবৃত হইয়াছে। ইহার শরীর ও প্রত্যেক অঙ্গ অতিশয় স্থূল ও ইহার শরীর ১২ ফিটের অধিক লম্বা এবং ৬ ফিট উচে। ইহার মস্তক নিম্ন থাকে এবং ইহার মূর্ত্তি অতি ভয়ানক ও হিংসুক দেখায়।

কাফ্রেরিয়ার মাঠে মহিষ এত অধিক একশত কিম্বা দেড়শত মহিষ যে এক দলে দেখা যায় সে অসম্ভব নহে। তাহারা দিবসে সর্ব্বদা বনমধ্যে থাকে কিন্তু রাত্রিকালে মাঠে আসিয়া চরে।

তাহারা বড় বিশ্বাসঘাতক, কেননা তাহারা সর্ব্বদা গাছের আড়ালে ঘাটি আগলিয়া থাকে যে পর্য্যন্ত কোন দুর্ভাগ্য পথিককে না দেখে এবং দেখিবামাত্রেই পথে আসিয়া তাহার প্রতি ঝাঁপিয়া পড়িয়া আক্রমণ করে তাহাতে ঐ ব্যক্তির অন্য কোন উপায় থাকে না, কিন্তু এমত সময় সে যদ্যপি সৌভাগ্য ক্রমে কোন গাছের নিকট থাকে তবেই তাহাতে উঠিয়া রক্ষা পাইতে পারে। নতুবা পলায়নে কোন লভ্যহইতে পারে না, কেননা এই রাগান্বিত

taken by the furious beast, who not content with throwing him down, and killing him, stands over him for a long time afterwards trampling him with his hoofs, and crushing him with his knees, and not only mangles and tears the body to pieces with his horns and teeth, but likewise strips off the skin, by licking it with his tongue. Nor does he perform all thes at once, but often goes to some distance from the body, and returns with savage ferocity to gratify afresh his cruel inclination.

The Cape buffalo is frequently hunted by Europeans and by the natives of South Africa. In Caffraria, he is generally killed by means of javelins, which the inhabitants use with considerable dexterity. When a Caffre discovers the place where several buffaloes are collected together, he blows a pipe made of the thigh bone of the sheep, which is heard at a great distance. The moment his comrades hear this notice they run up to the spot, and surrounding the animals, which they take care to approach by degrees, lest they should alarm them, throw their javelins at them. This is generally done with so sure an aim, that out of eight or twelve it very rarely happens that a single one escapes. It sometimes however happens that while the buffaloes are running off, some one of the hunters who stands in the way, is tossed and killed; but this is a circumnstance not much regarded by the Caffrarians. When the chase is ended, each one cuts and takes away his share of the game.

Anecdotes.

As Professor Thunberg was travelling in Caffraria, he and his companions had just entered a wood, when they discovered a large old male buffalo, lying quite

পশু শীঘ্র তাহার নাগাইল ধরিয়া কেবল তাহাকে ফেলিয়া খুন করিয়া সন্তুষ্ট হয় এমত নহে, কিন্তু তাহার উপর অধিককাল থাকিয়া পাদদ্বারা মাড়ায় এবং হাঁটু দিয়া থেঁতলায় আর শৃঙ্গ ও দন্তদ্বারা তাহার শরীর ছিন্ন ভিন্ন করে এমতও নহে, কিন্তু তাহার শরীরের চর্ম্ম জিহ্বাদ্বারা চাটিয়া খুলিয়াফেলে। এই সকল কর্ম্ম সে এক বারে করে তাহাও নহে, কিন্তু কখন২ কিছু দূর গিয়া বনারাগ প্রকাশ করত পুনর্ব্বার তন্নিকটে আসিয়া নিষ্ঠুর বাঞ্ছা পূর্ণ করে।

দক্ষিণ আফ্রিকার ও ইউরোপের লোকেরা সর্ব্বদা উত্তমাশা অন্তরীপের মহিষদিগকে শিকার করে। কাফ্রিয়া দেশের লোকেরা বর্শা নিক্ষেপে বড় নিপুণ একারণ তাহারা সচরাচর বর্শাদ্বারা মহিষ বধ করে। কাফ্রিরা যখন অনেক মহিষ একত্র দেখে তখন ভেড়ার উরুদেশের অস্থিতে যে বাঁশী নির্ম্মিত হয় তাহাই বাজায় কেননা অনেক দূরহইতে তাহা শুনা যায়। যখন তাহার সমভিব্যাহারিরা ইহা জানিতে পায় তখন তাহারা দৌড়িয়া তাহার নিকট যায়, এবং সাবধান পূর্ব্বক ক্রমে ঐ পশুদিগকে বেষ্টিত করে, কেননা জানিতে পাইলে পাছে তাহারা ভীত হয়। তাহারা ক্রমে নিকটস্থ হইয়া এরূপ লক্ষ করিয়া বর্শা ত্যাগ করে যে ৮ কিম্বা ১২ টার মধ্যে কদাচ এক আদ টা পলায়। কিন্তু কখন২ এমনও ঘটিয়া থাকে যে যখন মহিষেরা দৌড়ায় তখন যদি কোন শিকারিকে পথিমধ্যে পায় তবে তাহাকে শৃঙ্গদ্বারা ঊর্দ্ধে ঘূর্ণায়মানপূর্ব্বক নষ্ট করে; তথাপি ঐ দেশস্থ শিকারিরা এবিষয় বড় ভয় করে না। যখন শিকার সমাপ্ত হয় তখন প্রত্যেক শিকারী শিকার দ্রব্য কাটিয়া ভাগ করিয়া লয়।

প্রথম উপাখ্যান।

যখন থর্নবর্গ নামক এক জন অধ্যাপক কতক গুলিন লোক সমভিব্যাহারে কাফ্রেরিয়ার মাঠে ভ্রমণ করিতেছিলেন, তখন

alone, in a spot that for the space of a few square yards, was free from bushes. The animal no sooner observed the guide, who went first, than with a horrible roar he rushed upon him. The fellow turned his horse short round behind a large tree, and the buffalo rushed straight forwards to the next man, and gored his horse so dreadfully in the belly, that it died soon after. These two climbed into trees, and the furious animal made his way to those at a distance. A horse without a rider was in the front; as soon as the buffalo saw him he became more outrageous than before, and attacked him with such fury that he not only drove his horns into the horse's breast, but even through the very saddle. This horse was thrown to the ground with such excessive violence that he instantly died, and many of his bones were broken. Just at this moment the professor happened to come up, but from the narrowness of the path, having no room to turn round, he was glad to abandon his horse, and take refuge in a tolerably high tree. The buffalo, however, had finished; for, after the destruction of the second horse, he turned suddenly round and galloped away.

2nd Anecdote.

Some Europeans at the Cape once chased a buffalo, and having driven him into a narrow place, he turned round, and instantly pushed at one of his pursuers, who had on a red waistcoat. The man, to save his life, ran to the water, plunged in, and swam off; the animal followed him so closely, that the poor fellow had no

তাহারা এক বনমধ্যে প্রবেশ করিবামাত্রেই একটা বৃহৎ বৃদ্ধ পুং মহিষকে একাকী পড়িয়া থাকিতে দেখিলেন এবং সে স্থানের কিয়দ্দূর পর্য্যন্ত বৃক্ষাদি কিছুই ছিল না। যখন ঐ মহিষ পথপ্রদর্শককে দেখিল কেননা সেই ব্যক্তি প্রথমে গিয়াছিলেন তখন অতি ভয়ানক চীৎকার পূর্ব্বক তাহার উপর লম্ফ দিয়া পড়িল, তাহাতে সেই ব্যক্তি এক বৃহৎ বৃক্ষের পশ্চাতে তাহার ঘোড়াকে ফিরিয়া রাখাতে সে তন্নিকটস্থ ব্যক্তির উপর গিয়া আক্রমণ করিল, এবং তাহার ঘোড়াকে এমত শৃঙ্গদ্বারা বিদ্ধ করিল যে সে তৎক্ষণাৎ মরিল। ইতোমধ্যেও এই দুই ব্যক্তি বৃক্ষের উপরে চড়িলে এই ভয়ানক পশু কিছু দূরে গেল। পরে সে একটা আরোহক রহিত ঘোড়াকে দেখিতে পাইয়া পূর্ব্বাপেক্ষা অধিক রাগান্বিত হইল, এবং ঘোড়ার বক্ষস্থলে কেবল যে শৃঙ্গ বিদ্ধ করিয়াছিল তাহা নহে কিন্তু তাহার জিনের মধ্যেতেও শৃঙ্গ বিদ্ধ করিল, ইহাতে ঐ ঘোড়া মৃত্তিকায় এমত বেগে পড়িল যে তাহাতে তাহার অনেক হাড় ভগ্ন হইয়া তৎক্ষণাৎ মরিল। এই সময়ে ঐ অধ্যাপক গবর্ণর্গ সাহেব সেই পথে আসিবাতে ঐ পথের অল্প প্রশস্ততা হেতুক আপন ঘোড়া ফিরাইতে পারিলেন না, এই নিমিত্তে তিনিও ঘোড়াকে ত্যাগ করিয়া এক উচ্চ বৃক্ষের উপর চড়িলেন, কিন্তু ঐ মহিষ দুই ঘোড়া খুন করিয়া এই নিমিত্তে হঠাৎ ফিরিয়া লম্ফ দিয়া চলিল।

দ্বিতীয় উপাখ্যান।

কতক গুলিন ইউরোপস্থ লোকেরা উত্তমাশা অন্তরীপের কোন স্থানে একটা মহিষকে লক্ষ করিয়া এক স্থানে তাড়া করিলেন তাহাতে সে একবার ফিরিয়া যে শিকারি লাল কাপড় পরিয়াছিল তাহার পশ্চাৎ ধাবমান হইল। ঐ শিকারি আপন প্রাণ রক্ষার্থে দৌড়িয়া জলে ঝাঁপিয়া পড়িল এবং সাঁতার দিয়া পার হইল তাহাতে ঐ মহিষ তাহার প্রতি এমত

alternative but that of diving. He dipped overhead, and the buffalo, losing sight of him, swam on towards the opposite shore, three miles distant, and, as was supposed, would have reached it, had he not been shot by a gun from a ship lying at a little distance. The skin was presented to the governor of the Cape, who had it stuffed, and placed it among his collection of curiosities.

লক্ষ করিয়া চলিল, যে তাহার ডুবদিয়া প্রাণ বাঁচান ব্যতিরেকে আর অন্য কোন উপায় ছিল না। তিনি মাথা ডুবিয়া চলিলেন, এবং মহিষ তাহাকে দেখিতে না পাইয়া দেড় শত ক্রোশ জল পথে সাঁতার দিয়া যাইতে লাগিল, এবং যদি তন্নিকটস্থিত এক জাহাজের লোক তাহাকে গুলি করিয়া না মারিত তবে সে পার হইত। ঐ স্থানের শাসনকর্ত্তাকে সেই মহিষের চর্ম্ম প্রদান করা গিয়াছিল, এবং তিনি তাহাতে আরোক পুরিয়া অন্যান্য অদ্ভুত দ্রব্যের মধ্যে তাহা রাখিয়াছিলেন।

ANIMAL BIOGRAPHY.

আমেরিকা দেশে এই পশু বহু আছে।
বিসন নামেতে তারা বিখ্যাত হয়েছে॥
তথাকার মানবেরা মাংস খায় তার।
এইহেতু এই পশু করয়ে শিকার॥
অতিশয় ভয়ানক এই পশু হয়।
ইহার অঙ্গের রোম লম্বা অতিশয়॥

THE AMERICAN BISON.

THE American Bison has short rounded horns, pointing outwards. It is covered in many parts with long shaggy hair, and has a high protuberance on the shoulders. The fore-parts of the body are excessively thick and strong; and the hinder parts are comparatively very slender.

These animals range in droves, feeding in the open savannahs morning and evening. They retire during the sultry parts of the day to rest near shady rivulets and streams of water. frequently leaving so deep an impression of their feet in the moist land (from the great weight of their bodies) as to be thus traced and shot by the artful Indians.

In this undertaking it is necessary that the men should be particularly careful, since, when only wounded, the animals become excessively furious. The hunters go against the wind, as the faculty of smell in the Bisons is so exquisite, that the moment they get scent of their enemy they retire with the utmost precipitation. With a favourable wind the men approach very near, since the animals are frequently almost blinded by the hair that covers their eyes. In taking aim they direct their piece to the hollow of the shoulder, by which means they generally bring them down at one shot. If they do not fall, they immediately run upon their enemy, and, with their horns and hoofs, tear him in pieces, and trample him into the earth.

আমেরিকা বিসনের বৃত্তান্ত।

আমেরিকাস্থ বিসনের শৃঙ্গ গোল তাহার অগ্রভাগ উচ্চ ইহার শরীরের অনেক স্থান লম্বা চাঁচর চুলের দ্বারা আবৃত এবং স্কন্ধোপরি একটা উচ্চ ঢিপি আছে। আর ইহার সম্মুখের অংশ অত্যন্ত মোটা ও বলবান এবং পশ্চাতের অংশ সম্মুখাপেক্ষা বড় কৃশ।

এই সকল পশুরা প্রাতঃকালে ও সায়ংকালে দলবদ্ধ হইয়া মাঠে চরে, এবং উত্তপ্ত সময়ে তাহারা বৃক্ষ আচ্ছাদিত ক্ষুদ্র নদীর ধারে বিশ্রামার্থে গমন করে, তাহাতে তাহাদের শরীরের গুরুতা প্রযুক্ত তত্রস্থ আর্দ্র ভূমিতে এমন পদ চিহ্ন হয় যে তদ্দ্বারা তত্রস্থ ধূর্ত্ত লোকেরা টের পাইয়া তাহাদিগকে শিকার করে। এই কর্ম্মে শিকারিদিগকে সাবধান হইতে হয় কেমনা যখন তাহারা আঘাত পায় তখন অত্যন্ত ভয়ানক হয়। শিকারিরা সর্ব্বদা বাতাস ভাটি যায় কেননা তাহাদিগের এমত আঘ্রাণ শক্তি যে গন্ধদ্বারা শিকারির আগমন জানিতে পাইয়া অতিবেগে পলায়ন করে। বায়ু অনুকূল হইলে শিকারিরা তাহাদিগের নিকট যাইতে পারে তাহাদিগের চক্ষু লোম দ্বারা আবৃত তাহাতে তাহারা দেখিতে পায় না শিকারিরা তাহাদিগের স্কন্ধের নিম্নস্থান লক্ষ করিয়া সেই স্থানে গুলি করে, সেখানে এক গুলি লাগিবামাত্র তাহারা পড়িয়া যায়। যদ্যপি তাহারা গুলিদ্বারা না পড়ে তবে তৎক্ষণাৎ শত্রুর উপর আক্রমন করিয়া তাহাকে শৃঙ্গ কিম্বা পায়ের খুরের দ্বারা ছিন্নভিন্ন করিয়া মৃত্তিকার ভিতরে বসিয়া দেয়।

They are so amazingly strong, that when they fly through the woods from a pursuer, they frequently brush down trees as thick as a man's arm; and, be the snow ever so deep, such is their strength and agility, that they are able to plunge through it much faster than the swiftest Indian can run in snow shoes.

In Canada the hunting of the Bison is a very common employment of the natives. They draw up in a large square, and commence their operations by setting fire to the grass, which, at certain seasons, is very long and dry. As the fire goes on they advance, closing their ranks as they proceed. The animals, alarmed by the light, gallop confusedly about till they are hemmed in so close that frequently not a single beast is able to escape.

In Louisiana the men mount on horseback, each with a sharp crescent-pointed spear in his hand. They approach with the wind, and, as soon as the animals smell them, they instantly make off; but the sight of the horses moderates their fear, and the majority of them, from their luxuriant feeding, are, at certain times of the year, so fat and unwieldy as easily to be enticed to slacken their pace. As soon as the men overtake them, they endeavour to strike the crescent just above the ham, in such manner as to cut through the tendons, and render them afterwards an easy prey.

The hunting of these animals is also common in several parts of South America. It commences with a sort of festivity, and in an entertainment in which one of their carcases supplies the only ingredient. As soon as a herd of cattle is seen on the plain, the most fleet and active of the horsemen prepare to attack them, and, descending in the form of a widely extended crescent, hunt them in all directions. After a while they

তাহারা এমত বলবান যে যখন শিকারির ভয়ে বন মধ্যে পলায়ন করে তখন মনুষ্যের হস্তের ন্যায় মোটা বৃক্ষ সকল ভগ্ন করিয়া যায় আর তথায় বরফ অত্যন্ত পুরু হইলেও বরফীয় জুতা পায়ে দিয়া তত্রস্থ লোকেরা যাদৃশ বেগে গমন করে তাহা হইতেও তাহারা বেগে যায়।

বিষণ পশু শিকার করা কানড়া দেশস্থ লোকদের সাধারণ কর্ম্ম, যখন ঘাস বড় লম্বা ও শুষ্ক হয় তখন তাহারা চতুর্দিকস্থ হইয়া সেই ঘাসে অগ্নি প্রদান করে। ঐ অগ্নি যত অগ্রে গমন করে তত তাহারাও ঐ অগ্নির পশ্চাতে ক্রমে যাইতে থাকে। ইহাতে ঐ পশু আলোক দেখিয়া ভীত হইয়া গোল করত লাফাইতে থাকে তৎকালে শিকারিরা তাহাদিগকে এমত বেষ্টন করে যে তাহাতে তাহারা একটাও পলাইতে পারে না।

লুইনিয়ানা দেশীয় লোকেরা ঘোড়ার উপর চড়িয়া অর্দ্ধ চন্দ্রাকৃতি একটা বর্ষা হস্তে করিয়া এই পশুদিগকে শিকার করে। ঐ শিকারিরা বায়ু বেগে আইসে এবং যখন ঐ পশুরা গন্ধদ্বারা জানিতে পায় তখন তাহারা পলায়ন করে কিন্তু ঘোড়া দেখিলে ভয় কিছু অল্প করে আর কোন ২ সময় তত্রস্থ উত্তম তৃণাদি ভক্ষণ করিয়া অনেকেই এমত স্থূল হয় যে তাহাতে তাহাদিগের গমন শিথিল হয়। যখন শিকারিরা তাহাদের লাগাইল ধরে তখন তাহারা ঐ অর্দ্ধচন্দ্রাকৃতি বর্ষা তাহাদের জঙ্ঘার উপর এমত নিক্ষেপ করে যে তাহাতে তাহার জঙ্ঘার শিরা সকল ছিন্নহইয়া যায় পরে তাহাদিগকে অনায়াসে শিকার করে।

দক্ষিণ আমেরিকার নানা স্থানেও এই পশু শিকার করা অতি সাধারণ। কোন সময় একটা উৎসব উপস্থিত হইয়া একটা ভোজ হয় ঐ ভোজ এই পশুর একটা মৃত শরীর হইলে নির্ব্বাহ হয়। যখন এই পশুর এক দল মাঠে দেখা যায় তখন বড় চতুর ও ঘোড়শোয়ার শিকারিরা তাহাদিগকে আক্রমণ করিতে প্রস্তুত হয় এবং তাহারা অর্দ্ধচন্দ্রাকৃতির ন্যায় দাঁড়াইয়া চতুর্দ্দিগহইতে তাহাদিগকে শিকার করে, কিছুকাল পরে ঐ

become so jaded and weary, that they seem ready to sink under their fatigue; but the hunters, still urging them to flight by their loud cries, drove them at last from the field. Such as are unable to exert the necessary speed for escape are slaughtered. The hunters from these supply themselves with what flesh they want, and abandon the rest to the wolves.

The sagacity which the animals exhibit in defending themselves against the attack of the wolves is admirable. When they scent the approach of a drove of those ravenous creatures, the herd throws itself into the form of a circle, having the weakest in the middle, and the strongest ranged on the outside. When, however, they are taken by surprise, and have recourse to flight, numbers of those that are fattest and most weak, infallibly perish.

"There is (says Mr. Turner, who resided long in America) a singular and affecting trait in the character of this animal when a calf. Whenever a cow Bison falls by the murdering hand of the hunters, and happens to have a calf, the helpless young one, far from attempting to escape, stays by its fallen dam with signs expressive of strong natural affection. The dam thus secured, the hunter makes no attempt on the calf, (knowing that to be unnecessary) but proceeds to cut up the carcase; then, laying it on his horse, he returns home followed by the poor calf, which thus instinctively attends the remains of its dam. I have seen a single hunter ride into a town of Cincinnati, between the Miamies, followed in this manner by three calves, all of which had just lost their dams by this cruel hunter."

This gentleman is of opinion that the Bison is superior even to the domestic cattle of England for the purposes of husbandry, and has expressed a wish to see this animal domesticated on the English farms. He informs us that a farmer, on the great Kenhawa, broke a young Bison to the plough, and having yoked it with a steer taken from his tame cattle, it performed to admiration. Mr. Turner inquired of the man whether he had any fault to find with the Bison, and was an

পশুরা এমত শ্রান্ত হয় যে তাহারা আপন পরিশ্রমেতেই পতিত হয় এবং শিকারিরা অতিশয় চীৎকার করিলে তাহাদিগকে পলায়ন করিতে হয় কিন্তু যাহারা পলায়নার্থে দৌড়িতে না পারে তাহারা শেষে মারা পড়ে। শিকারিরা তাহাদিগের আবশ্যক যে মাংস তাহা হইতে লইয়া অবশিষ্ট মাংস নেকড়িয়া ব্যাঘ্রের জন্য রাখিয়া যায়।

এই পশুরা নেকড়িয়া ব্যাঘ্রের আক্রমণ হইতে রক্ষা পাইবার কারণ যে বুদ্ধি প্রকাশ করে সে বড় প্রশংসনীয়। যখন তাহারা আঘ্রাণদ্বারা একদল এই পেটুক পশুর আগমন জানিতে পারে তখন তাহারা গোল হইয়া দাঁড়ায় এবং দুর্ব্বলদিগকে মধ্যস্থানে রাখিয়া সবলেরা চতুর্দ্দিগে দাঁড়ায়। কিন্তু নেকড়িয়া ব্যাঘ্রেরা তাহাদিগকে যখন হঠাৎ আক্রমণ করে, তখন তাহারা পলা-য়ন করে এবং যাহারা বড় মোটা ও বড় দুর্ব্বল তাহারাই নিশ্চয় মারা পড়ে।

টর্নর সাহেব আমেরিকাতে অনেক দিন বাস করিয়াছিলেন, তিনি কহিয়াছেন, যে এই পশুর শাবকের আচরণ অতি আ-শ্চর্য্য ও স্নেহপ্রকাশক। শিকারির দ্বারা যখন স্ত্রীবিষণ মারা পড়ে তখন যদি তাহার শাবক থাকে তবে সে পলায়ন না করিয়া ঐ মৃত বিষণের নিকটে স্নেহ প্রকাশ করিয়া দাঁড়াইয়া থাকে। শিকারিরা ঐ শাবকের মাতাকে এরূপ আটক করিয়া শাবককে মারিতে অনাবশ্যক বুঝিয়া পরে ঐ মৃত বিষণের মাংস অস্ত্রদ্বারা ছিন্ন করিয়া আপন অশ্বের উপরে তুলিয়া ঘরে ফিরিয়া আইসে তাহাতে ঐ শাবক আত্ম বুদ্ধি দ্বারা ঐ মৃত শরীরের পশ্চাৎ২ গমন করে। আমি দেখিয়াছি, যে এক জন শিকারি মিসামসের মধ্যে সিনসিনাটি নগরে অশ্বারোহণ করিয়া আসিতে-ছিল এবং তাহার পশ্চাৎ তিনটা শাবক আসিতে লাগিল কেননা ঐ নিষ্ঠুর ব্যক্তির দ্বারা তাহাদিগের মাতা নষ্ট হইয়াছিল।

এই ব্যক্তি কহেন, যে এই পশু কৃষি কর্ম্মে ইংলণ্ডের পালিত পশু অপেক্ষা প্রধান এবং ইংলণ্ডের মাঠেতে এই পশু পালিত হয় এমত ইচ্ছাও তিনি প্রকাশ করিয়াছিলেন। তিনি কহেন যে কেন্‌হাবা নামক স্থানে এক চাসা একটা যুবা বিষণকে লাঙ্গল টানিতে শিক্ষা করিয়াছিল, এবং একটা পোষা বলদের সহিত এক জোয়ালিতে দেওনে সে উত্তম রূপে কর্ম্ম করিয়াছিল। টর্নর সাহেব ঐ ব্যক্তিকে জিজ্ঞাসা করিলেন, যে বিষণ পশুর কোন

swered that there was but one objection to it; the step of the Bison was too quick for that of the steer.

But there is another property in which the Bison far surpasses the ox, and this is in his strength. "Judging from the extraordinary size of his bones, and the depth and formation of his chest, (continues this gentleman) I should not think it unreasonable to assign nearly a double portion of strength to this powerful inhabitant of the forest. Reclaim him, and you gain a capital quadruped both for the draught and for the plough: his activity peculiarly fits him for the latter in preference to the ox."

The uses of the Bison, when dead, are various. Powder flasks are made of the horns. The skin forms an excellent buff leather, and when dressed with the hair on, serves the Indians for clothes and shoes. The Europeans of Louisiana use them for blankets, and find them light, warm, and soft. The flesh is a considerable article of food, and the bunch on the shoulders is esteemed a great delicacy. The bulls, when fat, frequently yield each a hundred and fifty pounds weight of tallow, which forms a considerable article of commerce. The hair or wool is spun into gloves, stockings, and garters, that are very strong, and look as well as those made of the finest sheep's wool. Governor Pownal says, that there may be manufactured from it a most luxurious kind of clothing.

THE ARNEE.

India and China are the native regions of another group of true buffaloes, both wild and tame, which Baron Cuvier's investigations refer to one species, divided into mere varieties.

It appears that the wild buffalo in the central districts of Bengal, is commonly named Arnee, or Arna, and distinguished by the lunate form of the horns and black colour; while the second sort, usually, but not always domestic, is known by the name of Bhain, or Byne. Of this sort, the horns are much shorter, bend

দোষ আছে কি না? তাহাতে তিনি উত্তর করিলেন, সে পোষ্য বলদ অপেক্ষা দ্রুত চলে কেবল এই দোষ মাত্র আছে।

আর বিষনের এক যে গুণ আছে, তাহাতে বলদ অপেক্ষা সে প্রধান, সে কি না, বল। এই সাহেব আরও কহিয়াছেন, যে এই পশুর হাড়ের আশ্চর্য্য গঠন ও তাহার বুকের ছাতির গঠন দ্বারা বোধ হয় যে বলদ অপেক্ষা এই বনবাসি পশুর দ্বিগুণ বল আছে তাহাতে কোন সন্দেহ নাই। আর তাহাকে ভাল করিয়া শিক্ষা করাইলে জল বহনে ও লাঙ্গল টাননে এই দুই বিষয়ে বড় উপযুক্ত হয়, বিশেষতঃ চতুরতার কারণ সে লাঙ্গল টানিতে বলদ অপেক্ষা উপযুক্ত হয়।

এই পশু মরিলে নাং কর্ম্মে আবশ্যক হয় যথা তাহার শৃঙ্গ দ্বারা বারুদ রাখিবার পাত্র নির্ম্মিত হয় ও চর্ম্মেতে বফ নামক উত্তম চর্ম্ম হয় এবং সলোম চর্ম্ম দ্বারা তদ্দেশীয় লোকেরা কাপড় ও জুতা নির্ম্মাণ করে। লুইসিয়ানা দেশে ইউরোপীয়ান লোকেরা কম্বলের পরিবর্ত্তে ইহা ব্যবহার করে কেননা অতি কোমল ও হালকা এবং উষ্ণ। ইহার মাংস অধিক খায় ও ইহার স্কন্ধের মাংস আরও উত্তম সুখাদ্য ও মোটা। পুংবিষন হইতে দুই মোং বিশমের চর্ব্বি উৎপন্ন হয় ও তদ্দারা অধিক বাণিজ্য হয়। ইহার লোম সেলাই করিয়া দস্তানা ও মোজা যা কিছু নির্ম্মিত হয় তাহা বড়শক্ত ও সুদৃশ্য, মেষের উত্তম পশম দ্বারা নির্ম্মিত দ্রব্যাদি যাদৃশ সুন্দর দেখায় ইহাও তাদৃশ হয়। গবর্ণর পোনেল সাহেব কহেন যে ইহার চর্ম্ম দ্বারা অতি উত্তমং বস্ত্র নির্ম্মাণ হয়।

আরণির বিবরণ।

চিনা এবং ভারতবর্ষে আরএক জাতীয় মহিষ জন্মে তাহারা বন্য ও পোষ্য এবং বারণ-কুবিয়র অনুসন্ধান করিয়া কহেন যে ইহা মহিষের সঙ্গে এক জাতি কিন্তু আকার কেবল ভিন্ন।

বোধহয় যে বঙ্গদেশের মধ্যবর্ত্তি স্থানে বন্য মহিষকে প্রায় আরণি অথবা আরণা কহাযায় এবং কৃষ্ণ বর্ণ ও চন্দ্রাকৃতি শৃঙ্গদ্বারা অন্য মহিষ হইতে প্রভেদ করা যায় আর এক প্রকার মহিষ আছে সে সচরাচর পালিত এবং সে ভঁইস অথবা বহিন নামে প্রসিদ্ধ আছে। এই প্রকার মহিষের শৃঙ্গ কিছু ছোট ও ঘাড়ের পশ্চাৎ বক্র হইয়া তাহাদের অগ্রভাগ

back towards the neck with the points turned upwards: thus constructed, their horns are but indifferent instruments of attack, and serve only to lift, while in the former they are invariably used for goring. But neither of these are the Gigantic, or Taur elephant Arnee, which appears to be a rare species, only found single, or in small families, in the upper eastern provinces, and forest at the foot of Himalaya, though formerly met in the Runghur districts. It is probably the same which the Mugs and Burmas name *Phang*, and consider next to the tiger the most dangerous and fiercest animal of their forests.

Captain Williamson evidently speaks of the true Arnee in the anecdote, where one of these animals pursued a sportsman to his elephant, and ran its horns under his belly to lift him up. This individual was killed, and was upwards of six feet high at the shoulder, nearly three feet in breadth at the breast, and the horns five feet and a half long.

The other, or common Arnee, is also a very large animal, though nearly a foot lower at the shoulders than that last mentioned. It is not much less in weight; the head is smaller, the body longer, the tail reaching to near the heels, and the hide more scantily covered with hair. These are much more common, live gregariously in woody swamps or plains, occasionally floating in whole droves down the Ganges, seemingly asleep, until the current lands them on some island, or on the bank: boats are sometimes endangered by sailing in among them unawares. They are said to plunge under water, and raise aquatic plants with their horns to the surface, where they feed on them while driving with the stream.

A white variety is found in Timor, and other islands of the Indian Archipelago. On the coast of China, and the Malayan Peninsula, this race appears to predominate. They are of very great bulk, with the horns, when seen in front, forming a true crescent.

ঊর্দ্ধে উঠিয়াছে। শৃঙ্গের এই রূপ গঠন হওয়াতে আঘাত করিবার উত্তম অস্ত্র হয় নাই কিন্তু কেবল কাহাকেই ঊর্দ্ধে তুলিবার ভাল যেমন পূর্ব্বোক্ত মহিষ জাতির শৃঙ্গ প্রতাঁকার কারন উপযুক্ত হয়। কিন্তু এই দুই জাতি মহিষ বৃহত্তাকার আরনি নামক মহিষের মত নয় কেননা এই বৃহত্তাকার আরনি জাতি অতিঅল্প এবং হিমালয় পর্ব্বতের নীচে ও বনের উত্তর পূর্ব্ব দেশে একাকী কিম্বা সপরিবারে দেখা যায় কিন্তু পূর্ব্বে এই মহিষ জাতিকে রামগড় প্রদেশে দেখা যাইত। মগেরা ও বর্ম্মারা যাহাকে লক্ষ করিয়া থাকে ও যাহাকে ব্যাঘ্রের পর বন পশুর মধ্যে অতি আপদীয় ও ভয়ানক পশু জ্ঞান করে তাহা বোধ হয় এই বৃহত্তাকার আরনি মহিষ।

কাপ্তান উইলেমসন সাহেব এই আরনি জাতির এক উপাখ্যান কহিয়াছেন যে সে এক শিকারির পশ্চাদ্বর্ত্তি হইয়া তাহার হস্তির নিকট পর্য্যন্ত গিয়া তাহাকে ঊর্দ্ধে তুলিবার নিমিত্তে তাহার বক্ষস্থলে শৃঙ্গ প্রবেশ করাইল। পরে এই মহিষকে বধ করা গিয়াছিল এবং ইহার শরীর স্কন্ধ অবধি ছয় ফিট অধিক উচ্চ বক্ষস্থল ৩ ফিট চৌড়া এবং ইহার শৃঙ্গ দীর্ঘে ৩।।০ ফিট।

সামান্য জাতি আরনির আকার বড় বটে তথাপি পূর্ব্বোক্ত বৃহত্তাকার আরনি অপেক্ষা কাঁধে প্রায় এক ফুট ছোট। ইহা বৃহত্তাকার আরনি অপেক্ষা পরিমাণে বড় অল্প নহে ইহা কিছু ছোট বটে কিন্তু তদপেক্ষা লম্বা ইহার লেজ পা পর্য্যন্ত পড়িয়াছে এবং তাহার শরীর অতি অল্প চুলের দ্বারা আবৃত আছে। ইহার সংখ্যা অধিক ও ইহারা মাঠে কিম্বা জলায় দলবদ্ধ হইয়া থাকে এবং যদবধি কোন স্রোত তাহাদিগকে কোন তীরে কিম্বা কোন উপদ্বীপে লইয়া না যায় তদবধি তাহারা অনেক দল একত্র হইয়া গঙ্গা নদীতে নিদ্রালু অবস্থাতে ভাসিতে থাকে এই প্রযুক্ত কখন২ নৌকা সকল তাহাদের উপর হঠাৎ যাইতে শঙ্কটাপন্ন হয়। কথিত আছে যে তাহারা জলের ভিতর ডুব দিয়া জলস্থ চারা সকল শৃঙ্গদ্বারা জলোপরি উত্তোলন করিয়া স্রোতের সহিত যাইবার সময়ে তাহা ভক্ষণ করে।

টিনিয়ান এবং অন্য২ ভারতবর্ষিয় উপদ্বীপে এক প্রকার শাদা আরনি পাওয়া যায়। কচিন চাইনা তীরে এবং মলাইয়া উপদ্বীপে এই জাতি অধিক পাওয়া যায়। তাহাদের আকার বৃহৎ এবং সম্মুখে দেখিলে তাহাদের শৃঙ্গ অর্দ্ধচন্দ্রাকৃতির ন্যায় দেখা যায়।

ANIMAL BIOGRAPHY.

PART II.—No. VI.

THE SHEEP.

Behold, where bound, and of its robe bereft,
By needy man, that all-depending lord,
How meek, how patient, the mild creature lies!
What softness in his melancholy face,
What dumb complaining innocence appears!

THOMSON.

দেখ কোথা বাঁধা থাকে সর্ব্বদা কাতর।
সর্ব্ব প্রভু নরতার পরিধান হর॥
ধৈর্য্যশীল নত্র পশু বিমর্শ বদনে।
নির্দ্দোষিতা প্রকাশয়ে যেন আবেদনে॥

THE SHEEP.

This animal is so generally known, that a particular description of its form and manners becomes unnecessary. Its most prominent characters are, that the horns twist spirally outwards; that the tail is round and short, and that the body is covered with wool: but these are characters which are so greatly varied in the different races, that it is hardly possible to fix on an absolute distinctive mark which shall apply to all the varieties.

The domestic sheep, in its most valuable or woolly state, exist hardly any where in perfection except in Europe, and some of the temperate parts of Asia. When transported into very warm climates, it loses its peculiar covering and appears coated with hair, having only a short wool next the skin. In very cold climates also the exterior part of the wool is observed to be hard and coarse, though the interior is more soft and fine. In England, and some other European regions, the wool acquires a peculiar length and fineness, and is best adapted to the various purposes of commerce. That of Spain is still finer, but less proper for using alone; and is mixed with the English for the superior kinds of cloth. "England," says Mr. Pennant, "once the envy of Europe, for its vast commerce in the productions of this creature, now begins to be rivalled by others, through the neglect, the luxury, and the too great avidity of our manufactures." Of the English sheep, those bred in Lincoln-

মেষের বিবরণ।

এই পশুকে সচরাচর লোকে এমত জ্ঞাত আছে যে ইহার আকার ও রীতির বিশেষ বিবরণ লেখা অনাবশ্যক। ইহার প্রধান লক্ষণ এই যে শৃঙ্গ জড়াইয়া২ উঠিয়াছে আর লেজ গোল ও ক্ষুদ্র এবং শরীর লোমদ্বারা আবৃত আছে কিন্তু এই সকল লক্ষণ এই জাতীয় পশুর মধ্যে এরূপ প্রভেদ হয় যে ইহার এমন একটা অসাধারণ লক্ষণ স্থির করা যায় না যে তাবতের উপর বর্ত্তে।

ইউরোপ ও আসিয়ার কতগুলী মধ্যস্থান ব্যতিরেকে মূল্যবান্ লোম বিশিষ্ট পালিত মেষ কুত্রাপি পাওয়া যায় না। উষ্ণস্থানে যখন ইহাদিগকে লইয়া যাওয়া যায় তখন ইহাদিগের আচ্ছাদন রূপ যে পশম তাহার পরিবর্ত্তে এক প্রকার চুলে তাহাদের শরীর আবৃত হয় কিন্তু চর্ম্ম সমীপে কেবল কিঞ্চিৎ পশম থাকে। শীত স্থানেও সেই পশমের অগ্রভাগ মোটা ও শক্ত এবং গোড়া কোমল ও সরু থাকে। ইংলণ্ডে ও ইউরোপের অন্যান্য স্থানে ঐ পশম বিশেষ রূপে লম্বা ও সূক্ষ্ম হয় এবং নানা প্রকার বাণিজ্য বিষয়ে অত্যুত্তম রূপে ব্যবহার্য্য হয়। স্পেন দেশীয় পশম ইহা অপেক্ষা সূক্ষ্ম বটে কিন্তু সুদ্ধ ব্যবহার্য্য হইতে অল্প উপযুক্ত হয় এবং ইংরাজী পশমের সহিত মিশ্রিত করিলে অতি সুন্দর বস্ত্র নির্ম্মিত হয়। পেনাণ্ট সাহেব কহেন যে ইংলণ্ডে পূর্ব্বে এই পশুর পশমের নিমিত্তে ইউরোপের নানা স্থানের লোকেরা মাৎসর্য্য করিত কিন্তু এইক্ষণে তদ্দেশীয় পশমকারিরা অমনোযোগে ও সুখ ইচ্ছার নিমিত্তে অন্যা২ দেশের লোকেরা বাণিজ্য বিষয়ে তাহাদিগের সমান হইয়াছে। ইংলণ্ডীয় মেষের

shire and the northern counties are most remarkable for their size, and the quantity of wool which they bear. In other parts of England they are generally smaller, and in some parts of Wales and Scotland they are very small.

It would be superfluous in a work of this nature, to dwell much on the history and character of the domestic sheep. It is, proverbially, a timid, simple, and harmless animal: yet, as is well observed by Mr. Smellie, "Though the talents of the sheep are not so brilliant as those of other quadrupeds, yet he appears not to be that stupid, defenceless creature painted by Mr. Buffon." "Sheep," says Mr. Smellie, "when enslaved by man, tremble at the voice of the shepherd or his dog, but on those extensive mountains where they are allowed to range almost without controul, and where they seldom depend on the aid of the shepherd, they assume a very different mode of behaviour. In these situations a ram or a wedder will boldly attack a single dog, and often come off victorious; but when the danger is more alarming, they have recourse to the collected strength of the whole flock. On such occasions they draw up into a complete body, placing the young and the females in the centre, while the males take the foremost ranks, keeping close by each other. Thus an armed front is presented on all quarters, and cannot easily be attacked without danger of destruction to the assailant. In this manner they wait with firmness the approach of the enemy; nor does their courage fail them in the moment of attack, for when the aggressor advances within a few yards of the line, the rams dart upon them with such impetuosity as to lay him dead at their feet, unless he save himself by timely flight. Against the attacks of single dogs or foxes, when in this situation, they are perfectly secure. A ram, regardless of danger, will often engage a bull; and his forehead being much harder than that of any other animals, he seldom fails to conquer, for the bull by lowering his head receives the stroke of the ram between his eyes, which usually brings him

মধ্যে যাহারা লিনকনসির ও উত্তর অঞ্চলে জন্মে তাহাদের বৃহৎ আকার ও অধিক পশমের কারণ বড় প্রসিদ্ধ। এতদ্ ব্যতিরিক্ত ইংলণ্ডের অন্য২ স্থানে তাহাদের গঠন ক্ষুদ্র কিন্তু ওএলস্ এবং স্কটলণ্ডের কতক স্থানে তাহারা অতিশয় ক্ষুদ্র হয়।

আমাদের এই গ্রন্থে পালিত মেষের স্বভাব ও লক্ষণ অধিক লেখা অনাবশ্যক। সকলেই কহে যে এই পশু ভীত নির্ব্বোধ ও নির্দ্দোষী বটে তথাপি স্মেলি সাহেব কহেন যে যদিও এই পশু অন্য চতুষ্পদের মত বুদ্ধিমান নহে তথাপি বফন সাহেব তাহাকে যত মূর্খ ও অরক্ষক কহেন তত নহে। স্মেলি সাহেব কহেন যে মনুষ্য যখন মেষকে অধীন করে তখন সে তাহার কিম্বা তাহার কুক্কুরের শব্দে কম্পিত হয় কিন্তু যখন তাহারা স্বেচ্ছাধীন হইয়া প্রশস্ত পর্ব্বতের উপরে ভ্রমণ করে ও রাখালের আশ্রয় অপেক্ষা না করে তখন তাহাদের অন্য এক প্রকার আচরণ হয়। যথা এক ভেড়া একটা কুক্কুরকে সাহস পূর্ব্বক আক্রমণ করিয়া প্রায় তাহার উপর জয়ী হয়, কিন্তু যখন আপদ বড় ঘোরতর হয় তখন তাহারা সমুদয় পালের আশ্রয় অপেক্ষা করে। এমত সময়ে তাহারা সকলে খাড়া হইয়া মধ্যস্থানে শাবক ও ভেড়িদের রাখিয়া ভেড়া গুলান সারি পূর্ব্বক সম্মুখে দাঁড়ায় ও পরস্পর বড় দূরে থাকে না। চতুর্দ্দিগে ভেড়ারা দণ্ডায়মান হইলে আক্রমণকারি আপন প্রাণ ভয় না করিয়া অনায়াসে চড়াও করিতে পারে না। এই রূপ তাহারা শক্ত হইয়া শত্রুর আগমন অপেক্ষা করে এবং আক্রমণ কালীন তাহারা সাহস হীন হয় না কারণ যখন আক্রমণ কারী মেষের পংক্তি হইতে কিছু দূরে থাকে তখন মেষেরা এমত তেজে তাহার উপরে পড়ে যে যদ্যপি সময় কালীন সে না পালায় তবে তাহারা তাহাকে মাড়িয়া মারিয়া ফেলে। একটা কুক্কুর কিম্বা একটা খেঁকশিয়ালি এমত অবস্থায় যদি আক্রমণ করে তবে তাহারা নিশ্চয় নির্ভয়ে থাকে। কখন২ ভেড়ারা প্রাণের ভয় না করিয়া ষাঁড়ের সহিত যুদ্ধ করিতে প্রবৃত্ত হয়, অন্যান্য পশু অপেক্ষা তাহার মস্তক শক্ত একারণ সে প্রায় পরাজয় হয় না কেননা ষাঁড় মস্তক নত করিলে ভেড়ার ঢু তাহার চক্ষে লাগে তাহাতে সে সচরাচর পড়িয়া যায়।

Of all the domestic animals, none is so subject to various disorders as the sheep. Of these, one of the most extraordinary, as well as the most fatal, is owing to vast numbers of worms which are found in the liver and gall-bladder. They are of a flat form, of an oval shape, with slightly pointed extremities, and bear a general resemblance to the seed of a gourd.

In the selection of their food, few animals discover greater sagacity than the sheep: nor does any domestic animal show more dexterity and cunning in its attempts to elude the vigilance of the shepherd, in order to steal such delicacies as are agreeable to its palate.

Besides its hardiness in enduring great severities of weather, the natural instinct of the sheep in foreseeing the approach of a storm is no less remarkable: in their endeavours to secure themselves under the shelter of some hill, whole flocks have frequently been buried for many days under a covering of snow, and have afterward been taken out without any material injury.

Like other ruminating animals, the sheep wants the upper foreteeth; it has eight in the lower jaw; two of which drop out and are replaced at two years old; four of them are renewed at three years, and the remainder at the age of four.

The ewe produces one or two lambs at a time, and sometimes, though rarely, three or four. She bears her young five months, and brings forth in the spring. The ram lives to the age of about 15 years, and begins to procreate at one. When castrated they are called wedders: they then grow sooner fat, and the flesh becomes finer and better flavoured.

There is hardly any part of this animal that is not serviceable to man. Of the fleece we make our clothes; the skin produces leather; of which are made gloves,

যত পালিত পশু আছে তাহার মধ্যে এতরোগ কাহার হয় না যত ভেড়ার হয় তাহার মধ্যে এক আশ্চর্য্য এবং বড় নাশক পীড়া হয় যখন কলিজার ও পিত্তকোষ স্থানে কীট জন্মে। ঐ কীটের আকৃতি চেপটা ও বাদামিয়া এবং তাহার অগ্রভাগ কিছু২ সরু এবং কদুর বিচির সহিত তুলনা করা যায়।

আহারের বিষয়ে এমত পশু অল্প আছে যে ভেড়া অপেক্ষা অধিক বুদ্ধি প্রকাশ করে আর চোরি করিয়া সুস্বাদু দ্রব্য ভক্ষণের কারণ রাখালের নিকট হইতে চতুরতা প্রকাশ করিয়া পলায়ন করে এমত পশুও ভেড়া অপেক্ষা অল্প আছে।

কালের কঠিনতা সহ্য রূপ আশ্চর্য্য গুণ ব্যতিরেকে ইহারা যে বুদ্ধিদ্বারা বড় জানিতে পায় সেও বড়অল্প আশ্চর্য্য গুণ নহে যখন তাহারা কোন পর্ব্বতের নীচে আশ্রয় লইতে চেষ্টা করে তখন তাহারা পাল সুদ্ধ কতক দিন পর্য্যন্ত বরফে আবৃত হইয়া থাকে পরে তাহাদিগকে অনাঘাতীরূপে বাহির করিয়া লওয়া যায়।

অন্যান্য জাওর কাটান পশুর ন্যায় ইহারদিগের উপরের দন্ত নাই নীচের পাটিতে ৮ দন্ত আছে তাহার মধ্যে দুইটা মাত্র পড়িয়া যায় সেই স্থানে দুই বৎসরের পর পুনর্ব্বার দন্ত উঠে তিন বৎসরের সময় এই রূপে ৪ টা দন্ত নূতন হয় আর ও বৎসরের সময় অবশিষ্ট দন্ত পরিবর্ত্ত হইয়া উঠে।

ভেড়িরা একটা কিম্বা দুইটা শাবক এককালে প্রসব করে, কদাচ কখন তিন কিম্বা চারিটাও প্রসব করে। পাঁচ মাস পর্য্যন্ত গর্ব্ভ ধারণ করিয়া বসন্তকালে প্রসব হয়। ভেড়ার আয়ু প্রায় ১৫ বৎসর ও এক বৎসর বয়স্ক সময়ে বংশ বৃদ্ধি করিতে আরম্ভ করে। যখন তাহাদের মুষ্ক মোষন করা যায় তখন তাহাদিগকে ওয়েডর বলা যায় ও তাহারা অতি শীঘ্র মোটা হয় এবং তাহাদিগের মাংস অতি সুস্বাদু হয়।

এই পশুর শরীরের এমত অংশ নাই যে মনুষ্যের উপকার না হয়। ইহার পশমদ্বারা আমরা বস্ত্র নির্ম্মাণ করি এবং ইহার চর্ম্মেতে লেদার নামক চর্ম্ম জন্মে তদ্দারা দস্তানা ও পার্চমেণ্ট এবং পুস্তকের মলাট প্রস্তুত হয় ইহার নাড়িভুঁড়িতে বেয়ালা এবং অন্যান্য বাদ্য যন্ত্রের সুতা ও চাবুকের ঢাকুনি নির্ম্মিত হয় ইহার

parchment, and covers for books; the entrails are formed into strings for fiddles and other musical instruments, likewise coverings for whips; its milk affords both butter and cheese; and its flesh is delicate and wholesome food.

The varieties of this useful animal are so numerous, that no two countries produce sheep exactly of the same kind; an obvious difference subsisting in every breed, either in the size, the shape, the fleece, or the horns.

No country produces finer sheep than Great Britain, where the breed has been greatly improved by the indefatigable attention of Mr. Bakewell of Dishley, in Leicestershire; and his example having been sucessfully followed in many instances, the improved Leicestershire breed is now held in the greatest esteem in most parts of the kingdom, and almost all the principal breeders endeavour to introduce some mixture of it into their stock.

The Lincolnshire breed are of a large size; and their fleeces in point of weight and utility greatly exceed those of Spain, owing to the rich luxuriant marshes on which they feed; but their flesh is coarse, lean, and not so finely flavoured as that of smaller sheep.

The Dorsetshire sheep are, for the most part, white faced, with long slender legs, and scanty fleeces. Their flesh is sweet and well flavoured; and some varieties of the breed are diffused through most of the southern counties. The largest breed of English sheep, however, is to be found on the bank of the Tees, which runs through a fertile tract of country, dividing the two counties of Durham and Yorkshire. The legs of this kind are longer than those of the Lincolnshire

দুগ্ধেতে মাখন ও পনির প্রস্তুত হয় আর ইহার মাংস অতি সুখাদ্য ও শরীরের পীড়া দায়ক হয় না।

এই পশুর আকৃতির বিভিন্নতা এত আছে যে দুই দেশে একাকৃতি পশু পাওয়া যায় না কেননা গঠন ও পরিমাণ ও পশম এবং শৃঙ্গ ইহার মধ্যে একতার বিভিন্নতা হয়।

গ্রেট ব্রিটনে যেমন উত্তম ভেড়া হয় তেমন অন্য কোন স্থানে জন্মে না ঐ স্থানে লেস্তর্শীর দেশস্থ ডিশাল নগরের বেকওএল নামক সাহেবের অত্যন্ত পরিশ্রমদ্বারা ভেড়ারা হৃষ্ট পুষ্ট হইতেছে এবং তথায় তাহার দৃষ্টান্ত অনেকে দেখিবাতে লেস্তর্শীর দেশের ভেড়া ঐ রাজ্যের তাবৎ স্থানের ভেড়া অপেক্ষা উত্তম হইয়াছে এবং সকল প্রধান ভেড়াপ্রতিপালকেরা এই জাতীয় ভেড়াকে আপনং দলের মধ্যে মিশ্রিত করিতে চেষ্টা করিতেছেন।

লিনকনশীর দেশের ভেড়ার আকার বৃহৎ আর তাহাদের লোমের গুণ ও পরিমাণ স্পেন দেশীয় লোম হইতে উত্তম কেননা তাহারা জলা ভূমিতে উত্তমং শস্যাদি ভক্ষণ করে তাহাদের মাংস বড় স্থূল কিন্তু ক্ষুদ্র মেষের ন্যায় সুস্বাদু নয়।

ডরসেটশীর দেশীয় ভেড়ার মুখের অধিকাংশ শ্বেত বর্ণ তাহাদিগের পা লম্বা ও শরু এবং অল্প লোমযুক্ত। তাহাদিগের মাংস বড় সুস্বাদু এই জাতীয় পশু দক্ষিণ দেশের অনেক স্থানে বিস্তারিত হইয়াছে। ইংলণ্ডীয়ের বৃহদাকার ভেড়া টীজ নদীর তটে পাওয়া যায় এই নদী ডরহম ও যর্কশীর এই উভয় দেশের মধ্য হইয়া এক উর্ব্বরা স্থানের উপর দিয়া গিয়াছে এই জাতীয় পশুর পা লিনকনশীর দেশীয় ভেড়ার পা অপেক্ষা লম্বা এবং

breed, and support a thicker, firmer body; their wool, also, is much lighter. They are remarkably prolific; ewes generally producing two, and sometimes three or four lambs each season.

In the mountainous parts of Wales, where the sheep enjoy so great a share of liberty as to render them very wild, they do not always collect into large flocks, but frequently graze in parties of from eight to ten or twelve, of which one is stationed at a distance from the rest, to give notice of the approach of danger. On observing any one approach, at the distance of two or three hundred yards, the centinel turns his face to the enemy, keeping a vigilant eye upon his motions, and allowing him to advance as near as eighty or a hundred yards; but if the suspected foe attempt to come nearer, the watchful guard alarms his comrades by a loud hiss or whistle, which is repeated two or three times. Upon this signal the whole party scour away with inconceivable rapidity, and soon gain the most inaccessible parts of the mountains.

The sheep in the low parts of Northumberland are of a mixed breed, between the long kind, the Teeswater, and the Lincolnshire. The Mug or Muff kind was formerly common in that country. They were so called from their wool growing round their head into their very eyes, so as almost to prevent them from seeing. This breed is now nearly exploded, being considered by every breeder of experience as unprofitable, from their thriving slowly, and being very tender.

In the northern districts of Scotland, and in many of the islands, there is a breed of sheep which differs from the others in the smallness of their size, many of them, when fed, weighing no more than six, seven, or eight pounds per quarter. They have dun faces, without horns; and their wool, which is very fine, is variously mixed and streaked with black, brown, and red.

শরীর দৃঢ় ও স্থূল ও তাহাদের লোম পাতলা আর তাহাদের বংশ বৃদ্ধি অধিক হয় সচরাচর তাহারা দুইটা শাবক প্রসব করে কখন২ তিন কিম্বা চারিটা শাবক প্রসব করে।

ওএল্স দেশের পর্ব্বতীয়-স্থানে তাহারা স্বাধীন থাকে একারণ তাহারা বড় বন্য হয় আর অনেকে একত্র দল বদ্ধ হইয়া থাকে না ১০। ১২ টা একত্র থাকে তাহার মধ্যে কোন একটা আপদ উপস্থিত হইলে তাহা জানাইবার কারণ কিছু দূরে চৌকিদারের কার্য্যে নিযুক্ত থাকে। ৪ শত কিম্বা ৬ শত হাত অন্তরে শত্রুকে দেখিলে সেই শত্রুর দিগে মুখফিরায় এবং শতর্করূপে দেখিতে থাকে যে আসিতেছে কি না যখন দেখে যে সে ১৫০ শত কিম্বা ২ শত হাত অন্তরে আছে এবং নিকটে আসিতে চেষ্টা করিতেছে তখন তাহার সঙ্গিদিগকে চীৎকার কিম্বা শিশদ্বারা জানায়। এই রূপ দুই তিন বার সঙ্কেত পাইবামাত্র তাহারা পলায়ন করিয়া অগম্য পাহাড়ের উপর শীঘ্র গমন করে।

নর্থম্বলণ্ড দেশের ভেড়ারা লম্বা ও টিজওয়াটর আর লিঙ্কন-শীর এই তিন জাতিতে মিশ্রিত। মগ কিম্বা মক এই জাতীয় ভেড়া পূর্ব্বে এ দেশে চলন ছিল তাহাদের এই দুই নাম হওনের কারণ এই যে তাহাদের পশমের অগ্রভাগ গোলাকৃতি হইয়া চক্ষুর ভিতর গিয়াছে তাহাতে তাহারা কিছু দেখিতে পায় না। এই জাতীয় ভেড়া প্রায় এই ক্ষণ নাই সকল রাখালেই কহিয়াছে যে ইহার প্রতিপালনে কিছু লাভ নাই কেননা ইহা অতি অল্পে২ বর্দ্ধিত হয় এবং শীঘ্র মরে।

স্কটলণ্ডের উত্তর দেশে অনেক উপদ্বীপে অন্য জাতিহইতে আকৃতিতে ভিন্ন এমত এক জাতীয় ভেড়া আছে যখন তাহাদিগকে ভালরূপে খাওয়ান যায় তখন তাহার মধ্যে কোন২ টার পারিমাণ চতুর্থ ভাগের এক ভাগেতে তিনসের কিম্বা ৩।। তিনসের কিম্বা ৪ সের হয়। তাহাদের মুখ কৃষ্ণ বর্ণ ও শৃঙ্গ বিহীন এবং তাহাদিগের পশম শক্ত ঐ পশম কাল ইষ্টকের ন্যায় রক্তবর্ণ দাগেতে মিশ্রিত।

1st Anecdote.

An anecdote of the sudden attachment of a Lamb to a Dalmatian Dog, will both illustrate a part of the manners of sheep, and afford a new example of the ease with which different species of animals often contract a kindness for each other.

"I took with me last summer," says an English tourist, "one of those spotted dogs called Danish, but the breed is Dalmatian. It was impossible for any thing to be more sportive, or more inoffensive, than this dog. Throughout the mountainous parts of Cumberland and Scotland, his delight was to chase the sheep, which he would follow with great alertness, even to the summits of the most rugged steeps; and when he had frightened them, and made them scamper to his satisfaction, (for he never attempted to injure them,) he constantly came back wagging his tail, and appearing very happy at those caresses which we, perhaps absurdly, bestowed upon him.

"About seven miles on this side Kinross, in the way from Stirling, he had been amusing himself playing these pranks, the sheep flying from him in all directions, when a black lamb turned upon him, and looked him full in the face. He seemed astonished for an instant; but, before he could rally his resolution, the lamb began to paw and play with him. It is impossible to describe the effect this had upon him. His tail was between his legs; he appeared in the utmost dread, and slunk away confused and distressed. Presently, his new acquaintance invited him, by all manner of gambols, to be friendly with him. Gradually overcoming his fears, he accepted this brotherly challenge,

প্রথম উপাখ্যান।

ডালমেশীয় দেশের কুক্কুরের প্রতি হঠাৎ এক মেষ শাবকের স্নেহের কথা কহিলে ভেড়াদের স্বভাবের কিয়দংশ ও পশুজাতির পরস্পর সহজরূপ যে দয়া হয় তাহার এক নূতন দৃষ্টান্ত প্রকাশ হইবে।

এক ভ্রমণকারি সাহেব কহিয়াছেন যে গত গ্রীষ্মকালে ডেলমেশীয় দেশস্থ ডেনিশ নামক চিত্রিত এক কুক্কুর আমি সঙ্গে লইয়া গিয়াছিলাম। এই কুক্কুর অপেক্ষা নির্দ্দোষ ও ক্রীড়ক অন্য কেহ ছিল না। কম্বরলণ্ড ও স্কটলেণ্ড দেশের পর্ব্বতীয় স্থানে এই কুক্কুর মেষ শিকার করিতে বড় ভাল বাসিত এই পশুর পশ্চাদ্বর্ত্তী হইয়া বড়২ বক্র পর্ব্বতের মস্তকোপরি চতুরতা পূর্ব্বক তাহাদিগকে ভয় প্রদর্শন করিয়া যখন সন্তুষ্ট হইত তখন তাহাদিগকে পলাইতে ছাড়িয়া দিত কেননা তাহাদিগের ক্ষতি করিতে কখন সে চেষ্টা করিত না পরে লেজ লাড়িতে২ পুনর্ব্বার আমার কাছে ফিরিয়া আসিত, এবং বোধ হইত যে আমি তৎকালে তাহার গাত্রে হাত বুলাইলে সে বড় আহ্লাদিত হইত।

ষ্টরলিং দেশহইতে ৭ মাইল অন্তর কিনরোশনামক স্থানে আমি যখন যাইতেছিলাম তখন এই কুক্কুর এই রূপ খেলা করিতে২ আমার সহিত যাইতেছিল তাহাকে দেখিয়া ভেড়া সকল চতুর্দ্দিকে পলায়ন করিল কিন্তু একটা কাল ভেড়ার শাবক তাহারদিকে মুখ ফিরাইয়া অভিমুখ হইয়া চাহিয়া থাকিল। বোধ হইল যে তাহাতে সে আশ্চর্য্য জ্ঞান করিয়া তাহার মানস প্রকাশ করণের পূর্ব্বেই ঐ মেষ শাবক গুঁড়িমারিয়া তাহার সহিত খেলা করিতে লাগিল ইহাতে যে কি ফল হইল তাহা বর্ণনা করা দুঃসাধ্য। অনন্তর ঐ কুক্কুর স্বীয় লাঙ্গুল তাহার পাদদ্বয়ের মধ্যে প্রবেশ করাইলে তাহাতে বোধ হইল যে সে অত্যন্ত ভীত ও দুঃখিত হইয়া পলায়ন করিল। পরে তাহার ঐ নূতন আলাপি কুক্কুর নানা প্রকার ক্রীড়ার দ্বারা তাহার সহিত বন্ধুত্ব প্রকাশ করিতে লাগিল তাহাতে ঐ মেষ শাবকের ভয় ক্রমে দূর হইয়া মার্জ্জার শাবকের ন্যায় উভয়ে দৌড়া দৌড়ি করত মধ্যে২

and they raced away together, and rolled over one another like two kittens. Presently appeared another object of distress. The shepherd's boy came to reclaim his lamb; but it paid no attention except to the dog, and they were presently at a considerable distance. We slackened our pace for the convenience of the boy, but nothing would do; we could no more call off the dog, than he could catch the lamb. They continued sporting in this manner for more than a mile and a half. At length, having taken a circuit, they were in our rear; and after we had crossed a small bridge, the boy, with his pole, kept the lamb at bay, and at length caught him; and having tied his plaid round him, it was impossible for him to escape. Out of fear of the boy, and in obedience to us, the dog followed reluctantly; but the situation of the lamb all this time cannot be pictured; he made every possible attempt to pass the boy, and even determined to jump into the river rather than not follow the dog. This continued till the prospect closed, and we had lost sight of our new ally, whose unexpected offer of amity to the Dalmatian, seemed ever after to operate as a friendly admonition; for, from that day, he was cured of following sheep."

2nd Anecdote.

An English author says:—"A few evenings ago, as I was enjoying a walk with my dear Rachel, she led me through some verdant meadows, covered with the sheep of a neighbouring farmer. Many ewes and lambs were feeding near us, but one in particular drew our attention, by the singularity of its motions. She approached us, bleating very loudly, and after looking pitifully in my face, ran off towards the brook. At first we regard-

উপর্য্যুপরিভাব হইতে লাগিল ইতোমধ্যে হঠাৎ আর এই এক দুঃখের বিষয় উপস্থিত হইল যে মেষরক্ষক ঐ মেষ শাবককে লইতে আইল কিন্তু মেষশাবক অন্যান্য দিবসের ন্যায় তাহার কথায় মনোযোগ না করিয়া ঐ কুক্কুরের সহিত ক্রীড়াশক্ত হইয়া তথা-হইতে উভয়ে অতি দূরে গমন করিল তাহাতে আমি ঐ মেষপাল-কের উপকারার্থে উদ্যুক্ত হইলাম কিন্তু তদ্বিষয়ে আমাদের উভ-য়েরি চেষ্টা নিস্ফল হইল কেননা আমরা যত তাহাদের নিকট যাইতে লাগিলাম তাহারাও তত অন্তরহইতে লাগিল এই হেতুক সেও তাহার মেষ শাবককে ধরিতে পারিল না আমিও আমার কুক্কুরকে ধরিতে অশক্ত হইলাম। এই রূপ ক্রীড়া করত তাহারা কিঞ্চিন্ন্যূন এক ক্রোশ পর্য্যন্ত গমন করিল। অনন্তর আমরা কিঞ্চিৎ বক্রগমন করিয়া তাহাদিগকে পশ্চাৎ করত একটা ক্ষুদ্র সেতু পার হইলাম পরে ঐ বালক রাখাল একটা লগুর দ্বারা মেষ শাবককে আটক করিয়া ধরিল তৎপরে তাহাকে বন্ধ করাতে তাহার পলায়ন দুঃসাধ্য হইল, তাহাতে ঐ কুক্কুর রাখা-লের ভয়ে এবং আমার বশীভূততাহেতুক অসম্মত পূর্ব্বক আমার পশ্চাৎ আসিতে লাগিল কিন্তু ঐ সময়ে ঐ মেষ শাবকের যে অবস্থা তাহা বর্ণন করা যায় না, মেষ শাবক রাখালের হস্তহইতে মুক্ত হইবার নানা প্রকার চেষ্টা করত কুক্কুরের পশ্চাৎ আসিবার কারণ লম্ফদিয়া নদীতেও পড়িতে উদ্যত হইল যে পর্য্যন্ত পরস্পর উভয়ের দর্শন হইতে লাগিল তদবধি ঐ মেষ শাবক এই রূপ করিতে লাগিল, ডালমেশিয়ান কুক্কুরের এই অচিন্তনীয় বন্ধুত্ব দ্বারা তদবধি ভেড়ার পশ্চাৎ গমন স্বভাব নিবৃত্ত হইল।

দ্বিতীয় উপাখ্যান।

এক জন ইংরাজ গ্রন্থকর্ত্তা কহেন যে অল্পদিন হইল সায়ং কালে আমার প্রিয় রেচেলের সহিত আমি বেড়াইতেছিলাম। ইতোমধ্যে তিনি আমাকে শস্যক্ষেত্রযুক্ত মাঠে লইয়া গেলেন। মাঠ এক প্রতিবাসির মেষদ্বারা আচ্ছাদিত ছিল। তাহার মধ্যে কতগুলী ভেড়ী ও শাবক আমাদিগের নিকট চরিতেছিল তন্মধ্যে

ed her with a careless eye; but on a repetition of the same actions, bleating still louder, and again returning towards the water, showing an anxiety for us to follow her, by repeatedly looking behind her till she reached the brook, where she stood still, she excited more notice; and having watched her for some minutes, without being able to account for her behaviour, we continued our walk, and had nearly reached the gate that led into the next field, when she came running after us the third time, and seemed yet more earnest, if possible, than before. We then determined to follow her, in order to discover the cause of her uneasiness. As soon as we turned towards the rivulet, she ran with all her speed, looking frequently behind her. When we reached the brink of the stream, she peeped over the edge of a hillock into the water, looked up in our faces, as if to solicit our commiseration; and bleated with the most significant voice I ever heard from one of those creatures we call dumb. Judge of our surprise, when on looking over the brink, we perceived her lamb standing close under the hillock, with the water nearly over its back. Rachel ran to the farm-house for help, whilst I stood by the anxious mother, to assure her of our assistance. The lamb was presently rescued from its dangerous situation, when its fond dam began to lick and suckle it; looking up at us with pleasure, if not gratitude, and expressing her sensations by several cries very

একটা ভেড়ীর আশ্চর্য্য চলন দেখিয়া আমাদিগের তাহার প্রতি মন পড়িল এবং সেই ভেড়ী অতিশয় চীৎকার করত আমাদের প্রতি আসিয়া আমাদিগের মুখ দৃষ্টি করত মুখ-ভঙ্গিদ্বারা কাতরতা জানাইয়া একটা ক্ষুদ্র নদীর দিগে দৌড়িল। প্রথমতঃ তাহার প্রতি আমরা মনোযোগ করিলাম না কিন্তু সে এই রূপ বারম্বার করত যে পর্য্যন্ত সেই ক্ষুদ্র নদীতীরে না উত্তরিল তদবধি ব্যাগ্রতা পূর্ব্বক পশ্চাদ্ভাগে দৃষ্টি করিয়া তাহার পশ্চাৎ আমাদিগকে যাইতে জানাইল তখন আমাদের ঐ বিষয় জ্ঞাত হইবার ইচ্ছা আরও হইল তাহার এই সকল আচরণ আমরা বুঝিতে না পারিয়া ক্ষণকাল তাহার প্রতি দৃষ্টি করিয়া দেখিতে লাগিলাম পরে যে পর্য্যন্ত আর একটা মাঠের ফটকের নিকট আমরা না গেলাম তদবধি সে পুনর্ব্বার আমাদিগের পশ্চাৎ আরও ব্যাগ্রতা পূর্ব্বক আসিতে লাগিল। অনন্তর তাহার অসুখের কারণ জানিবার জন্য তাহার পশ্চাৎ যাইতে আমরা প্রতিজ্ঞা করিলাম এবং যখন আমরা সেই ক্ষুদ্র নদীর দিকে গমন করিতে লাগিলাম তখন সে অতি বেগে দৌড়িয়া আমাদের পশ্চাতে আসিতে লাগিল। যখন আমরা সেই নদীরধারে পৌছিলাম তখন একটা পাহাড়ের নিকট হইতে জলেরদিকে দৃষ্টি করিয়া আমাদিগের মুখ দৃষ্টি করিতে লাগিল কেননা যদি ইহাতেও তাহার প্রতি আমাদিগের মায়া হয় এবং এমত কাতরতা পূর্ব্বক চীৎকার করিতে লাগিল যে যাহাকে আমরা বোবা বলি এমন যে পশু তাহা হইতে এ রূপ চীৎকার কখন শুনা যায় নাই অতএব ইহাতে আমরা কত আশ্চর্য্য জ্ঞান করিলাম তাহা বিবেচনা কর। সেই সময় আমরা দেখিলাম যে সেই ভেড়ীর একটা শাবকের শরীর জলেতে প্রায় মগ্ন হইয়াছে এবং তাহার মাতাকে ভরসা দিবার কারণ তাহার নিকট আমি দাঁড়াইয়া থাকিলাম ও রাসেল তৎক্ষণাৎ ঐ শাবক তুলিবার কারণ আমাদিগের এক চাসার বাটীতে কোন বস্তু আনিতে গেলেন পরে ঐ ভেড়ীর শাবককে সেই আপদহইতে শীঘ্র উদ্ধার করা গেল তখন তাহার প্রিয় মাতা

different from those bleatings she had uttered in her distress.

The delight we felt was little inferior to that of this tender creature, whose maternal solicitude impelled her to a conduct that nearly approached to reason. Indeed, it is extremely difficult to fix the limit where instinct ends, and the reasoning faculty commences: so nearly interwoven are the gradations of being, that the distinctions are scarcely perceptible.

The farmer's wife was also well pleased at saving her lambkin, and entreated us to rest ourselves in her parlour, and partake of a bowl of raspberries and cream. We accepted her hospitable invitation, and were well entertained with her conversation, as she was qualified to give us much interesting information concerning the sheep. "Our shepherd," said she, "has had long experience in his business: he can readily distinguish, by the cries of the mother, whether a lamb be lost by drowning, falling into a pit, or destroyed by birds or beasts of prey.

"In the two first cases, she runs about in a frantic, disordered manner, utters a wild sort of cry, comes hastily back, and will look into the hole or pit where it is. If the lamb be carried away, her behaviour is still more disordered: she runs about from one of her neighbour's lambs to another, and the tremor of her voice shows the perturbation she suffers. Sometimes she expresses her woes in a long, melancholy tone; at other times, her bleat is a wild, inarticulate strain, expressive of her anguish. There are few creatures," continued she,

তাহাকে চাটিতে ও দুগ্ধ পান করাইতে লাগিল এবং আহ্লাদ পূর্ব্বক আমাদিগের পানে দৃষ্টি করিতে লাগিল আর দুঃখের সময় যাদৃশ চীৎকার করিয়াছিল তাদৃশ চীৎকার না করিয়া অন্য প্রকার চীৎকার ধ্বনি করিয়া আহ্লাদ জানাইতে লাগিল।

ঐ ভেড়ার শাবক যাদৃশ আহ্লাদিত হইয়াছিল আমরাও তাদৃশ আহ্লাদিত হইয়াছিলাম তাহার মাতা স্নেহেতে যে রূপ আচরণ করিয়াছিল সে প্রায় মনুষ্যের বুদ্ধির মত কিন্তু এ বিষয় নিশ্চয় করা বড় কঠিন পরমেশ্বর প্রাণিগত বিশেষ করিয়া যে বুদ্ধির তাৎপর্য্য বিশেষ করিয়াছেন সে কোথায় কেননা পরমে- শ্বরকৃত জীব সকল এ রূপ মিশ্রিত হইয়া রহিয়াছে যে তাহার প্রভেদ কদাচিত দৃষ্টি হয়।

ঐ মেষ শাবককে রক্ষা করাতে ঐ চাসার স্ত্রী আহ্লাদিতা হইয়া আমাদিগকে তাহার গৃহে লইয়া গিয়া রাসপবরি এবং সর আহার করিতে ও বিশ্রাম করিতে বিনতি করিতে লাগিল। আমরা তাহার দাতব্য নিমন্ত্রণ স্বীকার করিয়া তাহার বাক্য দ্বারা আমোদিত হইলাম, কেননা তিনি ভেড়ার উত্তম২ বিষয় আমাদিগকে জ্ঞাত করাইলেন; আর কহিলেন যে আমাদের বৃদ্ধ রাখাল রাখালি কর্ম্মে বহুদর্শী সে ভেড়ার চীৎকার দ্বারা জানিতে পারে যে তাহার শাবক জলে ডুবিয়াছে কি কোন গর্ত্তে পতিত হইয়াছে কিম্বা কোন পক্ষিদ্বারা অথবা কোন শিকারী পশুদ্বারা নষ্ট হইয়াছে।

যখন তাহার শাবক জলে কিম্বা গর্ত্তে পড়ে তখন সে উন্মত্তহইয়া দৌড়িয়া শব্দকরে ও শীঘ্র ফিরিয়া আইসে এবং যে গর্ত্তেতে সে পড়িয়া আছে সে স্থানে তাহাকে দেখে। যদ্যপি তাহার বাচ্চাকে কেহ মারিয়া লইয়া যায় তবে সে পূর্ব্বাপেক্ষা আরও অধিক উন্মত্ত হয় এবং সমীপস্থ তাবৎ ভেড়ার শাবকের নিকট দৌড়িয়া বেড়ায় তাহার গলার স্বরে এবং কাঁপুনিদ্বারা বোধ হয় যে সে বড় ব্যাকুল হইয়াছে। কখন২ খেদ প্রকাশক একটা বড় শব্দ করিয়া খেদ ব্যক্ত করে আর কখন২ খেদ বিজ্ঞাপক

"that defend their young with more warmth, as long as they are able, than the sheep; though, at other times, they are remarkable for the meekness of their spirit. When we put them to their mothers again after weaning, each sheep knows her own lamb, and ever after associates with it."

Upon this, I enquired how it was possible she could know that the lambs were recognised by their mothers; for to me all the sheep have the same countenances. "So far from that," replied the farmer's wife, "the shepherds know every sheep of the flock; and my husband remembers an instance of a man being hanged for sheep-stealing, at Bury St. Edmunds, on the oath of the prosecutor, who swore to the countenance of the sheep." We all agreed that we should be sorry to deprive a fellow-creature of life, on a circumstance that appears to us so uncertain; yet it was admitted as sufficient evidence in a court of justice. Rachel remarked, that though the innocent and gentle disposition of the sheep rendered it an amiable animal, she thought it had but little intelligence or attachment. The farmer's wife said that they were not so deficient in either, as they appeared to those not conversant with them, as she could prove by two stories she had heard from their shepherd, who was a Scotchman, and had witnessed the facts.

"No animal," resumed she, "is more attached to that spot of earth on which it was reared, than the sheep. A ewe that was driven from Scotland into Yorkshire, made her escape; and after passing through towns, crossing rivers, &c. revisited her native spot in the hills of Allandale. Another from Perthshire came back to

অস্পষ্ট ধ্বনিও করে। তিনি আরও কহিলেন যে সন্তানদিগকে স্নেহ দ্বারা সাধ্যানুসারে রক্ষা করে এমন পশু ভেড়া অপেক্ষা অল্প আছে। তথাচ কখন২ তাহারা মৃদু স্বভাবের নিমিত্তে খ্যাত হয়। দুগ্ধ ছাড়িলে পর তাহাদিগকে যখন আমরা তাহাদের মাতার নিকট রাখি তখন তাহারা তাহাদিগকে চিনিয়া লইতে পারে ও তাহাদের সহিত ব্যবহারও করে। *

ইহাতে আমি তাঁহাকে জিজ্ঞাসা করিলাম দেখ তাবৎ ভেড়ার মুখ সমান তবে তুমি ইহা কি রূপে জানিলা? তাহাতে তিনি উত্তর করিলেন এ বা কি বলিতেছ দেখ রাখালেরা তাবৎ ভেড়াকে চিনিতে পারে আর আমার স্বামী কহিয়াছেন যে এক ব্যক্তির একটী ভেড়া কেহ চোরি করিয়াছিল তাহাতে সে শপথ করিয়া কহিয়াছিল যে আমার অমুক আকৃতির অমুক ভেড়া হারাইয়াছে তাহাতে বেরিসেণ্টেডমনড়স নামক স্থানে সেই চোরের ফাঁসী হইয়াছিল। আমরা কহিলাম এ প্রকার অনিশ্চিত সাক্ষিদ্বারা এক ব্যক্তির প্রাণ নষ্ট করা উচিত নহে তাহাতে বিচার কর্ত্তারা এই সাক্ষিকেই বিশ্বাস করিলেন ইহা অন্যায় বোধ করিলেন না। চেরেল বলিলেন যদিও ভেড়ার স্বভাব নম্র ও নির্দ্দোষী হয় তথাপি ইহার বুদ্ধি ও ঘনিষ্টতা অল্প তাহাতে কৃষকের স্ত্রী কহিলেন তাহাদিগের এ দুই বিষয়ের এক বিষয় ও কম নহে যাহারা ইহাদিগের বিশেষ জ্ঞাত নহে তাহারাই কম জ্ঞান করে ঐ স্ত্রী এ বিষয়ের দুই প্রমাণ দিতে পারেন কেননা তিনি ইস্কচ জাতীয় প্রত্যক্ষ দর্শী এক রাখালের নিকট শুনিয়াছিলেন।

* সে কহিয়াছিল ভেড়া অপেক্ষা এমত কোন পশু নাই যে যে-স্থানে জন্মায় তাহার প্রতি এত ঘনিষ্টতা ও স্নেহ করে। একটা ভেড়িকে স্কটলণ্ডহইতে ইয়র্কশীর নামক স্থানে তাড়াইয়া দেওয়া গিয়াছিল তাহাতে সেই ভেড়ী তথাহইতে পলায়ন করিয়া নানা নগর ও নদ নদী অতিক্রম করত তাহার জন্ম স্থান আলাণ্ডেল নামক পর্ব্বতে আসিয়াছিল। আর একটা ভেড়ী পথশীর নামক স্থান হইতে হাণ্ডিশোপ নামক তাহার জন্ম স্থানে আসিয়া-

ছাগলের স্নেহ ও বুদ্ধি অতিরিক্ত হয় কেননা সে আপন সন্তান-দিগকে খেঁকশীয়ালি হইতে যে রূপে রক্ষা করে তাহা বড় আশ্চর্য্য। ছাগী দূর হইতে শত্রুদিগকে জানিতে পারে এবং আপন বাচ্চা-দিগকে নিবাড় বনে লুকাইয়া সাহসপূর্ব্বক ভয়ঙ্কর শত্রুকে বাধা দেয়। যেখানে ছাগলশাবক থাকে সেখানে শত্রু আইলে ধাড়িটা তাহাকে শৃঙ্গদ্বারা চারিদিগে আঘাত করে এবং যতক্ষণ পর্য্যন্ত শান্ত না হয় ততক্ষণ আপন সন্তানকে লইয়া যাইতে দেয় না।

চতুর্থ উপাখ্যান।

ডাক্তর ক্লার্ক সাহেব আপন ভ্রমণ বৃত্তান্ত গ্রন্থে কহিয়াছেন যে যখন আমরা যিরুশালম নগর হইতে বৈথ্লিহেম নগরে যাইতে ছিলাম তখন পথিমধ্যে আরব দেশীয় এক ব্যক্তিকে এক ছাগল সহিত দেখিলাম ঐ ব্যক্তি আপন ও ছাগলের দিনপাতের নিমিত্ত দেশে২ কৌতুক দেখাইবার কারণ লইয়া বেড়াইতেছেন। তিনি ঐ ছাগলকে এইরূপ শিক্ষা করাইয়াছেন যে সে ক্ষুদ্র২ কাষ্ঠের উপর পদদ্বারা আরোহণ করে প্রথমতঃ একটার উপর পরে দুইটার উপর তৎপরে ক্রমে তিনটা চারিটা পাঁচটা ছয়টার উপর উঠে যে পর্য্যন্ত সে অনেক ফিট উচ্চ না হয় এবং চারিটা পা এক স্থানে রাখে তথাপি ঐ ছোট২ কাষ্ঠকে ফেলাইয়া দেয় না। এই রীতি বড় পুরাতন এ বিষয়ে সেণ্ডিস সাহেবও লিখিয়াছেন। এই পশুর ইহা অপেক্ষা আরও আশ্চর্য্যতা আছে কেননা সে পর্ব্বতের উচ্চ নীচ ও কিনারায় পা দৃঢ় করিয়া রাখিতে পারে ইহাতে তাহাদের ক্ষুদ্র কাষ্ঠের উপর দাঁড়ান যে শক্তি সে অতি অল্প আশ্চর্য্য বোধ হয় কেননা অল্প এবং অন্যান্য পর্ব্বতীয় দেশের

mountainous countries, with hardly any place for its feet upon the sides, and by the brink of most tremendous precipices. The diameter of the upper cylinder, on which its feet ultimately remained until the Arab had ended his ditty, was only two inches, and the length of each cylinder was six inches.

5th Anecdote.

On the crag of a high rock, overhanging the sea, are the ruins of an ancient castle. One of the bastions remains nearly entire, along which, at a great height, runs a projecting ledge, perhaps a foot wide. A couple of goats, grazing about the ramparts, by some means got down upon the ledge, and one of them advancing till it arrived at an angle, was enabled to turn, but in its way back met its companion, which produced a most perplexing dilemma, for it was impossible to pass each other. Rachel and I having wandered near these ruins in order to gather some wild strawberries, which grow in the neighbouring woods, arrived at this critical moment, and were witnesses of their distress, without being able to assist them. The poor animals were sensible of their unfortunate situation, and uttered the most doleful cries. After anxiously viewing them for some minutes, we ran to some cottages at a little distance, to see if it was possible to discover any means of extricating them. Men, women, and children, led by curiosity, followed us to the spot, but they could only sympathize with the poor animals, without daring to attempt their relief, lest they should be precipitated on the rocks beneath. Many plans were proposed, but all ineffectual. After a considerable time, when hope had almost given place

পাহাড়ের অতি উচ্চ ও ভয়ানক শৃঙ্গোপরি ও পার্শ্বে যে স্থানে পা রাখিবার স্থান নাই এমত স্থানেও ইহারা দাঁড়াইতে পারে। এবং যে পর্য্যন্ত ঐ আরবের গীত সমাপ্ত না হইয়াছিল সে পর্য্যন্ত ঐ ছাগল ক্রমাগত কাষ্ঠের উপর পা রাখিয়াছিল ঐ সর্ব্বোপরিস্থ কাষ্ঠের ব্যাস দুই ইঞ্চ আর প্রত্যেক কাষ্ঠ ছয় ইঞ্চ লম্বা।

পঞ্চম উপাখ্যান।

সমুদ্রের তটে একটা উচ্চ পর্ব্বতের নিম্ন স্থানে পুরাতন গড়ের ভগ্ন ইষ্টকাদি পড়িয়া রহিয়াছে কিন্তু একটা বুরুজ কেবল অক্ষুণ্ণ ছিল তৎপার্শ্বস্থ পর্ব্বতের একটা বড় শৃঙ্গ ছিল সে প্রায় এক ফুট চৌড়া। দুইটা ছাগল ঐ গড়ের প্রাচীরের চতুর্দ্দিকে চরিতে ছিল তাহারা কোন কৌশলে ঐ পর্ব্বত শৃঙ্গোপরি গিয়াছিল পরে ক্রমে২ গমন করত একটা কোণে উত্তরিয়া প্রশস্ত স্থান পাইয়া ফিরিল পরে দেখিল যে তাহার সমভিব্যাহারি আসিতেছে তাহাতে বড় বিপদ উপস্থিত দেখিল কেননা তাহাতে উভয়ের গমনাগমন নির্ব্বাহ হয় না। ঐ স্থানের নিকটবর্ত্তি স্থানেতে ষ্ট্রবেরি ফল জন্মে তাহাই আনিবার কারণ রাচেল ও আমি তথায় গিয়াছিলাম যৎকালে তাহারা ঐ রূপ বিপদে পড়িয়াছিল তৎকালে আমরাও তথায় উপস্থিত হইলাম কিন্তু তাহাদিগকে আশ্রয় দিতে সক্ত হইলাম না ঐ পশু তাহাদিগের দুঃখাবস্থা জানিয়া খেদ প্রকাশক শব্দ করিতে লাগিল কিঞ্চিৎ কাল আমরা তাহা ইচ্ছাপূর্ব্বক দেখিয়া কিয়দ্দূরে কতগুলা কুঁড়ে ঘরের নিকট গমন করিলাম তাহার কারণ এই যে যদ্যপি কোন উপায় করিতে পারি তবে এই ছাগল দুইটাকে বাঁচাই। তত্রস্থ আবাল বৃদ্ধ বনিতারা আশ্চর্য্য জ্ঞান করিয়া আমাদের পশ্চাতে সেই স্থানে আসিল কিন্তু তাহারাও পর্ব্বতের নীচে পতনভয়ে সাহসপূর্ব্বক আশ্রয় দিতে না পারিয়া আমাদিগের ন্যায় পর দুঃখে দুঃখিত হইল পরে অনেক কৌশল করা গেল বটে কিন্তু

to despair, one of the goats was observed to kneel down with great caution, and crouch as close as it could lie, which was no sooner done, than the other, with great dexterity, walked over him, and they both returned the way they came, in perfect safety.

The Goat of Angora

Is well known for its long hair, which is thick, glossy, of a dazzling whiteness, and so fine, that clothes, as beautiful as silk, known among Englishmen by the name of *camblets*, are made of it. Its ears are long and pendulous. The male is furnished with horns, curiously twisted, which proceed horizontally from each side of the head, forming a screw; those of the female are shorter, and encircle the ear somewhat like those of the common ram. They inhabit the rocky mountains of Pontus, where they experience a considerable degree of cold: they would probably thrive in Britain as well as in their native country. The same might be said of the *Goat of Thibet*, so famous for the fineness of its wool. It lives in a climate, colder than ours in winter, and might probably be transplanted with success.

In Portugal there is a breed of fine large *Goats*, remarkable for yielding a great quantity of milk, a gallon and a half per day. These if introduced into the navy might be of infinite service in long voyages.

Experiments of this kind would certainly be attended with many great advantages; and it were much to be wished, that the great and opulent would employ some portion of their time and affluence in procuring, from distant countries, such useful animals as would propagate in India, and are yet unknown in it. By

তাবৎ বৃথা হইল। অনেক ক্ষণের পর যখন আমরা নিরাশা হইলাম তখন একটা ছাগলকে দেখা গেল যে হাঁটু গাড়িয়া গুড়ি মারিয়া শুইয়া আছে তৎক্ষণাৎ অন্য ছাগলটা অতিশয় চতুরতা পূর্ব্বক তাহাকে লঙ্ঘন করিয়া গমন করিল পরে তাহারা উভয়েই যে পথে আসিয়াছিল সেই পথে নির্ভয়ে চলিয়া গেল।

আনগোরার ছাগল।

এই জাতীয় ছাগল কেশের নিমিত্তে উত্তম রূপে জানা যায় তাহার চুল মোটা ও চিক্কণ ও বড় শাদা এবং এমত উত্তম যে রেশমের ন্যায় ভাল কাপড় তদ্দ্বারা নির্ম্মিত হয় এবং তাহাকে ইংরাজেরা কেমলেট কহে। ইহার কর্ণ লম্বা ও লোলিত। পুংছাগলের আশ্চর্য্য বক্র শৃঙ্গ আছে তাহা মস্তকের দুই পার্শ্ব হইতে উঠিয়া ইসক্রুর ন্যায় হইয়াছে আর স্ত্রী ছাগির শৃঙ্গগুলা কিছু ছোট এবং সাধারণ ভেড়ার মত কর্ণের চতুর্দ্দিগে বেষ্টিত হইয়াছে এই জাতীয় ছাগলেরা পনটসের পর্ব্বতীয় স্থানে বাস করে এবং তথায় তাহারা অধিক শীত সহ্য করে অনুমান হয় যে তাহারা বৃটেন ও তাহাদের জন্ম স্থানে বর্দ্ধিত হয়। তিব্বতের ছাগল পশমের উৎকৃষ্টতার কারণ বড় খ্যাত্যাপন্ন তাহাও বোধ হয় অন্য২ স্থানে হৃষ্টপুষ্ট হয় ইহা শীতকালে ইংলণ্ডাপেক্ষা অধিক শীত স্থানে বাস করে এবং তন্নিমিত্তে অনুমান হয় যে অন্য স্থানে ইহাকে বাস করান যায়।

পোর্ত্তুগেলে এক জাতীয় উত্তম ছাগল আছে তাহারা প্রতি দিন প্রায় সাড়ে চারি সের দুগ্ধ দেয় এই নিমিত্তে বড় খ্যাত্যাপন্ন হইয়াছে। ইহা নাবিকদের মধ্যে রাখিলে অধিক দূর স্থান গমনে অসংখ্য লভ্য হয়।

এইরূপ পরীক্ষায় অধিক লভ্য আছে এবং ইহা আমাদের বড় ইচ্ছা যে বড় ধনি ও মান্য ব্যক্তিরা কিঞ্চিৎ ব্যয় ও পরিশ্রম করিয়া দূর স্থান হইতে এই পশুদের আনিয়া এই দেশে প্রতিপালন

This means many of our lofty mountains might contribute to support a variety of useful creatures, that would, at the same time, beautify the most barren and rugged parts of our country.

The Syrian Goat.

M. Buffon makes this a variety of the Goat of Angora; it differs from that of England in nothing more than the length of its ears, which are pendulous, and from one to two feet long: they are often troublesome to the creature in feeding: for which reason, the owners are sometimes obliged to cut one of them off. Their horns are short and black. They are very numerous in the neighbourhood of Aleppo, and supply the inhabitants with milk, which they prefer to that of the cow or buffalo.

In America, there are *Goats* of a small kind, not much larger than a kid, with long hair: the horns, which are short and thick, bend downwards so close to the head, as almost to penetrate the skull. These are, in every respect, similar to the *Dwarf* Goat found in Africa, and according to Buffon, have been sent from that country. It is certain that, before the discovery of America by the Spaniards, the goat and every other domestic animal were unknown there.

The Mouflon or Musmon.

The Musmon, is neither sheep nor goat, but has a strong affinity to both. Though covered with hair, it bears a strong similitude to the ram: its eyes are placed near the horns; and its ears are shorter than those of the goat: its horns resemble those of the ram, in

করেন। এই উপায়দ্বারা বড় উচ্চ পাহাড়ে অনেক প্রকার আব-শ্যক পশু প্রতিপালনহইতে পারে এবং দেশের মরুভূমি ও উচ্চ নীচ স্থান সকল সুন্দর হইতে পারে।

সিরিয়া দেশের ছাগল।

বফন সাহেব কহেন সিরিয়া দেশের ছাগল এঙ্গোরা দেশের ছাগলের ন্যায় ইংলণ্ডীয় ছাগলের সহিত এই জাতীয় ছাগ-লের কেবল এই ভিন্নতা আছে যে ইহার কর্ণ লম্বা ও লোলিত এবং এক ফুট অবধি দুই ফুট পর্য্যন্ত লম্বা। ঐ কর্ণের নিমিত্তে ছাগলেরা সড় সুগমে থাকিতে পারে না এই প্রযুক্ত ছাগলাধি-কারিরা কখন২ তাহাদের একটা কর্ণ কাটিয়া ফেলে। তাহাদের শৃঙ্গ ছোট ও কাল। এলেপোর নিকটে এই ছাগল অসংখ্য পাওয়া যায় এবং তত্রস্থ লোকদিগকে দুগ্ধ দেয় ঐ দুগ্ধ সেখানে লোকেরা গরু ও মহিষের দুগ্ধাপেক্ষা মনোনীত করে।

আমেরিকা দেশের ছাগল ছোট ও অন্য দেশের ছাগলের বাচ্চা অপেক্ষা কিছু বড় ও তাহার চুল লম্বা ও শৃঙ্গ গুলা ছোট ও মোটা এবং মস্তকের নিকটে এমত বক্র হইয়াছে যে প্রায় করোটির ভিতর প্রবেশ করিয়াছে। আফ্রিকা দেশের বামনিয়া ছাগলের সহিত তাহাদের প্রায় ঐক্য হয় এবং বফন সাহেব কহেন ইহাদিগকে আফ্রিকাহইতে অন্য২ দেশে পাঠান গিয়াছিল। ইহা নিশ্চয় জানা গিয়াছে স্পেন দেশস্থ লোক দ্বারা আমেরিকা প্রকাশ হওনের পূর্ব্বে ঐ স্থানে ছাগল এবং অন্য২ পালিত পশু ছিল নাই।

মজমন।

মজমন নামক পশু না ছাগল না মেষ কিন্তু উভয় অবয়বই ইহাতে আছে। ইহার শরীর লোম দ্বারা আবৃত একারণ ভেড়ার সহিত ইহার অনেক সাদৃশ্য আছে ইহার চক্ষু শৃঙ্গের নিকট স্থাপিত এবং ইহার কর্ণ ছাগলের কর্ণ অপেক্ষা

being of a yellow colour and a triangular shape; they likewise bend backward behind the ears: in some they grow to an amazing size, and measure above two yards long. The general colour of the hair is reddish brown: the inside of the thighs and belly white, tinctured with yellow; the muzzle and inside of the ears are of a whitish colour; the other parts of the face are of a brownish grey. The Musmon is found in the wild and uncultivated parts of Greece, Sardinia, Corsica, and in the deserts of Tartary. The form of this animal is strong and muscular, and it runs with great agility It is very timorous, and, when old, is seldom taken alive: it frequents the highest summits of the mountains, and treads securely on the most dangerous precipices. The old rams have often furious battles with each other, in which one of the contending parties will sometimes be thrown down from the heights on which they stand, and dashed in pieces at the bottom. If their horns should by accident entangle, they have been known to fall and perish together.

The chase of the Musmon is attended with great danger; at the sight of a man, they fly to the highest parts of the rocks, where they cannot easily be followed. The Tartars pursue them with horses and dogs, and surrounding a pretty large tract of land, drive them towards the centre, where they are caught.

The Kamschatkans pass the latter part of the summer, with all their families, among the mountains, in pursuit of these animals. The flesh and fat of the young Musmon are esteemed by the natives, as most delicious eating. The skins serve them for warm raiment and coverings; the horns are made use of for a variety of domestic purposes.

ছোট ও শৃঙ্গ ভেড়ার শৃঙ্গের মত আর পীতবর্ণ ও ত্রিকোণ এবং কর্ণের পশ্চাৎ বক্র হইয়া গিয়াছে কোন শৃঙ্গের পরিমাণ দুই গজ হইতেও অধিক ইহার লোম সচরাচর ঈষৎ রক্তবর্ণ আর উরুদেশের ভিতরদিক ও পেট শাদা কিন্তু পীত বর্ণের আভাতে চিহ্নিত আছে ইহার মুখ ও কর্ণের ভিতর ঈষৎ শাদা ও মুখের অন্যান্য স্থানের বর্ণ অল্প পাটখিলা ও মেটেলাটে। ইহাদিগকে গ্রীশ ও সারডীনিয়া ও করসিকা দেশের বন্য স্থানে এবং টারটরি দেশের মরুভূমিতে পাওয়া যায়। এই পশুর আকার শক্ত ও স্থূলাকার এবং চতুরতা পূর্ব্বক বড় দৌড়ে এবং ইহারা বড় ভীত এবং যখন বৃদ্ধ হয় তখন ইহাদিগকে কদাচ ধরা যায় পর্ব্বতের অত্যুচ্চ স্থানে ইহাদিগকে পাওয়া যায় এবং পর্ব্বতের আপদীয নিম্ন স্থানে নির্ভয়ে চলিয়া যায়। বৃদ্ধ ভেড়াদের মধ্যে সর্ব্বদা পরস্পর বড় যুদ্ধ হয় তাহাতে যে নীচে পড়ে সে চূর্ণ হইয়া যায় কিন্তু এমত দেখা গিয়াছে যে যদ্যপি দৈবাৎ তাহাদিগের শৃঙ্গে ২ যোড়া লাগিয়া যায় তবে তাহারা উভয়েই পাতন চূর্ণ হয়।

এই পশুকে শিকার করা বড় দুর্ঘট যখন তাহারা এক জন মানুষকে দেখে তখন তাহারা পাহাড়ের এমত উচ্চ স্থানে যায় যে সেখানে শীঘ্র তাহাদিগকে কেহ তাড়াইয়া লইয়া যাইতে পারে না। টারটরেরা ঘোড়া ও কুক্কুর লইয়া তাহাদিগকে শিকার করিতে যায় এবং খানিক স্থান ঘেরিয়া তাহার মধ্য স্থানে তাহাদিগকে তাড়াইয়া লইয়া যায় সেই স্থানে তাহারা ধরা পড়ে।

কামশাটকা দেশীয় লোকেরা গ্রীষ্মকালের শেষে এই পশু শিকার করিবার কারণ সপরিবারে এই পর্ব্বতের উপর থাকিয়া কালক্ষেপণ করে। এই পশুর শাবকের মাংস ও চর্ব্বী তাহারা বড় সুখাদ্য বোধ করে ইহার চর্ম্মেতে তাহাদের উষ্ণ বস্ত্র প্রস্তুত হয় আর ইহাদের শৃঙ্গ হইতে নানা প্রকার গৃহ কার্য্য হয়।

The Mouflon has been known to breed with the sheep, and from that circumstance, is supposed, by M. Buffon and others to be the primitive race.

The female of this species is rather less than the male: and her horns never grow to that prodigious size. Those of Kamschatka are so strong, that ten men can scarcely hold one; and the horns so large, that young foxes often shelter themselves in the hollow of such as fall off by accident. They grow to the size of a young stag, copulate in autumn, and bring forth one young at a time, though sometimes two.

The Ibex.

M. Buffon considers the Ibex as the stock from which the common goat has descended; and though somewhat larger, it has certainly a near resemblance to that animal. The head, in proportion to the body, is small; the eyes are large, round, and brilliant; and the knotty incurvated horns measure from two to four feet in length: they are flattened before, round behind, and divided by several transverse ridges; and are of a dusky brown colour. The beard is long; the body short, thick, and strong; and the tail short and naked beneath. The hair is long, and of a brownish or ash colour, with a streak of black running along the back. The belly and thighs are of a delicate fawn colour. The female is about a third less than the male, and not so corpulent. Her colour is less tawny, and the length of her horns seldom exceeds eight inches.

These animals are principally found on the Pyrenean and Carpathian mountains, the highest points of the Rheatian Alps, and the lofty hills of Crete; where they assemble in flocks, consisting of sometimes ten or fif-

ভেড়ার সহিত এই জাতীদের সংঘটন হয় এপ্রকারে বফন ও অন্যান্য গ্রন্থকর্ত্তারা কহেন যে এই জাতি আসল ও ইহাহইতে অন্যান্য জাতির উৎপত্তি হইয়াছে।

এই জাতীয় পশুর স্ত্রীগুলা পুরুষ জাতি অপেক্ষা ক্ষুদ্র ও তাহাদের শৃঙ্গ তদ্রূপ বড় হয় না। কামশাটকা দেশের মেষ এমত বলবান্ যে দশ জন লোকেও তাহাদিগকে ধরিতে পারে না তাহাদের শৃঙ্গ এমত বৃহৎ যে তাহার দৈবাৎ পতিত শৃঙ্গের কোটর মধ্যে খেঁকশিয়ালির শাবক আশ্রয় লইয়া থাকিতে পারে। তাহারা ছোট হরিণের মত প্রথম হয় এবং শরৎকালে তাহারা একটা কিম্বা দুইটা শাবক প্রসব করে।

আইবেক্স অর্থাৎ রামছাগল।

বফন সাহেব কহেন যে আইবেক্স পশু অর্থাৎ রামছাগল হইতে সামান্য ছাগল উৎপত্তি হইয়াছে এবং ছাগলাপেক্ষা ইহার গঠন বড় হইলেও এই পশুর ছাগলের সহিত অনেক ঐক্যতা আছে। ইহার মস্তক শরীরানুসারে ক্ষুদ্র ও চক্ষু বড় ও গোল এবং তেজস্কর ও ইহার কোঁকড়া২ গোল শৃঙ্গ দুই ফিট অবধি চারি ফিট পর্য্যন্ত লম্বা ঐ শৃঙ্গ সম্মুখে চেপটা ও পিছে গোল ও অনেক রেখা দ্বারা বিভক্ত হইয়াছে এবং পিঙ্গল বর্ণ। ইহার দাড়ি লম্বা ও শরীর ছোট মোটা এবং বলবান্ এবং লেজ ছোট ও নীচে লোম রহিত। ইহার চুল লম্বা ও ঈষৎ পাটখিলা বর্ণ এবং পৃষ্ঠের উপরে একটা কাল দাগ আছে। ইহার পেটে ও উরুদেশে হরিণের বাচ্চার রঙ্গ আছে। স্ত্রী রামছাগল পুং রামছাগলের শরীরের তিন ভাগের এক ভাগ ছোট ও এমন স্থূলাকার নহে। স্ত্রী রামছাগলের বর্ণ কম তাম্রবর্ণ এবং ইহার শৃঙ্গ প্রায় আট ইঞ্চ অপেক্ষা বড় নহে।

পইরিনিয় এবং কারপেথিয় পর্ব্বতে এবং রিতিয়ন আল্প পর্ব্বতের উচ্চ স্থানে এবং ক্রীটী উপদ্বীপে এই সকল পশুকে পাওয়া যায়। ঐ সকল স্থানে তাহারা দলবদ্ধ হইয়া থাকে এবং প্রত্যেক দলেতে সর্ব্বদা দশ কিম্বা পনের থাকে কিন্তু সর্ব্বদা ইহা অপেক্ষা কম থাকে। তাহারা রাত্রিতে অতি উচ্চ বনে

ten, but generally of smaller numbers. They feed during the night in the highest woods, and ascend the mountains, feeding in their progress, till they have gained the most considerable heights. They are commonly seen on the sides of those mountains which face the east or south, and repose in the highest places and hottest exposures; but when the sun is declining, they again descend towards the woods; and there they also pass the winter.

It has been observed, that the males which have attained the age of six years or upwards, frequent more elevated places than the females and younger animals; and, as they advance in age, they become more inclined to solitude. They also become gradually hardened against the effects of extreme cold.

The season for hunting these quadrupeds is during the months of August and September, when they are in good condition. None but the inhabitants of the mountains, however, engage in this chase; for it not only requires a head that can look down from the most tremendous acclivity without terror, but also much strength, activity, and address. On these occasions, two or three hunters usually associate armed with rifle-barrelled guns, and furnished with small bags of provisions; they erect a miserable hut of turf among the heights, where without fire or covering, they pass the night; and, on waking in the morning, they not unfrequently find the entrance blocked up with snow three or four feet deep. Sometimes, also, while in pursuit of their prey, being overtaken by darkness, amid crags and precipices, they are compelled to pass the whole night standing, and embraced together, in order to support each other, and to prevent themselves from sleeping.

As the animals ascend into the higher regions very early in the morning, it is necessary to gain the heights before them; otherwise they scent the hunters, and fly off to a distance of several leagues. Their strength is also so prodigious, that when close pressed, they sometimes turn upon the incautious huntsman, and tum-

চায় কিন্তু প্রাতঃকাল হইলে বনহইতে পর্ব্বতের উপরে উঠিয়া যে পর্য্যন্ত অতি উচ্চ স্থানে না উঠে সেই পর্য্যন্ত আহার করিতেং যায় যে সকল পর্ব্বতের পূর্ব্বদিকেও কিম্বা দক্ষিণদিকে মুখ হয় সেই সকল পর্ব্বতের পার্শ্বে তাহাদিগকে দেখা যায় এবং সূর্য্য কিরণান্বিত উচ্চ ভূমিতে তাহারা বিশ্রাম করে। যখন সূর্য্য অস্তগত হন তখন তাহারা বনে গমন করে এবং তথায় শীতও কাটাইয়া থাকে।

কথিত আছে যে পুং আইবেক্স পশুরা যখন ছয়বৎসর কিম্বা তদধিক বয়ঃপ্রাপ্ত হয় তখন তাহারা স্ত্রী ও বাচ্ছা অপেক্ষা অধিক উচ্চ স্থানে গমন করে এবং যত বয়োধিক হয় তত নিভৃত স্থানে থাকিতে রত হয়। তাহারা অত্যন্ত শীত সহ্য করিতে ক্রমে২ দৃঢ়তর হয়।

ভাদ্র এবং আশ্বিন মাসেতে এই চতুষ্পাদেরা উত্তম অবস্থাতে থাকে সেই সময়ে তাহাদিগকে শীকার করিবার কাল। এই পশু শীকার করিতে পর্ব্বতীয় লোক ব্যতিরেকে অন্য কেহ প্রবর্ত্ত হয় না কেননা এই নির্ভয় পশু শীকারীর অতি উচ্চস্থান হইতে নীচে যে দৃষ্টি করা কেবল এমত নয় কিন্তু বল এবং চতুরতাও আবশ্যক করে। দুই কিম্বা তিন জন শীকারী একত্র হইয়া বন্দুক এবং খাদ্যদ্রব্যযুক্ত থলী লইয়া সর্ব্বদা যায় তাহারা পর্ব্বতের উচ্চ স্থানে ঘাসের চাপড়া দিয়া অতিক্ষুদ্র গৃহ নির্ম্মাণ করিয়া থাকে সেখানে অগ্নি এবং গাত্রাবরণ না পাইয়া রাত্রি প্রভাত করে এবং প্রাতঃকালে উঠিয়া তাহারা প্রত্যহ দৃষ্টি করে যে পথের মধ্যে তিন ফীট কিম্বা চারি ফীট বরফ উচ্চ হইয়াছে। এই পশু শীকার করণ কালীন কখন২ পর্ব্বতের উচ্চ নীচ স্থানে রাত্রি হয় তখন তাহাদের দণ্ডায়মান হইয়া সমস্ত রাত্রি কাটাতে হয় ও তাহারা নিদ্রা নিবারণার্থে পরস্পর আলিঙ্গন করিয়া থাকে।

এই পশুরা অতি প্রত্যূষে উচ্চ স্থানে গমন করে অতএব শীকারী-দের পূর্ব্বে সেই স্থানে যাওয়া উচিত নতুবা ঐ পশু সকল শীকা-রীদের গন্ধ পাইয়া অধিক ক্রোশ দূরে পলায়ন করে। তাহাদি-গের বল এমত যে অসাবধান শীকারীকে উচ্চ পর্ব্বত হইতে

ble him down the precipices, unless he has time to lie down, and let the animal bound over him. Some authors have likewise asserted, that when they cannot otherwise avoid the hunter, they will even precipitate themselves from the summits of the rocks and fall on their horns in such a manner as to escape unhurt; or that they will suspend themselves by their horns over the precipices, by a projecting tree, and remain in that situation till the pursuer abandon his fruitless efforts.

We are assured on respectable authority, that the Ibex will mount a perpendicular rock of fifteen feet at three successive bounds, of five feet each. If he happen to be between two rocks which are near each other, and he want to reach the top, he leaps from the side of one rock to that of the other alternately, till he has attained the summit. The forelegs of these animals being considerably shorter than the hinder ones, enables them to ascend with much more ease than to descend; hence nothing but the severest weather can induce them to go down into the valleys.

The voice of the Ibex is a short acute whistle, somewhat like that of the Chamois, but of less continuance. The female seldom produces more than one kid at a time; but towards this she exhibits the utmost maternal tenderness.

The Chamois Goat.

The Chamois, though a wild animal, is very easily made tame and docile. It is to be found only in rocky and mountainous places; is about the size of the domestic goat, and resembles it in many respects. It is most agreeably lively, and active beyond expression. The hair is short like that of the Doe; in spring, it is of an ash colour; in autumn, dun; and in winter, of a blackish brown.

ফেলিয়া দিতে পারে যদি সেই শীকারী না শুয়ে পড়ে এবং ঐ পশু তাহাকে উল্লঙ্ঘন না করে। কোন২ গ্রন্থকর্ত্তারা আরও কহিয়াছেন যে যখন তাহারা শীকারী হইতে মুক্ত হইতে না পারে তখন তাহারা পর্ব্বতের মস্তক হইতে শৃঙ্গ দিয়া এমত রূপে আস্তে নীচে পড়ে যে কোন বেদনা না পাইয়া রক্ষা পায় কিম্বা তাহারা শৃঙ্গের দ্বারা পর্ব্বতের নীচে কোন বৃক্ষেতে বদ্ধ হইয়া ঝুলে এবং ঐ অবস্থাতে তদবধি থাকে যে পর্য্যন্ত শীকারী তাহার নিষ্ফল চেষ্টা হইতে ক্ষান্ত না হয়।

কোন এক মান্য গ্রন্থকর্ত্তা হইতে আমরা জ্ঞাত হইয়াছি যে এই পশু ১৫ ফিট উচ্চ সোজা পর্ব্বতে তিন লম্ফ দিয়া উঠে অর্থাৎ প্রত্যেক লম্ফেতে পাঁচ ফিট উঠে। যদি দুই পর্ব্বত নিকটে থাকে তবে উভয় পর্ব্বতে লম্ফ দিতে২ তাহার মস্তকোপরি উঠে। এই পশুর পশ্চাৎ ভাগের পদদ্বয় হইতে সম্মুখের পদদ্বয় অনেক খর্ব্ব এইনিমিত্তে নীচে আগমন অপেক্ষা ঊর্দ্ধে উঠিতে অনায়াসে পারে আর অতি দুর্জ্জয় কাল না হইলে তাহারা পর্ব্বতের অধোগমন করে না।

এই পশুর স্বর অতি সূক্ষ্ম এবং চাময় পশুর স্বরের কিঞ্চিৎ সদৃশ কিন্তু সে শব্দ অল্পকাল স্থায়ী। স্ত্রী পশুরা এক সন্তান অপেক্ষা অধিক সন্তান প্রসব করে না বটে কিন্তু সেই সন্তানের প্রতি অতিশয় স্নেহ প্রকাশ করে।

চাময় ছাগল।

চাময় নামক যে ছাগল সে বন্য বটে তথাচ তাহাকে পোষ্য বশ্য ও শিক্ষিত করা যায়। এই পশু পাহাড় পর্ব্বতের উপর কেবল পাওয়া যায় ইহার আকৃতি প্রায় পালিত ছাগলের ন্যায় এবং তাহার সহিত অনেক প্রকারে তুলনা করা যায়। এই পশু বড় চঞ্চল ইহার চতুরতা বর্ণনা করা যায় না। মৃগির চুলের ন্যায় ইহার চুল খর্ব্ব, বসন্তকালে ইহারা পাণ্ডু বর্ণ হয় ও শরৎকালে পিঙ্গল বর্ণ এবং শীতকালে ঈষৎকাল ও পাটখিলা বর্ণ হয়।

This animal is found, in great plenty, in the mountains of Dauphiny, Piedmont, Savoy, Switzerland and Germany. They are very gentle, and live in society with each other. They are found in flocks from four to fourscore, and even an hundred, dispersed upon the crags of the mountains. The large males are seen feeding detached from the rest, except in rutting time, when they approach the females, and drive away the young. The time of their coupling is from the beginning of October to the end of November, and they bring forth in March and April. The young keep with the dam for about five months, and sometimes longer, if the hunters and the wolves do not separate them. It is asserted, that they live between twenty and thirty years. Their flesh is good to eat; and they yield ten or twelve pounds of suet, which far surpasses that of the goat in hardness and goodness.

The Chamois has scarcely any cry: it has a kind of feeble bleat, by which the parent calls its young; but in cases of danger, in order to warn the rest of the flock, it uses a hissing noise which is heard at a great distance: for it is to be observed, that this creature is extremely vigilant, and has an eye remarkably quick and piercing: its smell also is not less distinguishing. When it sees its enemy distinctly, it stops for a moment; and if the person be near, it flies off in an instant. In the same manner, by its smell, it can discover a man at half a league distance, and immediately gives notice. Upon the least alarm, the Chamois begins its hissing note with great force. The first hiss continues as long as the time of one respiration: in the beginning it is very sharp, and deeper towards the close. The animal having, after this first alarm, reposed a moment, again looks round; and perceiving the rea-

তাক্কিনি ও পীডমণ্ড ও স্যাবয় ও সুইটর্জলাণ্ড এবং জর্মনি এই সকল দেশের পর্ব্বতে এই পশু অধিক পাওয়া যায়। তাহারা অতিশয় নম্র ও পরস্পর মেলক। তাহাদিগের পালে চারিটা অবধি চারি কুড়ি পর্য্যন্ত থাকে এবং কখন২ এক পালে এক শতও পর্ব্বতের আড়ারিতে পাওয়া যায়। বড়২ এই পশু গুলা মাদি পশুহইতে অন্তরে২ চরিয়া বেড়ায় কিন্তু তাহাদের ঋতুকাল উপস্থিত হইলে তাহাদের নিকট আসিয়া ছানাগুলাকে তথাহইতে তাড়াইয়া দেয়। তাহাদের ঐ পুংসংযোগের কাল আক্টোবরের প্রথম দিনহইতে নবম্বরের শেষ পর্য্যন্ত আর মার্চ্চ ও এপ্রেল মাসে তাহারা প্রসব হয়। তাহাদিগের ছানারা কখন ৫ মাস কিম্বা ততোধিক ধাড়ির নিকট থাকে যদ্যপি শিকারী ও নেকড়িয়া ব্যাঘ্র তাহাদিগকে অন্তর না করে। কথিত আছে যে তাহারা ২০। ৩০ বৎসর পর্য্যন্ত বাঁচে। তাহাদের মাংস খাইতে ভাল এবং তাহাদের শরীরহইতে ৫। ৬ সের চর্ব্বি পাওয়া যায় সেই চর্ব্বি সামান্য ছাগল হইতে শক্ত এবং উত্তম।

এই পশু কদাচিৎ চীৎকার শব্দ করে ইহার এক প্রকার মৃদু ডাক আছে তদ্দারা ইহারা শা বকদিগকে ডাকে কিন্তু বিপদ সময়ে অন্য পালদিগকে সাবধান করিবার জন্যে এক প্রকার শব্দ করে তাহা কিছু দূরহইতে শুনা যায় কেননা এই পশু বড় সতর্ক এবং ইহাদিগের চক্ষু বড় তীক্ষ্ণ ও দূরদৃষ্টি আর ঘ্রাণ শক্তিও কিছু কম নয়। যখন ইহারা শত্রুদিগকে স্পষ্টরূপে দেখিতে পায় তখন তাহারা কিছু কাল স্থির হয় এবং যদি ঐ পশু নিকটস্থিত হয় তবে অতিবেগে পলায়ন করে এই রূপ ঘ্রাণদ্বারা দেড় মাইল দূরহইতেও টের পাইয়া তৎক্ষণাৎ অন্যান্য পালদিগকে সমাচার দেয়। অল্প ভয় পাইলেই এই পশু অতিশয় শব্দ করিতে থাকে প্রথম শব্দ এক দম পর্য্যন্ত থাকে তাহা প্রথম সূক্ষ্ম পরে ক্রমে ঘন হয়। এই পশু প্রথম ভয় পাওনের পর কিছু কাল স্থির হইয়া পুনরায় চতুর্দ্দিগে দৃষ্টি করে এবং ভয়কে সত্য জানিয়া ক্রমে শিস দিতে আরম্ভ করে যে পর্য্যন্ত ঐ ভয় অনেক

lity of its fears, continues to hiss by intervals, until it has spread the alarm to a very great distance. During this time, it seems in the most violent agitation; it strikes the ground with one forefoot, and sometimes with both; it bounds from rock to rock, turns and looks round, runs to the edge of the precipice, and still perceiving the enemy, flies with all its speed. The hissing of the male is much louder and sharper than that of the female, it is performed through the nose, and is properly no more than a very strong breath driven violently through a small aperture.

The Chamois feeds upon the best herbage, and chooses the most delicate parts of the plants, the flowers, and the tender buds. It is not less delicate with regard to several aromatic herbs, which grow upon the sides of the mountains. It drinks very little whilst it feeds upon the succulent herbage, and chews the cud in the intervals of feeding.

This animal is greatly admired for the beauty of its eyes, which are round and sparkling, and mark the warmth of its constitution. Its head is furnished with two small horns of about half a foot long, of a beautiful black, rising from the forehead almost betwixt the eyes; these, instead of going backwards or sideways, stand forward, and bend a little backward at their extremities, ending in a very sharp point. The ears are placed in a very elegant manner, near the horns; there are two stripes of black on each side of the face, the rest is of a whitish yellow. The horns of the female are less, and not so much bent: they are so sharp, that the natives have been known to bleed cattle with them.

These animals are so much incommoded by heat, that they are seldom seen in summer, except in the

দূর পর্য্যন্ত প্রকাশ না হয়। এই সময়ে তাহারা অতিশয় ব্যাকুল হয় কেননা সম্মুখের এক পাদদ্বারা ও কখন বা দুই পাদদ্বারা মৃত্তিকাতে আঘাত করে এবং এক পাহাড়হইতে অন্য এক পাহাড়ে লাফাইয়া পড়ে এবং ফিরিয়া চারিদিকে দৃষ্টি করিয়া অত্যুচ্চ স্থানে যায় এবং শত্রুকে দেখিবামাত্র অতিবেগে গমন করে। মাদিটার শিসের শব্দ অপেক্ষা মদ্দার শিসের শব্দ কিছু তীক্ষ্ণ এই শব্দটা কেবল নাসিকার ভিতর দিয়া নির্গত হয় বস্তুতঃ ঐ নিশ্বাসটা নাকের অগ্র ছিদ্র দিয়া বেগেতে পড়ে।

এই পশু উত্তম শাকসবজি আহার করে এবং চারাগাছের নরম অংশ ও ফুল এবং নরম কুঁড়ি খাইতে ভালবাসে। পাহাড়ের পার্শ্বে যে সকল সৌগন্ধ চারা জন্মে তাহাও খাইতে ভালবাসে। যখন ইহারা সরস বৃক্ষ খায় তখন অতি অল্প জল পান করে এবং খাইবার সময় জাওর কাটায়।

এই পশুর চক্ষের সৌন্দর্য্যের নিমিত্তে বড় প্রশংসা করা যায় ঐ চক্ষু গোল ও চকচাকয়া এবং তাহাতে তাহাদের শরীরের লাবন্যতা দেখা যায়। ইহার মস্তকে দুইটা ছোট শৃঙ্গ আছে তাহার পরিমাণ প্রায় অর্দ্ধ ফুট তাহার বর্ণ সুন্দর কাল ঐ শৃঙ্গ কপালহইতে চক্ষের মধ্য দিয়া উঠিয়াছে তাহা পার্শ্বে কিম্বা পশ্চাৎভাগে না গিয়া তাহাদের অগ্রভাগ কেবল কিঞ্চিৎ বক্র হইয়াছে এবং ঐ অগ্র কিঞ্চিৎ ধারাল। ইহার কর্ণ অতি উত্তম রূপে শৃঙ্গের নিকট গিয়াছে আর মুখের দুই পার্শ্বে দুইটা কাল দাগ আছে এতদ্ভিন্ন তাবৎ শরীর ঈষৎ শ্বেত ও পীত বর্ণ। মাদি গুলার শৃঙ্গ ইহাহইতে পরিমাণে কম ও এত বক্র নহে এই শৃঙ্গ এমত ধারাল যে তত্রস্থ লোকেরা তদ্দ্বারা অন্যান্য পশুদিগকে ছেদন করে।

ইহারা গ্রীষ্মকালে এত অসুখে থাকে যে তৎকালে তাহাদিগকে প্রায় দেখা যায় না কিন্তু পাহাড়ের কোঠরে যেখানে বরফ

caverns of rocks, amidst fragments of unmelted ice, under the shade of high and spreading trees, or of rough and hanging precipices that face the north, and keep off entirely the rays of the sun. They go to pasture both morning and evening, and seldom during the heat of the day. They run along the rocks with great ease and seeming indifference, and leap from one to another, so that no dogs are able to pursue them. Nothing can be more extraordinary than the facility with which they climb and descend precipices, that to most other quadrupeds are inaccessible: they always mount or descend in an oblique direction, and throw themselves down a rock of thirty feet, and alight with great security upon some excrescence or fragment, on the side of the precipice, which is just large enough to place their feet upon: they strike the rock, however in the descent, with their feet, three or four times, to stop the velocity of their motion; and when they have got upon the base below, they at once seem fixed and secure. In fact, to see them jump in this manner, they seem rather to have wings than legs. Certain it is, that their legs are formed for this arduous employment; the hind being rather longer than the fore legs, and bending in such a manner, that when they descend upon them, they break the force of their fall.

The skin of the Chamois was once famous, when tanned, for its softness and warmth: at present, however, since the art of tanning has been brought to greater perfection, the leather called shammoy, is made also from those of the tame goat, the sheep and the deer.

গলে না আর উচ্চ ও প্রশস্ত যে গাছ থাকে তাহার ছায়াতে এবং সূর্য্যের কিরণ রোধ করে যে পাহাড় তাহার নীচে তাহারা প্রত্যূষে ও কদাচিৎ সায়ংকালে চরিতে যায়। গ্রীষ্ম সময়ের দিবসে তাহারা পাহাড়ের উপর অনায়াসে দৌড়িয়া বেড়ায় এবং এক পাহাড়হইতে আর এক পাহাড়ে লাফাইয়া যায় তাহাতে কুক্কুরেরা তাহাদিগকে ধরিতে পারে না। অন্যান্য পশুর অগম্য যে সকল স্থান সে স্থানে তাহারা অনায়াসে গমনাগমন করে ইহাহইতে আর আশ্চর্য্য কি। তাহারা সর্ব্বদা বক্রহইয়া নামে এবং ১৫ ও ২০ ফিট উচ্চ যে পাহাড় তাহাহইতে নির্ভয়ে লাফা-ইয়া পড়ে এবং যে স্থানে পড়ে সে স্থানের পরিমাণ এই যে তাহা-তে কেবল পা মাত্র রাখিতে পারে। তাহারা নামিবার সময় তিন চারিবার পাহাড়ে পদাঘাত করে এবং যখন তাহারা নীচে পড়ে তখন তাহারা নির্ভয়ে স্থির হইয়া থাকে। ইহা সত্য যে তাহা-দিগের লাফান দেখিতে হইলে বোধ হয় যে তাহাদের ডানা আছে। এই সকল পরিশ্রমী কর্ম্ম করিবার জন্যেই তাহাদের এরূপ পা হইয়াছে পশ্চাদ্ভাগের পা সম্মুখের পা হইতে কিছু লম্বা এবং পশ্চাতের পা এরূপ বক্র আছে যে যখন তাহারা নামে তখন তদ্দ্বারা সেই জোরের হ্রাসতা করে।

চাময় পশুর চর্ম্ম যখন রঙ্গ করা যায় তখন বড় নরম ও গরম হয় এই নিমিত্তে কোন সময় ইহা বড় খ্যাত হইয়াছিল; কিন্তু এক্ষণে চর্ম্মের উপর রঙ্গ করা বিদ্যাবৃদ্ধি হইয়াছে এই কারণ পালিত ছাগল ও মেষ এবং হরিণ এই কএক পশুহইতে সাময় নামক চর্ম্ম নির্ম্মিত হয়।

The Chamois Hunting.

The Chamois hunter sets out upon his expedition of fatigue and danger generally in the night. His object is to find himself at the break of day in the most elevated pastures, where the Chamois comes to feed, before the flocks shall have arrived there. The Chamois feeds only at morning and evening. When the hunter has nearly reached the spot where he expects to find his prey, he reconnoitres with a telescope. If he finds not the Chamois, he mounts still higher; but if he discovers him, he endeavours to climb above him and to get nearer, by passing round some ravine, or gliding behind some eminence or rock. When he is near enough to distinguish the horns of the animal, he rests his rifle upon a rock, and takes his aim with great coolness. He rarely misses. If the Chamois falls, he runs to his prey, and then tries to regain his village. If the route is very difficult, he contents himself with skinning the Chamois; but if the way is at all practicable with a load, he throws the animal over his shoulder, and bears it home to his family, undaunted by the distance he has to go, and the precipices he has to cross.

But when, as is more frequently the case, the vigilant animal perceives the hunter, he flies with the greatest swiftness into the glaciers, leaping with incredible speed over the frozen snows and rocks. It is particularly difficult to approach the Chamois when there are many together. While the herd graze, one of them is planted as a sentinel on the point of some rock, which commands all the avenues of their pasturage;

চামায় মৃগয়া।

চাময় নামক পশু শিকারী ও আপদীয় পরিশ্রমজনক শিকারার্থ যাত্রা রাত্রিকালে করে। তাহার অভিপ্রায় এই যে অতি প্রত্যূষে ভেড়ার পাল আসিবার পূর্ব্বে ঐ চাময়পশুকে অতি উচ্চ চরিবার স্থানে দেখিতে পাইবে। চাময় প্রাতঃকালে ও সায়ংকালেই কেবল চরে। যখন শীকারী তাহার নিরূপিত স্থানে প্রায় পৌছে তখন দূরবিণদ্বারা চাময়কে দৃষ্টি করে যদি সেখানহইতে তাহাকে দেখিতে না পায় তবে আরও উচ্চতে উঠে এবং দেখিতে পাইলে পাহাড়ের কোন বক্র পথদ্বারা তাহার নিকট যাইতে চেষ্টা করে। আর যখন ঐ পশুর শৃঙ্গ দেখিতে পায় তখন একটা পাহাড়ের উপর পিস্তল রাখিয়া ধৈর্য্যপূর্ব্বক গুলি করে। ঐ গুলি কদাচিৎ বিফল হয় যদি সে নষ্ট হয় তবে তাহার নিকট দৌড়িয়া যায় এবং গ্রামে যাইবার চেষ্টা করে। যদি পথ বড় দুর্গম হয় তবে তাহার চর্ম্ম খুলিয়া লয় আর পথ সুগম হইলে তাহাকে স্কন্ধে করিয়া আত্ম পরিবারের নিকট লইয়া যায় তৎকালে অধিকদূর গমন ও পথের উচ্চ নিম্নতা কিছুই মনে করে না।

কিন্তু ইহা সর্ব্বদাই ঘটিয়া থাকে, চাময় পশু যখন শিকারীকে দেখিতে পায় তখন অতিশয় বেগে পাহাড়ের বরফের উপর লম্ফ দিয়া পলায়ন করে। বিশেষতঃ যখন এই পশু অনেকে একত্র থাকে তখন তাহাদের নিকট যাওয়া বড় সুকঠিন কেননা যখন চাময়ের পাল চরে তখন তাহাদের একটা সান্ত্রির ন্যায় পাহাড়ের শিখরে এমত দাঁড়াইয়া থাকে যে তথাহইতে তাবৎ পথের সাবধান করিতে পারে; এবং যখন সে কোন এক

and when he perceives an object of alarm, he makes a sharp hissing noise, at the sound of which all the rest run towards him, to judge for themselves of the nature of the danger. If they discover a beast of prey or a hunter, the most experienced puts himself at their head, and they bound along one after the other, into the most inaccessible places.

It is then that the labours of the hunter commence, for then, carried away by the excitement, he knows no danger. He crosses the snows, without thinking of the abysses which they may cover: he plunges into the most dangerous passes of the mountains; he climbs up, he leaps from rock to rock, without considering how he can return. The night often finds him in the heat of the pursuit; but he does not give it up for this obstacle. He considers that the Chamois will stop during the darkness, as well as himself, and that on the morrow he may again reach them. He passes then the night, not at the foot of a tree, nor in a cave covered with verdure, as does the hunter of the plain, but upon a naked rock or upon a heap of rough stones, without any sort of shelter. He is alone, without fire, without light; but he takes from his bag a bit of cheese and some of the barley bread, which is his ordinary food, bread so hard that he is obliged to break it between two stones, or to cleave it with the axe which he always carries with him to cut steps, which shall serve for his ladder up the rocks of ice. His frugal meal being soon ended, he puts a stone under his head, and is presently asleep, dreaming of the way the Chamois has taken. He is awakened by the freshness of the morning air; he rises pierced through with cold; he measures with his eyes the precipices which he must yet climb to reach the Chamois, he drinks a

ভয়জনক বস্তু দেখিতে পায় তখন একটা চীৎকার শব্দ করে তাহাতে সকল চাময় তথায় আসিয়া বিবেচনা করে যে কি প্রকার আপদ উপস্থিত হইয়াছে যদ্যপি তাহারা দেখে যে শিকারি মনুষ্য কিম্বা কোন শিকারি পশু তাহাদিগকে শিকার করিতে আসিতেছে তবে তাহাদিগের মধ্যে যে বহুদর্শী সে তাহাদের অধ্যক্ষ হয় এবং সকলেই লাফাইয়া পাহাড়ের অগম্য স্থানে গমন করে।

সেই সময় শিকারির অধিক পরিশ্রম আরম্ভ হয় কেননা সে ইহাতে সাহস পাইয়া কোন আপদ মানে না আর বরফে আবৃত যে সকল গভীর স্থান আছে তাহা মনে না করিয়া বরফ পার হইয়া পর্ব্বতের অতিশয় আপদীয় স্থানে গমন করে ও পুনরাগমন বিবেচনা না করিয়া এক পাহাড় হইতে অন্য পাহাড়ে যায়। কখন২ এই শিকারে রাত্রি হয় বটে কিন্তু তথাপি সে শিকার ছাড়ে না; সে এই রূপ বোধ করে যে আমার ন্যায় চাময় পশুও রাত্রিকালে এক স্থানে স্থির থাকিবে পর দিবস প্রাতঃকালে পুনর্ব্বার তাহাকে পাইব। তৎকালে ঐ শিকারী মাঠে যাহারা শিকার করে তাহাদের ন্যায় গাছে কিম্বা শাক সবজি বিশিষ্ট গর্ত্তমধ্যে বাস করে না কিন্তু বৃক্ষাদি রহিত পাহাড়ের উপর কিম্বা উচ্চনীচ এক রাশি প্রস্তরের উপর কোন আশ্রয় হীন স্থানে বাস করে। সে স্থানে অগ্নি ও আলো কিছুই নাই তথাপি একাকী সেই স্থানে থাকে কিন্তু থালিয়ার মধ্য হইতে এক টুকরা পনির ও কতগুলি যবের রুটী লয় ঐ রুটী এমত শক্ত যে দুই খানা পাতর দিয়া ভাঙ্গিতে হয় নতুবা বরুফের পাহাড় কাটিয়া পথ করিবার কারণ যে কুঠার তাহার সঙ্গে থাকে তাহা দিয়া কাটিতে হয়। তাহার এই সামান্য খাদ্য ফুরাইলে সে একটা ঢেলা মস্তকের নীচে দিয়া শয়ন করিয়া থাকে আর চাময় যে পথে গমন করিয়াছে সেই পথ

little brandy, throws his bag across his shoulder, and again rushes forward to encounter new dangers. These daring and persevering hunters often remain whole days in the dreariest solitudes of the glaciers of Chamouni; and during this time their families, and above all, their unhappy wives, feel the keenest alarm for their safety.

স্বপ্নে দর্শন করে। রাত্রি প্রভাত হইলেই গাত্রোত্থান করে আর শীতেতে অতিশয় কাতর হইয়া চামর পশুর নিকট যাইবার কারণ যে সকল শৃঙ্গোপরি তাহাকে উঠিতে হইবে তাহা দৃষ্টি করে এবং তৎকালে তাহার সহিত যে মদ্য থাকে তাহা কিঞ্চিৎ পান করে পরে স্কন্ধের উপর থলিয়া রাখিয়া নূতন আপদ ভোগ করিতে গমন করে। এই সাহসী ও পরিশ্রমী শিকারিরা চামনি দেশের পাহাড়ের ভয়ানক স্থানে সর্ব্বদাই সমস্ত দিন থাকে ঐ সময় তাহাদের পরিবার গণের বিশেষতঃ তাহাদের স্ত্রীর প্রাণ অতিশয় ব্যাকুল হয়।

ANIMAL BIOGRAPHY.

PART II.—No. VIII.

পশ্বাবলি।

অষ্টম সংখ্যা।

উষ্ট্রের বিবরণ।

THE CAMEL.

ক্ষুধা তৃষ্ণা সহে উষ্ট্র অতি উপকারী।
মরুভূমি রূপ সিন্ধু তরিবার তরী॥
অল্পাহারে তুষ্ট থাকে প্রভু ভক্ত অতি।
যাইতে নির্জ্জন দেশ হয় দ্রুতগতি॥
আরাবেরা মানে সত্তে অনুকূল বিধি।
নহিলে দিবেন কেন উষ্ট্র রূপ নিধি॥

THE ARABIAN CAMEL.

This species is chiefly found, in a wild state, in the deserts of Arabia and Africa, and in the temperate parts of Asia. In many parts of the East, it is domesticated, and, in carrying heavy burthens over the sandy deserts, supplies a place which the horse would not be able to fill. The tough and spongy feet of these animals are peculiarly adapted to the hot climates, for in the most fatiguing journeys they are never found to crack. The sand seems indeed their element; for no sooner do they quit it, and touch the mud, than they can scarcely keep upon their feet, and their constant stumbling in such situations is exceedingly dangerous to the rider. Their great powers of abstaining from drinking enable them to pass unwatered tracts of country for seven, eight, or as Leo Africanus says, for even fifteen days, without requiring any liquid. They can discover water by their scent at half a league's distance, and after a long abstinence, will hasten towards it, long before their drivers perceive where it lies. Their patience under hunger is such, that they

আরব দেশের উষ্ট্রের বিবরণ।

আরবিয়া এবং আশিয়া দেশের মধ্যম গ্রীষ্মযুক্ত যে মরুভূমি অর্থাৎ আত্যান্তিক উষ্ণতারহিত যে জল শূন্য স্থান তাহাতে এক জাতীয় পশুদিগকে বন্য অবস্থায় অধিক পাওয়াযায়। পূর্ব্বদেশের অনেক স্থানেই এই পশুদিগকে বশ্য করা যায় এবং বালুকাময় মরুভূমিতে ইহারা এমত গুরুতর ভার লইয়া যায় যে যাহা ঘোটকেরাও লইয়া যাইতে অশক্ত। পায়ের দৃঢ়তা ও সরলতা প্রযুক্ত ইহারা অতিশয় উষ্ণ দেশেও গমন করিতে উপযুক্ত হয় যেহেতুক অতিশয় শুষ্কযুক্ত ভ্রমণেতেও ইহাদিগের পা সমস্ত ফাটিয়া যায় না। ইহারা বালুকাময় স্থান বিনা কোন প্রকারেই অন্যত্র থাকিতে পারে না কেননা পঙ্কস্পর্শ মাত্রেই ইহারা কম্পান্বিত হইতে থাকে এবং তৎকালে সর্ব্বদা কম্পন প্রযুক্ত ইহাদিগের আরোহকের আরোহণ বিষয়ে আত্যন্তিক বিপদ উপস্থিত হয়। এই উষ্ট্রদের জলাহার ব্যতিরেকে থাকিবার সক্ষমতা প্রযুক্ত জল শূন্যস্থানে ইহারা ৭।৮ দিবস পর্য্যন্তও বিনা জলাহারে গমন করিতে পারে এবং লিও আফ্রিকান কহেন যে ইহারা ১৫ দিন পর্য্যন্ত বিনা জলপানে চলিতে পারে। এই উষ্ট্রেরা ডেড় মাইল দূর থাকিতে ঘ্রাণদ্বারা জলের অনুমান করে এবং অনেকক্ষণ জলপান করিতে না পাইয়া তাহারা জল পানার্থে অতিশয় বেগে গমন করে এবং যখন তাহারা যায়

will travel many days, fed only with a few dates, or some small balls of barley-meal; or on the miserable thorny plants they meet with in the deserts. M. Denon says, that during his travels in Egypt the camels of the caravan had nothing in the day but a single feed of beans, which they chewed for the remainder of the time, either on the journey, or lying down on the scorching sand, without exhibiting the slightest signal of discontent.

A large camel will bear a load of a thousand or twelve hundred pounds, and with this it will traverse the deserts. When about to be loaded, at the command of the conductor the animals instantly bend their knees. If any disobey, they are immediately struck with a stick, or their necks are pulled down; and then, as if constrained, and uttering their groan of complaint, they bend themselves, put their bellies on the earth, and remain in this posture till they are loaded and desired to rise. This is the origin of those large callosities on the parts of their bellies, limbs, and knees, which rest on the ground. If over-burthened, they give repeated blows with their heads to the person who oppresses them, and sometimes utter the most lamentable cries.

They have a very great share of intelligence; and the Arabs assert that they are so extremely sensible of injustice and ill treatment, that, when this is carried too far, the inflictor will not find it easy to escape

তখন তাহাদিগের আরোহকেরা জানিতে পারে না যে কোন স্থানে জল আছে। তাহারা ক্ষুধা এমত সহ্য করে যে খর্জ্জুর কিম্বা যবের ছোট গুলিকা অথবা মরুভূমিতে নীরস কণ্টকের যে সকল চারা থাকে তাহাই বা হউক এই সকল দ্রব্য আহার দ্বারা অনেক দিবস ভ্রমণ করিতে পারে। ভিনন সাহেব কহেন যে যখন তিনি মিসর দেশে ভ্রমণ করিতে গিয়াছিলেন তখন দেখিয়াছিলেন যে হাটুরিয়াদিগের উষ্ট্রেরা দিবসে একবার কতগুলি শিম ব্যতিরেকে আর অন্য কোন দ্রব্যই খাইতে পাইত না কিন্তু তাহাতেই তাহারা সন্তুষ্ট হইয়া ভ্রমণ কালে অথবা উষ্ণ বালুকার উপর শয়ন করিয়া বা তাহা চর্ব্বণ করিত।

এক বৃহৎ উষ্ট্র ৫ কিম্বা ৬ মোন পরিমিত ভার বহন করিয়া মরুভূমির পারান্তরে যায়। যখন উষ্ট্রদের উপর ভার অর্পণ করা যায় তখন ইহাদের আরোহকের অনুমত্যনুসারে তৎক্ষণ-মাত্রেই ভূমিতে জানু সমর্পণ করিয়া ভার গ্রহণ করে। যদ্যপি কোন উষ্ট্র ঐ অনুমতি স্বীকার না করে তবে তাহার আরোহক তাহাকে যষ্টিদ্বারা আঘাত করণপূর্ব্বক গ্রীবা নিম্ন করিয়া ধরে পরে ঐ উষ্ট্র যদি তাহাতে কোন বাধা দেয় কিম্বা অতিশয় চীৎকার করে তবে বলদ্বারা তাহার বক্ষঃস্থল ভূমিতে সংলগ্ন করিয়া এমত নম্র করিয়া রাখে যে যদবধি তাহার উপর ভারার্পণ করিয়া না উঠিতে অনুমতি দেয় তদবধি সে ঐ রূপে থাকে। এই নিমিত্তেই তাহাদের বক্ষঃস্থল ও জানু এবং পায়েতে কড়া পড়িয়া যায়। যদ্যপি ইহাকে কোন অধিক ভার সমর্পণ করা যায় তবে এই পশু মস্তক দ্বারা আঘাত করে অর্থাৎ ঢুস মারে এবং কখন২ খেদপ্রকাশক অধিক চীৎকারও করিয়া থাকে।

তাহাদিগের অধিক বুদ্ধি আছে যেহেতু আরাবেরা কহে যে তাহাদিগের ভাল বা মন্দ কোন ব্যবহার করিলে তাহারা বুঝিতে পারে কিন্তু যখন তাহাদিগের প্রতি অধিক মন্দ ব্যবহার করা যায় তখন তাহারা এমত রাগান্বিত হয়

their vengeance; and that they will retain the remembrance of an injury till an opportunity offers for gratifying their revenge. Eager, however, to express their resentment, they no longer retain any rancour when once they are satisfied; and it is even sufficient for them to believe they have satisfied their vengeance. Accordingly, when an Arab has excited the rage of a camel, he throws down his garments in some place near which the animal is to pass, and disposes them in such a manner that they appear to cover a man sleeping under them. The animal recognizes the clothes, seizes them in his teeth, shakes them with violence, and tramples on them in a rage. When his anger is appeased, he leaves them, and the owner of the garments may make his appearance without any fear, load, and guide him as he pleases. "I have sometimes seen them, (says M. Sonnini,) weary of the impatience of their riders, stop short, turn round their long necks to bite them, and utter cries of rage. In these circumstances the man must be careful not to alight, as he would infallibly be torn to pieces: he must also refrain from striking his beast, as that would but increase his fury. Nothing can be done but to have patience, and appease the animal by patting him with the hand, (which frequently requires some time,) when he will resume his way and his pace of himself." Like the elephant, camels have

